আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর
নিয়মিত ষান্মাসিক প্রকাশনা

# IIUC বার্তা

১ম বর্ষ, প্রথম সংখ্যা, মে ২০২৩, জ্যৈষ্ঠ ১৪৩০, শাওয়াল ১৪৪৪




# আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসব সম্পন্ন

## বাণী



'আইআইইউসি বার্তা' নামে একটি ষান্মাসিক প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এই বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এটি একটি প্রত্যাশিত ও শুভ উদ্যোগ। এই শুভক্ষণে, আমি স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৯৭৫ এর ১৫ আগস্ট এর কাল রাত্রিতে শাহাদাত বরণকারী বঙ্গবন্ধু পরিবারের সকল সদস্যদের। স্মরণ করছি বীর মুক্তিযোদ্ধাদের। মুক্তিযুদ্ধের গৌরবময় চেতনাকে লালন করে একটি দেশপ্রেমিক প্রজন্ম তৈরি করা এই বিশ্ববিদ্যালয়ের অন্যতম অঙ্গিকার। জাতির জনকের 'সোনার বাংলা' সফল রূপায়ণে তাঁর সুযোগ্য কন্যা দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে দুর্বার গতিতে। এই অগ্রযাত্রায় উচ্চশিক্ষা ক্ষেত্রে আই আই ইউ সি অন্যতম শরিকদার।

১৯৯৫ সালের ১১ই ফেব্রুয়ারি দেশী-বিদেশী একদল স্বাপ্নিক সমাজকর্মীদের প্রচেষ্টায় এ বিশ্ববিদ্যালয়ের শুভযাত্রা সূচিত হয়। সম্প্রতি আমরা বিশ্ববিদ্যালয়ের গৌরবময় ২৫ বছর পূর্তি অনুষ্ঠান উদযাপন করেছি। দেশি-বিদেশি অনেক বরেন্য ব্যক্তিবর্গ এতে উপস্থিত হয়ে আমাদের উদযাপনকে অর্থবহ করেছেন।

বর্তমান বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) দায়িত্ব নেয়ার পর থেকে বিশ্ববিদ্যালয়কে সর্বোতভাবে আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠানে পরিণত করতে আমরা কঠোর পরিশ্রম করে যাচ্ছি। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবকসহ দেশি-বিদেশি সকল শুভাকাঙ্খীদের সহযোগিতা ও দোয়া কামনা করছি।

আইআইইউসি বার্তা যেন সত্যিকারের এই বিশ্ববিদ্যালয়ের একটি দর্পণ হয়; আমাদের সমস্ত শুভ উদ্যোগ ও আয়োজনের প্রচার ও প্রসারে এটা যেন সচেষ্ট থাকে -এই কামনা করি। সম্পাদক, সম্পাদনা পরিষদ, ফ্যাকাল্টি, বিভাগীয় এবং ফিমেল একাডেমিক জোনের প্রতিনিধিবৃন্দ সহ 'আই আই ইউ সি বার্তা' প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। আশা করছি, এটি নিয়মিতভাবে প্রকাশিত হবে।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি**
চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ
আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ২৫ বছর পূর্তি উৎসব এবং বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। ২৯ অক্টোবর ২০২২ শনিবার সকালে আইআইইউসি'র সেন্ট্রাল অডিটোরিয়ামে উক্ত প্রোগ্রামের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারী কর্মকর্তা, স্বনামধন্য স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান, দেশের সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ, রাজনৈতিক-সামাজিক নেতৃবৃন্দ যোগদান করেন। আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসবে আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে উপস্থিত ছিলেন যথাক্রমে আইআইইউসি'র জেনারেল অ্যাসেম্বেলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফের জেনারেল সেক্রেটারি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্, আলজেরিয়া'র মাননীয় ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা, মালদ্বীপের শিক্ষামন্ত্রী মহামান্য ড. আব্দুল্লাহ

►► পৃষ্ঠা ১৬ ক. ১



## নবনির্বাচিত মহামান্য রাষ্ট্রপতির সাথে আইআইইউসি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর নবনির্বাচিত মহামান্য রাষ্ট্রপতি মো: সাহাবুদ্দিন এর সাথে আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ( আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও চট্টগ্রাম-১৫ আসনের মাননীয় সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির নেতৃত্বে একটি প্রতিনিধি দল ৩০ মার্চ ২০২৩ (বৃহস্পতিবার) দুপুর ১২:৪৫ মিনিটে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় উপস্থিত ছিলেন আইআইইউসি'র মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, বিওটি

►► পৃষ্ঠা ৪ ক. ২

## বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে আইআইইউসির ৫ম সমাবর্তন সম্পন্ন




বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ১১ সেপ্টেম্বর ২০২২ আইআইইউসি ক্যাম্পাসে ৫ম সমাবর্তন অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল। সমাবর্তন বক্তৃতা প্রদান করেন ইমেরিটাস অধ্যাপক ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. আইনুন নিশাত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব

►► পৃষ্ঠা ৪ ক. ২

## বাণী



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ১৯৯৫ সালের ১১ই ফেব্রুয়ারি যাত্রা শুরু করে ইতোমধ্যে দেশের অন্যতম প্রাইভেট বিশ্ববিদ্যালয় হিসেবে পরিচিতি লাভ করেছে। দায়িত্ব গ্রহণের পর থেকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক অগ্রগতি সাধনে আমরা প্রতিনিয়ত চেষ্টা করে যাচ্ছি। দীর্ঘদিন ধরে বিশ্ববিদ্যালয়ের মুখপত্র হিসেবে সকল কর্মকান্ডের প্রচার ও প্রসারের জন্য বাংলায় একটি সাময়িকীর প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছিল। অবশেষে, এটা প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত ।

'আই আই ইউ সি বার্তার' প্রথম সংখ্যা প্রকাশের এই শুভ মুহূর্তে, আমি বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যসহ সকল শহীদদের। আমাদের সকলের সম্মিলিত উদ্যোগে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা যেন অর্জিত হয় এই কামনা করি। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম নৈতিকতাবোধে উদ্বুদ্ধ এবং দক্ষ মানবসম্পদ সৃষ্টি করে স্বপ্নের 'সোনার বাংলার' রূপায়ণে বদ্ধপরিকর।

'আই আই ইউ সি বার্তা' বিশ্ববিদ্যালয়ের নানা কর্মকান্ডের বার্তা পরিবেশন করে সকলের কাছে বিশ্ববিদ্যালয়ের যথার্থ মুখপত্র হয়ে উঠবে -এই আশা রাখি এবং উত্তরোত্তর সফলতা কামনা করি। এই শুভ উদ্যোগের সাথে যারা আছেন সম্পাদক, সম্পাদনা পরিষদ, অনুষদ ও বিভাগীয় প্রতিনিধিসহ সকলকে আন্তরিক ধন্যবাদ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

**প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ**
উপাচার্য
আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

# বাণী



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) থেকে 'আই আই ইউ সি বার্তা' নামে একটি ষান্মাসিক আমরা প্রকাশ করতে যাচ্ছি। আইআইইউসির পক্ষ থেকে মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির মাধ্যমে এটি প্রকাশিত হতে যাচ্ছে। 'আইআইইউসি বার্তা' এর সাথে সম্পৃক্ত থাকতে পেরে আমি অত্যন্ত  গর্বিত ও আনন্দিত। আইআইইউসি'র ইতিহাসে এটি একটি অত্যন্ত সুন্দর ও শুভ উদ্যোগ।

এই শুভক্ষণে আমি, বাংলাদেশের মহান স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার, জাতীয় চার নেতা এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে তাদের আত্মার মাগফেরাত কামনা করছি।

মহান মুক্তিযুদ্ধের গৌরবময় চেতনাকে লালন করে একটি দেশপ্রেমিক প্রজন্ম তৈরি করার লক্ষ্যে আইআইইউসি কাজ করে যাচ্ছে। জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ দুর্বার গতিতে এগিয়ে চলেছে। এই অগ্রযাত্রায় উচ্চশিক্ষা ক্ষেত্রে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম অন্যতম ভূমিকা পালন করছে। সম্প্রতি আমরা বিশ্ববিদ্যালয়ের গৌরবময় ২৫ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠান করেছি। দেশি-বিদেশি অনেক বরেণ্য ব্যক্তিবর্গ এতে উপস্থিত হয়ে আমাদের উদযাপনকে অর্থবহ করেছেন।

বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার স্বপক্ষের বর্তমান বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) দায়িত্ব নেওয়ার পর থেকে আইআইইউসিকে সার্বিকভাবে আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠানে পরিণত করতে আমরা কঠোর পরিশ্রম করে যাচ্ছি। বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, অভিভাবকসহ দেশি-বিদেশি সকল শুভাকাঙ্খীদের সহযোগিতা ও দোয়া কামনা করছি।

আইআইইউসি বার্তা যেন আইআইইউসির সত্যিকারের একটি দর্পণ হয়; আমাদের সমস্ত শুভ উদ্যোগ ও আয়োজনের প্রচার ও প্রসারে এটা যেন সবসময় সচেষ্ট থাকে - এই কামনা করছি ।

সম্পাদক, সম্পাদনা পরিষদ, ফ্যাকাল্টি, বিভাগীয় এবং ফিমেল একাডেমিক জোনের প্রতিনিধিবৃন্দ সহ 'আই আই ইউ সি বার্তা' প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই। আশা করছি, আমরা এটি নিয়মিতভাবে প্রকাশ করতে পারবো।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক

**মোহাম্মদ খালেদ মাহমুদ**
সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ ও
চেয়ারম্যান - মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটি।
আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।

# সম্পাদকীয়



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) কর্তৃক ষান্মাসিক নিয়মিত প্রকাশনা হিসেবে "আইআইইউসি বার্তা" প্রকাশ করতে পেরে মহান আল্লাহ রাব্বুল আলামিনের দরবারে শুকরিয়া জ্ঞাপন করছি।

শুরুতেই আমি বাংলাদেশের মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার, জাতীয় চার নেতা এবং মুক্তিযুদ্ধের বীর শহীদদের গভীর শ্রদ্ধা ভরে স্মরণ করছি এবং আত্মার মাগফেরাত কামনা করছি। এ প্রকাশনার শুভ উদ্যোগ ও ঐতিহাসিক এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে সকলের সহযোগিতা কামনা করছি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এম.পি মহোদয়ের নেতৃত্বে আইআইইউসি-তে স্বাধীনতার স্বপক্ষের ট্রাস্টি বোর্ড গঠনের পর এ বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নসহ শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন সাধন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে তাঁরই সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা স্মার্ট বাংলাদেশ গড়ার রূপ রেখা ঘোষনা করেছেন। স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য প্রয়োজন স্মার্ট নাগরিক। আমরা বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনায় আদর্শ দেশপ্রেমিক, স্মার্ট সুনাগরিক সৃষ্টির জন্য কাজ করছি। ইতোমধ্যে এ বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার ও বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টার রিলিজিয়াস ডায়ালগ প্রতিষ্ঠার মাধ্যমে নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবীত করার বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করা হচ্ছে।

"আইআইইউসি বার্তা" এ বিশ্ববিদ্যালয়ের দর্পন হিসেবে সংশ্লিষ্ট সকলের কাছে বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম তুলে ধরতে সক্ষম হবে বলে আমরা আশাবাদী। এ প্রকাশনা সফল করার জন্য সম্পাদনা পরিষদ, ফ্যাকাল্টি প্রতিনিধিবৃন্দ ও বিভাগীয় প্রতিনিধিগণ, ফিমেল একাডেমিক জোন প্রতিনিধিগণসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি। সেই সাথে কোন মুদ্রণগত বা অনিচ্ছাকৃত ত্রুটি মার্জনা করার অনুরোধ জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক

**রিজিয়া রেজা চৌধুরী**
সম্পাদক, আইআইইউসি বার্তা
সদস্য, বিওটি ও চেয়ারম্যান, ফিমেল একাডেমিক জোন, আইআইইউসি

## মুজিব কর্নার এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা কেন্দ্র উদ্বোধন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এ ১ এপ্রিল, ২০২১ তারিখে গ্রন্থাগার ও তথ্য বিভাগে মুজিব কর্নার এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা কেন্দ্র উদ্বোধন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাসান মাহমুদ, এমপি প্রধান অতিথি হিসাবে মুজিব কর্নার উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, এমপি। আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী, এমপি সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টি সদস্য মিসেস খাদিজাতুল আনোয়ার (সনি) এমপি, প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, প্রফেসর ড. ফসিউল আলম, মিসেস রিজিয়া সুলতানা চৌধুরী, প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, ভিসি প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম আরিফ, প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার (ইনচার্জ) জনাব মুহাম্মদ শফিউর রহমান, সকল ডিন, বিভাগীয় চেয়ারম্যান, বিভাগের পরিচালক ও গ্রন্থাগারিক মোঃ জাহাঙ্গীর আলম।

## আইআইইউসি'র রেল স্টেশন ভবন নির্মাণ কাজ উদ্বোধন



দেশের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে শাটল ট্রেন সার্ভিস চালু হচ্ছে চট্টগ্রামের সীতাকুণ্ডের কুমিরাস্থ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পর দ্বিতীয় কোনো বিশ্ববিদ্যালয়ে শাটল ট্রেন সার্ভিস যুক্ত হচ্ছে এই বিশ্ববিদ্যালয়টিতে। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম স্টেশনের যাত্রী সুবিধা বৃদ্ধির জন্য প্লাটফর্ম উঁচুকরণ, এক্সেস কন্ট্রোল, প্লাটফর্ম শেড নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। এর আগে রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটি সরকারকে আইআইইউসি ও চুয়েটসহ দুটি ক্যাম্পাসে রেল সংযোগ স্থাপনের প্রস্তাবনা দেয়। আইআইইউসি'র পাশেই নির্মাণ করা হচ্ছে এ রেলস্টেশন। আইআইইউসির ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে এ রেল রুট চালু করার

▸▸ পৃষ্ঠা ৮ ক. ১

## বহদ্দারহাটে ৩০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে ছাত্রী হোস্টেল



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ছাত্রীদের জন্য চট্টগ্রাম মহানগরীর চান্দগাঁও থানার বহদ্দারহাট ক্যাম্পাসে ১৫ তলা বিশিষ্ট ছাত্রী হল, সীতাকুণ্ড কুমিরা ক্যাম্পাসে শরীয়াহ ফ্যাকাল্টি ভবনের ভিত্তি স্থাপন করা হয় ৪ এপ্রিল। ৫ এপ্রিল সীতাকুণ্ড কুমিরা ক্যাম্পাসে ভিত্তি স্থাপন করা হয় পঞ্চম ফিমেল ভবনের। ভিত্তি প্রস্তর স্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ও সাতকানিয়া-লোহাগাড়া আসনের সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। উদ্বোধনকালে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, বিগত বছরগুলোতে

▸▸ পৃষ্ঠা ৮ ক. ২

## ক্যাম্পাসে এক ভিন্নধর্মী শখের প্রদর্শনী



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর কেন্দ্রীয় খেলার মাঠে ২০ মার্চ ২০২৩ (সোমবার) অনুষ্ঠিত হয়েছে এক ভিন্নধর্মী শখের প্রদর্শনী। এই ব্যাতিক্রমী প্রদর্শনী তে ছিল দেশি-বিদেশি নানা প্রজাতির পাখি, কবুতর, বিড়াল, কুকুর, খরগোশ ইত্যাদি। আরও ছিল বাহারি রকমের বনসাই। সৌখিন মানুষের জন্য ছিল বিভিন্ন দেশের মুদ্রা ও দূর্লভ বস্তু। পরিবেশের প্রতি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সবার জন্য ছিল বিনামূল্যে গাছ। জমকালো এই অনুষ্ঠান উদ্বোধন করেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। ব্যতিক্রমধর্মী এই অনুষ্ঠান উদ্বোধন কালে তিনি বলেন, আজকে এরকম একটি ভিন্নধর্মী

▸▸ পৃষ্ঠা ১১ ক. ২

## তিন দিনব্যাপী টেলেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম অনুষ্ঠিত




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর উদ্যোগে WAMY (A member of UN NGO) এর সহযোগিতায় ১৪-১৬ মার্চ ২০২৩, ৩ দিন ব্যাপী টেলেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর শুভ উদ্বোধন। প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান চট্টগ্রাম ১৫ আসনের মাননীয় সাংসদ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। বিশেষ অতিথি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, কী নোট স্পীকার মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মূখ্য সচিব ড. আবদুল করিম, উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ। ২য় পর্বে আলোচক ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর আরবি বিভাগের প্রফেসর ড. গিয়াস উদ্দিন তালুকদার, আইআইইউসি'র, ফিমেল একাডেমিক জোন এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, প্রো- ভিসি প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির প্রমুখ।

## বদলে যাওয়া আইআইইউসি'র অগ্রযাত্রা



ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ধরে সীতাকুন্ডের কুমিরা অঞ্চলে গেলেই স্বাগত জানায় উচ্চশিক্ষার সমৃদ্ধ পীঠস্থান আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)। সাইনবোর্ড ঘেঁষে উত্তর পাহাড়ের দিকে বয়ে যাওয়া পিচঢালা সড়ক ধরে একটু এগোলেই এই ক্যাম্পাস যে কারও মনে জাগিয়ে দেয় বিস্ময়। কারণ দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সবচেয়ে বড় অবকাঠামো সুবিধা নিয়ে প্রকৃতির ভাঁজেই গড়ে উঠেছে আইআইইউসি। ৬০ একর জমির ওপর নির্মিত এই ক্যাম্পাস যেন পুরোটাই জ্ঞানের স্বর্গরাজ্য। এই ক্যাম্পাসের মুল ফটকে দাঁড়ালেই বাম দিক থেকে অভ্যর্থনা জানায় দৃষ্টিনন্দন কারুকার্যখচিত বিশাল মসজিদ। ডান দিক থেকে আহ্বান জানায় লক্ষাধিক বই নিয়ে স্থাপিত সমৃদ্ধ কেন্দ্রীয় লাইব্রেরি। এ দুই

▸▸ পৃষ্ঠা ১৭ ক. ২

## সৌদি রাষ্ট্রদূতের সাথে ড. আবু রেজা নদভী এমপি'র সৌজন্য বৈঠক



বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের মান্যবর রাষ্ট্রদূত ঈসা বিন ইউসুফ আল দুহাইলানের সাথে ৭ জুন ২০২২ইং মঙ্গলবার দুপুর একটায় এক সৌজন্য বৈঠকে মিলিত হন চট্টগ্রাম-১৫ সাতকানিয়া-লোহাগাড়া আসনের মাননীয় সংসদ সদস্য, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। ঢাকাস্থ সৌদি দূতাবাসে এই সৌজন্য বৈঠক অনুষ্ঠিত হয়। সৌজন্য বৈঠক চলাকালে বাংলাদেশ ও সৌদি আরবের দ্বি-পাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি ছাড়াও বিশ্ব পরিস্থিতি, বিশেষ করে আরব বিশ্ব

▸▸ পৃষ্ঠা ১১ ক. ১

## নবীণ শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) অটাম-২০২২ সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৮ জুন) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এই সেমিস্টারে ভর্তি হওয়া ১২০০ নবীন শিক্ষার্থীর অংশগ্রহণে এই প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে ওরিয়েন্টেশন স্পীকার ছিলেন ইসলামী চিন্তাবিদ শায়খ আহমদুল্লাহ। ওরিয়েন্টেশন স্পীকারের বক্তব্যে শায়খ আহমদুল্লাহ বলেন, 'বাংলাদেশের মানুষ প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভীকে হয়তো রাজনীতিবিদ হিসেবে জানে। একজন ইসলামিক ব্যাকগ্রাউন্ডের স্টুডেন্ট হিসেবে আমি জানি তিনি অনেক বড় আলেম। সাধারণ বড় আলেম নয়, তাঁর প্রতিটি আর্টিকেল, প্রতিটি লিখনী ও গবেষণামূলক কিতাব আছে সেগুলো থেকে আমি জ্ঞান অর্জন করার চেষ্টা করি। আমি অবাক হয়ে যাই, আল্লাহ রাব্বুল আলামিন তাকে এই পরিমাণ ইলম(জ্ঞান) দিয়েছেন। আল-কাওয়ায়েদুল ফিকহিয়া (ফিকাহ শাস্ত্রের নীতিমালা) গ্রন্থ যেটা তিনি সম্প্রতি লিখেছেন এটা কোনো সাধারণ বই-পুস্তক নয়। এটি এমন একটি কিতাব, তা মাদ্রাসায় দাওরায়ে হাদিস শেষ করার পর মুফতি কোর্সের স্টুডেন্টদের পড়ার যোগ্য বই। এই সাবজেক্টের বই লিখা একজন মানুষ ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী। দীর্ঘদিন তিনি সৌদি আরবের বড় বড় শায়খদের সঙ্গে সময় কাটিয়েছেন। তিনি তাই জানবেন, মধ্যপ্রাচ্যসহ বিশেষ করে সৌদি আরবের বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের একান্তে একটা সময় শিক্ষকদের সাথে কাটানোর সুযোগ থাকে, শিক্ষকদের সান্নিধ্যে যাওয়ার সুযোগ

▸▸ পৃষ্ঠা ৯ ক. ২

## নবনির্বাচিত মহামান্য রাষ্ট্রপতির সাথে আইআইইউসি'র প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎ

▸▸ ১ম পৃষ্ঠার পর

সদস্য ও ফাইনান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোন এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার। সৌজন্য সাক্ষাৎকালে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি আইআইইউসির সার্বিক কার্যক্রম তুলে ধরে বলেন, আইআইইউসি বর্তমানে বাংলাদেশের প্রথম শ্রেণীর বেসরকারী বিশ্ববিদ্যালয়। এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শিক্ষার্থীদেরকে মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেমিক সুনাগরিক হিসেবে গড়ে তোলার জন্য কার্যকর পদক্ষেপ নেয়া হয়েছে। দৃষ্টিনন্দন সুপরিসর আধুনিক ক্যাম্পাসে মানসম্পন্ন শিক্ষা ও গবেষণার পর্যাপ্ত সুযোগ সুবিধা নিশ্চিত করা হয়েছে। বঙ্গবন্ধু এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্যে 'বঙ্গবন্ধু কর্ণার' ও 'বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগ' প্রতিষ্ঠা করা হয়েছে, বর্ণাঢ্য আয়োজনে পালিত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী। এছাড়া বিভিন্ন জাতীয় ও গুরুত্বপূর্ণ দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে। সৌজন্য সাক্ষাৎকালে আইআইইউসি'র ৬ষ্ঠ সমাবর্তনের জন্য নবনির্বাচিত মহামান্য রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানানো হয় এবং নবনির্বাচিত মহামান্য রাষ্ট্রপতি আগামী বছর (২০২৪) সমাবর্তন আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, নবনির্বাচিত রাষ্ট্রপতি আইআইইউসি'র সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

## বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে আইআইইউসির ৫ম সমাবর্তন সম্পন্ন

▸▸ ১ম পৃষ্ঠার পর

ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী,এমপি, বিশেষ বক্তা ইউজিসির সদস্য প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ, আইআইইউসি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেন, "এই ডিগ্রি অর্জন মানেই জ্ঞান অর্জনের শেষ নয়, কেবল শুরু মাত্র। আমাদেরকে বিভিন্ন বিষয় বাছাই করে অধিকতর জ্ঞান অর্জন করতে হবে। ইংরেজি, আরবি সহ ভাষাগত দক্ষতা অর্জন করতে হবে। এখন অনেক ইউরোপ, এশিয়ার মানুষ আরবি ভাষা শিখছেন। মধ্যপ্রাচ্যের দেশগুলোতেও শ্রমবাজার দখলের ক্ষেত্রে আমাদের দেশের গ্র্যাজুয়েটদের ও এই ভাষা শিক্ষার উপর জোর দেয়া উচিত।" বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তনে মোট ১৫ হাজার ৩৬১ জনকে সনদ বিতরণ করা হয়। এদের মধ্যে স্মাতক পর্যায়ে ৯ হাজার ৪৫৯, স্নাতকোত্তর পর্যায়ে ৫ হাজার ৯০২ জনকে। চ্যান্সেলর স্বর্ণ পদক দেওয়া হয় ৩৬ শিক্ষার্থীকে। এছাড়া ভাইস চ্যান্সেলর এওয়ার্ড দেওয়া হয় ১৩৭ জন শিক্ষার্থীকে। আইআইইউসি এই সমাবর্তনে প্রথমবারের মতো প্রবর্তন করেছে বোর্ড অব ট্রাস্টি চেয়ারম্যান স্বর্ণ পদক। প্রথমবারে শরীয়াহ অনুষদের শিক্ষার্থী জোবাইদুন নাহার পান্নাকে এ পদক দেওয়া হয়।

## উন্নত জাতি গঠনে প্রধানমন্ত্রীর লক্ষ্যমাত্রায় পৌঁছাতে অভূতপূর্ব ভূমিকা রাখছে আইআইইউসি: স্থানীয় সরকার মন্ত্রী




উন্নত জাতি গঠনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার লক্ষ্যমাত্রায় পৌঁছানোর লক্ষ্যে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম অভূতপূর্ব ভূমিকা পালন করে যাচ্ছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম এমপি। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) স্প্রিং ২০২৩ সেমিস্টারের ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। ১৭ ডিসেম্বর ২০২২ শনিবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান বক্তা ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন খাদিজাতুল আনোয়ার সনি এমপি, এলজিইডিই'র প্রধান প্রকৌশলী সেখ মোহাম্মদ মহসিন, ভারতীয় সহকারী কমিশনার ড. রাজিব রঞ্জন, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, আইআইইউসির প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ

পৃষ্ঠা ১১ ক. ২

## মেধাবী শিক্ষার্থীদের স্কলারশিপ প্রোগ্রাম



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বিভিন্ন বিভাগের ২০ জন শিক্ষার্থীকে ফুল ফ্রি স্কলারশীপ প্রদান করেছে সৌদি আরবভিত্তিক আন্তর্জাতিক সংস্থা ওয়ার্ল্ড অ্যাসেম্বলী অব মুসলিম ইয়থ (ওয়ামী)। ১৭ আগস্ট ২০২২ মঙ্গলবার আইআইইউসি'র কনফারেন্স কক্ষে এ স্কলারশিপ বিতরণ করা হয়। আইআইইউসি বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি বলেন, 'আইআইইউসি এবং ওয়ামীর সম্পর্ক দীর্ঘদিনের। আইআইইউসি'র প্রতিষ্ঠালগ্ন থেকেই ওয়ামী বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের গর্বিত অংশীদার। আমি দায়িত্ব গ্রহণের পর বর্তমানে আইআইইউসিতে ওয়ামীর সহযোগিতার মাত্রা অনেকগুণ বেড়েছে। এ জন্য ওয়ামীর প্রতি কৃতজ্ঞ।' তিনি আরও বলেন, 'শিক্ষক-শিক্ষার্থীদের জন্য স্কলারশীপ তাদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রোগ্রাম, তথ্যপ্রযুক্তির জ্ঞানে শিক্ষার্থীদের সমৃদ্ধ করার লক্ষ্যে ওয়ামী সকল ধরণের সহযোগিতা করার আশ্বাস দিয়েছে।' উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইআইইউসি'র উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি'র রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার,

পৃষ্ঠা ১৩ ক. ১

## ক্যাম্পাসে প্রবাহমান ঘোড়ামরা খালে সুপেয় পানির জলাধার নির্মাণ ও প্রকল্প পরিদর্শনে পানি সম্পদ উপমন্ত্রী




১৬ই নভেম্বর, ২০২২ তারিখে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ক্যাম্পাসে (আইআইইউসি) প্রবাহমান ঘোড়ামরা খালে সুপেয় পানির জলাধার নির্মাণ ও সৌন্দর্যবর্ধনে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্প পরিদর্শন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম এমপি। প্রকল্প পরিদর্শনের পর বেলা ১১.৩০ মিনিটে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) সেন্ট্রাল অডিটোরিয়ামে শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের সাথে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শুরু হয় কোরআন তেলাওয়াত এবং জাতীয় সঙ্গীত গাওয়ার মাধ্যমে। আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি'র সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন

পৃষ্ঠা ১৪ ক. ১

## নবীণ শিক্ষার্থীদের উদ্দেশ্যে ভূমিমন্ত্রী, 'দেশ কী দেবে সেই প্রশ্ন নয়, তুমি দেশকে কী দেবে মনে রাখতে হবে'




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপি বলেন, বিশাল অবকাঠামোসহ নয়নাভিরাম প্রাকৃতিক পরিবেশে প্রতিষ্ঠিত আইআইইউসি অন্য যেকোন বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে পৃথক বৈশিষ্ট্যমণ্ডিত। নতুন করে সাজানো গেলে বিশ্ববিদ্যালয়টিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার। ৯ জানুয়ারি ২০২২ রবিবার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বসন্তকালীন সেমিস্টার ২০২২ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি উপরোক্ত কথা বলেন। ছাত্র- ছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, সবকিছুর উর্ধ্বে দেশের স্বার্থকে প্রাধান্য দিতে হবে। দেশকে ভালোবাসতে হবে। এটাও একটা ইবাদত। সবসময় দেশ ও জাতির জন্য ভালো কিছু করার মানসিকতা পোষণ করতে হবে। দেশ কী দেবে সেই প্রশ্ন না করে তুমি দেশকে কী দেবে সেটাই সবসময় মনে রাখতে হবে। তিনি বলেন, নতুন প্রজন্মের

পৃষ্ঠা ৮ ক. ২

## ক্লাস রিপ্রেজেনটেটিভদের সাথে মতবিনিময় সভা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর প্রক্টরিয়াল বডির উদ্যোগে ২২শে মার্চ ২০২৩ বুধবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে বিভাগীয় বিভিন্ন ক্লাবসমূহের নির্বাহী কমিটির সদস্য ও বিভিন্ন সেমিস্টারের ক্লাস রিপ্রেজেন্টেটিভগণের সাথে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া সুলতানা চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে উপস্থিত শিক্ষার্থীদের তিনি প্রক্টরিয়াল বডির কাজে সহায়তা করতে অনুরোধ করেন এবং আইআইইউসির






স্বকীয়তা বজায় রেখে ইতিবাচক মনোভাব এবং কাজের মাধ্যমে এই ক্যাম্পাসকে শিক্ষা ও মননশীলতার সর্বোচ্চ শিখরে নিয়ে যেতে আহবান জানান। সভার মূল আলোচক আইআইইউসির প্রক্টর এবং ইন্সটিটিউট অব ফরেন ল্যাঙ্গুয়েজেস (আইএফএল) এর ডিরেক্টর মোঃ ইফতেখার উদ্দীনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে আসন অলংকৃত করেন বিশ্ববিদ্যালয়ের মান্যবর ট্রেজারার প্রফেসর ড. মোঃ হুমায়ুন কবির এবং রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার। মাননীয় অতিথিবৃন্দ তাদের বক্তব্যে এই ধরণের আয়োজনের প্রশংসা করে প্রক্টরিয়াল বডির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন

পৃষ্ঠা ১১ ক. ১

# বঙ্গবন্ধু আজ বিশ্ববন্ধু হিসেবে সমাদৃত-ড. আবু রেজা নদভী, এমপি




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সারাবিশ্বে শোষিত ও স্বাধীনতাকামী মানুষের কাছে বিশ্ববন্ধু হিসেবে সমাদৃত হয়েছেন বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। ১৫ আগস্ট ২০২২ সোমবার আইআইইউসি'র কেন্দ্রীয় অডিটোরিয়ামে আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবসের আলোচনা সভায় এ মন্তব্য করেন তিনি। তিনি আরও বলেন, 'বঙ্গবন্ধু বাংলাদেশের নির্যাতিত জনতার জন্য ত্রাণকর্তা হিসেবে আবির্ভূত হয়েছিলেন। এ জাতি যুগ যুগ ধরে যখন নির্যাতিত, নিষ্পেষিত হয়ে যাচ্ছিলো তখনই বঙ্গবন্ধু এ জাতির রক্ষাকারী হিসেবে নিজেকে সপে দিয়েছিলেন। বঙ্গবন্ধু অনগ্রসর এ জাতির মুক্তির লক্ষ্যে কিশোরকাল থেকেই সংগ্রামে লিপ্ত ছিলেন। ড. আবু রেজা নদভী বলেন, 'বাঙালি জাতি-সত্তার ভিত্তিতে আধুনিক,

▸▸ পৃষ্ঠা ১৭ ক. ১

## মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন উদযাপিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইইউসি) ক্যাম্পাসে বর্ণিল আয়োজনের মাধ্যমে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে ২৮ সেপ্টেম্বর ২০২২ বুধবার আইআইইউসির কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে খতমে কোরআন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দুপুর আড়াইটায় আইআইইউসির কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। পরে কেক কাটার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জন্মদিন উদযাপিত হয়।

পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে আলোচনা সভার শুরু হয়। পবিত্র কোরআন তেলওয়াত করেন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের লেকচারার শোয়াইব মক্কী।

উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল

▸▸ পৃষ্ঠা ১৭ ক. ১

## বঙ্গবন্ধু মেমোরিয়াল লেকচার অনুষ্ঠিত




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) কেন্দ্রীয় অডিটোরিয়ামে ৩১শে অক্টোবর, ২০২২ তারিখ বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এণ্ড ইন্টার-রিলিজিয়াস ডায়লগ (বিআরসিআইআইডি) এর আয়োজনে "বঙ্গবন্ধু মেমোরিয়াল লেকচার (২য়)" অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এবং প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাজ্যের ক্যাম্ব্রিজ কলেজ অব ইসলামিক স্টাডিজ এর ডীন ও আস-সালাম ইন্সটিটিউট এর পরিচালক বিশ্ববিখ্যাত স্কলার ড. আকরাম নদভী। ড. মোহাম্মদ আকরাম নদভী বলেন, "মূলত হাদিস শাস্ত্র মানব সৃষ্ট নয়, যেমনটি প্রাচ্যবিদগণ প্রচার করতে চান। হাদিস বিষয়ক জ্ঞান যারা হাদিস শাস্ত্রে পাণ্ডিত্য অর্জন করেছেন এমন আলেমদের কাছ থেকে নিতে হবে।" এই বিষয়ে তিনি আলোকপাত করেন।

তিনি আরো বলেন, "আমরা অনেকেই হয়ত জানি না, লিখিত রূপে হাদিস সংকলন সাহাবিদের সময় থেকেই শুরু হয়েছিল।" হাদিস বুঝার ক্ষেত্রে রাসুল (সা:)-এর সীরাত চর্চার গুরুত্বও তুলে ধরেন তিনি। ড. মোহাম্মদ আকরাম নদভী বক্তব্যের এক পর্যায়ে বলেন, "যদি আমরা হাদিস সংকলনকে মানব

▸▸ পৃষ্ঠা ১৪ ক. ২

## শেখ রাসেল দিবস উদযাপিত



১৮ অক্টোবর (মঙ্গলবার) ২০২২ তারিখে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইইউসি) ক্যাম্পাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মবার্ষিকী উপলক্ষে 'শেখ রাসেল দিবস' উদযাপন করা হয়েছে। সকাল ১১টায় শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে 'শেখ রাসেল দিবস' উদযাপন শুরু হয়। এর পর শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষে বৃক্ষ রোপন করা হয়। অতঃপর 'শেখ রাসেল দিবস' উপলক্ষে আইআইইউসির মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। "আমি মায়ের কাছে যাবো, আমাকে মায়ের কাছে নিয়ে যাও"। ঘাতকদের হাতে নির্মমভাবে হত্যা হওয়ার পূর্ব মূহুর্তে শিশু রাসেল ঘাতকদের উদ্দেশ্যে এভাবেই আকুতি করেছিল। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ একথা বলেন। তিনি আরও বলেন, 'শেখ রাসেল মাত্র ১০ বছরের ছোট্টো শিশু ছিল, যখন তাঁকে পরিবারের অন্যান্য

▸▸ পৃষ্ঠা ২১ ক. ১

## যথাযথ মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে 'শহীদ বুদ্ধিজীবী দিবস' পালিত। ১৪ ডিসেম্বর ২০২২ বুধবার আইআইইউসির কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহীদ বুদ্ধিজীবী দিবস পালনের কর্মসূচী পালন শুরু হয়। এরপর আইআইইউসির সেন্ট্রাল অডিটোরিয়ামে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। পবিত্র কোরআন তেলওয়াত ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান শুরু হয়। পবিত্র কোরআন তেলওয়াত করেন আইআইইউসি জামে মসজিদের ইমাম জনাব মোহাম্মদ আতিকুল ইসলাম।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলার সভাপতিত্বে শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ।

উক্ত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার জনাব এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন আইআইইউসির পরীক্ষা

▸▸ পৃষ্ঠা ১২ ক. ২

# শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ পালিত




অমর ২১শে ফেব্রুয়ারী ২০২৩ (মঙ্গলবার) আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এ যথাযথ মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। এ উপলক্ষ্যে সকালে আইআইইউসি ক্যাম্পাসের কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে থেকে আইআইইউসির কেন্দ্রীয় শহীদ মিনারের উদ্দেশ্যে র‍্যালী হয়। র‍্যালীতে আইআইইউসির উপাচার্য, উপ-উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার ও প্রক্টরের নেতৃত্বে আইআইইউসির শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করে। র‍্যালী শেষে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে আইআইইউসির কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

▸▸ পৃষ্ঠা ১৮ ক. ২

# ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এ ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপিত। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয় ও ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বাজানো হয়। পরে আইআইইউসির কেন্দ্রীয় মিলনায়তনে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বাঙালি ও বাংলাদেশের ইতিহাসে ৭ই মার্চের ভাষনের তাৎপর্য অপরিসীম। বাংলাদেশের স্বাধীনতার মূল ঘোষণাটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭ই মার্চ

▸▸ পৃষ্ঠা ১৮ ক. ১

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এ ১৭ই মার্চ ২০২৩, শুক্রবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত। এ উপলক্ষে সকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে আইআইইউসির কেন্দ্রীয় মিলনায়তনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। বঙ্গবন্ধুর আদর্শকে আগামী প্রজন্মের মাঝে ছড়িয়ে দেওয়ার ব্রত নিয়ে আমরা আইআইইউসি পরিবার এগিয়ে চলেছি। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার যে পরিকল্পনা নিয়ে বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন তা আজ সারাবিশ্বে প্রশংসিত। বঙ্গবন্ধুর আদর্শ আমাদের সকলে জীবনের জন্য অনুকরণীয়। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বাঙালি জাতির ইতিহাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের

▸▸ পৃষ্ঠা ১৮ ক. ২

# যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত। ২৬ মার্চ ২০২৩ রবিবার স্বাধীনতা দিবসের শুরুতেই আইআইইউসি ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মাধ্যমে মহান স্বাধীনতা দিবস উদযাপন শুরু হয়। বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলের সম্মিলিত অংশগ্রহনে ক্যাম্পাসে স্বাধীনতা দিবসের র‍্যালী হয় এবং বাংলাদেশের স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে আইআইইউসির কেন্দ্রীয় মিলনায়তনে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজ এই মহান দিনে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধাভরে স্মরণ করছি। শ্রদ্ধাভরে স্মরণ করছি বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত সকল শহীদ, সকল মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের। বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের মূলমন্ত্র অনুযায়ী দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ স্মার্ট বাংলাদেশ হওয়ার পথে এগিয়ে চলেছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বীর মুক্তিযোদ্ধারা যে সোনার বাংলা গড়ার স্বপ্ন নিয়ে এই দেশ স্বাধীন করেছে, আমরা আইআইইউসি পরিবার সেই সোনার বাংলা গড়ার প্রত্যয় ব্যক্ত করছি। মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের আলোচনা সভার সভাপতিত্ব করেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ।

▸▸ পৃষ্ঠা ২১ ক. ১

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস ১৭ মার্চ ২০২২, বৃহস্পতিবার ব্যাপক উৎসাহ উদ্দীপনার মাধ্যমে পালিত হয়েছে। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন- আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী, এমপি, সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। বিশেষ অতিথি ছিলেন- বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান ও বিওটি সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী, ড. সালেহ জহুর, বক্তব্য রাখেন- বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. আকতার সাঈদ, শরীয়াহ অনুষদের ডীন প্রফেসর ড. শাকের আলম শওক প্রমুখ।

# মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন ২০২২




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) ২৬ মার্চ ২০২২, শনিবার মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত। এ উপলক্ষে আয়োজিত সভায় প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে উপ উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিওটি সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, প্রফেসর ড. সালেহ জহুর, মুহাম্মদ বদিউল আলম এবং ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। আরও বক্তব্য রাখেন প্রফেসর ড. শাকের আলম শওক, ড. শাহ মোহাম্মদ সানাউল করিম।

# বঙ্গবন্ধুর জন্ম না হলে বাংলাদেশ হতো না : ড. আবু রেজা নদভী, এমপি



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে গতকাল সীতাকুণ্ডের কুমিরায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ক্যাম্পাস জুড়ে দেখা গেছে নতুন উদ্দীপনা। বর্ণাঢ্য অনুষ্ঠান মালার পাশাপাশি আয়োজনে ছিল মেজবান ও কেক কাটা । ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয় আইআইইউসি । প্রতিষ্ঠার পর থেকে বঙ্গবন্ধুর জন্ম বার্ষিকীতে এ ধরনের আয়োজন কখনো হয়নি বিশ্ববিদ্যালয়টিতে। ১৭ মার্চ ২০২১ বুধবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে আইআইইউসি'র কেন্দ্রীয় অডিটোরিয়ামে আলোচনার সভা আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম-১৫ আসনের মাননীয় সংসদ সদস্য ও নবগঠিত আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত চেয়ারম্যান ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে বাংলাদেশের জন্ম হতো না। ঘাতকরা তাকে হত্যা করলেও তার স্বপ্ন ও আদর্শের মৃত্যু ঘটাতে পারেনি। বঙ্গবন্ধুর সারা জীবনের স্বপ্ন ছিল সোনার বাংলা গড়া। বাঙালি জাতির প্রতিটি অগ্রযাত্রায় সাহস, শক্তি ও অনুপ্রেরণা হয়ে তিনি মিশে আছেন। সভায় সভাপতিত্ব করেন আইআইইউসি উপচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। উদ্বোধনী বক্তব্য দেন জন্ম শতবার্ষিকী উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. সালেহ জহুর। পরিচালনায় ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) জনাব শফীউর রহমান। বক্তব্য দেন নবগঠিত আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ট্রাস্টি প্রফেসর হেলাল উদ্দিন নেজামী, প্রফেসর কাজী দ্বীন মুহাম্মদ, আবু সুফিয়ান, মুহাম্মদ ইসমাঈল মানিক, রিজিয়া রেজা চৌধুরী, মাহবুবুল আলম, আ. ন. ম টিপু সুলতান চৌধুরী, সিরাজুল করিম, বদিউল আলম। সভায় আইআইইউসির সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ছাড়াও শিক্ষার্থীরা অংশ নেন।

## আইআইইউসি'র রেল স্টেশন ভবন নির্মাণ কাজ উদ্বোধন

▸▸ ২য় পৃষ্ঠার পর

উদ্যোগ নেয়া হয়। ২৯ সেপ্টেম্বর ২০২১ বুধবার রেল স্টেশনটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী এমপি। উদ্বোধনকালে তিনি বলেন, একসময় যাতায়াত ব্যবস্থা ছিল অপ্রতুল। তৎকালীন সময়ে আমাদের হেঁটে বিশ্ববিদ্যালয় যেতে হত। কিন্তু এখন ট্রেনে উঠলে বিশ্ববিদ্যালয়ে পৌঁছে যাচ্ছে শিক্ষার্থীরা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টায় তা সম্ভব হয়েছে। প্রধানমন্ত্রীর আন্তরিকতায় কুমিরায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) শিক্ষার্থীদের জন্য আধুনিক ও মানসম্মত স্টেশন তৈরি করা হচ্ছে। যেখানে থাকবে সমস্ত সুযোগ- সুবিধা। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা শাটল ট্রেনে সকালে বিশ্ববিদ্যালয়ে আসবে আবার বিকেলে একই ট্রেনে চড়ে নিজ বাড়িতে ফিরে যাবে। এসময় উপস্থিত ছিলেন- আইআইইউসির বোর্ড অব ট্রাস্টির মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি, ট্রাস্টি বোর্ড সদস্য ও সংরক্ষিত নারী আসনের সাংসদ খাদিজাতুল আনোয়ার সনি, এমপি, রেলওয়ের (পূর্ব) মহাব্যবস্থাপক মো. জাহাঙ্গীর হোসেন, রেলওয়ে পূর্বাঞ্চলের প্রধান প্রকৌশলী মো. সুবক্তগীণ, আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, রাউজান উপজেলা চেয়ারম্যান এহেছানুল হায়দর চৌধুরী বাবুলসহ নেতৃবন্দ। ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে আইআইইউসি মিলনায়তনে অনুষ্ঠিত সভায় রেলপথ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী এমপি বলেন- শেখ হাসিনা মানেই সমৃদ্ধ বাংলাদেশ, আর সমৃদ্ধ বাংলাদেশ মানেই শেখ হাসিনা। এক সময়ের অভিভাবক শুন্য বাংলাদেশ রেলওয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিক প্রচেষ্টায় আজ উন্নতির চরম শিখরে অবস্থান করছে। উনার নেতৃত্বে বাস্তবায়নের পথে পর্যটন নগর কক্সবাজারের রেললাইন স্থাপন কাজ। বর্তমান সরকারের আমলেই বুলেট ট্রেন চালুর পাশাপাশি দেশে ৫৫টি রেল স্টেশন করা হবে। পূর্বাঞ্চলেই হবে ২৬টি। এছাড়াও ভবিষ্যতে রাঙামাটির খাগড়াছড়ি বান্দরবান, কাপ্তাই, রামগড় রেল যাবে। বে-টার্মিনালেও রেল স্টেশন করা হবে, যাতে সরাসরি সমুদ্র থেকে মালামাল ট্রেনে পরিবহন করা যায়। তিনি আরও বলেন, নতুন করে সাজানো গেলে আইআইইউসিকে বিশ্বের অন্যতম সেরা বিশ্ববিদ্যালয়ে পরিণত করা সময়ের ব্যাপার। তিনি আইআইইউসি'র শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধু এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্যে মুজিব কর্ণার স্থাপন, বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগের মতো গবেষণা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার মহৎ উদ্যোগ গ্রহণ করায় বর্তমান বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান, ট্রাস্টির সদস্যদের প্রতি তিনি আন্তরিক কৃতজ্ঞতা জানান। আগামী ৭ অক্টোবর এ স্টেশনের কাজ শুরু হবে বলেও জানান তিনি। সভাপতির বক্তব্যে আইআইইউসির বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলামী শিক্ষায় একটি মাইলফলক স্থাপন করেছেন। তিনি ইসলামী বিশ্ববিদ্যালয়, একইসাথে আরবী বিশ্ববিদ্যালয়ও করেছেন। কারণ পুরো আরব বিশ্বে আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে একটি অপপ্রচার রটিয়ে দেয়া হয়েছে যে, আওয়ামী লীগ ইসলাম ও আরবী বিরোধী। এজন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন বিশ্ববিদ্যালয়ের নামের সাথে ইসলামী ও আরবী দুটাই থাকবে। তিনি আরো বলেন, এখানে জামায়াতের এমন কোন নেতা নেই যিনি আসেননি। গোলাম আজম সাহেব থেকে শুরু করে জামায়াতের বড় বড় নেতারা এখানে এসেছেন। জামায়াত একক কর্তৃত্বে দীর্ঘদিন এখানে তাদের সিন্ডিকেট করে রেখেছিল। আমরা তা ভেঙেছি। পৃথিবীর কোথাও এমন কোন আইন নেই যে একটি নির্দিষ্ট দল বা গোষ্ঠী দীর্ঘদিন একচ্ছত্র ক্ষমতার বলে কোন প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি ট্রাস্টি বোর্ডের সদস্য সাংসদ খাদিজাতুল আনোয়ার সনি। প্রধান বক্তা ছিলেন আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ার আজিম আরিফ, বাংলাদেশ রেলওয়ে পূর্বাঞ্চলের মহাব্যবস্থাপক মো. জাহাঙ্গীর হোসেন, প্রধান প্রকৌশলী মো. সুবক্তগীণ।

## বহদ্দারহাটে ৩০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে ছাত্রী হোস্টেল

▸▸ ২য় পৃষ্ঠার পর

এই বিশ্ববিদ্যালয়ের সাথে সরকারের একটা দূরত্ব ছিল। বর্তমান ট্রাস্টি বোর্ড আইআইইউসি'র একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়নে কাজ করে যাচ্ছে। আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যানের দায়িত্ব গ্রহনের পর আইআইইউসি'র অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিরাজমান দীর্ঘ বন্ধ্যাত্ব কাটিয়ে তাঁর প্রচেষ্টায় বিদেশী ও দেশি অর্থায়নে শীঘ্রই উন্নয়ন কার্যক্রম শুরুর দৃঢ় প্রত্যয়ের কথা স্মরণ করে তিনি বলেন, কুয়েত সরকারের সহযোগিতায় ৩০ কোটি টাকা ব্যয়ে বহদ্দারহাটস্থ ফিমেল ক্যাম্পাসে এক হাজার আসন বিশিষ্ট ছাত্রী হোস্টেল ভবন নির্মাণ করা হচ্ছে। একইভাবে নির্মিত হচ্ছে ১২ কোটি টাকা ব্যয়ে ফ্রান্সের দাতা সংস্থার সহযোগিতায় শরিয়া ফ্যাকাল্টি ভবন এবং ৫ কোটি টাকা ব্যয়ে দেশের লব্ধ প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠান নোমান গ্রুপের অর্থায়নে পঞ্চম ফিমেল একাডেমিক ভবন । ড. নদভী এমপি বলেন, আইআইইউস্থিতে প্রচুর ছাত্রী দেশের বিভিন্ন জেলা-উপজেলা থেকে পড়তে আসে। আসে বিদেশ থেকেও। তাদের জন্য শহরে নিরাপদ আবাসন নিশ্চিত করতে কষ্ট হয়। নির্মিতব্য ১৫ তলা বিশিষ্ট ছাত্রী হলটি উপরোক্ত সমস্যা নিরসন করবে। এ সময় উপস্থিত ছিলেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, সদস্য জনাব খালেদ মাহমুদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. মহি উদ্দিন, একাউন্স এন্ড ফাইন্যান্স ডিভিশনের পরিচালক সহযোগী অধ্যাপক আফজাল আহমদ, স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের অতিরিক্ত পরিচালক মুহাম্মদ মাহফুজুর রহমান, ফিমেল জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী প্রমুখ।

## নবীণ শিক্ষার্থীদের উদ্দেশ্যে ভূমিমন্ত্রী, 'দেশ কী দেবে সেই প্রশ্ন নয়, তুমি দেশকে কী দেবে মনে রাখতে হবে'

▸▸ ৫ম পৃষ্ঠার পর

মাঝে দেশপ্রেম জাগ্রত করতে হলে দেশের স্বাধীনতার প্রকৃত ইতিহাস জানতে হবে। এতো রক্তের বন্যা ও মা বোনের ইজ্জতের বিনিময় স্বাধীনতা অর্জন বিশ্বে বিরল। আইআইইউসি'র ভাইস-চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে আইআইইউসি কেন্দ্রীয় অডিটোরিয়ামে ওরিয়েন্টেশনের উদ্বোধন করেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি। বক্তব্য রাখেন আইআইইউসি'র বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. মছরুরুল মাওলা, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, রিজিয়া সুলতানা চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। উপস্থিত ছিলেন বিওটি'র সিনিয়র ভাইস চেয়ারম্যান ড. কাজী দ্বীন মুহাম্মদ, বিওটি চেয়ারম্যানের উপদেষ্টা প্রফেসর ড. শাহাদাত হোসাইন। স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসি'র রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। উদ্বোধকের বক্তব্যে সাংসদ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি বলেন, ১৯৯৫ সালে প্রতিষ্ঠালগ্ন থেকেই এই বিশ্ববিদ্যালয়ের সাথে ছিলাম। আরবি ভাষা ইনস্টিটিউট দিয়েই বিশ্ববিদ্যালয়ের যাত্রা। তাঁর প্রচেষ্টায় বিদেশি অর্থায়নে আইআইইউসি'র অবকাঠামোগত উন্নয়নের কথা তুলে ধরে তিনি বলেন, ২০০৮ সালের পর থেকে আইআইইউসি'র অবকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে বিরাজমান বন্ধ্যাত্ব কাটিয়ে ব্যাপক উন্নয়ন কার্যক্রম শুরু হয়েছে। বিগত বছরগুলোতে এই বিশ্ববিদ্যালয়ের সাথে সরকারের একটা দূরত্ব ছিল। এখন নবগঠিত একটি হাই প্রোফাইল ট্রাস্টি বোর্ড প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক আইআইইউসি'র সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছে।

## অমর ২১শে ২০২২ আলোচনা ও দোয়া অনুষ্ঠান




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেছেন, ভাষার জন্য সংগ্রাম করা, দেশপ্রেম এসব ইসলাম বিরোধী কাজ বলে বিভাজন সৃষ্টি করা হয়েছে। রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য নতুন প্রজন্মকে বিভ্রান্ত করা হয়েছে, ভুল শিক্ষা দেয়া হয়েছে। আমাদের দেশপ্রেম চেতনার ভিত্তি রচিত হয়েছিল। এই দেশপ্রেম চেতনা অটুট থাকলে দেশ অনেক এগিয়ে যাবে। এই দেশ আমাদের, আর এই দেশকেই আমাদের সকলকে অকৃত্রিম ভালবাসতে হবে। ২১ ফেব্রুয়ারি ২০২২ সোমবার আইআইইউসির অমর একুশের আলোচনা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর

▸▸ পৃষ্ঠা ১৯ ক. ১

## বর্ণাঢ্য আয়োজনে বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদযাপন




দিনব্যাপী বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদযাপন করলো আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)। ১৬ ডিসেম্বর ২০২১, বৃহস্পতিবার মহান বিজয় দিবস উপলক্ষে আইআইইউসি'র অনুষ্ঠানমালায় বিজয়ের সুবর্ণ জয়ন্তীকে স্মরণীয় করে রাখার জন্য উল্লেখযোগ্য আয়োজন ছিল আইআইইউসি'র শিক্ষার্থীদের মুক্তিযোদ্ধা পিতাদের সম্মাননা প্রদান। আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের এই পর্বে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ

▸▸ পৃষ্ঠা ১৯ ক. ২

## যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপিত




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদযাপিত। ১৬ ডিসেম্বর ২০২২ শুক্রবার বিজয় দিবসের শুরুতেই আইআইইউসি ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মাধ্যমে মহান বিজয় দিবস উদযাপন শুরু হয়। বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলের সম্মিলিত অংশগ্রহনে ক্যাম্পাসে বিজয় র‍্যালী হয় ও মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে আইআইইউসির কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে আইআইইউসির সেন্ট্রাল অডিটোরিয়ামে মহান বিজয় দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। প্রধান অতিথির বক্তব্যে তিনি

▸▸ পৃষ্ঠা ১২ ক. ১

## 'বঙ্গবন্ধু বেঁচে থাকলে ২০০০ সালেই উন্নত দেশ হতো বাংলাদেশ'

### আইআইইউসি'র শোক দিবসের সভায় মন্ত্রী তাজুল ইসলাম




জাতীয় শোক দিবস উপলক্ষে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) উদ্যোগে ভার্চুয়াল আলোচনা সভা অনুষ্ঠিত। মাননীয় মন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় প্রধান অতিথির বক্তব্যে মো. তাজুল ইসলাম, এমপি বলেন, বাঙালিত্বের চেতনায় বঙ্গবন্ধু আমৃত্যু একটি অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক, শোষণমুক্ত, উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। তাঁর পুরো জীবনটাই ছিলো জাতির জন্য উৎসর্গিত। বঙ্গবন্ধু বেঁচে থাকলে ২০৪১ সালের জন্য আমাদের অপেক্ষা করতে হতোনা, ২০০০ সালের মধ্যেই বাংলাদেশ উন্নত দেশে পরিণত হতো। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী

▸▸ পৃষ্ঠা ১৮ ক. ২

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উদযাপন




মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে উদযাপিত হয়েছে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে। ২৮ সেপ্টেম্বর ২০২১ মঙ্গলবার ফিমেল একাডেমিক জোনে বর্ণিল অনুষ্ঠান মালার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উদযাপিত হয়। কেক কাটার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। প্রধান অতিথি ছিলেন বিওটি সদস্য ও জাতীয় সংসদ সদস্য খদিজাতুল আনোয়ার সনি এমপি। বিশেষ অতিথি ছিলেন ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান ও বিওটি সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী। উপস্থিত ছিলেন শিক্ষিকা ও সিনিয়র কমকর্তাবৃন্দ। পরে এক আলোচনা সভায় মাননীয় প্রধানমন্ত্রীর জীবন ও কর্মের বহুমুখী দিকে আলোকপাত করে বক্তব্য রাখেন খদিজাতুল আনোয়ার সনি এমপি। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মোনাজাত করা হয়।

## নবীণ শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

▸▸ ৪র্থ পৃষ্ঠার পর

থাকে। সৌদি আরবে ইসলামী বিশ্ববিদ্যালয় গুলোতে ক্লাসের বাইরে শিক্ষকরা মসজিদে নববীতে প্রোগ্রাম করেন, দারস করেন, উন্মুক্ত ক্লাস সেখানে হয়, সেগুলোতে শিক্ষার্থীরা গিয়ে বসে। এতে শিক্ষকদের সাথে ব্যক্তিগত একটা সম্পর্ক তৈরি হয়।' তিনি বলেন, 'পৃথিবীতে বড় বড় যত মনীষী তৈরি হয়েছে, ইসলামিক দিক থেকে বলেন কিংবা সাধারণ দিক থেকে বলেন সবার ইতিহাস দেখুন, শিক্ষার্থী হিসেবে শিক্ষকের সাথে তাদের সবার নিগুঢ় সম্পর্ক ছিল। যেটা আজকাল নেই। এখন শুধুমাত্র বিশ্ববিদ্যালয়তো অনেক পরের কথা, এটি স্কুল লেভেল থেকেই নেই। আমরা ছোট বেলায় দেখেছি, কোনো শিক্ষার্থী স্কুলে না এলে শিক্ষক বাড়িতে চলে যেতেন। এখন তা কল্পনাও করা যায় না। শিক্ষক এখন শিক্ষকের জগৎ নিয়ে আছেন, ছাত্র আছেন ছাত্রের জগৎ নিয়ে।' তিনি আরও বলেন, 'শিক্ষকদের সাথে সুনিবিড় সম্পর্ক গড়া ছাড়া কখনো আমাদের জ্ঞানের পূর্ণতা সম্ভব নয়।' তিনি আরও বলেন, 'আইআইইউসি এমন শিক্ষার্থী তৈরি করেছে যারা বিশ্বব্যাপী যোগ্যতার প্রমাণ রাখছে। তারুণ্যের কোনো কালিমা এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে যেন না লাগে তা নিশ্চিত করতে এই বিশ্ববিদ্যালয়ের পরিবেশই যথেষ্ট। নৈতিকভাবে শক্তিশালী হওয়ার মধ্য দিয়েই অন্য দশটি প্রতিষ্ঠান থেকে আইআইইউসিকে আলাদা থাকতে হবে। আইআইইউসি শিক্ষার্থীদের উন্নত চরিত্রের অধিকারী হতে হবে। শিক্ষার্থীদের উদ্যোক্তা হওয়ার যোগ্য হতে হবে। চাকরির প্রতি দুর্বলতা থেকে বের হয়ে উদ্যোক্তা হতে হবে। নবী করিম (সা:) ব্যবসাকে সবসময় উৎসাহ দিতেন।' অনুষ্ঠানে প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি বলেন, 'আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম জ্ঞান বিতরণের পাশাপাশি জ্ঞান সৃজনেও ভূমিকা রাখছে। বিশ্বব্যাপী এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যোগ্যতার স্বাক্ষর রেখে চলেছে। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে বর্তমানে অবকাঠামো এবং অ্যাকাডেমিকভাবে শক্ত ভিত্তির উপর দাঁড়িয়ে আছে।' বিশেষ অতিথির বক্তব্য রাখেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, ফিন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, বোর্ড অব ট্রাস্টের সদস্য রিজিয়া রেজা চৌধুরী, প্রফেসর ড. ফসিউল আলম, প্রফেসর ড. ছালেহ জহুর, শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর ড. শাকের আলম শওক, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. আকতার সাঈদ, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজসহ বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগের চেয়ারম্যানবৃন্দ। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসি' রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক মুহিব উল্লাহ ও ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের ভারপ্রাপ্ত পরিচালক মাহফুজুর রহমান।

## ড. আবু রেজা নদভী এমপি'র সাথে সৌদি আরবের দাওয়াহ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর জয়েন্ট সেক্রেটারী শায়খ আলী আব্দুল্লাহ আয যুগাইবী'র সৌজন্য সাক্ষাৎ



সৌদি আরবের দাওয়াহ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর জয়েন্ট সেক্রেটারী শায়খ আলী আব্দুল্লাহ আয যুগাইবী ১৫ই অক্টোবর শনিবার ২০২২ তারিখে দুপুর দুইটায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। শায়খ আলী আব্দুল্লাহ আয যুগাইবী বাংলাদেশে অবস্থিত সৌদি দুতাবাসে রিলিজিয়াস এ্যাটাচে হিসেবেও কর্মরত আছেন। প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, শায়খ আব্দুল্লাহ আয যুগাইবীকে স্বাগত জানিয়ে বলেন, "আপনার আগমন সৌদি আরব ও বাংলাদেশ

পৃষ্ঠা ১৮ ক. ২

## রামাদ্বান কালচারাল উইক উদ্বোধন



মাহে রামাদ্বান এর গুরুত্ব ও মাহাত্ম্য শিক্ষার্থীদের মাঝে জাগ্রত করতে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর "মোরালিটি ডেভেলাপমেন্ট প্রোগ্রাম" এবং "প্রক্টরিয়াল বডি"- এর তত্ত্বাবধানে ও বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের স্টুডেন্টস ক্লাব সমূহের সমন্বিত উদ্যোগে "আইআইইউসি রামাদ্বান কালচারাল উইক" নামে এক সপ্তাহ ব্যাপী এক অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। আইআইইউসি এর কেন্দ্রীয় মিলনায়তন সংলগ্ন মাঠে ৪ এপ্রিল ২০২৩ (মঙ্গলবার) থেকে শুরু হওয়া "আইআইইউসি রামাদ্বান কালচারাল উইক" এর শুভ উদ্বোধন করেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। এসময় উপস্থিত ছিলেন আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মহুরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার জনাব এএফএম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর জনাব মোঃ ইফতেখার উদ্দিন সহ আইআইইউসির শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ। এরই অংশ হিসেবে আয়োজিত হচ্ছে 'রামাদান এক্সপো'। এতে আইআইইউসির বিভাগীয় ক্লাব সমূহ বিভিন্ন পণ্যের স্টল নিয়ে অংশগ্রহণ করে। অতিথিগণ বিভিন্ন স্টল পরিদর্শন করেন ও এ ধরনের আয়োজনের ভূয়সী প্রশংসা করেন।

## ইনস্টিটিউট অফ ফরেইন লেঙ্গুয়েজেস এর ইনফরমেশন এক্সচেঞ্জ প্রোগ্রাম অনুষ্ঠিত




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) ইনস্টিটিউট অফ ফরেইন লেঙ্গুয়েজেস (আইএফএল) এর ইনফরমেশন এক্সচেঞ্জ প্রোগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামের সেমিনার হলে ২৯ শে নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এর মাধ্যমে বিদেশি ভাষা শিক্ষা ইন্সটিটিউট এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। যেখানে ইংরেজি, আরবি, তুর্কি ভাষা শিক্ষা কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। শীঘ্রই চাইনিজ এবং ফরাসী ভাষা কোর্সও চালু হবে। উক্ত প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির বোর্ড অফ ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ১৯৯৪ সালে "আরবি ভাষা শিক্ষা কোর্স" চালু হয়। আমি কোর্সের প্রথম শিক্ষক ছিলাম এবং হাতে লিখে সিলেবাস তৈরি করেছিলাম, যা হয়তো সংরক্ষিত থাকবে। তিনি আরও বলেন, বর্তমান প্রতিযোগিতাপূর্ণ বাজারে টিকে থাকতে হলে শিক্ষার্থীদের প্রযুক্তিগত জ্ঞানের পাশাপাশি বিভিন্ন দেশের ভাষা শিখা গুরুত্বপূর্ণ। পৃথিবীর বিভিন্ন দেশে আমার যাওয়ার সৌভাগ্য হয়েছে, তারা ইংরেজি ভাষার পাশাপাশি আরবি ভাষাতেও ভালো

পৃষ্ঠা ২২ ক. ১

## জাপানের প্রফেসরদের সহযোগিতায় ইংরেজি শিক্ষকদের মান উন্নয়নে দিনব্যাপী কনফারেন্স




টিচার হেল্পিং টিচার্স (THT) এবং বেল্টা চিটাগং সাউথ চ্যাপ্টারের উদ্যোগে দিনব্যাপী শিক্ষক উন্নয়ন কনফারেন্স আইআইইউসির বিওটি ভবনে অনুষ্ঠিত হয়। জাপানের প্রখ্যাত বিশ্ববিদ্যালয়গুলোর প্রফেসরগনের পরিচালনায় বিভিন্ন স্কুল-কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ইংরেজি শিক্ষকগণ এতে অংশগ্রহণ করেন। নতুন প্রজন্মের শিক্ষকদের আধুনিক ভাষা শিক্ষাবিদ্যার সাথে পরিচিত করতে ও অনুপ্রাণিত করার লক্ষ্যে, এই কর্মশালা করা হয়। এটি শিক্ষকদের জন্য নতুন দৃষ্টিভঙ্গি উন্মুক্ত করেছে। উপস্থিত শিক্ষকগণ হাতে কলমে পাঠদানের সৃজনশীল পদ্ধতি ও মূল্যায়ন শিখেছেন। জাপান থেকে আসা অভিজ্ঞ রিসোর্স পারসন প্রফেসর ড. প্যাট্রিক ডওয়ার্টি, প্রফেসর অ্যান ম্যাকলেলান এবং প্রফেসর সেসিলিয়া সিলভার প্রশিক্ষণ কর্মশালা পরিচালনা করেন। তারা শিক্ষকদের বিভিন্ন পাঠদানের কৌশল এবং ধারণার সাথে পরিচয় করিয়ে দেন যা শিক্ষার্থীদের বিকাশের জন্য

পৃষ্ঠা ২২ ক. ২

## পঞ্চম সমাবর্তন উপলক্ষে সংবাদ সম্মেলন




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) পঞ্চম সমাবর্তনে ২৯ জন শিক্ষার্থীকে চ্যান্সেলর গোল্ড মেডেল দেওয়া হবে। এছাড়া ১৩৭ জন শিক্ষার্থীকে দেওয়া হবে ভাইস চ্যান্সেলর গোল্ড মেডেল। ৮ সেপ্টেম্বর ২০২২ বৃহস্পতিবার চট্টগ্রাম প্রেসক্লাবের বঙ্গবন্ধু হলে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এতে লিখিত বক্তব্য পাঠ করেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। তিনি বলেন, 'আগামী ১১ সেপ্টেম্বর রোববার সকাল ১০টায় আইআইইউসি'র নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হতে যাচ্ছে পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান। আইআইইউসির

পৃষ্ঠা ২১ ক. ১

## আইআইইউসিতে আউটকাম বেইজড এডুকেশন্স শীর্ষক কর্মশালা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) শেষ হলো তিন দিনব্যাপী 'আউটকাম বেইজড এডুকেশন্স' (ওবিই) কারিক্যুলামের উপর প্রশিক্ষণ কর্মশালা। ১৫ জুন ২০২২ বুধবার এ কর্মশালা শেষ হয়। এই কর্মশালার আয়োজন করে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)। এর আগে গত ৭ জুন ২০২২ মঙ্গলবার এই কর্মশালার উদ্বোধন হয়। ৮ জুন ২০২২ বুধবার অনুষ্ঠিত হয় এই কর্মশালার দ্বিতীয় প্রশিক্ষণ কর্মসূচি। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মো. দেলোয়ার হোসেনের সভাপতিত্বে তিন দিনব্যাপি এ প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, উপ উপাচার্য প্রফেসর

পৃষ্ঠা ১৯ ক. ২

# আইআইইউসিতে বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ অনুষ্ঠিত




বাংলাদেশ বিজ্ঞান একাডেমির উদ্যোগে BAS-FSIBL বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৩ এর বিভাগীয় বাছাইপর্ব ১৩ জানুয়ারি ২০২৩ শুক্রবার সারাদিন ব্যাপী আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীতের মাধ্যমে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ এর সূচনা হয়, অনুষ্ঠানের উদ্বোধন করেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মান্যবর ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। উদ্বোধন অনুষ্ঠানের বক্তব্যে উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, আজকে তোমরা এখানে নিজেদের যোগ্যতায় এই বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করছো। আশা করি এই যোগ্যতাকে অক্ষুণ্ন রেখে একদিন তোমরা বিশ্বের বিভিন্ন জায়গায় পৌছে নিজেদেরকে সাফল্যমন্ডিত করবে ও দেশের জন্য সুনাম অর্জন করবে।

▸▸ পৃষ্ঠা ২০ ক. ২

# আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও বিগ ডাটার গুরুত্ব শীর্ষক সেমিনার



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সিসিই ক্লাব এবং সিসিই ক্লাব ফিমেল চ্যাপ্টারের যৌথ আয়োজনে ৯ জানুয়ারি ২০২৩ (সোমবার) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় "পুরো বিশ্বে কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং বিগ ডাটার গুরুত্ব" শীর্ষক সেমিনার। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে

▸▸ পৃষ্ঠা ২২ ক. ৪

# আইআইইউসিতে বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ অনুষ্ঠিত




বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ ২১শে জানুয়ারী ২০২২ তারিখে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন মাননীয় ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। সম্মানিত অতিথি ছিলেন প্রফেসর ড. মোঃ শাহাদাত হোসেন। বিশেষ অতিথি ছিলেন প্রো-ভিসি প্রফেসর ড. মুহাম্মদ মছরুরুল মাওলা এবং ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। এতে ৬০টি স্কুল ও কলেজের প্রায় ৬০০ এর অধিক ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। তাদের মধ্য থেকে ঢাকায় পরবর্তী রাউন্ডের জন্য ২৫ জন শিক্ষার্থী নির্বাচিত হয়।

# সৌদি রাষ্ট্রদূতের সাথে ড. আবু রেজা নদভী এমপি'র সৌজন্য বৈঠক

▸▸ ৪র্থ পৃষ্ঠার পর

এবং মুসলিম বিশ্বে চলমান বিভিন্ন বিষয় নিয়ে দীর্ঘক্ষণ আলাচনা করা হয় এবং আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর কিছু উন্নয়ন প্রজেক্ট নিয়ে আলোচনা হয়। সৌদি আরবের মান্যবর রাষ্ট্রদূত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নয়নের এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন ইস্যুতে বাংলাদেশের ইতিবাচক ভূমিকার প্রশংসা করেন। আলোচনা শেষে ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি মান্যবর সৌদি রাষ্ট্রদূতের হাতে আইআইইউসি'র ২৫ বৎসর পুর্তি উপলক্ষে সিলভার জুবলি অনুষ্ঠান ও কনভোকেশনে যোগদানের এবং লোহাগাড়া উপজেলার চুনতি গ্রাম ভিজিটের আমন্ত্রণ পত্র হস্তান্তর করেন। বৈঠকে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন ছিলেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, ড. মোজাফফর হোসাইন নদভী, মোহাম্মদ আমীন নদভী প্রমুখ।

# ক্লাস রিপ্রেজেনটেটিভদের সাথে মতবিনিময় সভা

▸▸ ৫ম পৃষ্ঠার পর

করেন এবং বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য এ জাতীয় অনুষ্ঠানের প্রয়োজনীয়তা তুলে ধরেন। কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভাটি শুরু হয়। সভার মূল আলোচক আইআইইউসির প্রক্টর মোঃ ইফতেখার উদ্দীন তার বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিধি-নিষেধ তুলে ধরার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা রক্ষায় ছাত্র-ছাত্রীদের সক্রিয় ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরেন। এছাড়া, তিনি ইনস্টিউট অব ফরেন ল্যাঙ্গুয়েজেস (আইএফএল) এর বিভিন্ন প্রোগ্রাম ও আইআইইউসির ছাত্রদের এ প্রোগ্রামগুলোতে অংশগ্রহণের গুরুত্ব তুলে ধরেন। বক্তব্যের শেষাংশে তিনি নবগঠিত প্রক্টরিয়াল বডির সাথে সবাইকে পরিচয় করিয়ে দেন। এই প্রোগ্রামের অন্যতম আকর্ষণ ছিল আমন্ত্রিত অতিথি কর্তৃক Awareness Rally ২০২৩ এর পুরস্কার বিতরণ। এই র‍্যালীতে ফিমেল একাডেমিক জোনে আইআইইউসি বিজনেস ক্লাব, আইআইইউসি দাওয়াহ ক্লাব এবং আইআইইউসি সিসিই ক্লাব যথাক্রমে চ্যাম্পিয়ন, প্রথম রানার আপ এবং দ্বিতীয় রানার আপ হওয়ার গৌরব অর্জন করে। মেইল একাডেমিক জোনে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে আইআইইউসি ইবি ক্লাব। তাছাড়া আইআইইউসি কুরআনিক সায়েন্সেস ক্লাব এবং আইআইইউসি টেলিকম ক্লাব যৌথভাবে প্রথম রানার আপ এবং আইআইইউসি কম্পিউটার ক্লাব এবং আইআইইউসি ফার্মা ক্লাব যৌথভাবে দ্বিতীয় রানার আপ হবার গৌরব অর্জন করে। এছাড়া এই প্রোগ্রামে উপস্থিত প্রায় ৮০০ ছাত্র-ছাত্রীর মাঝে আইআইইউসির ক্যালেন্ডার বিতরণ করা হয়। সবশেষে সভার সভাপতি আইআইইউসির প্রক্টর মোঃ ইফতেখার উদ্দীন তার সমাপনী বক্তব্যে সম্মানিত অতিথিবৃন্দ, অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীবৃন্দ, ভলান্টিয়ার, প্রক্টরিয়াল বডি ও প্রক্টরিয়াল অফিস কে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

# উন্নত জাতি গঠনে প্রধানমন্ত্রীর লক্ষ্যমাত্রায় পৌঁছাতে অভূতপূর্ব ভূমিকা রাখছে আইআইইউসি: স্থানীয় সরকার মন্ত্রী

▸▸ ৫ম পৃষ্ঠার পর

হুমায়ুন কবির, বিওটি সদস্য প্রফেসর ড. মোঃ ফসিউল আলম, বিওটি সদস্য প্রফেসর ড. মোঃ সালেহ জহুর, রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, ফ্যাকাল্টি ডীনবৃন্দ ও ডিপার্টমেন্টের চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক - শিক্ষিকা ও কর্মকর্তা - কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ডিবিএ'র সহযোগী অধ্যাপক আবদুললাহিল মামুন ও আইআইইউসির প্রক্টর মো. ইফতেখার উদ্দিন। এ সময় প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম এমপি বলেন, "মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি উন্নত ও মানবিক জাতি গঠনের যে লক্ষ্যমাত্রা আমাদের আছে, সেই লক্ষ্যমাত্রায় পৌঁছানোর লক্ষ্যে বাংলাদেশের একটি গর্বিত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম অভূতপূর্ব ভূমিকা পালন করে যাচ্ছে। এমপি নদভী সাহেবকে আমি এখানে আসবো বলে কথা দিয়েছিলাম। আজকে এখানে আসতে পেরে আমি গর্ববোধ করছি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। বঙ্গবন্ধুর অবর্তমানে তাঁরই সোনার বাংলার স্বপ্ন পুরনের লক্ষ্যে, তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা একটি উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্ন নিয়ে এগিয়ে চলেছেন। বঙ্গবন্ধুর দর্শনকে কেন্দ্র করে সরকার ২০৪১ সালকে লক্ষ্য ঠিক করে যে পথ-নকশা করেছে, সেই পথ-নকশা অনুয়ায়ী বাংলাদেশ আজ হাটছে। সেজন্য বাংলাদেশ আজ খাদ্যে সয়ংসম্পূর্ণ, আজ সারাদেশে শতভাগ বিদ্যুতায়ন করা হয়েছে, গ্রামীণ অবকাঠামো আজকে সুপ্রতিষ্ঠিত।" মন্ত্রী বলেন, 'একসময় আমাদের শুধুমাত্র ৬টি বিশ্ববিদ্যালয় ছিল, এখন দেশে প্রায় ১৮০ টি বিশ্ববিদ্যালয় আছে। আজকে এখানে উপস্থিত শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের বলতে চাই, শিক্ষকরা হলেন জাতি গঠনের মেরুদন্ড, উনারাই সবচেয়ে সম্মানিত ব্যক্তি। কারন উনারাই আমাদের আগামী প্রজন্মকে মানুষের মত মানুষ করে গড়ে তুলবেন। আর ছাত্ররা, যতই পড়িবে ততই শিখিবে। যদি আমি শিখতে পারি, তাহলে আমি আমাকে সমৃদ্ধ করতে পারবো আমার দেশকে সমৃদ্ধ করতে পারবো।

আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, 'আইআইইউসিকে বিশ্বমানের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে আমরা কাজ শুরু করেছি। এই বিশাল বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় ছিল আভ্যন্তরীণ সড়ক নির্মাণ। আমার অনুরোধে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী তাজুল ইসলাম আইআইইউসি'র সংযোগ সড়কসহ ক্যাম্পাসের ভেতরে পিচঢালা সড়ক নির্মাণ করে দিয়েছেন সরকারিভাবে। এই বিশ্ববিদ্যালয়ের জন্য যা অত্যন্ত গৌরবের ও অহংকারের বিষয়। আমরা আইআইইউসি পরিবার মন্ত্রী তাজুল ইসলামের প্রতি আন্তরিকভাবে কৃতজ্ঞ।' ওরিয়েন্টেশন প্রোগ্রামে স্প্রিং সেমিস্টার- ২০২৩ এর প্রায় ১৮০০ শিক্ষার্থী অংশগ্রহণ করে।

অনুষ্ঠানের আগে আইআইইউসি ক্যাম্পাসের সড়কসমূহ বিটুমিনাস কার্পেটিং সড়কে উন্নতকরণ কাজের শুভ উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল ইসলাম এমপি। অনুষ্ঠানে এলজিইডিই'র প্রধান প্রকৌশলী সেখ মোহাম্মদ মহসিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. এনামুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী তোফাজ্জল আহমেদ, প্রকল্প পরিচালক আবুল মঞ্জুর মোহাম্মদ সাদেক, নির্বাহী প্রকৌশলী মো. হাসান আলী, সাবেক নির্বাহী প্রকৌশলী একেএম আমিরুজ্জামান, সীতাকুণ্ড উপজেলা প্রকৌশলী মো. গোলাম মোস্তফাকে সম্মাননা প্রদান করা হয়।

# ক্যাম্পাসে এক ভিন্নধর্মী শখের প্রদর্শনী

▸▸ ৪র্থ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে এসে আমার খুবই ভালো লাগছে। পড়াশোনার পাশাপাশি এধরনের ব্যতিক্রমী আয়োজন আইআইইউসি শিক্ষার্থীদের জীবনবোধ শেখাবে। ভবিষ্যতে আমরা আরও বড় পরিসরে এধরনের আয়োজন করবো ইনশাআল্লাহ। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও এধরনের শখগুলো শিক্ষার্থীদের ভালো ও মানবিক মানুষ হয়ে গড়ে তুলতে সহায়ক হবে। এসময় উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবীর, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন। আইআইইউসির প্রক্টরিয়াল বডির তত্ত্বাবধানে মেলায় অংশগ্রহণ করেছে Chattogram Bird Breeders Association (CBBA), Shokher Rajyo, এবং Society of Rise for Paws & Claws (RFPC)। ইভেন্ট পার্টনার হিসেবে ছিল Zain Global UK Ltd.

# আইআইইউসি'র ইন্টারন্যাশনাল কনফারেন্স ২০২৩ এর উদ্বোধন




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর (আইআইইউসি) ফ্যাকাল্টি অফ আর্টস এন্ড হিউম্যানিটিস এর উদ্যোগে ২০ জানুয়ারী ২০২৩ "এনভিশনিং দ্য ফিউচারঃ টিচিং ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার" বিষয়বস্তুর উপর দুই দিনব্যাপী ইন্টারন্যাশনাল কনফারেন্স ২০২৩ এর উদ্বোধন হয়েছে। শুক্রবার সকাল ১০ ঘটিকায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর কেন্দ্রীয় মিলনায়তনে এই ইন্টারন্যাশনাল কনফারেন্স শুরু হয়।

ইন্টারন্যাশনাল কনফারেন্স ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল

▸▸ পৃষ্ঠা ১৯ ক. ১

# বঙ্গবন্ধু আইআইইউসি জিএসসি আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর উদ্বোধন



১২ই অক্টোবর ২০২২ বুধবার আইআইইউসির কুমিরাস্থ ক্যাম্পাসে বঙ্গবন্ধু আইআইইউসি-জিএসসি আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্ট- ২০২২ এর উদ্বোধন হয়। টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। বেলুন উড়ানোর মাধ্যমে, বঙ্গবন্ধু আইআইইউসি-জিএসসি আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্ট- ২০২২ এর শুভ সূচনা করেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টের

▸▸ পৃষ্ঠা ১৯ ক. ১

# যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপিত

▸▸ ৯ম পৃষ্ঠার পর

বলেন, এই বিজয়ের নেপথ্যের ইতিহাস অনেক দীর্ঘ। ২৩ বছরের পাকিস্তান শাসন আমলে বাঙ্গালি জাতি যে শোষণের স্বীকার হয়েছিল, তারই বিরুদ্ধে ৫২'র ভাষা আন্দোলন থেকে ৭১ এর মুক্তিযুদ্ধের সংগ্রামের মাধ্যমে অর্জিত হয়েছিল স্বাধীন বাংলাদেশের এই বিজয়। বাংলাদেশের স্বাধীনতার একটি অত্যন্ত দৃঢ় ভিত্তি আছে এবং এই ভিত্তি গড়ে দিয়েছিলেন বাঙ্গালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আমরা পেয়েছিলাম লাল সবুজের পতাকা। আমাদের বিজয়ের গৌরবময় ইতিহাস আজকে বাঙ্গালি জাতিকে বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাড় করিয়েছে। আমরা আজকে লাল সবুজে আচ্ছাদিত হয়ে স্বতঃস্ফূর্তভাবে বিজয় উদযাপন করছি। আজকের এই মহান দিনে স্বাধীনতা সংগ্রামে শহীদদের স্মরণ করছি ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি এবং জীবিত মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা যারা আমাদের আলোকবর্তিকা, তাঁদের জানাই বিনম্র শ্রদ্ধা। আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলার সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার জনাব এ এফ এম আক্তারুজ্জামান কায়সার, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. দেলোয়ার হোসেন, শরীয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোস্তফা কামিল মাদানী, বিজ্ঞান অনুষদের ডীন ড. মোহাম্মদ শামীমুল হক চৌধুরী, সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, আইন বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ মনজুর হোসেন পাটোয়ারী। পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে আলোচনা সভার শুরু হয়, কোরআন তেলওয়াত করেন আইআইইউসির কোরআনিক সাইন্স ও ইসলামিক স্টাডিজ বিভাগের এসিস্ট্যান্ট প্রফেসর ড. মোঃ লুৎফুর রহমান আল-আজহারী। আলোচনা সভা সঞ্চালনা করেন আইআইইউসির প্রক্টর জনাব মোঃ ইফতেখার উদ্দিন।

# আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্ট- ২০২২ জার্সি উন্মোচন



১২ই অক্টোবর, ২০২২ বুধবার আইআইইউসির কুমিরাস্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় বঙ্গবন্ধু আইআইইউসি-জিএসসি আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্ট- ২০২২। ১৪ টি বিভাগের ১৪ টি টিম নক আউট পদ্ধতিতে এ টুর্নামেন্টে অংশগ্রহণ করে। এ উপলক্ষে ১১ অক্টোবর, ২০২২ মঙ্গলবার সকালে টুর্নামেন্টের জার্সি উন্মোচন ও ১৪ টি টিমের মাঝে জার্সি বিতরন করেন আইআইইউসি'র মাননীয় উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ। এসময় উপস্থিত ছিলেন আইআইইউসি'র রেজিস্ট্রার

▸▸ পৃষ্ঠা ২১ ক. ৩

# বঙ্গবন্ধু আইআইইউসি-জিএসসি আন্তঃ বিভাগীয় ফুটবল টুর্নামেন্ট-২০২২ পুরস্কার বিতরণী



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে আইআইইউসি-জিএসসি আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরনী অনুষ্ঠিত হয়েছে। আইআইইউসি ক্যাম্পাসের প্লে গ্রাউন্ডে অনুষ্ঠিত ফাইনাল ম্যাচে মুখোমুখি হয় গতবারের চ্যাম্পিয়ন টিম ফার্মেসি ও টিম ডিপার্টমেন্ট অব বিজনেস স্টাডিস। ৪-২ গোলে টিম ডিবিএ কে হারিয়ে আবারও চ্যাম্পিয়ন হয়েছে টিম ফার্মেসি। চ্যাম্পিয়ন টিম ও রানারআপ টিমের হাতে ট্রফি তুলে দেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পানি সম্পদ উপমন্ত্রী জনাব এ কে এম

▸▸ পৃষ্ঠা ২০ ক. ১

# যথাযথ মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

▸▸ ৬ষ্ঠ পৃষ্ঠার পর

নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. দেলোয়ার হোসেন, সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, টিএমডির চেয়ারম্যান প্রফেসর ড. মহি উদ্দিন এবং এএলএল'র চেয়ারম্যান ড. মাহমুদুল হাসান। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেন, "আজকে স্মরণ করছি ১৪ ডিসেম্বর ১৯৭১ সালে শহীদ হওয়া জাতির শ্রেষ্ঠ সন্তানদের ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি। পাকিস্তানি সেনাবাহিনী যখন বুঝতে পারলো যে তাদের পরাজয় অনিবার্য, তখন তারা বাঙ্গালী জাতিকে মেধাশুন্য করে দেওয়ার জন্য তাদের এদেশীয় দোসরদের সহায়তায় বাঙ্গালি জাতির শ্রেষ্ঠ সন্তানদের নির্মমভাবে হত্যা করে। সেই অপূরণীয় ক্ষতি বাঙ্গালি জাতি এখনো কাটিয়ে উঠতে পারে নি"। তিনি আরও বলেন, "জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে হওয়া স্বাধীনতার সংগ্রামে ৩০ লাখ শহীদ, ২ লক্ষ মা বোনের সম্ভ্রম ও জাতির শ্রেষ্ঠ সন্তানদের হারিয়ে আমরা এই বাংলাদেশ পেয়েছি। শহীদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা ও তাঁদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জানিয়ে বলতে চাই, আমরা যারা বিশ্ববিদ্যালয়ের পরিচালনার দায়িত্বে আছি আমরা সবসময় চাই আমাদের ছাত্র-ছাত্রীরা অর্থাৎ বাংলাদেশের ভবিষ্যৎ প্রজন্ম যেন আমাদের জাতির শ্রেষ্ঠ সন্তানদের মতই বাংলাদেশকে আলোকিত করে বিশ্ব দরবারে তুলে ধরতে পারে"। আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইআইইউসির প্রক্টর জনাব মোঃ ইফতেখার উদ্দিন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারী বৃন্দও উপস্থিত ছিল।

# আমেরিকান দূতাবাস প্রতিনিধিদের সঙ্গে আইআইইউসি প্রশাসনের মতবিনিময়



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) কর্তৃপক্ষের সঙ্গে আমেরিকান দূতাবাসের প্রতিনিধিবৃন্দের মতবিনিময় সভা ২৯ আগস্ট ২০২২ সোমবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় শিক্ষকদের জন্য আমেরিকান সরকারের স্কলারশিপ প্রোগ্রাম এবং আমেরিকায় উচ্চ শিক্ষার সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের জন্য ইংলিশ ল্যাঙ্গুয়েজ ফেলো, ইংলিশ ল্যাঙ্গুয়েজ স্পেশালিস্টের প্লেইসমেন্টের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে প্রস্তাবনা দেওয়া হয়। এছাড়া ছাত্র-ছাত্রীদের সাথে পৃথক এক তথ্য বিনিময় অনুষ্ঠানে এই প্রতিনিধিবৃন্দ আমেরিকায় শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার ব্যাপারে মত বিনিময় করেন। সভায় ঢাকাস্থ আমেরিকান দূতাবাসের কালচারাল অ্যাফেয়ার্স এটাসে শারলিনা হোসেইন-মরগান, কালচারাল অ্যাফেয়ার্স স্পেশালিস্ট

▸▸ পৃষ্ঠা ২২ ক. ১

# আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ৮ম সভা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বোর্ড অব ট্রাস্টের ৮ম সভা অনুষ্ঠিত হয়েছে। ১৫ অক্টোবর ২০২২ শনিবার আইআইইউসি'র প্রসাশনিক ভবনের কনফারেন্স কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় আইআইইউসির বোর্ড অফ ট্রাস্টের ৭ম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ, ২৪২, ২৪৩ ও ২৪৪ তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী অনুমোদন, আইআইইউসির ২৫ বছর পূর্তী উদযাপন নিয়ে আলোচনা এবং বিভিন্ন কমিটির প্রতিবেদন পেশ ও সুপারিশসমূহ অনুমোদন করা হয়। বোর্ড অব ট্রাস্টের সভাপতি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি'র সভাপতিত্বে এতে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, খাদিজাতুল আনোয়ার সনি এমপি, প্রফেসর ড.

▸▸ পৃষ্ঠা ২১ ক. ১

# একাডেমিক কাউন্সিল এর ৪৬তম সভা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর একাডেমিক কাউন্সিল এর ৪৬ তম সভা ৭ই মার্চ ২০২৩ তারিখ মঙ্গলবার আইআইইউসির প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। আইআইইউসির একাডেমিক কাউন্সিলের ৪৬ তম সভায় উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। একাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান আইআইইউসির মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, বিওটি ভাইস

▸▸ পৃষ্ঠা ২২ ক. ১

# মেধাবী শিক্ষার্থীদের স্কলারশিপ প্রোগ্রাম

▸▸ ৫ম পৃষ্ঠার পর

ইন্টারন্যাশনাল এফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. মাহফুজুর রহমান, ইন্টারন্যাশনাল এফেয়ার্স ডিভিশনের কো-অর্ডিনেটর ও দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষক আব্দুর রহীম। অনুষ্ঠানে ভার্চুয়ালী যোগদান করেন ওয়ামীর এডুকেশন ডিপার্টমেন্টের ডিরেক্টর প্রফেসর আব্দুল আজিজ বিন আব্দুল্লাহ আল ফালেহ, ওয়ামীর স্কলারশীপ ডিপার্টমেন্টের প্রধান হুসাইন আহমেদ আল আমোদী। এ বিষয়ে ইন্টারন্যাশনাল এফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. মাহফুজুর রহমান বলেন, 'আইআইইউসিতে গরীব ও মেধাবী শিক্ষার্থীদের ওয়ামীসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা স্কলারশীপ দিয়ে থাকে। সম্প্রতি ২০ জন শিক্ষার্থীকে ওয়ামী স্কলারশিপ দিয়েছে। যা চার বছর অব্যাহত থাকবে। এছাড়া আইআইইউসি'র ফিমেল ক্যাম্পাসে ৩০টি কম্পিউটার প্রদান করে একটি ল্যাব স্থাপন করে দিয়েছে।'

# আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজের প্রথম সভা



আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজ এর প্রথম সভা ৬ মার্চ ২০২১ কুমিরাস্থ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ক্যাম্পাসে ট্রাস্টের সভাপতি সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী, এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন, বোর্ড অব ট্রাস্টি সদস্য ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বায়তুশ শরফ পীর মাওলানা মুহাম্মদ আবদুল হাই নদভী, খাদিজাতুল আনোয়ার সানি এমপি, ফেনী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ড. ফসিউল

▸▸ পৃষ্ঠা ২২ ক. ২

# মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির ৫ম সভা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির ৫ম সভা অনুষ্ঠিত। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির ৫ম সভা আইআইইউসির প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে ০৯ জানুয়ারি ২০২৩ তারিখ (সোমবার) অনুষ্ঠিত হয়। আইআইইউসির মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ খালেদ মাহমুদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় উপস্থিত ছিলেন আইআইইউসির সম্মানিত উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অফ ট্রাস্টিজ এর সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী, রেজিস্ট্রার আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, এসিএডির পরিচালক (ভারপ্রাপ্ত) সিরাজুল আরেফিন, আইএএসডব্লিউডির পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ মাহফুজুর রহমান।

# আইআইইউসি'র ২৪৪ তম সিন্ডিকেট সভা



১৪ই অক্টোবর (শুক্রবার) ২০২২ তারিখে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ২৪৪ তম সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়। উক্ত সিন্ডিকেট সভায় আইআইইউসি'র মাননীয় উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, ইউজিসি মনোনীত সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. সুলতান আহমেদ, আইআইইউসির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, প্রফেসর ড. মোঃ দেলোয়ার হোসেন, প্রফেসর ড. মোহাম্মদ আকতার সাঈদ, প্রফেসর ড. মোঃ নাজমুল হক নদভী এবং সিন্ডিকেট সভার সদস্য সচিব

▸▸ পৃষ্ঠা ৪৩ ক. ১

# আইআইইউসি'র অভিযোগ কমিটির ৩য় সভা অনুষ্ঠিত



অভিযোগ কমিটির চেয়ারম্যান ও আইআইইউসি ট্রাস্টি বোর্ডের সদস্য এবং ফিমেইল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরীর সভাপতিত্বে উপস্থিত ছিলেন চট্টগ্রাম জেলা পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, শিশু বিশেষজ্ঞ প্রফেসর ডা: মাহমুদ এ চৌধুরী আরজু, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, আইআইইউসির

▸▸ পৃষ্ঠা ২০ ক. ১

# অভিযোগ কমিটির ২য় সভা



শেখ ইফতেখার সাইমুল চৌধুরী এ সময় বলেন, 'আইআইইউসি নারীদের উচ্চশিক্ষা নিশ্চিত করতে যে পরিবেশ তৈরি করেছে তা প্রশংসনীয়। বর্তমান প্রেক্ষাপটে শিক্ষাঙ্গনে ছাত্রীদের জন্য সবচেয়ে বেশি জরুরি নিরাপত্তা। আইআইইউসি এই নিরাপত্তা নিশ্চিত করতে সচেষ্ট রয়েছে। এ ধারা অব্যাহত রাখতে হবে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু, নিরাপদ ও আধুনিক পরিবেশ নিশ্চিত করার মাধ্যমে নৈতিক বোধসম্পন্ন যোগ্য নাগরিকও তৈরি হবে।' সভায় রিজিয়া রেজা চৌধুরী বলেন, 'ছাত্রীদের জন্য নিরাপদ ক্যাম্পাস নিশ্চিত করতে আইআইইউসি প্রশাসন সচেষ্ট রয়েছে। কোনো ছাত্রী যদি ক্যাম্পাসে অপ্রীতিকর পরিস্থিতির শিকার হন তাহলে অভিযোগ কমিটিকে লিখিতভাবে জানাতে পারবে। আমরা অভিযোগ পেয়েই তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করবো। এক্ষেত্রে অভিযোগকারী পরিচয় গোপন থাকবে। অভিযোগ কমিটির পক্ষ থেকে একটি অভিযোগ বক্সও স্থাপন করা হবে।' অভিযোগ কমিটির চেয়ারম্যান ও আইআইইউসি ট্রাস্টি বোর্ডের সদস্য রিজিয়া রেজা চৌধুরীর সভাপতিত্বে এতে আরও

▸▸ পৃষ্ঠা ২২ ক. ১

# আইআইইউসি'র ২৪৫ তম সিন্ডিকেট সভা




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ২৪৫ তম সিন্ডিকেট সভা ১২ই মার্চ ২০২৩ তারিখ রবিবার আইআইইউসির প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। আইআইইউসি সিন্ডিকেটের ২৪৫ তম সভায় উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। আইআইইউসি সিন্ডিকেটের চেয়ারম্যান আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আরও উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, বিওটি ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, ইউজিসি মনোনীত সদস্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগের প্রফেসর ড. সুলতান আহমেদ, আইআইইউসি আইকিউএসির ডিরেক্টর

▸▸ পৃষ্ঠা ২২ ক. ৪

# আইআইইউসি পরিবহন পুলে ৩ টি নতুন বাস



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) পরিবহন পুলে সম্প্রতি নতুন ৩ টি বাস সংযুক্ত হয়েছে। নতুন সংযুক্ত তিনটি বাসের শুভ উদ্বোধনী অনুষ্ঠান ৫ ডিসেম্বর ২০২২ সোমবার অনুষ্ঠিত হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর মো. আনোয়ারুল আজিম আরিফ। এসময় আরও উপস্থিত ছিলেন, আইআইইউসি'র উপ উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, বোর্ড অফ ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, ফিন্যান্স কমিটির চেয়ারম্যান ও আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমেদ চৌধুরী, রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর ও ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক মো. ইফতেখার উদ্দিন, ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট ডিভিশনের পরিচালক ড. মহিউদ্দিন মাহী, এমডিপি এর পরিচালক মোঃ আমিন নদভী সহ অন্যান্য অফিসিয়ালস, শিক্ষক এবং কর্মচারীবৃন্দ।

# আইআইইউসি ক্যাম্পাসে ডিপার্টমেন্টাল স্টোর এন্ড গিফট শপের শুভ উদ্বোধন




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ক্যাম্পাসে ৭ই জানুয়ারি, ২০২৩ শনিবার আইআইইউসি ডিপার্টমেন্টাল স্টোর এন্ড গিফট শপের শুভ উদ্বোধন হয়। আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত সদস্য ও ফিমেইল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী আইআইইউসি ডিপার্টমেন্টাল স্টোর এন্ড গিফট শপের শুভ উদ্বোধন করেন। মিসেস রিজিয়া রেজা চৌধুরী বলেন, "বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিনিয়ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীদের সুযোগ সুবিধা বৃদ্ধির জন্য কাজ করে চলেছে। আইআইইউসি ডিপার্টমেন্টাল স্টোর এন্ড গিফট শপের সাফল্য

▸▸ পৃষ্ঠা ২১ ক. ২

# ক্যাম্পাসে প্রবাহমান ঘোড়ামরা খালে সুপেয় পানির জলাধার নির্মাণ ও প্রকল্প পরিদর্শনে পানি সম্পদ উপমন্ত্রী

▸▸ ৫ম পৃষ্ঠার পর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম এমপি। মাননীয় উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম এমপি প্রধান অতিথির বক্তব্যে বলেন, "আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে আমার আসতে দেরি হলেও আজ এসেছি, এত সুন্দর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আমি খুব কমই দেখেছি। । বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির সাহেব আমার সুহৃদ, আমি তাঁকে প্রতিশ্রুতি দিতে চাই আমি এই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে প্রবাহিত ঘোড়ামরা খালে সুপেয় পানির জলাধার নির্মাণ ও সৌন্দর্য্য বর্ধনে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রকল্পটি দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়িত হয়ে যাবে ইনশাআল্লাহ"। তিনি আরো বলেন, "মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশে আজকে শিক্ষা ও প্রযুক্তির মান এমন একটি পর্যায়ে পৌছে গেছে যে, বাংলাদেশের শিক্ষার্থীরা আজ হার্ভার্ড এর মত বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করছে। আইআইইউসির নারী শিক্ষিকা ও শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, আজকের নারীরা কেবল প্রেরণা দেয় না, আজকের নারীরা দেয় নেতৃত্ব"। বক্তব্যের এক পর্যায়ে তিনি বলেন, "আমাদের সময় আমরা স্কুলে বছরের প্রথম ছয়মাস বড় ভাইবোনদের পুরোনো বই পড়তাম, এরপর হয়তো নতুন বই আসতো। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে ২০৪১ সাল পর্যন্ত যে পরিকল্পনা নিয়েছে তার মধ্যে শিক্ষাখাতকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। বর্তমান সরকার বছরের প্রথম দিনেই শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়।" সভাপতির বক্তব্যে প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, "বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান যে স্বপ্নের বীজ বপন করে গিয়েছেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তার বাস্তবায়ন করে যাচ্ছেন। এ সরকারের দায়িত্বশীল ব্যাক্তিরা যে কথা দেন, সেই কথা তারা রাখেন। তাই আমরা বিশ্বাস করি মাননীয় উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম এমপি আমাদের দেয়া প্রতিশ্রুতির বাস্তবায়ন করবেন"। তিনি আরও বলেন, "মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র কাছে একবার প্রশ্ন রাখা হয়, কেউ সকালে ঘুম থেকে উঠে চা খুজেন কিংবা কেউ পত্রিকা খুজেন। আপনি সকালে ঘুম থেকে উঠে কি খুজেন? উত্তরে মাননীয় প্রধানমন্ত্রী বলেন, তিনি সকালে উঠে জায়নামাজ খুজেন। এর থেকে বুঝা যায় তিনি কতটা ধর্ম পরায়ন। অতএব মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে নিয়ে ধর্মীয় উস্কানিমূলক অপপ্রচারে কান দিবেন না"। উক্ত আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ট্রেজারার ও ভারপ্রাপ্ত উপাচার্য জনাব প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি বোর্ড অফ ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান জনাব প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, আইআইইউসির ফিন্যান্স কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য জনাব ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমেদ চৌধুরী, আইআইইউসি ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান ও বিওটি সদস্য রিজিয়া রেজা চৌধুরী, আইআইইউসির ইন্টারনাল অডিট কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য প্রফেসর ড. মোঃ ফসিউল আলম, আইআইইউসির রেজিস্ট্রার জনাব এএফএম আক্তারুজ্জামান কায়সার, সীতাকুণ্ড উপজেলা চেয়ারম্যান জনাব এস এম আল মামুন, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অফ ট্রাস্টিজ এর সদস্য জনাব মাহফুজুল হায়দার চৌধুরী রোটন, পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রধান প্রকৌশলী জনাব মোঃ রমজান আলী, সীতাকুণ্ড উপজেলার সহকারী কমিশনার (ভূমি) আশরাফুল আলম, সীতাকুন্ড থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) আবদুর রহিম সরকার। আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির ফ্যাকাল্টি ডীনবৃন্দ, ডিপার্টমেন্টের চেয়ারম্যানবৃন্দ, আইআইইউসির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভা শেষে প্রধান অতিথি মাননীয় উপমন্ত্রী জনাব এ কে এম এনামুল হক শামীম এমপি বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরী পরিদর্শন করেন। এর আগে সকালে আইআইইউসি ক্যাম্পাস পরিদর্শন কালে প্রধান অতিথি প্রশাসনিক ভবনের সামনে বৃক্ষরোপণ করেন।

# বঙ্গবন্ধু মেমোরিয়াল লেকচার অনুষ্ঠিত

▸▸ ৬ষ্ঠ পৃষ্ঠার পর

ইতিহাস লিপিবদ্ধ করার সাথে তুলনা করি, তাহলে দেখতে পাব হাদিসের বিশুদ্ধতা রক্ষার যে পদ্ধতিগত প্রক্রিয়া তা মানব ইতিহাসের অন্য কোনো বিষয় লিপিবদ্ধ করার ক্ষেত্রে ব্যবহৃত হয়নি।" শতভাগ বিশুদ্ধ হাদিস বর্ণনায় নারীদের ভূমিকাও তুলে ধরেন তিনি।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর সম্মানিত উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফে'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, ফ্যাকাল্টি অব শরীয়াহ এণ্ড ইসলামিক স্ট্যাডিজ এর ডীন প্রফেসর ড. শাকের আলম শউক, ফ্যাকাল্টি অব সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং এর ডীন প্রফেসর ড. আকতার সাঈদ এবং রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার। তাছাড়া বিভাগীয় প্রধানগণ, শিক্ষক, কর্মকর্তাবৃন্দ এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিআরসিআইআইডি'র ডিরেক্টর ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান মুহাম্মদ ছরওয়ার আলম। অনুষ্ঠান পরিচালনা করেন নবনিযুক্ত প্রক্টর এবং ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক মুহাম্মদ ইফতেখার উদ্দিন।

# আইআইইউসি ও সংযুক্ত আরব আমিরাতের এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ও সংযুক্ত আরব আমিরাতের স্বনামধন্য প্রতিষ্ঠান ইকোনমিক গ্রুপ হোল্ডিংস এর অঙ্গপ্রতিষ্ঠান এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত। ১০ জানুয়ারি ২০২৩ মঙ্গলবার সংযুক্ত আরব আমিরাতের দুবাই ইন্টারন্যাশনাল ফিনেন্সিয়াল সেন্টারের এমিরেটস ফিনেন্সিয়াল টাওয়ারের ইকোনমিক গ্রুপ হোল্ডিং লিমিটেডের সদর দপ্তরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ও এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়।

এসময় উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, ইকোনমিক গ্রুপ হোল্ডিংস এর চেয়ারম্যান শেখ মাজিদ বিন হামিদ আল কাসিমি, ইকোনমিক গ্রুপ হোল্ডিংস এর

▸▸ পৃষ্ঠা ২১ ক. ২

# আলজেরিয়ান হোয়াইট হ্যান্ডস এসোসিয়েশন এর সাথে সমঝোতা স্মারক




Algerian White Hands Association এর সাথে MoU তে স্বাক্ষর করেন সংস্থাটির ইন্টারন্যাশনাল এফেয়ার্সের ডিরেক্টর ও আলজেরিয়ার মাননীয় ডেপুটি স্পিকার শেখ ইউসুফ আজিছা এবং চট্টগ্রাম - ১৫ আসনের মাননীয় সাংসদ ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অফ ট্রাস্টিজ এর সম্মানিত সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী।

# আইআইইউসি'র লিডস কর্পোরেশনের টেক সামিট ক্যারিয়ার ফেয়ার ২০২২ এবং সমঝোতা স্মারক




দেশের প্রাচীন ও সুপরিচিত সফটওয়্যার কোম্পানী 'লিডস কর্পোরেশন' আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর সবুজ ক্যাম্পাসে হাজির হয়েছিলো আকর্ষণীয় জব ফেয়ার নিয়ে। উক্ত আয়োজনে আরও ছিলো 'ফাইনাল ইয়ার ডিজাইন প্রজেক্ট ফর সিএসই স্টুডেন্টস : ইন্ডাস্ট্রি পারসপেক্টিভ' এবং 'ব্লকচেইন' ও বিষয়ভিত্তিক ক্যারিয়ার সেমিনার। ১৪ই নভেম্বর ২০২২ সোমবার সকালে পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে

▸▸ পৃষ্ঠা ২০ ক. ১

# তুরস্কের YTB এর ভাইস প্রেসিডেন্ট মি. এ. হাদি তুরুস এর সাথে ড. আবু রেজা নদভী এমপির সাক্ষাৎ




তুরস্কের আঙ্কারায় Presidency for Turks Abroad and Related Communities এর কার্যালয়ে প্রতিষ্ঠানটির সম্মানিত ভাইস প্রেসিডেন্ট Mr. A. Hadi Turus এর সাথে সভা করেন চট্টগ্রাম-১৫ আসনের মাননীয় সাংসদ ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। এ সময় তাঁকে প্রতিষ্ঠানটির পক্ষ থেকে উষ্ণ অভ্যর্থনার সাথে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

# আইআইইউসি ও ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) ও ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। ১৩ আগস্ট ২০২২ শনিবার আইআইইউসি কুমিরা ক্যাম্পাসে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ চুক্তির আলোকে দুই বিশ্ববিদ্যালয়ে পারস্পারিক সহযোগিতার মাধ্যমে জ্ঞান সৃষ্টি ও গবেষণার নতুন দ্বার উন্মোচিত হয়। এর আগে আইকিউএসি'র উদ্যোগে ক্যাম্পাসে একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

▸▸ পৃষ্ঠা ২২ ক. ১

# আইইউটি এবং আইআইইউসি'র একাডেমিক সমঝোতা স্মারক স্বাক্ষর




ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি) এবং আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

এর মাধ্যমে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ গবেষণা কার্যক্রম, সেমিনার, ওয়ার্কসপ, শর্ট কোর্স, একাডেমিক স্টাফ এক্সচেঞ্জ, ম্যানেজমেন্ট স্টাফ এক্সচেঞ্জসহ বিভিন্ন কার্যক্রমের বিষয়ে সম্ভাবনার নবদিগন্ত উন্মোচিত হলো। ২২ জুলাই ২০২২ শুক্রবার ঢাকা গাজীপুরস্থ আইইউটি সম্মেলন কক্ষে এ সমঝোতা স্মারক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এতে আইইউটি'র পক্ষ থেকে মাননীয় উপাচার্য প্রফেসর ড. রফিকুল ইসলাম, উপ-উপাচার্য প্রফেসর ড. ওমর জা, ডিনবৃন্দ, রেজিস্ট্রার এবং আইআইইউসি'র পক্ষ থেকে উপ-উপাচার্য প্রফেসর

▸▸ পৃষ্ঠা ২২ ক. ২

# আইআইইউসি এবং ইউআইটিএম মালয়েশিয়ার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এবং ইউনিভার্সিটি টেকনোলজি মারা (ইউআইটিএম), মালয়েশিয়ার এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ১৭ নভেম্বর ২০২২ বৃহস্পতিবার মালয়েশিয়ায় ইউআইটিএম ক্যাম্পাসে আনুষ্ঠানিকভাবে এ স্মারক স্বাক্ষরিত হয়। ইউনিভার্সিটি টেকনোলজি মারা

▸▸ পৃষ্ঠা ২১ ক. ২

# আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উৎসব সম্পন্ন

▸▸ ১ম পৃষ্ঠার পর

রাশেদ আহমেদ, সোমালিয়া'র মহামান্য ডেপুটি এডুকেশন মিনিস্টার ইঞ্জিনিয়ার আব্দি ফাতাহ ইসাক মোহাম্মদ, কুয়েতের ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশন (আইআইসিও) ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বদর সৌদ আল সুমাইত, মিশরের রিলিজিয়াস অ্যাফেয়ার্স নূর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, আন্তর্জাতিক ইসলামিক অ্যাফেয়ার্স প্রফেসর ড. আকরাম নদভী, সৌদি আরবের সাবেক প্রতিমন্ত্রী ইসলামিক অ্যাফেয়ার্স মহামান্য ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সৌদি আরবের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, মিশরের সাবেক মন্ত্রী প্রফেসর ড. সামী মুহাম্মদ আস শরীফ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির সাবেক অধ্যাপক প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এড়ুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক, এবং নেপালের সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী মি. রেজওয়ান আনসারী।



অনুষ্ঠানের শুরুতে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্ট্রিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি সবাইকে স্বাগত জানিয়ে বলেন, আইআইইউইসির ইতিহাসে অন্যতম সেরা আয়োজন হচ্ছে ২৫ বছর পুর্তি উৎসব। আইআইইউসিতে বহু বছর যাবৎ এই ধরণের অনুষ্ঠান হয়নি। আলহামদুলিল্লাহ, এই অনুষ্ঠানে যোগ দিতে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বহু মন্ত্রী, সচিব, শিক্ষাবিদ ও সমাজসেবকগণ আইআইইউসিতে এসে আমাদের ধন্য করেছেন। আইআইইউইসির প্রতি তাদের ভালোবাসা দেখে আমরা অভিভূত। আইআইইউইসি বাংলাদেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয়। বিশ্ব র‍্যাংকিং-এ এই বিশ্ববিদ্যালয় সামনের দিকে এগিয়েছে। এখানকার শিক্ষকদের গবেষণাপত্র বিশ্বখ্যাত জার্নালগুলোতে স্থান পাচ্ছে বলে জানিয়েছেন তিনি।




বক্তব্যে তিনি আরও বলেন, চট্টগ্রামকে বলা হয় ইসলামের প্রবেশদ্বার। এদেশে ইসলামের আগমণ ঘটেছে আরবদের মাধ্যমে। চট্টগ্রামে একটি ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্বপ্ন ছিল দীর্ঘ দিনের। আল্লাহর ইচ্ছায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠার মাধ্যমে আমাদের সেই স্বপ্ন পূরণ হয়েছে। সরকারী অনুমোদন নিয়ে ১৯৯৫ সালে ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠিত হয়। প্রথমে মাত্র ৩টি বিভাগ নিয়ে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু হলেও মহান আল্লাহর প্রশংসা ও অনুগ্রহ এটি এখন দেশের প্রথম সারির বৃহত্তম বেসরকারি বিশ্ববিদ্যালয়। আইআইইউসি'র দেশী-বিদেশী শিক্ষার্থী, শিক্ষকরা সকল মহলের গ্রহণযোগ্যতা পেয়েছে। বিশেষ করে মুসলিম সংখ্যালঘুসহ প্রতিবেশী দেশগুলি থেকে ছাত্র-ছাত্রীরা এখানে পড়তে আসে। বর্তমানে এখানে শরিয়াহ্ ও আধুনিক বিজ্ঞান অনুষদসহ ৬টি অনুষদের অধীনে ১৪টি বিভাগে রয়েছে। ১৭ হাজারের অধিক শিক্ষার্থী দুটি পৃথক ক্যাম্পাসে অধ্যয়ন করছে এই বিশ্ববিদ্যালয়ে ৭০০ জনেরও বেশি শিক্ষকমণ্ডলী, কর্মকর্তা ও কর্মচারী রয়েছেন।

আইআইইউসি'র চেয়ারম্যান বক্তব্যে জানান, এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকাল থেকে আরব দেশগুলোর অকুণ্ঠ সমর্থন ও সাহায্য পেয়ে এসেছে। দেশ-বিদেশের অনেক সাহায্য সংস্থা, ব্যক্তিবর্গ আইআইইউইসিকে সহযোগিতা করেছেন। এরমধ্যে আন্তর্জাতিক ইসলামিক দাতব্য সংস্থার প্রাক্তন সভাপতি শায়খ ইউসুফ জাসেম আল-হাজ্জি (র.), শেখ আবদুল্লাহ আলী আল-মুতাওয়া ও ওয়ার্ল্ড অ্যাসেম্বলি অব ইসলামিক ইয়ুথের প্রাক্তন মহাসচিব বিশিষ্ট শায়খ ড. মানি' হাম্মাদ আল-জুহানি। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রতি বিশেষ নজর দিয়েছেন। অত্র বিশ্ববিদ্যালয়ের যত সমস্যা ছিল তা তিনি দূর করে দিয়েছেন। তিনি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য শাটল ট্রেন ও ক্যাম্পাসে ট্রেন স্টেশন চালু করার অনুমোদন দিয়েছেন। ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক থেকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন পর্যন্ত রাস্তা পাকা করণ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছোট ছোট নালাগুলোকে লেকে পরিণত করে সৌন্দর্য্য বর্ধনের প্রকল্পও অনুমোদন করা হয়েছে। আমরা আমাদের দেশী বিদেশী সকল বন্ধুদের নিয়ে এই বিশ্ববিদ্যালয়কে আরো সামনের দিকে এগিয়ে নিতে চাই। যাতে এই বিশ্ববিদ্যালয় আগামী বিশ্বের নেতৃত্ব দিতে পারে। এজন্য আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।



অনুষ্ঠানে সৌদি আরব, কুয়েত, কাতার, ওমান, তুরস্ক, মিশর, ভারত, যুক্তরাজ্য, আমেরিকা, ফ্রান্সসহ বিভিন্ন দেশের প্রায় ৫০ জন সচিব, মন্ত্রী, উপমন্ত্রী, স্পিকার, সরকারী-বেসরকারী উচ্চ পদস্থ কর্মকর্তা যোগদান করেন। আইআইইউসি'র ২৫ বছর পুর্তি উৎসব মোট দুই দিনে সম্পন্ন হয়েছে। প্রথম দিন সকাল নয়টা থেকে দুপুর দুইটা পর্যন্ত পূর্তি উৎসব অনুষ্ঠিত হয়েছে। একই দিন সন্ধ্যা ৭ টায় আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ১১তম সাধারণ সভার প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় হোটেল রেডিসন ব্লু-তে। এতে সভাপতিত্ব করেন বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফ প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্। ৩০ অক্টোবর গলফ ক্লাবে সাধারণ সভার দ্বিতীয় অধিবেশন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্ বলেন, আল্লাহ তায়ালা এই বিশ্ববিদ্যালয়কে কবুল করুন। এই বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নেওয়ার জন্য বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নদভী এমপিসহ অন্যান্য যারা কাজ করছেন আল্লাহ্ তায়ালা সবাইকে উত্তম প্রতিদান দিন। আলজেরিয়ার ডেপুটি স্পিকার মহামান্য ইউসুফ আজিচ্ছা বলেন, বিশ্ববিদ্যালয় ২৫ বছর পূর্তি উৎসব পালন করতে পারা সত্যিকার অর্থে একটি আনন্দের বিষয়। আমি সুদূর আলজেরিয়া থেকে এই আনন্দে শরিক হতে এসেছি। আমাকে এই অনুষ্ঠানে দাওয়াত দেয়া ও রোহিঙ্গা শরণার্থীদের জন্য কাজ করার সুযোগ করে দেয়ার জন্য আমি প্রফেসর ড. আবু রেজা নদভীকে ধন্যবাদ জানাই।



আইআইইউসির সম্মানিত উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবীর, কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজসহ বোর্ড অব ট্রাস্টিজের সকল সদস্যবৃন্দ, দেশের খ্যাতিমান শিক্ষাবিদ, সরকারী-বেসরকারী উচ্চপদস্থ বিভিন্ন কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং আইআইইউসির শুভাকাঙ্খী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই সহ প্রায় দেড় হাজার মেহমান ২৫বছর পূর্তি অনুষ্ঠানে যোগ দিয়েছেন। আইআইইউসির ২৫ বছর পুর্তিতে বিশ্ববিদ্যালয়কে গড়ার পেছনে যারা অবদান রেখেছেন তাদেরকে সম্মাননা স্বরূপ গোল্ডেন ক্রেস্ট তুলে দেয়া হয়। বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা নদভী এমপি ও ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদকে সম্মাননা ক্রেস্ট তুলে দেন প্রফেসর বোর্ড অব ট্রাস্টিজের জেনারেল এসেম্বিলির সভাপতি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ্। তিনি ক্রেস্ট তুলে দিতে গিয়ে বলেন, আইআইইউসিতে এই দুইজন হলেন মূল স্তম্ভ। দু'জনের হাত ধরে আইআইইউসি বর্তমান অবস্থানে পৌঁছাতে পেরেছে। আমি তাদের হাতকে শক্তিশালী করতে সব সময় পাশে থাকতে চেষ্টা করেছি।

অনুষ্ঠানের মাঝে আন্তর্জাতিক ক্বারী হাফেজ নাজমুস সাকিব, হাফেজ যাকারিয়া, হাফেজ সালেহ আহমাদ তাকরিমকে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিশেষ সম্মাননা ক্রেস্ট ও নগদ পুরস্কার তুলে দেওয়া হয়। তারা প্রত্যেকে কুরআন তেলাওয়াত করে আগত মেহমানদেরকে মুগ্ধ করেন। তাদের তেলাওয়াতে মুগ্ধ হয়ে তাৎক্ষণিকভাবে প্রত্যেককে ৩শত ডলার করে পুরস্কার প্রদান করেন কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি জেদ্দার প্রফেসর ড. মুওয়াফ্ফাক কাদাসা আল গামেদি। তিনি আন্তর্জাতিক ক্বারী সাইদুল ইসলাম আসাদকে সুমধুর কুরআন তেলাওয়াতের জন্য নিজের গায়ের 'আবায়া' খুলে তাকে হাদিয়া প্রদান করেন। অনুষ্ঠানে অন্যান্য মেহমানদের মধ্যে বক্তব্য প্রদান করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলার শায়খ আকরাম নদভী। তিনি বলেন, উস্তাজ আবু রেজা নদভী আবুল হাসান আলী আন নদভীর খুব কাছের ছাত্র ছিলেন। এই বিশ্ববিদ্যালয় প্রফেসর ড. আবু রেজা নদভীর নেতৃত্বে এগিয়ে যাবে। আরও বক্তব্য রাখেন, কসোভোর রাষ্ট্রদূত প্রফেসর ড. বকর ইসমাঈল, আইআইইউসির সাবেক ছাত্র সোমালিয়ার শিক্ষা উপমন্ত্রী আব্দে ফাতেহ ইশক মুহাম্মদ, ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশনের ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বাদের সৌদ আস সুমাইত, মিশরের সাবেক শিক্ষামন্ত্রী ড. সামী মোহাম্মদ আল শরীফ, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির গ্রাজুয়েট স্টাডিজের ডিন প্রফেসর সউদ সুলামী এবং অন্যান্য অতিথিবৃন্দ। তারা সবাই আইআইইউসি কর্তৃপক্ষকে এত সুন্দর আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে আইআইইউসিকে আরো সামনে এগিয়ে নিতে সকলের সহযোগিতা কামনা করেন।

# আইআইইউসি সেন্ট্রাল মসজিদের অঙ্কনচিত্র



সবুজ মনোরম দৃষ্টিনন্দন মসজিদের শৈল্পিক সৌন্দর্য্যের মুগ্ধ হয়ে দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের প্রথম বর্ষের ছাত্র মোঃ হোজাইফা নিজের হাতেই অঙ্কনচিত্রে ফুটিয়ে তুলেন আইআইইউসি সেন্ট্রাল মসজিদ। পরে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও সাতকানিয়া লোহাগাড়া আসনের সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী এমপি মহোদয়ের নিকট সৌজন্য অঙ্কনচিত্রটি উপহার দেন। এসময় উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজীম আরিফ, বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, শরিয়া অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মোস্তফা কামিল মাদানী, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান (কায়সার) সহ আরো অনেকে।

# বঙ্গবন্ধু আজ বিশ্ববন্ধু হিসেবে সমাদৃত- আইআইইউসিতে ড. আবু রেজা নদভী এমপি

▸▸ ৬ষ্ঠ পৃষ্ঠার পর

গণতান্ত্রিক মানবিক রাষ্ট্রের স্বপ্ন দেখতেন বঙ্গবন্ধু। তাঁর সততা, সাহসীকতা, অসাধারণ বুদ্ধিমত্তা, দেশপ্রেম ছিল অতুলনীয়। আপামর জনগণ তাঁর নেতৃত্বে আস্থাশীল হয়ে প্রাণ বিসর্জন দিয়ে অর্জন করেছে এই মাতৃভূমির স্বাধীনতা। আর সেই বঙ্গবন্ধুকে দেশবিরোধী ষড়যন্ত্রকারীরা স্বপরিবারে হত্যা করে দেশকে পঙ্গুত্বের দিকে ঠেলে দিয়েছিল। কিন্তু বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে ষড়যন্ত্রকারীদের স্বপ্ন নস্যাৎ হয়েছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা আজ তাঁর নেতৃত্বে প্রতিষ্ঠিত। চট্টগ্রামের সাতকানিয়া-লোহাগাড়া আসনের সংসদ সদস্য ড. আবু রেজা নদভী বলেন, বঙ্গবন্ধু ইসলামের জন্য যে কাজ শুরু করেছিলেন সে কাজ সমাপ্ত করছেন এখন শেখ হাসিনা। জননেত্রী শেখ হাসিনা ইসলামী শিক্ষাকে দেশে সুপ্রতিষ্ঠিত করতে ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করে মুসলিম উম্মাহ'র জন্য দুরদর্শি ও কালজয়ী খেদমত করেছেন।' তিনি বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী ৫৬০টি মডেল মসজিদ তৈরি করেছেন সারা দেশে। বিএনপি-জামায়াত সরকার পরিচালনার সময় একটি মডেল মসজিদ তৈরি করারও চিন্তা করতে পারেনি এই দেশে। ইসলামের কথা তারা কেবল মুখে মুখে বলে বেড়িয়েছিলো। বিপরীতে এ দেশে একজন দায়ী ইলাল্লাহ'র ভূমিকা পালন করে চলেছেন বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা।' বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগের (বিআরসিআইআইডি) পরিচালক ও ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মো. ছরওয়ার আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের সদস্য এবং ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী। আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. আখতার সাঈদ, রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার, সিএসই বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. আব্দুল কাদের মাসুম, ফিমেল একাডেমিক জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী। এদিকে আলোচনা অনুষ্ঠান শুরুর আগে আইআইইউসি বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী'র নেতৃত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানায় আইআইইউসি পরিবার।

# মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৬তম জন্মদিন উদযাপিত

▸▸ ৬ষ্ঠ পৃষ্ঠার পর

আজিম আরিফ। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেন, 'আমরা এমন একজন প্রধানমন্ত্রী পেয়েছি, যার পিতা জাতির জনক বঙ্গবন্ধুর হাত ধরে বাংলাদেশের স্বাধীনতা এসেছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা অত্যন্ত দক্ষ দূরদর্শী নেত্রী। তাঁকে সম্মান করে আমরা নিজেরাই সম্মানিত বোধ করি। আমাদের মাননীয় প্রধানমন্ত্রী খুবই আল্লাহওয়ালা একজন মানুষ। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার মাঝে আমরা তাঁর পিতার মতই মানবিক গুণাবলী দেখতে পাই। নেতৃত্বের যোগ্যতায় সমগ্র বিশ্বে আজ তিনি সমাদৃত।' তিনি আরও বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সার্বিক নির্দেশনায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দীন নদভী এমপির পরিচালনায় আইআইইউসি আজ সারাদেশে দৃষ্টান্ত স্থাপন করেছে।' আইআইইউসির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য রাখেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের সদস্য এবং ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. আকতার সাঈদ এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার ডিপার্টমেন্টের চেয়ারম্যান জনাব মোহাম্মদ ছরওয়ার আলম। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার। আলোচনা সভার শেষে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে দোয়া পরিচালনা করেন শরীয়াহ অনুষদের ডীন প্রফেসর ড. শাকের আলম শওক। আলোচনা সভা সঞ্চালনা করেন বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্টের প্রফেসর ও পরিবহন ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ড. মাহি উদ্দিন। পরে কেক কাটার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জন্মদিন উদযাপিত হয়।

# বদলে যাওয়া আইআইইউসি'র অগ্রযাত্রা

▸▸ ৪র্থ পৃষ্ঠার পর

বৈশিষ্টই আইআইইউসিকে করেছে অনন্য। বিস্তীর্ণ সবুজের ভাঁজে গড়ে ওঠা প্রতিটি দালান যেন একেকটি জ্ঞানরাজ্য। প্রাকৃতিক পরিবেশের মাঝে সুপরিসর পর্যাপ্ত একাডেমিক ভবন নির্মাণের মধ্যদিয়ে এই বিশ্ববিদ্যালয় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সবচেয়ে এগিয়ে রয়েছে। মনোরম পরিবেশের এই ক্যাম্পাস তাই উচ্চশিক্ষা গ্রহণে শিক্ষার্থীদের প্রথম আকর্ষণ। এই সবুজ গাছগাছালিতে ভরপুর এ বিশ্ববিদ্যালয়ের প্রবেশপথ থেকে শুরু করে ক্যাম্পাসের প্রতিটি পিচঢালা সড়ক, সবুজের মোড়া প্রতিটি সুবিশাল একাডেমিক ভবন, সমৃদ্ধ ল্যাব শিক্ষার্থীদের মনকে ধাবিত করে জ্ঞানার্জনে।

প্রায় ১২ হাজার শিক্ষার্থীর এ বিশ্ববিদ্যালয়ের রয়েছে প্রায় ৬০ একরের বিশাল ক্যাম্পাস। প্রভাষক, সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক মিলিয়ে স্থায়ী ৩৫৭ জন শিক্ষক নিয়ে পরিচালিত এ বিশ্ববিদ্যালয়ে পাঠদানে সম্পৃক্ত ৪৭৭ জন শিক্ষক। যাদের মধ্যে পিএইচডিধারী শিক্ষকই রয়েছেন ১০৩ জন। ১৪টি বিভাগে স্নাতকসহ ১১ বিষয়ে মাস্টার্স প্রোগ্রাম চালু রয়েছে আইআইইউসিতে। আইআইইউসিতে এ বছর থেকে বি.এ. অনার্স ইন ফিকাহ এন্ড ইসলামিক স্টাডিজ, বিএসসি ইন সফটওয়ার ইঞ্জিনিয়ারিং, বিবিএ ইন ফিন্যান্স, এমবিএ ইন ফিন্যান্স, মাস্টার অব ফার্মেসী ও এমএসসি ইন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম চালু প্রক্রিয়াধীন আছে। ২০২২ সালের বসন্তকালীন ও শরৎকালীন সেমিষ্টারে অনার্স প্রোগামে সর্বমোট ভর্তিচ্ছু শিক্ষার্থীর সংখ্যা ছিল ৫ হাজার ২৫২ জন। ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধা তালিকার ভিত্তিতে সর্বমোট ২ হাজার ৯৭২ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পায়। দেশের একমাত্র বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে আইআইইউসি শিক্ষার্থীদের বিনামূল্যে শতভাগ পরিবহণ সুবিধা দিয়ে আসছে।

গবেষণা কার্যক্রমেও আইআইইউসি বেশ সক্রিয়। গবেষণায় রয়েছে আইআইইউসি'র সমৃদ্ধ অর্জনও। শুধু এক বছরেই আন্তর্জাতিক জার্নালে আইআইইউসি সংশ্লিষ্টরা ২৩০টি স্কুপাস-ইনডেক্সড আর্টিকেল প্রকাশ করেছে। ২০২২ সালে শীর্ষস্থানীয় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্কুপাস জার্নাল অনুযায়ী আইআইইউসি দেশের শীর্ষ ১৫ বিশ্ববিদ্যালয়ের মধ্যে মধ্যে গবেষণায় পঞ্চম স্থান অর্জন করেছে। একবছরে আইআইইউসি সেন্টার ফর রিসার্চ এন্ড পাবলিকেশন (সিআরপি) থেকে ছয়টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। সিআরপি থেকে প্রতিবছর তিনটি পিয়ার রিভিউড জার্নাল প্রকাশিত হয়। এ তিনটি গ্রন্থ হলো, দিরাসাত আল-জামিআহ আল-ইসলামিয়াহ আল-আলামিয়াহ, মাল্টিডিসিপ্লিনারি বার্ষিক ইংরেজি জার্নাল আইআইইউসি স্টাডিজ ও আইআইইউসি বিজনেস রিভিউ। একবছরে আইআইইউসি গবেষণা খাতে প্রায় দুই কোটি টাকা ব্যয় করেছে। গত ২০২১ সালের শুরুতে এ বিশ্ববিদ্যালয়ে নতুন ট্রাস্টি বোর্ড গঠন করা হয়। এই বিশ্ববিদ্যালয়েরই শিক্ষক ও চট্টগ্রাম-১৫ (সাতকানিয়া-লোহাগাড়া) আসনের সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভীকে আইআইইউসি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব দেওয়া হয়। এরপর থেকেই এই বিশ্ববিদ্যালয়ের প্রতিটি স্তরকেই ঢেলে সাজানো হয়, আনা হয় নতুনত্ব। অবকাঠামো উন্নয়ন জোরদার করার পাশাপাশি একাডেমিক উন্নয়নও তরান্বিত হয় এ বিশ্ববিদ্যালয়ে।

গত দুই বছর ধরে বিশ্ববিদ্যালয়ে ইসলামি মূল্যবোধের পাঠদানের পাশাপাশি মুক্তিযুদ্ধ, দেশপ্রেম ও বঙ্গবন্ধুর আদর্শ চর্চার বিষয়কে এখন একাডেমিকভাবেও গুরুত্ব দেওয়া হচ্ছে। সে আলোকে এ বিশ্ববিদ্যালয়ের স্থাপন করা হয় বঙ্গবন্ধু কর্ণার। প্রতিষ্ঠা করা হয় দ্য বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টার-রিলিজিয়াস ডায়ালগ। যেখান থেকে প্রতিনিয়ত বঙ্গবন্ধু মেমোরিয়াল লেকচার প্রোগ্রাম অনুষ্ঠিত হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে বড় সমাবর্তন আয়োজন করা হয় বর্তমান ট্রাস্টি বোর্ডের নেতৃত্বেই। এই সমাবর্তন আইআইইউসিকে নিয়ে যায় অনন্য এক উচ্চতায়। প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী আইআইইউসি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হওয়ার পর নতুন নতুন একাডেমিক ভবন নির্মাণ শুরু করেন। পুরো ক্যাম্পাসজুড়ে ওয়াইফাই সুবিধা নিশ্চিতের পাশাপাশি তিনি শ্রেণিকক্ষগুলো শীতাতপ নিয়ন্ত্রিত করার কাজও শুরু করেন। পরিবহন পুলে যুক্ত করেন নতুন নতুন বাস। সায়েন্স ফ্যাকাল্টির প্রত্যেকটি বিভাগ ল্যাব নির্ভর হওয়ায় ল্যাবগুলোকে যুগোপযোগীভাবে সমৃদ্ধ করছে তাঁর নেতৃত্বাধীন আইআইইউসি প্রশাসন। বিদেশী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অসংখ্য চুক্তি স্বাক্ষর করেন তিনি। এসব চুক্তির আলোকে আইআইইউসি শিক্ষার্থীদের জন্য বিদেশে উচ্চশিক্ষার দ্বারও খুলে যায়। ২০২২ সালের ২৯ অক্টোবর আইআইইউসিতে আয়োজন করা হয় ২৫ বছর পূর্তি উৎসব। প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভীর নেতৃত্বে দুই দিনব্যাপী এ উৎসবে অংশ নেন আরববিশ্বের অর্ধশত অতিথি। এছাড়াও বিশ্বের বিভিন্ন দেশের মন্ত্রী, কূটনীতিক, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, স্বনামধন্য স্কলার, গবেষক, উন্নয়ন ও দাতা সংস্থার প্রধান, দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উচ্চপদস্থ ব্যক্তিবর্গ, রাজনৈতিক-সামাজিক নেতৃবৃন্দ যোগ দেন। অনুষ্ঠানে আন্তর্জাতিক ব্যক্তিত্বদের মধ্যে উপস্থিত ছিলেন আইআইইউসির জেনারেল অ্যাসেম্বেলির সভাপতি ও মিশরের ইসলামিক কাউন্সিল ফর দাওয়াহ অ্যান্ড রিলিফের জেনারেল সেক্রেটারি প্রফেসর ড. আব্দুল্লাহ আব্দুল আজিজ আল-মুসলিহ, আলজেরিয়া'র ডেপুটি স্পিকার ইউসুফ আজিচ্ছা, মালদ্বীপের শিক্ষামন্ত্রী ড. আব্দুল্লাহ রাশেদ আহমেদ, সোমালিয়া'র ডেপুটি এডুকেশন মিনিস্টার ইঞ্জিনিয়ার আব্দি ফাতাহ ইসাক মোহাম্মদ, কুয়েতের ইন্টারন্যাশনাল ইসলামিক চ্যারিটেবল অর্গানাইজেশন (আইআইসিও) ডিরেক্টর জেনারেল ইঞ্জিনিয়ার বদর সৌদ আল সুমাইত, মিশরের রিলিজিয়াস অ্যাফেয়ার্স নূর আল দীন মুহাম্মদ আব্দুল ওয়ারিস, আন্তর্জাতিক ইসলামিক অ্যাফেয়ার্স প্রফেসর ড. আকরাম নদভী, সৌদি আরবের সাবেক প্রতিমন্ত্রী ইসলামিক অ্যাফেয়ার্স ড. আহমেদ আব্দুল্লাহ সুরুর আল সাব্বান, সৌদি আরবের এডুকেশন বিভাগের ডিরেক্টর ড. আব্দুল আজিজ আল ফালেহ, মিশরের সাবেক মন্ত্রী প্রফেসর ড. সামী মুহাম্মদ আস শরীফ, সৌদি আরবের উম্মুল কুরা ইউনিভার্সিটির সাবেক অধ্যাপক প্রফেসর ড. আহমেদ আল বান্নানি, তুরস্কের এডুরেস একাডেমির চেয়ারম্যান প্রফেসর ড. ইয়াকুব সিভিলেক এবং নেপালের সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী রেজওয়ান আনসারী প্রমুখ।

এছাড়া আইআইইউসিতে বিভিন্ন অনুষ্ঠানে অংশ নিয়েছেন বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী তাজুল-ইসলাম, শিক্ষা উপমমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী, পানি সম্পদ মন্ত্রনালয়ের উপমমন্ত্রী এ কে এম এনামুল হক শামীম, রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরীসহ সরকারের বিভিন্ন উচ্চপর্যায়ের ব্যক্তিবর্গ। আইআইইউসি দেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় অনন্য স্থান করে নেওয়ার একটি অন্যতম কারণ ফিমেল ক্যাম্পাস। উচ্চশিক্ষায় নারীদের ইসলামী মূল্যবোধের আলোকে এগিয়ে নিতে আইআইইউসি সম্পূর্ণভাবে পৃথক করে ফিমেল ক্যাম্পাস প্রতিষ্ঠা করেছে। ফিমেল একাডেমিক জোনকেও গত দুই বছরে ঢেলে সাজানো হয় নতুন আঙ্গিকে। এ ক্যাম্পাসে প্রত্যেক বিভাগে ছাত্রীরা ভর্তি হতে পারে। তাদের জন্য রয়েছে একঝাঁক মেধাবী নারী শিক্ষক। আইআইইউসি ট্রাস্টি বোর্ডের সদস্য রিজিয়া রেজা চৌধুরী ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নিয়েই ছাত্রীদের জন্য পৃথক একাডেমিক ভবন, অফিস, ক্যাফেটেরিয়া, অডিটোরিয়াম, প্রার্থনা কক্ষসহ সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করেন। ফিমেল ক্যাম্পাস পরিচালনা কমিটি সার্বক্ষণিক ফিমেল ক্যাম্পাসের সুযোগ-সুবিধা বৃদ্ধির পাশাপাশি সব ধরনের সমৃদ্ধির জন্য নিবেদিত রয়েছে। আইআইইউসি শিক্ষার্থীদের একাডেমিক পরিবেশ শুধুমাত্র শ্রেণিকক্ষের পাঠদানের মাঝেই সীমাবদ্ধ রাখেনি। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বিশ্বমানের গড়ে তুলতে আইআইইউসি সহপাঠক্রমের সুযোগ তৈরি করেছে। আইআইইউসিতে রয়েছে ডিবেটার্স সোসাইটি, মডেল ইউনাইটেড নেশনস সোসাইটি। যে সংগঠন গুলো শিক্ষার্থীদের যৌক্তিক মূল্যবোধ সম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তুলতে সহায়তা করছে নানা আয়োজনের মাধ্যমে। এছাড়া আইআইইউসি শিক্ষার্থীদের নিয়ে তৈরি হয়েছে ফটোগ্রাফি সোসাইটি, রোবোটিক সোসাইটিসহ বিভিন্ন ক্লাব। তারা প্রতিনিয়ত বাস্তবায়ন করছে সাংস্কৃতিক ও সামাজিক সচেতনতা মূলক কর্মসূচি। বর্তমান ট্রাস্টি বোর্ড দায়িত্ব নেওয়া পর থেকেই শিক্ষার্থীদের মধ্যে দেশপ্রেম মুক্তিযুদ্ধে চেতনার বিকাশ ঘটাতে স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, শহীদ বুদ্ধিজীবী দিবস বিভিন্ন জাতীয় দিবস বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে উদযাপন করছে। বার্ষিক ক্রীড়া, নাট্য উৎসব, ক্যারিয়ার মেলা, বইমেলা, শীতকালীন উৎসব, শিক্ষা সফর, ইন্ডাস্ট্রি পরিদর্শন, সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিজ্ঞান অলিম্পিয়াড, স্টাডি ক্যাম্পসহ নানা কর্মসুচি চালু করা হয়েছে আইআইইউসিতে। এছাড়াও রয়েছে স্কাউট প্রোগ্রাম। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জন্মদিনসহ নানা রাষ্ট্রীয় ও সরকারি দিকনির্দেশনা অনুযায়ী অনুষ্ঠান আয়োজন করা হচ্ছে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমেই। প্রত্যেকটি আয়োজন বাস্তবায়নে প্রত্যক্ষভাবে অংশ নিচ্ছে শিক্ষার্থীরা, এতে তাদের মধ্যে তৈরি হচ্ছে নেতৃত্ব গুণ।

# এওয়ারনেস র‍্যালী ২০২৩



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর প্রক্টরিয়াল বডির উদ্যোগে ২৩শে জানুয়ারি ২০২৩ সোমবার ডিপার্টমেন্টাল ক্লাবের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে এওয়ারনেস র‍্যালী ২০২৩ এর আয়োজন করা হয়। আইআইইউসি ক্যাম্পাসকে ধূমপানমুক্ত, সন্ত্রাসমুক্ত, ইভটিজিংমুক্ত, র‍্যাগিংমুক্ত ও রাজনীতিমুক্ত আদর্শ ক্যাম্পাস হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই সচেতনতামূলক র‍্যালীর আয়োজন করা হয়। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপির নেতৃত্বে এই র‍্যালীতে অংশগ্রহণ করেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, টিএমডির চেয়ারম্যান প্রফেসর ড. মহি উদ্দিন, ইএলএল ডিপার্টমেন্টের চেয়ারম্যান মোঃ ছরওয়ার আলম, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ। সচেতনতামূলক এই র‍্যালী পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে। উক্ত র‍্যালীতে আইআইইউসির শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের সচেতনতামূলক ব্যানার-ফেস্টুন নিয়ে স্বতঃস্ফূর্ত ও সুশৃঙ্খলভাবে অংশগ্রহণ করে।

# ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৩ উদযাপিত

▸▸ ৮ম পৃষ্ঠার পর

১৯৭১ এ দিয়ে ফেলেছিলেন। সেইদিন বঙ্গবন্ধু বাঙালির মুক্তির সংগ্রামের ঘোষণা দিয়েছিলেন, বাঙালির স্বাধীনতা সংগ্রামের ঘোষণা দিয়েছিলেন। সেই দৃপ্তকণ্ঠ ও উদ্ধত তর্জনীর ইশারায় জাতির পিতা সেদিন ১৮ মিনিটের ভাষনেই সাত কোটি বাঙালির মনের মাঝে সুপ্ত স্বাধীনতার স্বপ্নকে উদ্বেলিত করে স্বাধীনতা সংগ্রামের পথ নির্দেশনা দিয়েছিলেন। আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য ও ফিনেন্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমেদ চৌধুরী, আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার। পবিত্র কোরআন তেলওয়াত ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে আলোচনা সভার শুরু হয়। এসময় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, সমাজবিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহিদ হোসেন সিকদার, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. শামীমুল হক চৌধুরী, শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. মুহাম্মদ মোস্তফা কামিল, টিএমডির চেয়ারম্যান প্রফেসর ড. মাহি উদ্দিন, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন এবং আইআইইউসির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভা সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম।

# দাওয়াহ্ বিভাগের উদ্যোগে 'আত্মশুদ্ধি অর্জনে সিয়াম' শীর্ষক সেমিনার




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে 'আত্মশুদ্ধি অর্জনে সিয়াম' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের ফিমেল একাডেমিক জোনের কনফারেন্স হলে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের সম্মানিত সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। দাওয়াহ বিভাগের চেয়ারম্যান জনাব আ ফ ম নুরুজ্জামান এর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রবন্ধ পাঠ করেন দাওয়াহ বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মুহাম্মদ আমিনুল হক। তিনি নাতিদীর্ঘ প্রবন্ধে আত্মশুদ্ধি চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, ইসলাম আত্মশুদ্ধি অর্জনের ব্যাপারে অত্যধিক গুরুত্ব আরোপ করেছে। আত্মশুদ্ধি ছাড়া মুমিনের কোন আমলই গ্রহণযোগ্য নয়। আত্মশুদ্ধি অর্জনে অন্যান্য ইবাদতের মত সিয়ামের অনেক ভূমিকা রয়েছে। সঠিকভাবে সিয়াম পালনের মাধ্যমে আত্মশুদ্ধি অর্জন সম্ভব। প্রধান অতিথির বক্তব্যে মিসেস রিজিয়া রেজা চৌধুরী বলেন, আমাদের আত্মশুদ্ধি অর্জনের কোনো বিকল্প নাই। মুসলিম রমণীরা রমাদান মাসে নিজেদেরকে বিভিন্ন কাজকর্মে ব্যস্ত রাখেন। এটা না করে সিয়াম ও কিয়াম চর্চায় মনোযোগী হলে আত্মশুদ্ধি অর্জন করা সম্ভব। সমকালীন সময়ে নীতি নৈতিকতার যে সংকট চলছে তা থেকে উত্তরণের উপায় হচ্ছে নিজেদেরকে পরিশুদ্ধ করা। সেমিনারের প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন আইআইইউসির কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ডঃ গিয়াস উদ্দিন হাফিজ। আলোচক হিসেবে বক্তব্য রাখেন কুরআনিক সাইন্স এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ রশিদ জাহিদ, CGED এর পরিচালক জনাব এইচ এম আতাউর রহমান নাদভী, প্রফেসর ডঃ মোহাম্মদ শাফী উদ্দীন মাদানী এবং প্রফেসর ডঃ শাকের আলম শওক। দাওয়াহ বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং ছাত্রীরা উক্ত সেমিনারে অংশগ্রহণ করেন।

# শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ পালিত

▸▸ ৭ম পৃষ্ঠার পর

এরপর আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর কেন্দ্রীয় মিলনায়তনে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, একটি জাতির মূল অস্তিত্বই সে জাতির ভাষা। এই ভাষার প্রতি যখন আঘাত আসে, তখন এদেশের ছাত্রদের কাছ থেকেই প্রথম প্রতিবাদটা আসে। শুধুমাত্র ভাষার জন্য জীবন দেওয়া জাতি পৃথিবীর ইতিহাসে দ্বিতীয়টি নেই। ওরা চেয়েছিল বাংলা ভাষাকে দাবিয়ে রাখতে, সেই বাংলা ভাষা দিবসই আজ সমগ্র বিশ্বে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হচ্ছে। আজকে আমরা এই আলোচনা সভা থেকে ভাষা আন্দোলনের রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের অন্যতম নেতা স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করছি ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. শামীমুল হক চৌধুরী, সমাজবিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. মুহাম্মদ মোস্তফা কামিল, টিএমডির চেয়ারম্যান প্রফেসর ড. মাহি উদ্দিন, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম। আরও উপস্থিত ছিলেন আইআইইউসির শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা। আলোচনা সভা সঞ্চালনা করেন ডিবিএ ডিপার্টমেন্ট এর প্রফেসর ড. আব্দুল্লা হিল মামুন।

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপিত

▸▸ ৭ম পৃষ্ঠার পর

শ্রেষ্ঠত্বের ইতিহাস আসলে একটি আলোচনা সভায় বলে শেষ করা সম্ভব নয়। যে মানুষটির জন্ম না হলে বাংলাদেশ নামক রাষ্ট্রের সৃষ্টি হতো না তাঁর নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার। এসময় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. শামীমুল হক চৌধুরী, আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. দেলোয়ার হোসেন, সাইন্স অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভী, আইন বিভাগের চেয়ারম্যান মঞ্জুর হোসেন পাটোয়ারী, ইংরেজী বিভাগের চেয়ারম্যান চেয়ারম্যান মোঃ ছরওয়ার আলম, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, এবং আইআইইউসির শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভা সঞ্চালনা করেন টিএমডির চেয়ারম্যান প্রফেসর ড. মাহি উদ্দিন। শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটা হয়।

# 'বঙ্গবন্ধু বেঁচে থাকলে ২০০০ সালেই উন্নত দেশ হতো বাংলাদেশ'

## আইআইইউসি'র শোক দিবসের সভায় মন্ত্রী তাজুল ইসলাম

▸▸ ৯ম পৃষ্ঠার পর

বলেন, বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যার মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা ও ইতিহাস বিকৃত করে স্বাধীনতা বিরোধীরা। নতুন করে ইতিহাস রচনা করেছিল। কিন্তু ইতিহাস তার আপন গতিতেই চলে। মুহাম্মদ শফীউর রহমানের সঞ্চালনায় ভার্চুয়াল আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, খাদিজাতুল আনোয়ার সনি, মিসেস রিজিয়া রেজা চৌধুরী, প্রফেসর ড. মছরুরুল মওলা, প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, প্রফেসর মুহাম্মদ আকতার সাঈদ, ড. সিকদার সানবিম ইসলাম, মুহাম্মদ সরওয়ার আলম, মুহাম্মদ মাহফুজুর রহমান প্রমুখ।

# ড. আবু রেজা নদভী এমপি'র সাথে সৌদি আরবের দাওয়াহ ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর জয়েন্ট সেক্রেটারী শায়খ আলী আব্দুল্লাহ আয যুগাইবী'র সৌজন্য সাক্ষাৎ

▸▸ ১০ম পৃষ্ঠার পর

সরকারের মধ্যে সৌহাদ্যপূর্ণ সম্পর্কের বহিঃপ্রকাশ। সৌদি আরব বর্তমান সরকারের অনেক গুরুত্বপূর্ণ প্রজেক্ট বাস্তবায়নে সহায়তা করছে। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ে বাদশাহ সালমান এর নামে একাডেমিক ভবন নির্মিত হচ্ছে।" এসময় তিনি শায়খ আয যুগাইবীকে আইআইইউসির ২৫ বছর পূর্তি অনুষ্ঠানের দাওয়াত প্রদান করেন। শায়খ আয যুগাইবী, প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভীকে ধন্যবাদ জানিয়ে বলেন, "আমি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামকে মনেপ্রাণে ভালবাসি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন ধর্মপ্রাণ মানুষ। তিনি তাঁর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মত বাংলাদেশ বিনির্মাণে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন"। এসময় আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য অধ্যাপক মোহাম্মদ আবদুর রহিম, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব আব্দুল মতিন ভূঁইয়া, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব মুহাম্মদ বদিউল আলম, আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, শরীয়াহ অনুষদের ডীন প্রফেসর ড. শাকের আলম শওক, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, দাওয়া বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক আ. ফ. ম নুরুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন। এ সময় তাঁরা সৌদি সরকারের সাহায্য-সহযোগিতায় আইআইইউসির সার্বিক উন্নয়ন নিয়ে আলোচনা করেন। এছাড়া আইআইইউসির মেধাবী শিক্ষার্থীদের সৌদি আরবের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে স্কলারশিপ প্রোগ্রামের মাধ্যমে পড়ার সুযোগ সুবিধার ব্যাপারেও আলোচনা করা হয়।

## অমর ২১শে ২০২২ আলোচনা ও দোয়া অনুষ্ঠান

▸▸ ৯ম পৃষ্ঠার পর

আনোয়ারুল আজিম আরিফ একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইআইইউসির উপ উপাচার্য প্রফেসর ড. মো. মছরুরুল মাওলা। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী। আলোচনায় অংশগ্রহণ করেন ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান, শরীয়াহ অনুষদের ডীন প্রফেসর ড. শাকের আলম শওক, ইইই বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ সানবিম ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন ড. মো. মহিউদ্দীন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবদুল্লাহিল মামুন এবং স্টাফ ডেভলপমেন্ট ও স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশনের অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মাহফুজুর রহমান। বিশেষ অতিথির বক্তব্যে বিওটি সদস্য ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী বলেন, বাংলা ভাষার প্রতি মমত্ববোধ থাকতে হবে। একুশ, স্বাধীনতা ও সার্বভৌমত্ব নিয়ে কোন আপোষ নেই। বাংলায় আরো গবেষণা হওয়া প্রয়োজন উল্লেখ করে তিনি এ কাজে পৃষ্ঠপোষকতা প্রদান করা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, সবাই পেশাদারিত্বের পরিচয় দিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করে গেলে একুশের চেতনাকে সমুন্নত রাখা সম্ভব হবে। দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে ছিল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ, শোভাযাত্রা ও আলোচনা সভা। মুনাজাত পরিচালনা করেন ড. মুহাম্মদ মাহমুদুল হাসান।

## বঙ্গবন্ধু আইআইইউসি জিএসসি আন্ত:বিভাগীয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর উদ্বোধন

▸▸ ১২তম পৃষ্ঠার পর

চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী বলেন, "শিক্ষার্থীদের নিয়মিত লেখাপড়ার এবং ধর্মীয় অনুশাসন মেনে চলার পাশাপাশি খেলাধুলায় উৎকর্ষতা অর্জনের জন্য আহ্বান জানাচ্ছি। এতে তোমাদের মানসিক বিকাশের পাশাপাশি, শারীরিক ভাবে ফিটনেস আসবে।" তিনি ছাত্রজীবনের স্মৃতি রোমন্থন করে বলেন, "শারীরিক সুস্থথার জন্য শারীরিক চর্চা অনুশীলন সহ নানা ধরনের খেলাধুলায় অংশগ্রহণ করতাম।" আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি'র মাননীয় উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ, আইআইইউসির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. এম. গিয়াস উদ্দিন হাফিজ, আইআইইউসি'র রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার। এসময় আরও উপস্থিত ছিলেন টুর্নামেন্ট কমিটির কো-কনভেনর জাহেদুর রহমান, পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান জিএসসি গ্লোবাল সলিউশন এর ম্যানেজিং ডিরেক্টর মোঃ আকতার হোসাইন, টিএমডির পরিচালক ড. মহিউদ্দিন মাহী, প্রক্টর ড. নেজামুল হক, পিপিডির পরিচালক মো. ফয়সাল, আইএএসডব্লিউডির ডিরেক্টর (ইনচার্জ) ও টুর্নামেন্ট কমিটির সদস্য মুহাম্মদ মাহফুজুর রহমান, স্পোর্টস ডিপার্টমেন্টের এসিস্ট্যান্ট ডিরেক্টর আবদুস সেলিম এবং বিভিন্ন ফ্যাকাল্টির এর ডীন, ডিপার্টমেন্ট চেয়ারম্যান, শিক্ষক-কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। খেলায় ধারাভাষ্য দেন এডমিনিস্ট্রেটিভ অফিসার শফিকুল আজম ও এডমিনিস্ট্রেটিভ এসিস্ট্যান্ট মোঃ সেলিম উদ্দিন। খেলা পরিচালনা করেন সিজেকেএস রেফারি সমিতির সম্মানিত রেফারীবৃন্দ। এর আগে গতকাল মঙ্গলবার ১১ অক্টোবর, ২০২২ সকালে টুর্নামেন্টের জার্সি উন্মোচন ও ১৪ টি টিমের মাঝে জার্সি বিতরন করেন আইআইইউসি'র মাননীয় উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ। এ টুর্নামেন্টে ১৪ টি বিভাগের ১৪ টি টিম নক আউট পদ্ধতিতে এ টুর্নামেন্টে অংশগ্রহণ করছে।

## আইআইইউসি'র ইন্টারন্যাশনাল কনফারেন্স ২০২৩ এর উদ্বোধন

▸▸ ১২তম পৃষ্ঠার পর

আজিম আরিফ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মানব সভ্যতার উন্নতির জন্য নতুন চিন্তার উন্মেষ ঘটাতে হবে। এই উন্মেষ ঘটবে ভাষা ও সাহিত্য চর্চার মাধ্যমে। জাতির পিতার স্বপ্ন বাস্তবায়নে ভাষা ও সাহিত্য চর্চা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা তার বক্তব্যে বলেন, শিক্ষাকে সার্বজনীন করার ক্ষেত্রে ভাষা ও সাহিত্য চর্চা অত্যাবশ্যক। ইন্টারন্যাশনাল কনফারেন্সে সভাপতিত্ব করেন আইআইইউসির ট্রেজারার ও ফ্যাকাল্টি অফ আর্টস এন্ড হিউম্যানিটিস এর ডীন প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। সভাপতির বক্তব্যে তিনি বলেন, ভাষা শিক্ষা ও সাহিত্য চর্চার মাধ্যমে উন্নত জাতি গঠনের আলোকে আইআইইউসি সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছে। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম তার কী-নোট স্পিকারের বক্তব্যে বলেন, ভাষা এবং সাহিত্য পরস্পরের সম্পূরক। ভাষা এবং সাহিত্য একে অপরকে বিচ্ছিন্ন করে না। তারা সমান্তরালভাবেই চলে। ভাষা শিক্ষা করতে হবে আনন্দঘন পরিবেশের মাধ্যমে। এই ভাষার উপর সাংস্কৃতিক প্রভাব ও আছে। এটাই হচ্ছে ভাষার বহুমাত্রিকতা। আমাদেরকে ভাষা এবং সাহিত্যের মাঝখানে একটি সমন্বয় সাধনের প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। ভারতের আলীগড় মুসলিম ইউনিভার্সিটির প্রফেসর ড. সানাউল্লাহ আল-নদভী তার কী-নোট স্পিকারের বক্তব্যে বলেন, মানব সভ্যতা ভাষা আর সাহিত্যকে পুঁজি করে ইতিবাচক ভূমিকায় অবতীর্ণ হয়েছে। ভাষা আর সাহিত্য - ক্লাসিক্যাল, মডার্ন, পোস্ট মডার্ন, ওরিয়েন্টাল, ইসলামিক এবং ইউরোপীয় প্রভাব পরিলক্ষিত হয়েছে। সমস্ত প্রভাব মানব জাতির সার্বিক কল্যাণকে কেন্দ্র করে আবর্তিত হয়েছে।

যুক্তরাষ্ট্রের ইংলিশ ল্যাঙ্গুয়েজ ফ্যালো মিমি মারসটলার তার কি-নোট স্পিকারের বক্তব্যে বলেন, ছাত্রদের নিজ অভিজ্ঞতাকে ভাষা শিক্ষার মাধ্যমে সংযুক্ত করতে হবে। ছাত্রদের অভিজ্ঞতা কে ভাষা শিক্ষার ধারায় নিয়ে আসতে হবে। কী-নোট স্পিকার হিসেবে আরও উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের ইংলিশ ল্যাঙ্গুয়েজ ফ্যালো এ্যালেন স্টুয়ার্ট। এসময় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির সমাজবিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. দেলোয়ার হোসেন, রেজিস্ট্রার জনাব এএফএম আক্তারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, শরীয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ নাজমুল হক নদভী। পবিত্র কোরআন তেলওয়াত ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানের শুরু হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসির ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার ডিপার্টমেন্টের চেয়ারম্যান মোঃ ছরওয়ার আলম ও এরাবিক ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার ডিপার্টমেন্টের চেয়ারম্যান ড. মোঃ মাহমুদুল হাসান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইংরেজি বিভাগের এসিস্ট্যান্ট প্রফেসর মহিব উল্লাহ। উক্ত ইন্টারন্যাশনাল কনফারেন্সে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শতাধিক গবেষক তাদের গবেষণা পত্র উপস্থাপন করেন।

## বর্ণাঢ্য আয়োজনে বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদযাপন

▸▸ ৯ম পৃষ্ঠার পর

নেজামুদ্দিন নদভী এমপি। আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আয়োজনে স্বাগত বক্তব্য রাখেন আইআইইউসি'র রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, মিসেস রিজিয়া রেজা চৌধুরী, প্রো ভিসি প্রফেসর ড. মোঃ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইনস্টিটিউট অব মর্ডাণ ল্যাংগুয়েজেস এর ডিরেক্টর মোঃ ইফতেখার উদ্দিন। প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, সবার দেশাত্ববোধ আছে। এই দেশাত্ববোধের চর্চা করতে হবে। দেশাত্ববোধকে পরিপক্ক করতে হলে বঙ্গবন্ধুকে অধ্যয়ন করতে হবে। দেশাত্ববোধকে শাণিত করতে হলে জাতীয় দিবসগুলো এই বিজয় দিবসের মত যথাযোগ্য মর্যাদায় উদযাপন ও পালন করতে হবে। তিনি বলেন, নির্বাচনের আগে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু হয়েছে। ষড়যন্ত্রের শেষ নেই। এই ষড়যন্ত্র উপলব্ধি করতে হবে। ড. আবু রেজা নদভী আরো বলেন, আমেরিকায় প্রতিদিন মানবাধিকার লঙ্ঘিত হয। আর সেই আমেরিকা আমাদেরকে গণতন্ত্রের সবক শেখানোর চেষ্টা করছে। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেন, ধর্মের সাথে সংস্কৃতির সরাসরি কোন বিরোধ নেই। সংস্কৃতির মাধ্যমে আমাদের দৈনন্দিন জীবন জীবন্ত হয়। জাতীয় দিবস উদযাপন করা অধার্মিকতার কাজ নয়। আমরা কিভাবে বিজয় পেলাম, বীর শহীদদের ত্যাগ এবং আজকের বিজয়ের মহানায়ক বঙ্গবন্ধু সম্পর্কে তরুণ প্রজন্মকে জানতে না দেয়া অন্যায়। তিনি বলেন, পঁচাত্তরের পর মুক্তিযোদ্ধারা ভয়ে সার্টিফিকেট ফেলে দিয়েছিল। এর চেয়ে দুঃখজনক ও দুর্ভাগ্যজনক ঘটনা আর কি হতে পারে। ১৬ ডিসেম্বর বিজয় দিবস ২০২১ উদযাপন কর্মসূচির শুরুতেই প্রধান অতিথি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ও উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ কুমিরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে সকালে জাতীয় পতাকা উত্তোলন, শহীদ মিনারে পুষ্পপ্রদান এবং লাল-সবুজ বেলুন ও কবুতর উড়িয়ে আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এরপর ছিল রোভার স্কাউট ও স্কুল শিক্ষার্থীদের সুসজ্জিত দলের কুজকাওয়াজ, ছাত্রীদের অংকন শিল্পকর্ম প্রতিযোগিতা এবং ছাত্রদের হা-ডু-ডু খেলা, প্রীতি ফুটবল ম্যাচ, বালিশ খেলা, আবৃত্তি, দেশাত্ববোধক গান, আইআইইউসি-তে অধ্যয়নরত শিক্ষার্থীদের মুক্তিযোদ্ধা পিতাদের এবং মুক্তিযোদ্ধা হিসাবে আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফকে সম্মাননা প্রদান। সবশেষে বিভিন্ন ইভেন্টস এর পুরস্কার বিতরণ ইত্যাদি।

## কম্পিউটার ক্লাবের উদ্যোগে দুইদিন ব্যাপী ইফতার মাহফিল




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর কম্পিউটার ক্লাবের উদ্যোগে দুইদিন ব্যাপী ইফতার মাহফিল আয়োজিত। ৯ ও ১০ এপ্রিল ২০২৩ তারিখ চট্টগ্রাম শহরস্থ রয়েল গার্ডেন কমিউনিটি সেন্টারে দুইদিন ব্যাপী এই ইফতার মাহফিলের আয়োজন করা হয়। দুইদিন ব্যাপী ইফতার মাহফিলে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের শিক্ষার্থীদের সাথে মত বিনিময় সভার আয়োজন করা হয়। ইফতার মাহফিল ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি এর মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের মাননীয় সাংসদ ও আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টীর ডীন ড. শামীমুল হক চৌধুরী, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের চেয়ারম্যান তানভীর আহসান। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের প্রফেসর ড. মোহাম্মদ শাফি উদ্দিন। উপস্থিত অতিথিরা তাদের বক্তব্যে এ ধরনের আয়োজনের প্রশংসা করে বলেন, আইআইইউসি শিক্ষার্থীদের গুনগত একাডেমিক শিক্ষা প্রদানের পাশাপাশি মানবিক ও নৈতিক শিক্ষা প্রদান করে থাকে। যা একটি শিক্ষিত ও মানবিক জাতি গঠনের মূল সহায়ক। দুইদিন ব্যাপী ইফতার মাহফিল ও মত বিনিময় সভার প্রথম দিন আইআইইউসি কম্পিউটার ক্লাব (মেইল) সদস্যরা ও দ্বিতীয় দিন আইআইইউসি কম্পিউটার ক্লাব (ফিমেল) সদস্যরা অংশগ্রহণ করে। ইফতার মাহফিল ও মত বিনিময় সভার সভাপতিত্ব করেন সিএসই ডিপার্টমেন্টের এসোসিয়েট প্রফেসর ও ক্লাবের প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার মোঃ মাহমুদুর রহমান, স্বাগত বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক ও ক্লাবের ভাইস প্রেসিডেন্ট মোঃ খোরশেদ আলী। এসময় আরও উপস্থিত ছিলেন সিএসই ডিপার্টমেন্টের লেকচারার মোঃ জিয়াউর রহমানসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা বৃন্দ।

## আইআইইউসিতে আউটকাম বেইজড এডুকেশন্স শীর্ষক কর্মশালা

▸▸ ১০ম পৃষ্ঠার পর

ড. মছরুরুল মাওলাসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন ও বিভাগের চেয়ারম্যানবৃন্দ। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেন, 'বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানকে ক্রমাগত উন্নয়নের মাধ্যমে বিশ্বমানের শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলিয়ে এগিয়ে যেতে হবে। শিক্ষার মান উন্নয়নে প্রশিক্ষণ কর্মশালার কার্যকারিতা অনস্বীকার্য। এ ধরণের প্রশিক্ষণ কর্মশালার আয়োজনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান দ্রুত এগিয়ে যাবে।' এ কর্মশালায় উদ্বোধনী দিনে প্রশিক্ষক হিসেবে ছিলেন ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ রিয়াজ মাহমুদ, ড. শাহ মো. ছানাউল করিম এবং মো. ইয়াছিন শরীফ। দ্বিতীয় দিনে প্রশিক্ষক ছিলেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর মো. সামসুল আলম, বিভাগটির চেয়ারম্যান ড. আবদুল কাদের মো. মাসুম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. শামিমুল হক চৌধুরী এবং ইলেকট্রিক্যাল এন্ড টেলিকমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মো. জসিম উদ্দিন। তৃতীয় দিনে প্রশিক্ষক ছিলেন ফার্মেসী বিভাগের সহযোগী অধ্যাপক মো. আবু সাঈদ, ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক ড. মো. রহিম উদ্দিন, আইন বিভাগের সহকারী অধ্যাপক রিদওয়ান গনি এবং দাওয়াহ এন্ড ইসলামিক স্ট্যাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ও চেয়ারম্যান এ.এফ.এম. নুরুজ্জামান। অনুষ্ঠান শেষে কর্মশালার প্রশিক্ষক শিক্ষকদের মাঝে সন্মাননা সনদ প্রদান করা হয়।

# আইআইইউসি'র অভিযোগ কমিটির ৩য় সভা অনুষ্ঠিত

▸▸ ১৩ম পৃষ্ঠার পর

ইনস্টিটিউট অফ ফরেইন লেঙ্গুয়েজেস (আইএফএল) এর ডিরেক্টর ও আইআইইউসির প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান এবং সহযোগী অধ্যাপক ছরওয়ার আলম, অভিযোগ কমিটির সদস্য সচিব ও সহকারী অধ্যাপক আবছার উদ্দিন, ফিমেল একাডেমিক জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী, আইন বিভাগের সহকারী অধ্যাপক আনজুম আরা বেগম, ই এল এল এর সহকারী অধ্যাপিকা তাহমিনা মরিয়ম, তাসলিমা খানম। চট্টগ্রাম জেলা পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী এ সময় বলেন, 'বর্তমান প্রেক্ষাপটে শিক্ষাঙ্গনে ছাত্রীদের জন্য সবচেয়ে বেশি জরুরি নিরাপত্তা, সেই নিরাপত্তা নিশ্চিত করতে সচেষ্ট রয়েছে আইআইইউসি। আইআইইউসি নৈতিক মূল্যবোধ সম্পন্ন নাগরিক তৈরির কাজ করছে। আইআইইউসি নারীদের উচ্চশিক্ষা নিশ্চিত করতে যে পরিবেশ তৈরি করেছে তা প্রশংসনীয়। এ ধারা অব্যাহত রাখতে হবে।' আইআইইউসি ট্রাস্টি বোর্ডের সদস্য রিজিয়া রেজা চৌধুরী বলেন, 'কোনো ছাত্রী যদি ক্যাম্পাসে অপ্রীতিকর পরিস্থিতির শিকার হন তাহলে অভিযোগ কমিটিকে লিখিতভাবে জানাতে পারবে। ছাত্রীদের জন্য নিরাপদ ক্যাম্পাস নিশ্চিত করতে আইআইইউসি প্রশাসন সচেষ্ট রয়েছে। আমরা অভিযোগ পেলেই অভিযোগকারী পরিচয় গোপন রেখে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করে চলেছি। অভিযোগ কমিটির পক্ষ থেকে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে।' ২ জানুয়ারি ২০২৩ সোমবার বহদ্দারহাটস্থ বিওটি অফিসে অভিযোগ কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়।

# বঙ্গবন্ধু আইআইইউসি-জিএসসি আন্তঃ বিভাগীয় ফুটবল টুর্নামেন্ট-২০২২ পুরস্কার বিতরণী

▸▸ ১২তম পৃষ্ঠার পর

এনামুল হক শামীম এমপি ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী এমপি। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আইআইইউসির ট্রেজারার ও ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান ও বিওটি সদস্য রিজিয়া রেজা চৌধুরী। টুর্নামেন্টের স্পন্সর প্রতিষ্ঠান ছিল গ্লোবাল সলিউশন চট্টগ্রাম এবং স্পন্সর প্রতিষ্ঠানের পক্ষ থেকে উপস্থিত ছিলেন মোহম্মদ আকতার হোসেন। মাঠে উপস্থিত থেকে ফাইনাল খেলা উপভোগ করেন আইআইইউসি'র রেজিস্ট্রার এ.এফ.এম. আকতারুজ্জামান কায়সার, প্রক্টর জনাব ইফতেখার উদ্দিন, টিএমডির পরিচালক প্রফেসর ড. মহিউদ্দিন মাহী, আইএএসডব্লিউডির পরিচালক (ভারপ্রাপ্ত) মো. মাহফুজুর রহমান, অন্যান্য অফিসিয়ালস এবং উভয় বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক এবং ছাত্রছাত্রীবৃন্দ। তুমুল উত্তেজনাপূর্ণ এই ম্যাচটি সকাল সাড়ে ১১ টা নাগাদ শুরু হয়ে প্রথমার্ধ শেষ হয় গোল শূন্য অবস্থায়। যেখানে উভয় দলের খেলোয়াড়েরা অসাধারণ খেলা উপহার দেয়। দ্বীতিয়ার্ধের ঠিক মিনিট পাঁচেকের মাথায় টিম ডিবিএ এর জালে অসাধারণ হেড এ বল জড়ায় টিম ফার্মেসির সায়মন। এর পর পরই আরো একটা অসাধারণ হেডে গোল করেন টিম ফার্মেসির শোয়েব। এরপর কাউন্টার এ্যাটাকে প্রথম গোলটি করেন জিফু ডিবিএ এর পক্ষে। পরমুহূর্তেই মিড ফিল্ড থেকে দেওয়া দূর পাল্লার কিকে হেড করে ডিবিএর গোলরক্ষককে বোকা বানিয়ে টিম ফার্মেসির পক্ষে তৃতীয় গোলটি করেন ফাহিম। শেষ মুহূর্তে কর্নার কিক থেকে ডিবিএর রাবিব ডিবিএর পক্ষে দ্বিতীয় গোলটি করেন। অতঃপর মধ্য মাঠ থেকে টিম ফার্মেসির হয়ে শেষ কিক টি নেয় শোয়েব এবং অসাধারণ নৈপুন্যের সাথে আরো একবার গোলরক্ষককে বোকা বানিয়ে বলটি ডিবিএর জালে জড়ান এবং ৪-২ গোলে ডিবিএ কে পরাজিত করে টিম ফার্মেসি। ম্যান অফ দ্যা ফাইনাল খেতাব জিতেন টিম ফার্মেসির মুজাহিদুল ইসলাম শুয়াইব। বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট হয়েছেন ফার্মেসি ডিপার্টমেন্টের সিফাত ফয়সাল। বেস্ট গোলকিপার অব দ্যা টুর্নামেন্ট হয়েছেন ফার্মেসি ডিপার্টমেন্টের মোশাররফ। টুর্নামেন্টে সর্বোচ্চ গোল করে বেস্ট স্কোরার অফ দ্য টুর্নামেন্ট হয়েছেন ইবি ডিপার্টমেন্টের মেজবাউল ইসলাম আকাশ। ফেয়ার প্লে টিমের খেতাব পেয়েছে ই বি ডিপার্টমেন্ট। চ্যাম্পিয়ন টিমকে পঞ্চাশ হাজার টাকা প্রাইজমানি ও রানারআপ টিমকে পঁচিশ টাকা প্রাইজমানি এবং উভয় টিমের খেলোয়াড়দের ইনডিভিজুয়াল মেডেল প্রদান করা হয়।

# আইআইইউসি'র লিডস কর্পোরেশনের টেক সামিট ক্যারিয়ার ফেয়ার ২০২২ সমঝোতা স্মারক

▸▸ ১৫তম পৃষ্ঠার পর

অনুষ্ঠান শুরু হয়। উক্ত অনুষ্ঠানে সিএসই ডিপার্টমেন্টের সহযোগী অধ্যাপক ও বিশ্ববিদ্যালয়ের কোলাবোরেশান ও প্লেসমেন্ট সেন্টারের পরিচালক ড. শহিদুল ইসলাম খানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন আইআইইউসি'র ট্রেজারার এবং ভিসি ইনচার্জ প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "বিশ্বের উন্নতশিক্ষার দেশগুলোতে ইন্ডাস্ট্রির সাথে ইউনিভার্সিটির সম্পর্ক শক্তিশালী। ফলে এই পারস্পরিক সম্পর্কে উভয়পক্ষই উপকৃত হয়। আমাদের বিশ্ববিদ্যালয়ে আমরা লিডস কর্পোরেশনের মতো স্বনামধন্য ইন্ডাস্ট্রিগুলোর সাথে শক্তিশালী সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে দেশ ও সমাজের কল্যাণে কাজ করতে পারি"। তিনি আই আই ইউ সি ক্যাম্পাসে আসার জন্য লিডস কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিশেষ অতিথি হিসেবে ছিলেন আইআইইউসি'র বিওটি ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ, রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার, লিডস কর্পোরেশনের এমডি এবং সিইও শেখ আব্দুল ওয়াহেদ, ফ্যাকাল্টি অফ সায়েন্সের ডিন ড. শামীমুল হক এবং ডিপার্টমেন্ট অফ সিএসই এর চেয়ারম্যান ড. আব্দুল কাদের মাসুম। বিশেষ অতিথি প্রফেসর ড. কাজী দীন মুহাম্মদ বলেন, "লিডসের মতো স্বনামধন্য সফটওয়্যার কোম্পানীর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর আমাদের বিশ্ববিদ্যালয় ও কম্পিউটার সায়েন্স ডিপার্টমেন্ট কে আরও একধাপ এগিয়ে নিয়ে গেলো"। লিডস কর্পোরেশনের এমডি এবং সিইও শেখ আব্দুল ওয়াহেদ তার আলোচনায় ক্যারিয়ার গঠন এবং টেক কোম্পানীতে ইন্টারভিউ ফেসিং এর ব্যাপারে মুল্যবান বক্তব্য প্রদান করেন এবং আইআইইউসির শিক্ষার্থী দের ব্যাপারে মন্তব্য জানিয়ে বলেন, "আইআইইউসি'র গ্রেজুয়েট যখন আমাদের কাছে সিভি প্রেস করে, আমরা ধরে নেই সে নিশ্চয় একজন যোগ্য ক্যান্ডিডেট"। উক্ত অনুষ্ঠানে লিডস কর্পোরেশনের জেনারেল ম্যানেজার এস এম সাইফুর রাহমান, ডেপুটি জেনারেল ম্যানেজার সামসুল হক, এজিএম খান সাদাত আনোয়ার, সিনিয়র ম্যানেজার চৌধুরী মহিবুল হাসান, ডেপুটি ম্যানেজার জাহিদ হোসাইন, এক্সিকিউটিভ মোঃ এস এম আজমাইন সহ অনেক শিক্ষক, কর্মকর্তা এবং প্রায় চার শতাধিক ছাত্রছাত্রী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কোলাবোরেশান এবং প্লেসমেন্ট সেন্টার কর্তৃক আয়োজিত এবং আইআইইউসি ডাটা সাইন্স রিসার্চ গ্রুপ এর টেকনিক্যাল সাপোর্টে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে লিডস কর্পোরেশন ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পাদনের মাধ্যমে অনুষ্ঠানের ইতি হয়। এতে আইআইইউসির শতশত শিক্ষার্থীর ফ্রেশ গ্রেজুয়েট হিসেবে কর্মসংস্থানের সম্ভাবনার দ্বার উন্মোচন হয়।

# আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর ৯ম সভা




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর ৯ম সভা ২৮শে মার্চ ২০২৩ (মঙ্গলবার) আইআইইউসির বিওটি অফিসের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়।

আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর ৯ম সভায় সভাপতিত্ব করেন বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। পবিত্র কোরআন তেলওয়াত এর মাধ্যমে সভার শুরু হয় ও সভায় উপস্থিত সকলেই বাংলাদেশের মহান স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার, জাতীয় চার নেতা ও বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে তাদের আত্মার মাগফেরাত করেন ও দাড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন।

বোর্ড অব ট্রাস্টিজ এর ৯ম সভায় উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, আইআইইউসির বিওটি সদস্য খাদিজাতুল আনোয়ার সনি এমপি, বিওটি ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমেদ চৌধুরী, বিওটি সদস্য ও অডিট কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ ফসিউল আলম, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, বিওটি সদস্য ও মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ খালেদ মাহমুদ, বিওটি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, বিওটি সদস্য প্রফেসর মোহাম্মদ আব্দুর রহিম, বিওটি সদস্য ড. মোঃ শামসুজ্জামান, বিওটি সদস্য আলহাজ্ব মোঃ ইসমাইল মিয়া (মানিক), বিওটি সদস্য আব্দুল মতিন ভূঁইয়া। এসময় আরও উপস্থিত ছিলেন আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার।

আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজ এর ৯ম সভায় বিগত সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ, ২৪৫ তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী অনুমোদন, আইআইইউসির সরকারি, বেসরকারি ও বৈদেশিক সাহায্যে বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের প্রতিবেদন পেশ, উপাচার্য কর্তৃক আইআইইউসির সার্বিক একাডেমিক কার্যক্রমের প্রতিবেদন পেশ, ফাইন্যান্স কমিটির আর্থিক প্রতিবেদন পেশ, ইন্টারনাল অডিট কমিটির প্রতিবেদন পেশ, মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির প্রতিবেদন পেশ ও ফিমেল একাডেমিক জোন ম্যানেজম্যান্ট কমিটির প্রতিবেদন পেশ করা হয়।

সভায় আইআইইউসির একাডেমিক কার্যকলাপ, অবকাঠামোগত উন্নয়নমূলক কার্যক্রম ও সার্বিক অগ্রগতি পর্যালোচনা করে বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত সদস্যবৃন্দ সন্তুষ্টি প্রকাশ করেন এবং বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি মহোদয়ের নেতৃত্বে আইআইইউসির এই অগ্রযাত্রা আরও বেগবান হওয়ার আশা ব্যক্ত করেন।

# আইআইইউসি'র বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ অনুষ্ঠিত

▸▸ ১১তম পৃষ্ঠার পর

এসময় উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ এর সমন্বয়ক এবং আইআইইউসি আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. এম দেলোয়ার হোসেন ও বিভিন্ন ফ্যাকাল্টির শিক্ষকবৃন্দ। ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের এক্সিকিউটিভ ভাইস-প্রেসিডেন্ট ও সাউথ জোনের হেড মোহাম্মদ কামাল উদ্দিন, নর্থ জোনের হেড মোহাম্মদ হাফিজুর রহমান। এরপর চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৩ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করে। পরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর কেন্দ্রীয় অডিটোরিয়ামে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৩ এর বাছাইকৃত শিক্ষার্থীদের মাঝে সনদ বিতরনী অনুষ্ঠান হয়। উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের ইয়র্ক কলেজ অফ পেনসিলভানিয়ার ডিপার্টমেন্ট অফ ইলেকট্রিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং এর ডিরেক্টর প্রফেসর ড. কালা মিয়া। সম্মানিত অতিথির বক্তব্যে তিনি বলেন, তোমরা যারা আজকে এই বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ এ অংশগ্রহণ করেছো তোমরা সবাই এদেশের ভবিষ্যৎ। আমি নিজেও বিজ্ঞানের একজন ছাত্র ছিলাম। জীবনে কখনোই আত্মতুষ্টিতে ভোগা যাবে না, জ্ঞান অর্জনের ক্ষুধাকে সবসময় বাঁচিয়ে রাখতে হবে। তাহলেই জীবনে সফলতা আসবে। উক্ত সনদ বিতরনী অনুষ্ঠানে চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ এর সমন্বয়ক এবং আইআইইউসি আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. এম দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি এর রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, সাইন্স ফ্যাকাল্টির ভারপ্রাপ্ত ডীন প্রফেসর ড. মুনিরুল ইসলাম, টিএমডির চেয়ারম্যান প্রফেসর ড. মাহি উদ্দিন, সিএসই ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ড. একেএম মাসুম, ইইই ডিপার্টমেন্টের চেয়ারম্যান ড. সিকদার সানবিম চৌধুরী, সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ড. ইঞ্জিনিয়ার মুহাম্মদ আবু ইউসুফ, ইটিই ডিপার্টমেন্টের এসোসিয়েট প্রফেসর ও চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ অর্গানাইজিং কমিটির সদস্য সচিব ইঞ্জিনিয়ার মোঃ জসিম উদ্দিন। চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ মাধ্যমিক (নবম-দশম শ্রেণি ও সমমান) এবং উচ্চ মাধ্যমিক (একাদশ-দ্বাদশ শ্রেণি ও সমমান) এ দুই গ্রুপে অনুষ্ঠিত হয়। বিজ্ঞান অলিম্পিয়াডে পদার্থবিজ্ঞান, রসায়নবিজ্ঞান, জীববিজ্ঞান ও গণিত থেকে সৃজনশীল প্রশ্নের মাধ্যমে শিক্ষার্থীদের মেধা যাচাই করা হয়। এই প্রতিযোগিতায় চট্টগ্রাম বিভাগের সর্বমোট ১০৫ টি স্কুল-কলেজ থেকে মোট ৫৪৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে, তার মধ্যে ৭৫ টি স্কুল থেকে ৩৭০ জন এবং ৩০টি কলেজ থেকে ১৭৩ জন শিক্ষার্থী। চট্টগ্রাম বিভাগীয় বিজ্ঞান অলিম্পিয়াড ২০২৩ থেকে মেধা অনুযায়ী ২৫ জন শিক্ষার্থী নির্বাচিত হয়েছে, যারা ১১ ফেব্রুয়ারি ২০২৩ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলে চূড়ান্ত পর্বে অংশগ্রহণ করে।

# পঞ্চম সমাবর্তন উপলক্ষ্যে সংবাদ সম্মেলন

▸▸ ১০তম পৃষ্ঠার পর

মান্যবর চ্যান্সেলর ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদের সদয় সম্মতিতে তাঁর প্রতিনিধি হিসেবে এ সমাবর্তনে সভাপতি হিসেবে উপস্থিত থেকে গ্র্যাজুয়েটদের পদক ও সনদ বিতরণ করবেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিষ্টার মহিবুল হাসান চৌধুরী এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য প্রফেসর ড. বিশ্বজিত চন্দ। সমাবর্তন বক্তৃতা প্রদান করবেন বিশিষ্ট প্রকৌশলী ও পরিবেশ বিশেষজ্ঞ, প্রফেসর ইমেরিটাস ও ব্রাক বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ড. আইনুন নিশাত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আইআইইউসি বোর্ড অব ট্রাষ্টিজের মাননীয় চেয়ারম্যান প্রসেফর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী এমপি।' তিনি আরও বলেন, 'এবারের সমাবর্তনে বসন্ত সেমিষ্টার ২০১৬ থেকে শরৎ সেমিষ্টার ২০২০ পর্যন্ত ১৫ হাজার ৩৬১ গ্র্যাজুয়েটকে ডিগ্রী প্রদান করা হবে। আশা করা হচ্ছে, ২ হাজার ১৪০ গ্র্যাজুয়েট সমাবর্তনে সরাসরি অংশ নিয়ে সনদ গ্রহণ করবেন। তম্মধ্যে ২৯ জন চ্যান্সেলর গোল্ড মেডেল ও ১৩৭ জন ভাইস চ্যান্সেলর গোল্ড মেডেলের জন্যে নির্বাচিত হয়েছেন। এছাড়া এই সমাবর্তনে স্থানীয় সংসদ সদস্যবৃন্দ দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, পেশাজীবী নেতৃবৃন্দ ও আইআইইউসির শিক্ষক কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। পঞ্চম সমাবর্তন উপলক্ষে সবধরনের প্রস্তুতি সম্পন্ন হয়েছে। আইআইইউসি গ্র্যাজুয়েটদের মধ্যে এ বর্ণাঢ্য আয়োজন নিয়ে ব্যাপক আগ্রহ ও উচ্ছাস সৃষ্টি হয়েছে। আশা করি সকলের সহযোগিতায় আমরা একটি সফল সমাবর্তন অনুষ্ঠান সম্পন্ন করতে পারবো।' সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও মিডিয়া, প্রেস, পাবলিকেশন্স এন্ড অ্যাডভার্টাইজমেন্ট কমিটির চেয়ারম্যান খালেদ মাহমুদ, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী, রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার।

# আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের ৮ম সভা

▸▸ ১৩তম পৃষ্ঠার পর

কাজী দ্বীন মুহাম্মদ, ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, প্রফেসর ড. মো. ফসিউল আলম, মোহাম্মদ খালেদ মাহমুদ, মিয়া মুহাম্মদ ইসমাঈল মানিক, প্রফেসর ড. মুহাম্মদ সালেহ জহুর, জামান আরা বেগম, মুহাম্মদ বদিউল আলম, অধ্যাপক মোহাম্মদ আবদুর রহিম, ড. মো. শামসুজ্জামান, আব্দুল মতিন ভূঁইয়া। বিওটি চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এ সময় বলেন, 'সরকারী-বেসরকারী ও বৈদেশিক সাহায্যে আইআইইউসিতে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে সহযোগিতার জন্য মন্ত্রী সভার সদস্য, সাংসদ, সরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, বেসরকারি প্রতিষ্ঠানকে আমি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।' প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি আগামী ২৯ অক্টোবর ২০২২ তারিখে আইআইইউসির ২৫ বছর পূর্তি উপলক্ষে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানে বোর্ড অব ট্রাস্টিজের সকল সদস্যদের আমন্ত্রণ জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন। উক্ত অনুষ্ঠানে প্রায় ৫০ এর অধিক বিদেশি মেহমানসহ দেশের বিভিন্ন বিশিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত থাকবেন।

# শেখ রাসেল দিবস উদযাপিত

▸▸ ৬ষ্ঠ পৃষ্ঠার পর

সদস্যের সাথে নির্মমভাবে হত্যা করা হয়। বঙ্গবন্ধুর পরিবারের সকল সদস্য ও নিকট আত্মীয়দের হত্যার পর ঘৃণ্য ঘাতকরা চিন্তা করেছিল, শিশু রাসেল বেঁচে থাকলে একদিন সেও বঙ্গবন্ধুর আদর্শের একজন হবে তাই তাকেও হত্যা করে বর্বর ঘাতকরা নিষ্ঠুরতার সর্বোচ্চ পরিচয় দেয়। নিস্পাপ শিশু রাসেল যেন আমাদের আলোকবর্তিকা হয়ে ভবিষ্যতের প্রেরনা হয়। আমরা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি"।

বক্তব্যের এক পর্যায়ে তিনি বলেন, "পুরো পরিবারসহ ১০ বছরের ছোট্ট ভাই হারানোর শোক বঙ্গবন্ধুর দুই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শেখ রেহানা ছাড়া আর কেউ অনুভব করতে পারবে না"।

আইআইইউসির উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এবং ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. এম গিয়াস উদ্দিন হাফিজ, শরীয়াহ ও ইসলামীক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. শাকের আলম শওক, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. আকতার সাঈদ ও রেজিস্ট্রার এ এফ এম আক্তারুজ্জামান কায়সার, পরিবহন ব্যাবস্থাপনা বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মহি উদ্দিন।

আলোচনা অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম অ্যান্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগের (বিআরসিআইআইডি) পরিচালক ও ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মো. ছরোয়ার আলম। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় চেয়ারম্যান বৃন্দ, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

# যথাযথ মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত

▸▸ ৭ম পৃষ্ঠার পর

সভাপতির বক্তব্যে তিনি বলেন, আজকের এই মহান দিনে স্বাধীনতা সংগ্রামে শহীদদের স্মরণ করছি ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি এবং জীবিত মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা যারা আমাদের আলোকবর্তিকা, তাঁদের জানাই বিনম্র শ্রদ্ধা। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। আরও উপস্থিত ছিলেন আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহিদ হোসেন সিকদার, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ শামীমুল হক চৌধুরী, শরীয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোস্তফা কামিল মাদানি, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, আইকিউএসি এর ডিরেক্টর প্রফেসর ড. দেলোয়ার হোসেন, সাইন্সেস অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টে চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভী, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, আরবী ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. মোঃ মাহমুদুল হাসান, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন সহ আইআইইউসির শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ। পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে আলোচনা সভার শুরু হয়, কোরআন তেলওয়াত করেন আইআইইউসির কেন্দ্রীয় মসজিদের ইমাম মোঃ আতিকুল ইসলাম। আলোচনা সভা সঞ্চালনা করেন ট্রান্সপোর্ট ম্যানেজম্যান্ট ডিভিশনের চেয়ারম্যান প্রফেসর ড. মাহি উদ্দিন।

# ক্যাম্পাসের অবকাঠামো উন্নয়নমূলক কাজ পরিদর্শন



আইআইইউসি ক্যাম্পাসের অবকাঠামো উন্নয়নমূলক কাজসমূহ পরিদর্শন করেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও সাতকানিয়া-লোহাগাড়া আসনের সংসদ সদস্য প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। এসময় উপস্থিত ছিলেন আইআইইউসির উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টির সদস্য ও ফিনেন্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী ও উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তাবৃন্দ।

# আইআইইউসি ও সংযুক্ত আরব আমিরাতের এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত

▸▸ ১৫তম পৃষ্ঠার পর

ম্যানেজিং ডিরেক্টর শেখ সুলতান, ইকোনমিক গ্রুপ হোল্ডিংস এর ম্যানেজিং ডিরেক্টর শেখ সাঈদ, ইকোনমিক গ্রুপ হোল্ডিংস এর এক্সিকিউটিভ ডিরেক্টর রাউফ আলী, ইকোনমিক গ্রুপ হোল্ডিংস এর আইটি ম্যানেজার আবিদীন সুলাইমান, এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর চিফ টেকনিক্যাল অফিসার আরিফ রেজা, এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার মোহাম্মদ মামুন আকবর। এই সমঝোতা স্মারকে (এমওইউ) আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের পক্ষে সাক্ষর করেন বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এবং এক্সট্রিম ইন্টেলিজেন্স টেকনোলজিস এলএলসি এর পক্ষে সাক্ষর করেন ইকোনমিক গ্রুপ হোল্ডিং লিমিটেডের নির্বাহী পরিচালক রাউফ আলী। এই সমঝোতা স্মারকের (এমওইউ) এর ফলে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) হাইটেক নলেজ শেয়ারিং, আইআইইউসির গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের চাকরির সুযোগ, শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল ভিজিট, স্টাডিস ও সার্ভে, ফ্যাকাল্টি মেম্বার ও অফিসারদের ইন-প্ল্যান্ট ট্রেনিং ও স্পেশাল টেকনিক্যাল ট্রেনিং, শিক্ষার্থীদের ইন্টার্নি, প্রোজেক্ট ওয়ার্ক, আন্তর্জাতিক মানের ল্যাব তৈরি, আইটি ইনফ্রা-স্ট্রাকচার উন্নতকরণ ও ডাটা সেন্টার তৈরি, গেস্ট লেকচারস সহ আরও বিভিন্ন প্রকারের সুযোগ-সুবিধা পাবে।

# আইআইইউসি এবং ইউআইটিএম মালয়েশিয়ার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

▸▸ ১৫তম পৃষ্ঠার পর

(ইউআইটিএম), মালয়েশিয়ার সর্ব বৃহৎ বিশ্ববিদ্যালয় গুলোর একটি। এই বিশ্ববিদ্যালয়ে মোট ১,৮৮,০০০ জন শিক্ষার্থী, ৯,০০০ ফ্যাকাল্টি মেম্বার এবং মালয়েশিয়ায় ৩৪টির মত ক্যাম্পাস রয়েছে। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে আইআইইউসির ভাইস-চ্যান্সেলর প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম আরিফ এবং ইউআইটিএম এর সহকারী ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. শাহরিমান জয়নাল আবিদীন আশা প্রকাশ করেছে যে উভয় প্রতিষ্ঠানই পারস্পরিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে সহযোগিতা করবে। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আইআইইউসির প্রো ভাইস-চ্যান্সেলর প্রফেসর ডক্টর মোহাম্মদ মছরুরুল মাওলা এবং আইআইইউসির সেন্টার ফর রিসার্চ অ্যান্ড পাবলিকেশনের (সিআরপি) পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আখতারুজ্জামান খান। এই সমঝোতা স্মারকটি স্বাক্ষরের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয় দুইটির মধ্যে উন্নততর শিক্ষা, পাঠদান এবং ছাত্র ছাত্রীদের স্কলারশিপ বিনিময়ের নতুন দ্বার উন্মোচন করল। তাছাড়া, এর মাধ্যমে বিশ্ববিদ্যালয় দুইটির মধ্যে শিক্ষা ও গবেষণা কার্যক্রমে সহযোগিতা ও উৎসাহিত করে এমন ইভেন্টগুলি সংগঠিত করা সম্ভব। ইউআইটিএম এর অ্যাকাউন্টিং রিসার্চ ইনস্টিটিউট (এআরআই) এর পরিচালক অধ্যাপক ডাঃ জামালিয়াহ সাঈদ এ কার্যক্রম বাস্তবায়নে তাদের পূর্ণ সমর্থনের জন্য ভাইস চ্যান্সেলরদের ধন্যবাদ জানান। তিনি আত্মবিশ্বাস ব্যক্ত করেন যে, প্রতিষ্ঠানগুলো সহযোগিতামূলক কর্মকাণ্ড চালিয়ে যাবে যা কেবল এই দুই বিশ্ববিদ্যালয়ই নয়, মালয়েশিয়া ও বাংলাদেশের সামাজ উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

# আইআইইউসি ক্যাম্পাসে ডিপার্টমেন্টাল স্টোর এন্ড গিফট শপের শুভ উদ্বোধন

▸▸ ১৪তম পৃষ্ঠার পর

কামনা করছি।" এ সময় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ. এফ. এম. আখতারুজ্জামান কায়সার, টিএমডি ও এসএডি চেয়ারম্যান প্রফেস্বর ড. মাহি উদ্দীন, প্রক্টর মো. ইফতেখার উদ্দিন সহ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

# আন্ত:বিভাগীয় ফুটবল টুর্নামেন্ট- ২০২২ জার্সি উন্মোচন

▸▸ ১২তম পৃষ্ঠার পর

এএফএম আখতারুজ্জামান কায়সার, টুর্নামেন্ট কমিটির কো-কনভেনর জাহিদুর রহমান, আইএএসডব্লিউডির ডিরেক্টর (ইনচার্জ) ও টুর্নামেন্ট কমিটির সদস্য মুহাম্মদ মাহফুজুর রহমান, প্রফেসর ড আখতারুজ্জামান খান, পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান জিএসসি গ্লোবাল সলিউশন এর ম্যানেজিং ডাইরেক্টর মোঃ আকতার হোসাইন, স্পোর্টস এসিস্ট্যান্ট ডাইরেকটর আবদুস সেলিম, স্পোর্টস এডমিনিস্ট্রেটিভ অফিসার মোঃ সেলিম উদ্দিন, টুর্নামেন্টে অংশগ্রহনকারী ছাত্রবৃন্দ এবং অন্যান্যরা।

# ইনস্টিটিউট অফ ফরেইন লেঙ্গুয়েজেস্ এর ইনফরমেশন এক্সচেঞ্জ প্রোগ্রাম অনুষ্ঠিত

►► ১০তম পৃষ্ঠার পর

পারদর্শী। তাই বিদেশি ভাষা শিখে বিদেশেও আমরা বিভিন্ন কাজে সফল হতে পারি। মুসলমান হিসেবেও আমাদের সবার আরবি জানা প্রয়োজন। তিনি শীঘ্রই ভাষা শিক্ষার একটি আধুনিক ল্যাব করার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার নির্দেশ প্রদান করেন। বিশেষ অতিথির বক্তব্যে আইআইইউসি ট্রাস্টি বোর্ডের ভাইস চেয়ারম্যান জনাব কাজী দ্বীন মোহাম্মদ বলেন, দীর্ঘদিনের লালিত একটি স্বপ্ন আজ বাস্তবতায় রুপ নিয়েছে। আমি মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সাথে শুরু থেকেই আরবি ভাষা শিক্ষা কোর্সের সাথে জড়িত ছিলাম। আমি চাই দেশের বিভিন্ন অঞ্চল থেকে শিক্ষার্থীরা বিদেশি ভাষা শেখার জন্য এখানে আসবে এবং আমাদের বিশ্ববিদ্যালয়ের সুনাম আরো বৃদ্ধি পাবে। আইআইইউসির ইনস্টিটিউট অফ ফরেইন লেঙ্গুয়েজেস (আইএফএল) এর ডিরেক্টর ও আইআইইউসির প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, আইআইইউসির বোর্ড অফ ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, আইআইইউসির ফিনেন্স কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য জনাব ড. ইঞ্জিনিয়ার রশিদ আহমেদ চৌধুরী, আইআইইউসির একাডেমিক এন্ড টেকনিক্যাল এডভাইজার প্রফেসর ড. মোঃ শাহাদাত হোসেন, রেজিস্ট্রার এএফএম আক্তারুজ্জামান কায়সার, বিভিন্ন অনুষদের ডীন বৃন্দ, ডিপার্টমেন্টের চেয়ারম্যানগন, বিভিন্ন ডিপার্টমেন্টের শিক্ষকবৃন্দ, বিদেশি ভাষা শিক্ষা ইন্সটিটিউট এর উপ পরিচালক শাহাদাত হোসাইন এবং তুর্কি ভাষা শিক্ষার কো-অর্ডিনেটর জনাব শামীম হোসাইন এবং শিক্ষর্থীবৃন্দ।

# আইআইইউসি ও ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

►► ১৫তম পৃষ্ঠার পর

এই সেমিনারে শিক্ষার্থীদের উচ্চশিক্ষার জন্য দিকনির্দেশনা বিষয়ক আলোচনার পাশাপাশি ইউনিভার্সিটি অব ওয়াশিংটনে উচ্চশিক্ষার জন্য আবেদন প্রক্রিয়া, বর্তমান বৈশ্বিক সংকটে বাংলাদেশের জলবায়ু-সহনশীল, জ্বালানি-সাশ্রয়ী এবং ডিকার্বনাইজড চাল উৎপাদন ব্যবস্থা নিয়ে আলোচনা রাখেন বক্তারা। এছাড়াও ইউনিভার্সিটি অব ওয়াশিংটন ও আইআইইউসির যৌথ উদ্যোগে ম্যাজিক সায়েন্স বাস প্রজেক্ট শুরুর ব্যাপারে আলোচনা করা হয়। এই সেমিনার আয়োজনে সহযোগিতা করে আইআইইউসি ডাটা সায়েন্স রিসার্চ গ্রুপ ও আইইইই স্টুডেন্ট ব্রাঞ্চ। সেমিনার ও সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী এমপি, সভাপতিত্ব করেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি ছিলেন আইআইইউসির উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, ইউনিভার্সিটি অব ওয়াশিংটনের সিভিল ও এনভারনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. ফয়সাল হোসাইন, আইআইইউসি'র আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মো. দেলোয়ার হোসাইন, সাইন্স এবং ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. মোহাম্মদ আক্তার সাইদ, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সারসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক এবং কমর্কতাগণ। অনুষ্ঠানের আহ্বায়ক ছিলেন আইআইইউসির ট্রান্সপোর্ট ডিভিশনের চেয়ারম্যান প্রফেসর ড. মো. মাহিউদ্দিন, একাউন্টস এবং ফাইনেন্স ডিভিশনের ভারপ্রাপ্ত ডিরেক্টর প্রফেসর আফজাল আহমেদ এবং সদস্য সচিব ছিলেন কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ও আইআইইউসির কোলাবরেশন ও প্লেসমেন্ট সেন্টারের পরিচালক ড. শহিদুল ইসলাম খান নাঈম।

# আমেরিকান দূতাবাস প্রতিনিধিদের সঙ্গে আইআইইউসি প্রশাসনের মতবিনিময়

►► ১৩তম পৃষ্ঠার পর

রায়হানা সুলতানা, ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামস কো-অর্ডিনেটর শাওন কর্মকার, নেপালস্থ আমেরিকান দূতাবাসের কাঠমন্ডুর প্রোগ্রাম স্পেশালিস্ট বিশ্ব গৌতম ও নেপালের রিজিওনাল ইংলিশ ল্যাঙ্গুয়েজ অফিসার ড. নাবিলা মাসৌমি উপস্থিত ছিলেন। আইআইইউসি'র পক্ষ থেকে এতে অংশ নেন উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, উপ উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, ডিপার্টমেন্ট অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচারের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, রেজিস্ট্রার এ.এফ.এম. আকতারুজ্জামান কায়সার, ইনস্টিটিউট অব মডার্ণ ল্যাঙ্গুয়েজেসের ডিরেক্টর মো. ইফতেখার উদ্দিন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. মুহিব উল্লাহ।

# একাডেমিক কাউন্সিল এর ৪৬তম সভা

►► ১৩তম পৃষ্ঠার পর

চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মোহাম্মদ, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমদ চৌধুরী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর আরবি বিভাগের প্রফেসর ড. গিয়াস উদ্দিন তালুকদার, আইআইইউসির পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, আইআইইউসির সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহেদ হোসেন সিকদার, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. শামীমুল হক চৌধুরী, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ মোস্তফা কামিল সহ একাডেমিক কাউন্সিল এর অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় বিগত ৪৫ তম একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরনী পেশ ও সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। গত সেমিস্টারের একাডেমিক রিপোর্ট পেশ করা হয় ও পরীক্ষার ফলাফল অনুমোদন করা হয়। আইআইইউসির সার্বিক একাডেমিক কার্যক্রম পরিচালনার বিষয়ে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা দেওয়া হয়।

# অভিযোগ কমিটির ২য় সভা

►► ১৪তম পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, অভিযোগ কমিটির সদস্য সচিব ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক আবসার উদ্দিন, ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট ডিভিশনের পরিচালক ড. মহিউদ্দিন মাহী, প্রক্টর ড. নেজামুল হক, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক ছরওয়ার আলম, আইন বিভাগের সহকারী অধ্যাপক আনজুম আরা বেগম, তাসলিমা খানম, ফিমেল একাডেমিক জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) নৈতিক মুল্যবোধ সম্পন্ন নাগরিক তৈরির কাজ করছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম জেলা পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী। ২৮ জুলাই ২০২২ বৃহস্পতিবার আইআইইউসি ট্রাস্ট অফিসে অভিযোগ কমিটির সভায় এ কথা বলেন তিনি।

# মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির ৬ষ্ঠ সভা




২০ মার্চ ২০২৩ সোমবার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির ৬ষ্ঠ সভা আইআইইউসির প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। আইআইইউসির মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির চেয়ারম্যান মোহাম্মদ খালেদ মাহমুদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় উপস্থিত ছিলেন আইআইইউসির মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বোর্ড অফ ট্রাস্টিজ এর সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, এসিএডির পরিচালক (ভারপ্রাপ্ত) সিরাজুল আরেফিন, আইএএসডব্লিউডির পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ মাহফুজুর রহমান।

# জাপানের প্রফেসরদের সহযোগিতায় ইংরেজি শিক্ষকদের মান উন্নয়নে দিনব্যাপী কনফারেন্স

►► ১০ম পৃষ্ঠার পর

প্রতিদিনের ক্লাসরুমে প্রয়োগ করা যেতে পারে । প্রফেসর ডক্টর মোহাম্মদ হুমায়ুন কবির, ডিন, ফ্যাকাল্টি অফ আর্টস অন্ড হিউম্যানিটিস এবং কোষাধ্যক্ষ, আইআইইউসি বিশেষ অতিথি হিসেবে বক্তব্য উপস্থাপন করেন এবং শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে মান সম্মত শিক্ষা নিশ্চিত করার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। যা শিক্ষকদের আরোও উজ্জীবিত ও শাণিত করেছিল। তিনি শিক্ষকদের সর্বদা নতুন কিছু শিখতে ও শিখাতে এবং কৌতুহলী থাকার পরামর্শ দেন । দীর্ঘদিনের বিভিন্ন দেশের শিক্ষকতার বৈচিত্রময় অভিজ্ঞতা দিয়ে বিদেশি প্রফেসরগণ ইন্টারেক্টিভ সেশন এর মাধ্যমে শুরু থেকে শেষ পর্যন্ত শিক্ষকদের নিমগ্ন রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেলটা চিটাগং সাউথ এর চ্যাপ্টার চেয়ার এবং আইআইইউসির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মহিব উল্লাহ ।

# আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও বিগ ডাটার গুরুত্ব শীর্ষক সেমিনার

►► ১১তম পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপাচার্য প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আই আই ইউ সি বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির এবং রেজিস্ট্রার জনাব এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার। উক্ত সেমিনারের প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ড. জিয়া উদ্দীন, প্রফেসর, ডিপার্টমেন্ট অব এ.আই. এন্ড বিগ ডাটা, উসং ইউনিভার্সিটি, দক্ষিণ কোরিয়া এবং এলামনাই সিসিই ৪র্থ ব্যাচ, আই-আই-ইউ-সি। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. জাংপিল শিন, স্কুল অব কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইউনিভার্সিটি অব আইযু, জাপান। বক্তব্য শেষে প্রধান অতিথি অনুষ্ঠানের প্রধান বক্তাকে সম্মাননা স্মারক হিসেবে একটি ক্রেস্ট তুলে দেন।

# আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজের প্রথম সভা

►► ১৩তম পৃষ্ঠার পর

আলম, প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, চবি'র প্রফেসর ড. মোহাম্মদ ছালেহ্ জহুর, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সভাপতি আবু সুফিয়ান, রিজিয়া সুলতানা চৌধুরী, মিয়া মুহাম্মদ ইসমাইল, মো. আবদুর রহিম, মো. খালেদ মাহমুদ, মুহাম্মদ বদিউল আলম, প্রফেসর ড. সিরাজুল করিম প্রমুখ। সভায় এমপি নদভী আইআইইউসি'র নবগঠিত বোর্ড অব ট্রাস্ট গঠন ও অনুমোদন দেয়ায় প্রধানমন্ত্রী, শিক্ষা মন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে ধন্যবাদ জানান এবং আইআইইউসিকে আদর্শিক ও মূল্যবোধ ভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গঠনের লক্ষ্যে সরকারের সহযোগিতা আশা করেন।

# আইআইইউসি'র ২৪৫ তম সিন্ডিকেট সভা

►► ১৪তম পৃষ্ঠার পর

প্রফেসর ড. দেলোয়ার হোসেন, সাইন্সেস অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. নামজুল হক নদভী ও রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার উপস্থিত ছিলেন। উক্ত সভায় বিগত ২৪৪ তম সিন্ডিকেট সভার কার্যবিবরনী পেশ ও সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। একাডেমিক কাউন্সিল সভা, ফাইন্যান্স কমিটির সভা, ডিসিপ্লিন কমিটির সভা, পিএসপি সভা, সিআরপি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে সিন্ডিকেট সভায় অনুমোদন দেওয়া হয়।

# আইইউটি এবং আইআইইউসি'র একাডেমিক সমঝোতা স্মারক স্বাক্ষর

►► ১৫তম পৃষ্ঠার পর

ড. মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার উপস্থিত ছিলেন। এ সমঝোতা স্মারকের আওতায় যৌথ গবেষণা কার্যক্রম এবং প্রকাশনা, স্নাতকোত্তর স্তরে আইআইইউসি'র ফ্যাকাল্টি সদস্যদের ভর্তির সুযোগ, স্নাতকোত্তর স্তরে যৌথ থিসিস তত্ত্বাবধান, একাডেমিক স্টাফ এক্সচেঞ্জ প্রোগ্রাম, কর্মী ব্যবস্থাপনা বিনিময়, পাঠ্যক্রম উন্নয়ন, সেমিনার, কর্মশালা, ওয়েবিনার এবং শর্ট কোর্সের আয়োজন, তথ্য বিনিময় এবং প্রকাশনা, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণা সুবিধা শেয়ারিংসহ উভয় প্রতিষ্ঠানের সম্মতিতে বিভিন্ন একাডেমিক কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হবে।

# মাস্টার্সের ১ম ব্যাচ এর বর্ণাঢ্য ওরিয়েন্টেশন



সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের আয়োজনে ১৫-১০-২০২২ ইং অটাম-'২২ সেশনের হাদিস বিভাগের মাস্টার্সের ১ম ব্যাচের বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলার, চট্টগ্রাম-১৫ আসনের মাননীয় সাংসদ ও আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী এম.পি। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্রগ্রাম'র মান্যবর ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শরিয়াহ ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. শাকের আলম শওক, বিশিষ্ট ইসলামিক স্কলার ও হাদিস বিভাগের গেস্ট টিচার ড. মুসলেহ উদ্দীন ও ড. আব্দুল্লাহ আল ফারুক। এতে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভী।

# আড্ডা উইথ রাইটার




"Adda with writer" প্রোগ্রাম আয়োজন: দা'ওয়াহ শিক্ষার্থীদের লেখালেখির হাতকে শক্তিশালী করতে এই আয়োজন করা হয়। খ্যাতিমান লেখক ও গবেষক জিয়াউল হক ছাত্রদের সাথে লেখালেখির খুঁটিনাটি আলোচনা করেন। ছাত্রদের কথা শুনে তাদেরকে লেখালেখি বিষয়ক বিভিন্ন টিপস প্রদান করেন। প্রোগ্রামটি ৩০ মার্চ-২০২২ দাওয়াহ বিভাগের ৪০২ নং রুমে আয়োজন করা হয়।

# দা'ওয়াহ বিভাগের উদ্যোগে মেরিট এওয়ার্ড প্রোগ্রাম



দা'ওয়াহ বিভাগের উদ্যোগে প্রতি সেমিস্টারে জিপিএ-৩.৯ থেকে জিপিএ-৪.০০ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মেরিট এওয়ার্ড প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় গত ৩১ মে, ২০২২ অটাম-২০২১ ও স্প্রিং-২০২১ সেমিস্টারের ছাত্র-ছাত্রীদের মেরিট এওয়ার্ড প্রদান করা হয়। শরীয়াহ অনুষদের সম্মানিত ডিন প্রফেসর ড. শাকের আলম শওক, বিভাগীয় চেয়ারম্যান জনাব আ.ফ.ম নূরুজ্জামান এবং অন্যান্য শিক্ষকদের হাত থেকে শিক্ষার্থীরা এই এওয়ার্ড গ্রহণ করেন।




৪ জুন, ২০২২ দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে মাস্টার্স প্রোগ্রামের স্প্রিং-২০/অটাম-২০ সেমিস্টারের সমাপনী অনুষ্ঠান সম্পন্ন।

# আরবী ভাষা শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা শীর্ষক সেমিনার



"কুরআন-সুন্নাহ ও শরীয়াহ-জ্ঞান অনুধাবনে আরবী ভাষা শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা" শীর্ষক সেমিনার আয়োজন। দা'ওয়াহ বিভাগের উদ্যোগে পুঁইছড়ি ইসলামিয়া কামিল মাদরাসা, বাঁশখালীতে উক্ত সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন দাওয়াহ বিভাগের শিক্ষক জনাব শোয়াইব উদ্দীন মাক্কী।

# সেমিস্টার ভিত্তিক স্কলারশিপ প্রোগ্রাম



দা'ওয়াহ বিভাগ মেধাবী ছাত্র-ছাত্রীদের সেমিস্টার ভিত্তিক স্কলারশিপ প্রদান করে থাকে। পরীক্ষার রেজাল্টের ওপর ভিত্তি করে এই স্কলারশিপ প্রদান করা হয়। জিপিএ-৩.৭৫ থেকে জিপিএ-৪.০০ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে স্কলারশিপ প্রদানের জন্য বিবেচনা করা হয়। গত ২০ সেপ্টেম্বর ২০২১ অটাম-২০২০ ও স্প্রিং-২০২০ সেমিস্টারের স্কলারশিপ প্রদান করা হয়। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) এর সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এবং ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ এর হাত থেকে শিক্ষার্থীরা স্কলারশিপ গ্রহণ করেন।

# "হাদীস স্টাডিজ"-এর মোড়ক উন্মোচন ও পুরস্কার বিতরণ



সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে ২১-০৩-২০২২ইং তারিখে "হাদীস স্টাডিজ"-এর মোড়ক উন্মোচন এবং সিরাত পাঠ প্রতিযোগিতার পুরষ্কার বিতরন অনুষ্ঠিত হয়েছিল। এতে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভী। প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্রগ্রাম'র মান্যবর ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। বক্তব্যে মাননীয় ভিসি কুরআন-হাদীসের উপর আরো বেশি গবেষণার উপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে হাদীস বিভাগের কার্যক্রমের ভূয়সি প্রশংসা করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শরী'য়াহ অনুষদের ডীন প্রফেসর ড. শাকের আলম শাওক, 'দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের চেয়ারম্যান জনাব আ.ফ.ম. নুরুজ্জামান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, IIUC Hadith Club (Male & Female), উভয় সেকশনের প্রেসিডেন্টদ্বয়, হাদিস বিভাগ সহ বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলী, হাদিস ক্লাবের কার্যকরী কমিটির সদস্যবৃন্দ এবং বিভিন্ন ডিপার্টমেন্টের ছাত্র-ছাত্রীরা। পরিশেষে বাংলা ও আরবী মাধ্যমে হওয়া সীরাত পাঠ প্রতিযোগিতায় সর্বমোট ১০ জন প্রতিযোগীকে পুরস্কৃত করা হয়। বিজয়ীদের হাতে পুরস্কার হিসেবে সার্টিফিকেট, নগদ অর্থ ও মূল্যবান বই তুলে দেন মান্যবর প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দ।

# শিক্ষা সেমিনার



সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের আয়োজনে ৩১-১০-২০২২ইং একটি শিক্ষা সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ইসলামিক স্কলার, চট্টগ্রাম-১৫ আসনের মাননীয় সাংসদ ও আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দীন নদভী এম.পি। প্রধান আলোচক ছিলেন আইআইইউসি ট্রাস্ট এর জেনারেল অ্যাসেম্বলির সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. আবদুল্লাহ আব্দুল আজীজ আল-মুসলিহ। তিনি কুরআন, বিজ্ঞান এবং যুবকদের করণীয় শিরোনামে আলোচনা করেন। প্রধান মেহমান ছিলেন যুক্তরাজ্যের ক্যাম্ব্রিজ কলেজ অব ইসলামিক স্টাডিজ এর ডীন ও আস-সালাম ইন্সটিটিউট এর পরিচালক বিশ্ববিখ্যাত স্কলার ড. মুহাম্মদ আকরাম নদভী। তিনি আরবি ভাষায় 'হাদিসের বিশ্বস্ত বর্ণনাকারীগন এবং হাদিসকে বিশুদ্ধ সাব্যস্ত করার ক্ষেত্রে তাঁদের পদ্ধতি' বিষয়ের ওপর আলোচনা করেন। সায়েন্সেস অব হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভীর সভাপতিত্বে এতে অরো উপস্থিত ছিলেন বেফাকুল মাদারিসিল আরাবিয়াহ এর নবনিযুক্ত মহাপরিচালক মাওলানা উবাইদুর রহমান খান নদভী, ভারতের নদওয়াতুল ওলামার শিক্ষক খলীল হাসানী, ভারতের ঝাড়খন্ড মাদ্রাসার মহাপরিচালক আফতাবুল আলম নদভী, জনাব উবায়দুল কাদের নদভী। এছাড়াও উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ এর ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. গিয়াস উদ্দীন হাফিজ. শরীয়া ফ্যাকাল্টির তৎকালীন ডীন প্রফেসর ড. শাকের আলম শাওক, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব আ.ফ.ম আখতারুজ্জামান কায়সার। সায়েন্সেস অব হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, কোরআনিক সায়েন্স এন্ড ইসলামিক স্টাডিজ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ, এ্যারাবিক ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার বিভাগসমূহের শিক্ষক শিক্ষিকা, শিক্ষার্থী ও কর্মকতা এবং চট্রগ্রামের বিভিন্ন কওমী মাদ্রাসার সম্মানিত শিক্ষকরা এতে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চলনা করেন সায়েন্সেস অব হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের লেকচারার জনাব সাইয়েদ নূর আল-আযহারী ও জনাব শাইখুল আজম আবরার।

# ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে যাকাত শীর্ষক সেমিনার



"ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে যাকাত" শীর্ষক সেমিনার আয়োজন। দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে ১৮ এপ্রিল-২০২২ "ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে যাকাত" শীর্ষক সেমিনার আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটরিয়ামের সেমিনার হলে আয়োজিত উক্ত সেমিনারে প্রবন্ধ পেশ করেন প্রফেসর ড. শাফী উদ্দীন মাদানী। বিভাগীয় চেয়ারমান আ.ফ.ম নূরুজ্জামান এর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত কন্ট্রোলার অব এক্সাম প্রফেসর ড. গিয়াস উদ্দিন হাফিজ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শরীয়াহ অনুষদের ডিন প্রফেসর ড. শাকের আলম শওক।

# পেকুয়াতে শিক্ষা সেমিনার



পেকুয়ার ঐতিহ্যবাহী দ্বীনি প্রতিষ্ঠান ফাঁসিয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসার আয়োজনে ০১-০৯-২০২২ইং তারিখে একটি শিক্ষা সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের বিষয় ছিল: আরবী ভাষা শিক্ষার মাধ্যমে হাদীস শাস্ত্রে উচ্চ শিক্ষা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভী। তিনি আরবী ভাষার তাৎপর্য গুরুত্ব ও উপকারিতার পাশাপাশি হাদীস শাস্ত্রের পরিধি ও হাদীস শাস্ত্রে জ্ঞানার্জনের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাদিস বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর ড. আবুল কালাম, হাদিস বিভাগের প্রভাষক জনাব সাইয়েদ নুর আযহারী জনাব শাইখুল আজম আবরার ও মিসেস সুমাইয়া বিনতে লোকমান প্রমুখ।

# এসএইচআইএস এর উদ্যোগে শিক্ষা সেমিনার






সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের আয়োজনে ২২-০১-২০২৩ ইং একটি শিক্ষা সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের বিষয় ছিল হাদিসে নববীতে ভারতবর্ষের আলেমদের অবদান। এতে প্রধান আলেচক ছিলেন আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সানাউল্লাহ নদভী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি'র শরিয়াহ অনুষদের সম্মানিত ডিন প্রফেসর ড. মুস্তাফা কামিল মাদানী। সেমিনারের সভাপতি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. নাজমুল হক নদভী। এতে আরো উপস্থিত ছিলেন হাদিস বিভাগের গেস্ট ফ্যাকাল্টি ড. মুসলেহ উদ্দিন সহ বিভাগের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

# সাইবারকন ২০২২




প্রথমবারের মতো আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম আন্তঃ বিভাগ সাইবার নিরাপত্তা প্রতিযোগিতা IIUC সাইবারকন ২০২২ এর আয়োজন করেছে। এই প্রতিযোগিতার জন্য ১৯০ এর অধিক টিম নিবন্ধন করে এবং ৬০ এর অধিক টিম ফাইনাল অনসাইট ইভেন্টে অংশগ্রহণের সুযোগ পায়। চ্যাম্পিয়ন হিসাবে নির্বাচিত হয় CSE বিভাগ থেকে শিরোনামহীন_0 x00 টিম।

১. আতিকুল্লাহ খান ফাহিম (৬ষ্ঠ সেমিস্টার)
২. নাসিম মোস্তাকিম (৪র্থ সেমিস্টার)
৩. মোহাম্মদ ফাহাদ ফয়সাল (৬ষ্ঠ সেমিস্টার)

# কম্পিটিটিভ প্রোগ্রামিং (সিনিয়র) কন্টেস্ট



১৫ ই এপ্রিল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কম্পিউটার সায়েন্স ডিপার্টমেন্টের কম্পিটিটিভ প্রোগ্রামিং (সিনিয়র) কন্টেস্ট অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রতিযোগীতা শেষে মেধাস্থান অর্জন করেছেন - চ্যাম্পিয়ন- মোহাম্মদ ইশান, সেমিষ্টার- ৮ম ১ম রানারআপ - সৈয়দ তাহসিনুর রহমান, সেমিস্টার - ৬ষ্ঠ ২য় রানারআপ -ইমতিয়াজ উদ্দিন, সেমিস্টার - ৭ম জুনিয়র কন্টেস্টে উপস্থিত ছিলেন সম্মানিত চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার আব্দুল কাদের মোহাম্মদ মাসুম, সম্মানিত শিক্ষক শামসুল আলম প্রমুখ। এছাড়াও সিনিয়র কন্টেস্ট অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিএসই ডিপার্টমেন্টের সম্মানিত লেকচারার জামিল আস-আদ। তিনি বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ ও প্রশ্নপত্র নিয়ে আলোচনা করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

# সিএসই ফেস্ট ২০২২



গত ১৭ই আগষ্ট ২২ কম্পিউটার ক্লাব আয়োজিত কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সবচেয়ে বড় আয়োজন CSE FEST ২০২২ এর উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সম্মানিত চেয়ারম্যান এবং আইআইইউসি কম্পিউটার ক্লাবের প্রেসিডেন্ট প্রফেসর ড. ইঞ্জিনিয়ার আব্দুল কাদের মোহাম্মদ মাসুম, আইআইইউসি কম্পিউটার ক্লাবের সম্মানিত ট্রেজারার এবিএম ইয়াসির আরাফাত, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সম্মানিত অধ্যাপক মোহাম্মদ শামসুল আলম, সহযোগী অধ্যাপক মাহাদী হাসান, সহকারী অধ্যাপক মোহাম্মদ শফিউল্লাহ্, সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ জামশেদ আলম পাটওয়ারি, সহকারী অধ্যাপক মোঃ রাশেদুল ইসলাম সহ প্রমুখ। এছাড়া ক্লাবের জেনারেল সেক্রেটারি শহিদুল ইসলাম হৃদয় সহ,অন্যান্য সব ক্লাব মেম্বার এবং উপস্থিত শিক্ষকবৃন্দসহ ডিপার্টমেন্টের সকল ছাত্রবৃন্দ কেক কাটার মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানের সূচনা করে। অতঃপর ডিপার্টমেন্টের প্রাঙ্গণ থেকে সকল ছাত্রদের সমন্বয়ে সম্পূর্ণ ক্যাম্পাস জুড়ে র‍্যালি ও আনন্দ মিছিল করা হয়। CSE FEST ২০২২ এর মধ্যে রয়েছে ৭ টি ইভেন্ট এবং প্রায় সকল ইভেন্টে ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করে।

# "ব্র্যাক আইটি টেক সামিট ও ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক ওয়ার্কশপ




গত ৯ ও ১০ জুন ২০২২ বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে আয়োজিত হয় দুই দিনব্যাপী "ব্র্যাক আইটি টেক সামিট ও ক্যারিয়ার গাইডলাইন" বিষয়ক ওয়ার্কশপ। কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের ITCAP কমিটি ও ডেটা সায়েন্স ও রিসার্চ কমিটির উদ্যোগে এবং কম্পিউটার ক্লাব ও আইআইইউসি কম্পিউটার সোসাইটির সহায়তায় দুই দিনব্যাপী ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের আইটিতে কর্মরত আছেন। অনুষ্ঠানের শেষ দিনে আইআইইউসি এবং ব্র্যাক আইটির MoU signing হয় যার প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অফ ট্রাস্টির সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ডঃ আবু রেজা মুহাম্মদ নিজামউদ্দিন নদভী এম পি, সভাপতি ছিলেন ভিসি প্রফেসর মোহাম্মদ আনোয়ারুল আজীম আরিফ, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টের ভাইস চেয়ারম্যান




প্রথম দিন ওয়ার্কশপ পরিচালনা করেন সিএসই ডিপার্টমেন্টের ১৪তম ব্যাচের এলামনাই ও ব্র্যাক আইটির টেকনিকেল লিড সফটওয়্যার ইঞ্জিনিয়ার মোহাম্মদ সাইফুল ইসলাম মাশুক, সাথে ছিলেন ব্র্যাক আইটির কন্সালন্ট্যান্ট মোহাম্মদ আসিফ আতিক, হেড অফ বিজনেস এনালাইসিস মালিহা শামশাদ। এছাড়াও সার্বিক পর্যবেক্ষন ও দিকনির্দেশনায় ছিলেন সিএসই ডিপার্টমেন্টের ৩৯তম ব্যাচের এলামনাই মোহাম্মদ কফিল উদ্দীন যিনি এখন সফটওয়্যার ইঞ্জিনিয়ার হিসেবে ব্র্যাক ড. কাজী দ্বীন মোহাম্মদ, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার। সিএসই বিভাগের চেয়ারম্যান ডক্টর ইঞ্জিনিয়ার আব্দুল কাদের মোহাম্মদ মাসুম, ডক্টর শহীদুল ইসলাম খান নাইম ও মোহাম্মদ শফিউল্লাহ সহ অনেক শিক্ষক, কর্মকর্তা এবং পাঁচ শতাধিক ছাত্রছাত্রী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি ছিলেন ব্রাক আইটি সার্ভিসেস লিমিটেডের সিইও জনাব এ কে সাব্বির মাহবুব, সিটিও মোহাম্মদ মিনহাজুল আবেদিন।

# ডিজাইন থিংকিং অ্যান্ড ইনোভেশন অন অ্যাপলিঙ্ক




IIUC-এর কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কশপ, ট্যুর এবং ইন্টার্নশিপ কমিটি ১২ই অক্টোবর, ২০২২-এ কেন্দ্রীয় অডিটোরিয়ামে সকাল ১০ টায় "ডিজাইন থিংকিং অ্যান্ড ইনোভেশন অন অ্যাপলিঙ্ক" শিরোনামের একটি শিল্প কর্মশালার আয়োজন করে। কর্মশালায় নেতৃত্ব দেন বাংলালিংক অ্যাপলিঙ্ক টিম। আইআইইউসি কম্পিউটার ক্লাব পুরো প্রোগ্রাম চলাকালীন প্রযুক্তিগত সহায়তা এবং স্বেচ্ছাসেবক সহায়তা প্রদান করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রফেসর ড. আব্দুল কাদের এম মাসুম, চেয়ারম্যান, সিএসই বিভাগ। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন আইআইইউসির মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা। প্রফেসর ড. মোঃ মনিরুল ইসলাম, তানভীর আহসান, ড. মোহাম্মদ আমান উল্লাহ, এবং ড. মুহাম্মদ জামশেদ আলম পাটোয়ারী, সহযোগী অধ্যাপক, মোহাম্মদ জয়নাল আবেদীন ও মোঃ খোরশেদ আলী, প্রভাষক এবং মোঃ সাইফুল ইসলাম, সহকারী প্রভাষক উপস্থিত ছিলেন। এছাড়াও বাংলালিংকের পক্ষ থেকে উপস্থিত ছিলেন ডিজিটাল প্ল্যাটফর্ম ডিরেক্টর ফয়সাল আহমেদ, আবরার আহমেদ আবির, ডিজিটাল প্রোডাক্ট ম্যানেজার মেহফুজ আহমেদ অনিক এবং লাবিব বিন রহমান, ডেভেলপার ইভানজেলিস্ট, অ্যাপলিঙ্ক। কারিগরি অধিবেশনের পর, প্রশিক্ষকরা পুরস্কার প্রদানের জন্য পুরুষ বিভাগ থেকে দুটি এবং মহিলা বিভাগ থেকে দুটি দল বেছে নেন। রেডিসন ব্লু-তে একটি বিশেষ বাংলালিংকে প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণের জন্য সেরা দুই গ্রুপ নেতাকে বেছে নেওয়া হয়েছে।

# অগ্নিনির্বাপণ মহড়া



অনাকাঙ্ক্ষিত অগ্নিকাণ্ডের ক্ষয়ক্ষতি মোকাবেলায় গত ৩০ই মে দুপুর ১২.০০ থেকে ১.০০ টা পর্যন্ত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সামনে অনুষ্ঠিত হয় অগ্নিনির্বাপণ মহড়া। এই আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের এবং ল্যাব সহায়তাকারীদের প্রশিক্ষণ দেয়া হয়, অগ্নিকান্ড সংঘটিত হলে কিভাবে তারা তা মোকাবেলা করবেন। এই মহড়ায় প্রশিক্ষক হিসেবে ছিলেন কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোঃ সফিউল্লাহ। সাথে উপস্থিত ছিলেন ডঃ আবু নাসের মোঃ রেজাউল করিম, ড. জামশেদ আলম পাটওয়ারি।

# পিএলসি এবং অটোমেশন সেমিনার



আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ইইই ক্লাবের উদ্যোগে গত ২৫ মে ২০২২ কেন্দ্রীয় মিলনায়তনে পিএলসি এবং অটোমেশন এর উপর একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

বর্তমান আধুনিকায়নের যুগে বিভিন্ন ইন্ডাস্ট্রি খাতের মূল চালিকাশক্তি হিসেবে কাজ করছে অটোমেশন টেকনোলজি। এই অটোমেশন টেকনোলজির একটি অবিচ্ছেদ্য অংশ হলো প্রোগ্রামেবল লজিক কন্ট্রোলার বা পি এল সি। অটোমেশন ভিত্তিক বিভিন্ন ইন্ডাস্ট্রির ক্রমবর্ধমান চাহিদা পূরণে পি এল সি এর দক্ষতা অর্জন ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রত্যেক শিক্ষার্থীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শিক্ষার্থীদের মধ্যে পি এল সি এর ভিত্তি গড়ার উদ্দেশ্যে মূলত সেমিনারটি আয়োজন করা হয়। সেমিনারটি মূলত ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চূড়ান্ত বর্ষের শিক্ষার্থীদের জন্য আয়োজন করা হয়েছিল। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইইই ডিপার্টমেন্টের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক জনাব ড. সিকদার সানবিম ইসলাম। আরও উপস্থিত ছিলেন ইইই ক্লাব এর সভাপতি ইঞ্জিনিয়ার মোঃ রশিদুল ইসলাম, সহযোগী অধ্যাপক, ডিপার্টমেন্ট অফ ইইই। উক্ত সেমিনারে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মোহাম্মদ আনিসুল হাসান, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার, বিএসআরম স্টিলস লি. এবং আরও উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার সাইফুল আলম পারভেজ, সিনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল ও অটোমেশন) কেএসআরএম স্টিল প্ল্যান্ট লি।

কুরআন তেলাওয়াত এর মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। ইইই ক্লাব এর সভাপতি ইঞ্জিনিয়ার মোঃ রাশিদুল ইসলাম সকলের উদ্দেশ্য স্বাগত বক্তব্য দেন এসময় তিনি বর্তমান সময়ে পিএলসি এবং অটোমেশন এর গুরুত্বের উপর আলোকপাত করেন পাশাপাশি ইইই ক্লাব কমিটিকে এধরণের সেমিনার আয়োজনের জন্য ধন্যবাদ প্রদান করেন। অতপর মূল বক্তা ইঞ্জিনিয়ার মোহাম্মদ আনিসুল হাসান তাঁর গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। এসময় তিনি পিএলসি এর খুটিনাটি বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করেন এবং তা শেখার ও জানার উপর গুরুত্বআরোপ করেন। এরপর বক্তব্য রাখেন ইঞ্জিনিয়ার সাইফুল আলম পারভেজ এবং তিনি পিএলসি এর ব্যবহার সম্পর্কে শিক্ষার্থীদের মাঝে প্রাথমিক আলোচনা করেন।

# ইইই-১৮ ব্যাচের শিক্ষার্থীদের দ্বারা তৈরী সোলার পাওয়ারড ইলেক্ট্রিক ভেহিক্যাল




সভ্যতা যতই সামনে এগিয়ে যাচ্ছে মানুষের চাহিদাও বেড়ে চলেছে। মানুষের নিত্য চাহিদা মেটাতে ধীরে ধীরে চাপ বাড়ছে পরিবেশের ওপর। কিন্তু এই পৃথিবীতে মানব সভ্যতার ধ্বংস যতটা না যুদ্ধ নিয়ে এসেছে, তার চেয়ে বেশি নিয়ে এসেছে প্রাকৃতিক দুর্যোগ। প্রতিনিয়ত পরিবেশকে রাগান্বিত করে তুলছি আমরা। কিন্তু এখন সময় এসেছে নিজেদের সভ্যতা টিকিয়ে রাখার। তাই পরিবেশ সচেতন মানুষরা ছুটেছে নিত্য নতুন আবিষ্কারের পিছে। তাদের সঙ্গে যোগ দিয়েছে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের একদল তরুণ উদ্ভাবক। পরিবেশকে রক্ষা করতে তারা নিয়ে এসেছে "সোলার পাওয়ারড ইলেকট্রিক ভেহিক্যাল"। আন্ততর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ইইই বিভাগের ১৮ তম ব্যাচের মেহতাজ কালাম, আব্দুল্লাহ আল জাবেদ, মুহত্তসিম আলম, আবদুন নূর পাভেল এবং আবু জাহেদ মিলে তৈরী করেছেন এই সোলার পক্সওয়ারড ইলেক্ট্রিক ভেহিক্যালটি। তাদের এই উদ্ভাবনে সার্বিকভাবে সহযোগিতা করেন বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের সহকারী অধ্যাপক ইঞ্জিনিয়ার মোহাম্মদ জালাল উদ্দীন। তাদের তৈরি ভেহিক্যালটি সম্পূণ চার্জ হতে সময় নিবে সাড়ে ৬ ঘন্টা এবং একবার সম্পূণ চার্জ হয়ে গেলে ভেহিক্যালটি সর্বোচ্চ ২৫ কিঃমিঃ/ঘন্টা গতিবেগে একটানা ৩ ঘন্টা চলতে পারবে। ভেহিক্যালটি তৈরিতে তাদের সময় লেগেছে প্রায় ৮ মাস এবং খরচ হয়েছে প্রায় ৯৫ হাজার টাকা। এতে ব্যবহার করা হয়েছে ২০০ ওয়াটের সোলার প্যানেল, ৮৫০ ওয়াটের মোটর এবং ১২০ এম্পিয়ার-আওয়ার, ৪৮ ভোল্টের ব্যাটারি। সৌর শক্তি বৈদ্যুতিক যানবাহন ক্রমবর্ধমান জনপ্রিয় হয়ে উঠেছে কারণ বিশ্ব নবায়নযোগ্য শক্তির উৎসের দিকে ঝুঁকছে। টেকসই পরিবহনের প্রয়োজনীয়তা কখনোই বেশি গুরুত্বপূণ ছিল না, এবং আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের EEE বিভাগের ১৮ তম ব্যাচের তরুণ শিক্ষার্থীরা সৌর-চালিত বৈদ্যুতিক যানবাহন তৈরির চ্যালেঞ্জ গ্রহণ করেছে। এই উদ্ভাবনের পিছনে ধারণাটি হল জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীল ঐতিহ্যবাহী যানবাহনের একটি পরিবেশ-বান্ধব বিকল্প তৈরি করা। সৌর শক্তি বৈদ্যুতিক যানবাহন সূর্যের শক্তি দ্বারা চালিত হয় এবং জ্বালানীর অন্য কোন উৎসের প্রয়োজন হয় না। এই যানবাহনে ব্যবহৃত প্রযুক্তি কার্বন নিঃসরণ কমাতে এবং টেকসই উন্নয়নের জন্য একটি চমৎকার বিকল্প হিসেবে কাজ করে। এমন উদ্ভাবন যেন স্বস্তির বাতাস বয়ে নিয়ে আসে সুদূর হিমালয় থেকে। তাদের এই সোলার ভেহিক্যাল পরিবেশকে বায়ু দূষণ মুক্ত করতে ভূমিকা রাখবে বলে আশা করা যায়। জলবায়ু পরিবর্তনের কারণে উপকূলবর্তী দেশগুলোকে পরিবেশ রক্ষায় আরও সজাগ ও নতুন নতুন যুগোপযোগী ও পরিবেশবান্ধব আবিষ্কার বিশ্বমঞ্চে তুলে ধরতে হবে। যাতে সমুদ্রের গভীরে বিলুপ্ত হয়ে যেতে না হয়। ইইই ক্লাব, আইআইইউসির পক্ষ থেকে সোলার পাওয়ারড ইলেক্ট্রিক ভেহিক্যাল নির্মাতা তরুণ উদ্ভাদকদের অভিনন্দন ও শুভেচ্ছা। তাদের ভবিষ্যৎ সকল উদ্যোগের জন্য শুভ কামনা।

# ইইই বিভাগের কাপ্তাই পানিবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে ২৪শে অক্টোবর ২০২২ তারিখে ইন্ডাস্ট্রিইয়াল ট্যুর সম্পন্ন হয়। দেশের প্রথম ও বৃহত্তম জলবিদ্যুৎ প্রকল্প-কাপ্তাই জলবিদ্যুৎ প্রকল্প। ১৯৬২ সালে বাংলাদেশের বৃহত্তম কৃত্রিম হ্রদ কাপ্তাই হ্রদে একটি বাঁধ নির্মাণের মাধ্যমে প্রকল্পটি শুরু হয়। বিদ্যুৎ কেন্দ্রটি প্রতিষ্ঠার পর থেকেই দেশের বিদ্যুতের চাহিদা মেটাতে অনস্বীকার্য ভূমিকা পালন করে আসছে। এখন, এতে ৫টি জেনারেটর রয়েছে যার মধ্যে দুটির ক্ষমতা ৪৬ মেগাওয়াট এবং বাকি ৩টির ৫০ মেগাওয়াট। গত ২৪শে অক্টোবর ২০২২ তারিখে, আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীরা সফলভাবে কর্ণফুলী জলবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করে। ইইই বিভাগের শিক্ষক ইঞ্জি. মোঃ শহীদ উল্লাহ, সহকারী অধ্যাপক ও ইঞ্জি. খন্দকার আব্দুল্লাহ আল মামুন, ইইই এর সহযোগী অধ্যাপক অধ্যাপক ড. ইয়াসির আরফাত ছিলেন এছাড়াও এই সফর ছিল তাদের পাওয়ার সিস্টেম প্রোটেকশন সেশনাল কোর্সের একটি অংশ। পরিশেষে কর্ণফুলী পাওয়ার স্টেশনের ব্যবস্থাপক ইঞ্জি. এ.টি.এম. আব্দুর রাজ্জাক ছাত্রদের সাথে মত বিনিময় এবং বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। শিক্ষার্থীদের এই শিক্ষা সফরে ব্যবহারিক জ্ঞান অর্জনের জন্য বিভিন্ন যন্ত্রাংশের সাথে পরিচিত করান। এবং ভবিষ্যতে বিভিন্ন শিল্প কারখানা পরিদর্শন করে জ্ঞান অর্জনে উৎসাহিত করেন।

# সিসিই ফেস্ট ২০২২




একটি ডিপার্টমেন্ট শুধু একাডেমিক কার্যক্রম দিয়ে চলেনা, একাডেমিক জীবনকে গতিশীল করতে এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিস অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারই ধারাবাহিকতা বজায় রেখে, সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক এবং ক্লাবের উদ্যোগে সিসিই ডিপার্টমেন্টে আয়োজিত হয় সিসিই ফেস্ট ২০২২। এই ফেস্টে ক্লাসের পাশাপাশি বিভিন্ন এক্সট্রা কারিকুলার এক্টিভিটিস ২ দিন ব্যাপি আইওটি ওয়ার্কশপ, আইডিয়া জেনারেশন কম্পিটিশন, প্রোগ্রামিং কন্টেস্ট, ভিডিও এডিটিং ওয়ার্কশপ, সিসিই অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়। ১২ নভেম্বর (শনিবার), ২০২২ তারিখে দুপুর ২ টায় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের কেন্দ্রীয় অডিটোরিয়ামে সিসিই ফেস্ট-২০২২ এর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এই দিনে কেক কাটা ও র‍্যালির মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান এবং সিসিই ক্লাবের এডভাইজর প্রফেসর ইঞ্জিনিয়ার মোঃ রাজু আহমেদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, আইআইইউসি'র ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, আইআইইউসি'র রেজিস্ট্রার এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার, ডিপার্টমেন্ট অব ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচারের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম, আইআইইউসি'র প্রক্টর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক মো. ইফতেখার উদ্দিন। ইঞ্জিনিয়ারিং অনুষদ এর ডীন ড. মোঃ শামীমুল হক চৌধুরী। এবং ইরেভো টেকনোলোজিস এর ম্যানেজিং ডিরেক্টর শাহেদ হোসাইন। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন সিসিই ডিপার্টমেন্টের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও সিসিই ক্লাবের প্রেসিডেন্ট ড. মোহাম্মেদ সাইফুদ্দিন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন সিসিই ডিপার্টমেন্ট এর লেকচারার আরিজ হাফিজ। সিসিই ডিপার্টমেন্টের একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয় এবং সাথে ডিপার্টমেন্টের ছাত্ররা পরিবেশনা করে হামদ নাত এবং ডিপার্টমেন্টের থিম সং। তারপর মঞ্চে বক্তব্য রাখেন প্রধান অতিথি প্রফেসর ড. আবু রেজা মোঃ নেজামুদ্দিন নদভী এমপি, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ, আইআইইউসি এবং সবার শেষে বক্তব্য রাখেন অনুষ্ঠানের অর্গানাইজিং কনভেনর প্রফেসর ইঞ্জিনিয়ার মোঃ রাজু আহমেদ, এডভাইজর, সিসিই ক্লাব ও চেয়ারম্যান, সিসিই ডিপার্টমেন্ট। অনুষ্ঠানের একপর্যায়ে সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর ইঞ্জিনিয়ার মোঃ রাজু আহমেদ প্রধান অতিথিকে সম্মাননা স্মারক হিসেবে একটি ক্রেস্ট তুলে দেন। এরপরে বিভিন্ন ইভেন্টের জয়ীদের মধ্যে পুরষ্কার ও চেক বিতরণ করেন প্রধান অতিথি ও উপস্থিত অতিথিগন। বিভিন্ন ইভেন্টের বিজয়ীদের নিয়ে ফটোসেশানের মাধ্যমে সিসিই ফেস্ট ২০২২ সমাপ্তি ঘটে।

# ইইই ফেস্ট অটাম-২১




সময়ের সাথে এগিয়ে যাচ্ছে বিজ্ঞান। আর বিজ্ঞানের অগযাত্রার সাথে তাল মিলিয়ে এগিয়ে যাওয়ার প্রত্যয়কে সামনে রেখে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের চট্টগ্রাম-এর ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইন্জিনিয়ারিং বিভাগের ইইই ক্লাবের উদ্যোগে আয়োজিত হয় ইইই ফেস্ট অটাম-২১, সেশনের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছিল ০৬ আগস্ট, ২০২২ বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ ভবনে। অনুষ্ঠানে সম্মানিত প্রধান অতিথি ছিলেন, প্রফেসর ড. মোহাম্মদ আকতার সাঈদ, (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন)। এবং অনুষ্ঠানের প্রধান বক্তা ছিলেন, ড. সিকদার সানবীম ইসলাম (সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান)। অন্যান্য অনুষদ সদস্যদের মধ্যে যারা উপস্থিত ছিলেন, মুহাম্মদ আতহার উদ্দিন (সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ), ড. মোঃ শামীমুল হক চৌধুরী (সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ), ড. ইয়াসির আরাফাত (সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ), ইঞ্জি. মোঃ গোলাম মোস্তফা (সহযোগী অধ্যাপক, ইইই বিভাগ), ইঞ্জি. মোঃ শহীদ উল্লাহ (সহকারী অধ্যাপক, ইইই বিভাগ), সাইয়েদ আল্লামা ইকবাল (সহকারী অধ্যাপক, ইইই বিভাগ এবং ইইই ক্লাবের ভাইস- প্রেসিডেন্ট), খন্দকার আবদুল্লাহ আল মামুন (সহকারী অধ্যাপক, ইইই বিভাগ), এমরানুল কবির। (সহকারী অধ্যাপক, ইইই বিভাগ), ইঞ্জি. মোঃ নাজমুস সাকিব (প্রভাষক, ইইই বিভাগ), ড. মোঃ জাহিদ হাসান (প্রভাষক, ইইই বিভাগ)। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। সম্মানিত বক্তারা পড়াশোনার পাশাপাশি এক্সট্রা কারিকুলারের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠানের সেশন চেয়ার হিসেবে দায়িত্ব পালন করেন, ড. মোঃ আসিম উল্লাহ (সহকারী অধ্যাপক, ইইই বিভাগ এবং ইইই ক্লাবের সভাপতি)। অনুষ্ঠান সঞ্চালনা করেন মিনহাজুল ইসলাম (ইইই ক্লাবের নির্বাহী সদস্য)। ইইই ফেস্টের প্রথম দিনে সার্কিট সলিউশন, প্রজেক্ট শোকেস এবং রুবিকস কিউব ইভেন্ট এবং দ্বিতীয় দিনে অন্যান্য ইভেন্ট অনুষ্ঠিত হয়। ইইই ক্লাবের সাধারণ সম্পাদক আব্দুল আসাদ রায়হান, সহ-সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম ইমন এবং উপস্থিত কার্যনির্বাহী কমিটির সদস্যরা শিক্ষার্থীদের সাথে স্বাগত আলোচনা করেন এবং ইইই ক্লাবের বিভিন কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনার কথা জানান।

## আই আই ইউ সি ফার্মা ক্লাব



"Inauguration of IIUC Pharma Club" শিরোনামে ২৭ মার্চ ২০২২ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের সেমিনার হলে আইআইইউসি ফার্মা ক্লাব এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ মছরুরুল মওলা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবীর, ফিন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জি. রশীদ আহমদ চৌধুরী এবং রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ফার্মেসি বিভাগের বিভাগীয় প্রধান এ টি এম মোস্তফা কামাল। এছাড়াও উক্ত অনুষ্ঠানে ডিপার্টমেন্টের সকল শিক্ষক ও শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আইআইইউসি ফার্মা ক্লাবের সহ-সভাপতি কাজী আশফাক আহমেদ চৌধুরী এবং সমাপনী বক্তব্য প্রদান করেন ক্লাবের ট্রেজারার আশরাফ উদ্দীন চৌধুরী। এছাড়াও শিক্ষক ও শিক্ষিকার মধ্যে থেকে মাসুদুর রহমান মামুন, সৈয়দ মোহাম্মদ তারেক, শামীমা নাসরিন, সানজিদা ইসলাম এবং এলামনাই এর পক্ষ থেকে ডিপার্টমেন্ট এর শিক্ষক মোহাম্মদ নাজমুল ইসলাম বক্তব্য প্রদান করেন। সঞ্চালকের ভূমিকা পালন করেন ক্লাবের সাধারণ সম্পাদক অন্তর দাশ ও আরিফা মুন্নী। অনুষ্ঠানে নব গঠিত ফার্মা ক্লাবের সকল সদস্যদের পরিচয় এবং নবগঠিত ক্লাবের নতুন লোগো উন্মোচন করা হয়। উক্ত লোগোটি আইআইইউসি ফার্মা ক্লাব আয়োজিত "লোগো কন্টেস্ট" এর মাধ্যমে নির্বাচন করা হয় এবং লোগো কন্টেস্টে বিজয়ীদেরও পুরস্কৃত করা হয়। এছাড়াও ফার্মেসি বিভাগের শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি ও হামদ-নাতের মাধ্যমে অনুষ্ঠানকে আরও অনেক বেশি উপভোগ্য করে তোলে।

## ৪র্থ শিল্প বিপ্লবে কম্পিউটার এবং কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এর গুরুত্ব শীর্ষক আলোচনা



মাননীয় বিওটি চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এম.পি. মহোদয়ের এডভাইজর প্রফেসর ড. শাহাদাত হোসাইন গত ২১ নভেম্বর ২০২২ সিসিই ডিপার্টমেন্ট ভিজিট করেন। তিনি সিসিই চেয়ারম্যান ও শিক্ষকদের সাথে ৪র্থ শিল্প বিপ্লবে কম্পিউটার এবং কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এর গুরুত্ব এবং ক্যারিয়ার গঠনে প্রয়োজনীয় স্কিল নিয়ে আলোচনা করেন। সেই সাথে ৪র্থ শিল্প বিপ্লবের জন্য প্রয়োজনীয় দক্ষ মানব সম্পদ গঠনে কম্পিউটার এবং কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর বিভিন্ন উদ্যোগের প্রশংসা করেন। সম্প্রতি আয়োজিত সিসিই ফেস্ট ২০২২ বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জেনে সন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ ধরণের ফেস্ট, ওয়ার্কশপ, সেমিনার আয়োজন করার জন্য শিক্ষকদের আহ্বান করেন। আলোচনায় গবেষণা ও প্রকাশনা, বিশ্ববিদ্যালয়ের ওয়ার্ল্ড র‍্যাংকিং, ল্যাব ও ডিজিটাল ক্লাসরুম এবং অন্যান্য বিষয় গুরুত্ব পায়। আলোচনা শেষে তিনি সিসিই ডিপার্টমেন্টের চেয়ারম্যান ও শিক্ষকদের নিয়ে ক্লাস কক্ষ, ল্যাব ক্লাস সমূহ ঘুরে দেখেন এবং সিসিই ফেস্টের আইডিয়া জেনেরেশনের ছাত্র-ছাত্রীদের উপস্থাপন করা আইডিয়াগুলো দেখেন।

## সিসিই প্রোগ্রামিং কন্টেস্ট



শিক্ষার্থীদের প্রোগ্রামিং দক্ষতা কয়েক ধাপ এগিয়ে নিয়ে যেতে কম্পিটিটিভ প্রোগ্রামিং খুবই গুরুত্বপূর্ণ। তাই গত ২৮ মার্চ ২০২২ প্রথমবারের মত আয়োজিত হয় "প্রোগ্রামিং কন্টেস্ট ২০২২" এবং ৮ই নভেম্বর ২০২২, "সিসিই ফেস্ট-২০২২" উপলক্ষে আয়োজিত হয় ইন্টার ডিপার্টমেন্ট কম্পিটিটিভ প্রোগ্রামিং কন্টেস্ট। উক্ত আয়োজন সমূহে সিসিই ডিপার্টমেন্টের শ্রদ্ধেয় শিক্ষকগন ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন এবং এরকম প্রতিযোগিতা মূলক আয়োজনে অংশগ্রহনে শিক্ষার্থীদের অনুপ্রেরণা দেন।

## এক্সেলারেশন দ্য ফিউচার অব ইনোভেশন ফাইভ জি ইভোলিউশন এন্ড সিক্স জি শীর্ষক ওয়েবিনার

যুগের সাথে সাথে সর্বক্ষেত্রেই পরিবর্তন আসছে, সেই পরিবর্তনের কারণে প্রযুক্তি সম্পর্কে আমাদের প্রতিনিয়ত নতুন নতুন কিছু জানতে এবং শিখতে হচ্ছে। এই প্রযুক্তিগত উদ্ভাবনকে মাথায় রেখে ২০২২সালে নভেম্বর মাসে আইআইইউসি টেলিকম ক্লাব এক্সেলারেশন দ্য ফিউচার অব ইনোভেশন ফাইভ জি ইভোলিউশন এন্ড সিক্স জি নামের একটি ওয়েবিনারের আয়োজন করেছিলো। ওয়েবিনারে স্পিকার হিসেবে ছিলেন আইআইইউসি এলামনাই মোহাম্মাদ ইমতিয়াজ কামরুল। তিনি তার বক্তব্যে বর্তমান প্রযুক্তি এবং 5G/6G মোবাইল যোগাযোগ ব্যবস্থার ভবিষ্যত বিবর্তন, গবেষণা এবং কর্মসংস্থানের সুযোগ সর্ম্পকে ধারনা দেন। তিনি সেমিনারে উপস্থিত সকলকে জানিয়েছেন যে, 5G প্রযুক্তি হল তথ্য ও যোগাযোগ প্রযুক্তির একটি নতুন রূপ। এটি উচ্চতর দক্ষতার সাথে গ্রাহকদের জন্য তাড়াতাড়ি ইন্টারনেট সংযোগ সরবরাহ করতে পারে। এটি প্রায় ১০ গিগাবিট প্রতি সেকেন্ড বা তার উপরের দক্ষতার সাথে কাজ করে। এছাড়াও, 5G এর মাধ্যমে একটি বিশাল সংখ্যার ডিভাইস ও সেন্সর সংযোগ সম্ভব হয়। তবে 6G কে এখনও উন্নয়নের অনেক ধাপ পার করতে হবে। এটি এখনও প্রাথমিক অবস্থায় আছে, তাছাড়া গ্রাহকদের কাছে এটি তেমন পরিচিতি হয়নি।

## ক্যারিয়ার কাউন্সেলিং অ্যান্ড জার্নি টু ওয়ার্ডস প্রফেশনাল লাইফ ইন ডাটা সেন্টার ইন্ডাস্ট্রি

আইআইইউসি টেলিকম ক্লাব কর্তৃক "ক্যারিয়ার কাউন্সেলিং অ্যান্ড জার্নি টু ওয়ার্ডস প্রফেশনাল লাইফ ইন ডাটা সেন্টার ইন্ডাস্ট্রি" বিষয়ক একটি কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- খান মুহাম্মদ ফুয়াদ বিন এনায়েত (ডেপুটি জেনারেল ম্যানেজার, ফেলিসিটি আইডিসি লিমিটেড), মোহাম্মদ ফেরদৌস আলম (ডেপুটি ম্যানেজার, ফেলিসিটি আইডিসি লিমিটেড), মাইনুল আলম চৌধুরী (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার, ফেলিসিটি আইডিসি লিমিটেড), সাকিব শাহজাহান (SAPCO Pty Limited, Australia এর আঞ্চলিক প্রতিনিধি)। উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন ETE, EEE, CSE, CCE এর সংশ্লিষ্ট শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ। প্রোগ্রামটিতে একটি ড্রয়ের মাধ্যমে চৌদ্দ জন অংশগ্রহণকারীকে বিনামূল্যে পেশাদার প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হয়। যেখানে দশজন অংশগ্রহণকারী ভার্চুয়ালি প্রশিক্ষণের সুযোগ পায় এবং অংশগ্রহণকারীদের ডেটা সেন্টারে শারীরিক প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হয়।

## ইন্টার সেমিস্টার টেকনিক্যাল বিতর্ক প্রতিযোগিতা ২০২২

ছাত্রদের দক্ষতাকে আরো বাড়াতে গত ১৩ই ফেব্রুয়ারী ২০২২ আইআইইউসি টেলিকম ক্লাব আয়োজন করে "ইন্টার সেমিস্টার টেকনিক্যাল ডিবেট কম্পিটিশন ২০২২"। প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয় অনলাইন প্লাটফর্মে। প্রতিযোগিতায় অংশ নেয় ডিপার্টমেন্ট এর বিভিন্ন সেমিস্টারের মোট ৮টি দল। উক্ত প্রতিযোগিতায় বিচারকের দায়িত্বে ছিলেন ইটিই ডিপার্টমেন্ট এর প্রভাষক আবু জাফর মোহাম্মদ ইমরান ও মোহাম্মদ আরিফুল ইসলাম। "ইন্টারসেমিস্টার টেকনিক্যাল ডিবেট কম্পিটিশন ২০২২" এর চ্যাম্পিয়ন হয় "আরণ্যক-এ" এবং রার্নাস-আপ হয় "উন্মাদ-১৯"।

## ইটিই ছাত্রদের জন্য কর্পোরেট ব্যক্তিদের কর্মজীবন নির্দেশিকা

আইআইইউসি টেলিকম ক্লাব এর উদ্যোগে ক্যারিয়ার গাইডলাইন নিয়ে "কর্পোরেট ব্যক্তিদের কর্মজীবন নির্দেশিকা" শীর্ষক একটি লাইভ আলোচনার আয়োজন করা হয়। লাইভ আলোচনায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ফয়সাল বিন ওয়াদুদ (রক্ষণাবেক্ষণ প্রকৌশলী- নেটওয়ার্ক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের প্রিন্সিপাল অফিসার)। তিনি তার আলোচনায় একজন ছাত্র কিভাবে ছাত্রাবস্থায় নিজের ক্যারিয়ার নিয়ে মননিবেশ করবে ও সেই লক্ষ্যে কিভাবে এগিয়ে যাবে, কোন কোন বিষয়ে জানতে ও পড়তে হবে এবং কিভাবে টার্গেট সেট করে সফলতার লক্ষে এগিয়ে যাবে এই সব বিষয়ের উপর আলোকপাত করেন। পাশাপাশি তিনি তার নিজের জীবন কেন্দ্রিক কিছু বাস্তব ঘটনা সবার সামনে তুলে ধরেন এবং খারাপ সময় গুলো কিভাবে পার করেছেন যেই বিষয়ে সবাইকে জানান, যা থেকে শিক্ষার্থীরা বাস্তবমুখী শিক্ষা অর্জন করেন।

## সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং-এ ক্যারিয়ার সুবিধা এবং কোডিং উইজার্ড হওয়ার চ্যালেঞ্জ



আইআইইউসি টেলিকম ক্লাব ১৩ই নভেম্বর, ২০২২-এ "সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং-এ ক্যারিয়ার সুবিধা এবং কোডিং উইজার্ড হওয়ার চ্যালেঞ্জ" শীর্ষক একটি সেমিনারের আয়োজন করেছে। অনুষ্ঠানের বক্তা হিসেবে আমন্ত্রিত ছিলেন আইআইইউসি কম্পিটিটিভ প্রোগ্রামিং সোসাইটির প্রতিষ্ঠাতা ও সিএসই বিভাগের প্রভাষক জামিল আস-আদ। সেমিনারে তিনি কোডিং বিষয়ক প্রাথমিক জ্ঞান ও বিভিন্ন দিক নির্দেশনা মূলক আলোচনা করেন।




১২ নভেম্বর (শনিবার), ২০২২ তারিখে আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের কেন্দ্রীয় অডিটোরিয়ামে সিসিই ফেস্ট-২০২২ উপলক্ষে ডিপার্টমেন্টের সকল ছাত্রদের উপস্থিতিতে গ্র্যান্ড র‍্যালি অনুষ্ঠিত হয়।

## সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাব ২০২৩ এর শুভ উদ্বোধন



আইআইইউসি'র সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাব এর উদ্যোগে ১৯ জানুয়ারী ২০২৩ তারিখে ক্লাবের নতুন পরিচালনা কার্যক্রম, ক্লাব কমিটি ঘোষণা করা হয়। নতুন বছরই এ ক্লাবকে কিভাবে আরো এগিয়ে নেওয়া যায় সবার মাঝে তুলে ধরা যায় সেই ধারাবাহিকতায় নতুন বছরের নতুন কার্যক্রম শুরু হয়। সিভিল ডিপার্টমেন্টকে আরো বেগবান এবং আরো শিক্ষণীয় এবং বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে নিজেদেরকে কিভাবে প্রতিষ্ঠিত করা যায় বিভিন্ন ক্ষেত্রে তারই ধারাবাহিকতায় সিভিল ডিপার্টমেন্ট ক্লাবের যাত্রা শুরু হয়। এরই ধারাবাহিকতা বজায় রেখে সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাব আজ এগিয়ে যাচ্ছে একাডেমিক ও বিভিন্ন শিক্ষনীয় কর্মকাণ্ড ও খেলাধুলায়। সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাব ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাবের সম্মানিত সভাপতি প্রফেসর ডক্টর ইঞ্জিনিয়ার মুহাম্মদ আবু ইউসুফ। ক্লাব সভাপতি প্রফেসর ডক্টর ইঞ্জিনিয়ার মুহাম্মদ আবু ইউসুফ বক্তব্যে বলেন, এ বছরে আমরা আমাদের ক্লাবকে, ক্লাবের সমস্ত কার্যক্রমকে একাডেমিক পড়াশোনার পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে নিজেদেরকে তুলে ধরবো। বিভিন্ন শিক্ষামূলক কাজে নিজেদেরকে আরো উজ্জীবিত করব এবং আমরা প্রত্যেকে সিভিল ডিপার্টমেন্ট এর প্রতিটি শিক্ষার্থী সবাই এই ক্লাবকে বিভিন্ন ক্ষেত্রে সবার মাঝে তুলে ধরবো। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ক্লাবের সহ-সভাপতি ইঞ্জিনিয়ার মোঃ শামীম আহমেদ, প্রভাষক, সিভিল ডিপার্টমেন্ট। ক্লাবের সহ-সভাপতি তার বক্তব্যে বলেন, এই বছরে ক্লাবের কার্যক্রম কিভাবে আরো সম্প্রসারিত করা যায়, কি কি বিষয় নিয়ে এ বছর সিভিল ডিপার্টমেন্ট ক্লাব কাজ করবে। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ক্লাবের ট্রেজারার ইঞ্জিনিয়ার আমির ফয়সাল, সহকারি লেকচারার। আরো উপস্থিত ছিলেন সিভিল ডিপার্টমেন্ট ক্লাবের এডভাইজার ড. মোঃ সাইফুল ইসলাম আজিজ, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর। ক্লাবের সেক্রেটারি হিসেবে ছিলেন আশিকুর রহমান নাঈম। সহকারি সেক্রেটারি হিসেবে ছিলেন মোঃ ইয়াসিন আরাফাত। কালচারাল সেক্রেটারি হিসেবে ছিলেন মোহাম্মদ সাদমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন সিভিল ডিপার্টমেন্ট এর বিভিন্ন সেমিস্টারের ক্লাস রিপ্রেজেন্টেটিভ। অনুষ্ঠানের সঞ্চালনার দায়িত্ব ছিলেন ক্লাবের জেনারেল সেক্রেটারি আশিকুর রহমান নাঈম।

## সিভিল ইঞ্জিনিয়ারিং এর টিচিং এন্ড লার্নিং এট হাইয়ার এডুকেশন সেমিনার



আইআইইউসি'র সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর উদ্যোগে ১৭ জানুয়ারী ২০২৩ তারিখে সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর সেমিনার কক্ষে টিচিং এন্ড লার্নিং এট হাইয়ার এডুকেশন এর উপর একটি বিশেষ সেমিনারের আয়োজন করা হয়। উক্ত সেমিনারে উচ্চতর শিক্ষা সম্পর্ক বিশেষ আলোচনা করা হয়। যেখানে উচ্চতর শিক্ষার উপর বিভিন্ন বিষয় তুলে ধরা হয়। পাশাপাশি শিক্ষার কার্যক্রম থেকে শুরু করে বিভিন্ন বিষয় ফুটিয়ে তোলা হয় সেই সেমিনারে। উক্ত সেমিনারে আলোচনা ও পরিচালনা করেন সিভিল ডিপার্টমেন্টের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম। সেমিনারে সভাপতিত্ব করেন সিভিল ডিপার্টমেন্টের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. ইঞ্জিনিয়ার মুহাম্মদ আবু ইউসুফ। এছাড়া উক্ত সেমিনারে আরো উপস্থিত ছিলেন সিভিল ডিপার্টমেন্টের সম্মানিত শিক্ষকমন্ডলী এবং কর্মকর্তাবৃন্দ।

# আইআইইউসি বিজনেস ক্লাবের বিতর্ক কর্মশালা এবং প্রতিযোগিতা সম্পন্ন



আইআইইউসি বিজনেস ক্লাব ২৬ ও ২৭ জুলাই, ২০২২ তারিখে দুই দিন ব্যাপী বিতর্ক কর্মশালা এবং পাব্লিক স্পিকিং প্রোগ্রাম সম্পন্ন করে, এতে ১০০ এর অধিক ছাত্র অংশগ্রহণ করে। অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার এবং সনদপত্র বিতরণ করা হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে কর্মশালা শুরু হয়, এরপর উদ্বোধনী বক্তব্য দেন আইআইইউসি বিজনেস ক্লাবের সভাপতি ড. মোহাম্মদ নাজিম উদ্দিন। এছাড়াও আইআইইউসি বিজনেস ক্লাবের সহ-সভাপতি জনাব বাশারত হোসেন দিলশাদ ও কোষাধ্যক্ষ জনাব মোঃ মোশারফ হোসেন উপস্থিত ছিলেন। আইআইইউসি বিজনেস ক্লাবের সহ-সভাপতি এবং কোষাধ্যক্ষ অনুপ্রেরণামূলক বক্তব্য দেন। কর্মশালাটি পরিচালনা করেন শরিফুল কাদের রাকিব, আইআইইউসির সহ-সাধারণ সম্পাদক ডিসি মুহাম্মদ ইমতিয়াজ হিমু, আইআইইউসি ডিসি ডিবেট সেক্রেটারি তৌহিদ। সমাপনী বক্তব্য রাখেন আইআইইউসি বিজনেস ক্লাবের সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম সাইফ চৌধুরী। সাধারণ সম্পাদক তার বক্তৃতায় কর্মশালার প্রথম দিনের বিষয়ে অংশগ্রহণকারীদের সাথে মতবিনিময় করেন, আইআইইউসি বিজনেস ক্লাব আয়োজিত আসন্ন বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে অংশগ্রহণকারীদের উদ্বুদ্ধ করেন এবং সকল স্টেকহোল্ডারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) সহযোগী অধ্যাপক ও প্রক্টর ড. নাজামুল হক। আরও উপস্থিত ছিলেন আইআইইউসি বিজনেস ক্লাবের গভর্নিং বডির সম্মানিত সদস্য জনাব আফজালুর রহমান আরাফাত। আইআইইউসি ডিবেটার্স কমিউনিটি (আইআইইউসি ডিসি) দ্বারা অংশগ্রহণ মূলক বিতর্কের মাধ্যমে কর্মশালার দ্বিতীয় দিন শুরু হয়। প্রদর্শনী বিতর্কের লক্ষ্য ছিল ব্যবহারিকভাবে শিক্ষা নিশ্চিত করা। এই শো ডিবেটের মাধ্যমে ছাত্ররা সংসদীয় বিতর্কের হাতে কলমে অভিজ্ঞতা লাভ করে এবং তারা নিয়ম ও কৌশলগুলি সম্পর্কে জানাতে সক্ষম হয়।

# সিএসইতে আইআইইউসির ফাইনান্স বিভাগের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল ট্যুর



পুঁজিবাজার সম্পর্কে সম্যক ধারণা ও প্রায়োগিক পরিচালনা সম্পর্কে অবহিত হতে এবং তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির প্রচেষ্টার অংশ হিসেবে আইআইইউসির ব্যবসায় প্রশাসন (ফাইন্যান্স) বিভাগের প্রায় ১০০ জন শিক্ষার্থীর একটি দল গত ১ ডিসেম্বর ২০২২ বৃহস্পতিবার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই)-এর, আগ্রাবাদ, চট্টগ্রামস্থ কার্যালয় পরিদর্শন করে।

# বানিজ্য অনুষদ ও ব্যবসা প্রশাসন বিভাগের উদ্যোগে উদ্যোক্তা অ্যাওয়ার্ড প্রদান




দীর্ঘদিন ধরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বাণিজ্য অনুষদ এবং ব্যবসায়ী প্রশাসন বিভাগের উদ্যোগে সমাজে বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য বিশিষ্টজনদের পুরস্কৃত করা হয়ে আসছে। মোট চারটি ক্ষেত্রে এ পুরস্কার দেয়া হয়। সেগুলো হলো আইআইইউসি বিজনেস অ্যাওয়ার্ড, উদ্যোক্তা অ্যাওয়ার্ড, সিএসআর অ্যাওয়ার্ড ও এক্সিকিউটিভ অ্যাওয়ার্ড। ২৪ শে নভেম্বর, ২০২১ বুধবার হোটেল আগ্রাবাদের বলরুমে আইআইইউসি'র এমবিএ ও এমবিএম প্রোগ্রামের সামার ২০২১ এর শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ও অ্যাওয়ার্ডিং সিরিমনি অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে ব্যবসাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য আজিম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ফারহান এম. আজিমকে উদ্যোক্তা অ্যাওয়ার্ড ২০২১ এর জন্য মনোনীত করা হয়। অনুষ্ঠানে প্রধান অথিতির বক্তব্যে আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ বলেন, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মুক্তিযুদ্ধের চেতনা সুপ্রতিষ্ঠা করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হলে প্রজন্মের পর প্রজন্ম মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে উঠবে। আইআইইউসি'র ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ এমদাদ হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া সুলতানা চৌধুরী, বিওটি সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী ও ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ূন কবির ও রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান। স্বাগত বক্তব্য রাখেন এমবিএ ও এমবিএম প্রোগ্রাম কোঅর্ডিনেটর ড. আবদুল্লাহিল মামুন। সংবর্ধিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন আজিম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ফারহান এম. আজিম। উপস্থিত ছিলেন আজিম গ্রুপের এক্সিকিউটিভ ডিরেক্টর অনুপ বরণ দে। অনুষ্ঠান সঞ্চালনা করেন ব্যবসায় প্রশাসন বিভাগের এসোসিয়েট প্রফেসর ড. এ. এম. শাহাবুদ্দিন সোহেল।

# মানবিক মূল্যবোধ ও সেবার মানসিকতা সৃষ্টির শিক্ষা দেয় আইআইইউসি-উপাচার্য




শুধুমাত্র প্রথাগত বিষয়ভিত্তিক শিক্ষা নয়, মানবিক মূল্যবোধ ও সেবার মানসিকতা সৃষ্টির শিক্ষাও দেয় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)। তাই এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দেশ ও সমাজ বিনির্মানে সামনে থেকে ভূমিকা রাখতে পারে বলে প্রত্যয় ব্যক্ত করেছেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। ২৩ জানুয়ারি ২০২৩ সোমবার নগরীর হোটেল আগ্রাবাদ-এ আইআইইউসির ব্যবসা প্রশাসন বিভাগের এমবিএ ও এমবিএম প্রোগ্রামের সামার ও অটাম ২০২২ সেশনের ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অথিতির বক্তব্যে তিনি একথা বলেন। আইআইইউসির ব্যবসা প্রশাসন বিভাগের এমবিএ ও এমবিএম প্রোগ্রামের কোঅরডিনেটর প্রফেসর ড. আবদুল্লাহিল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অথিতি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপ-উপাচার্য ও ব্যবসা প্রশাসন অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, আইআইইউসি বোর্ড অফ ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও ফাইন্যান্স কমিটির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার ডঃ রশিদ আহমদ চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর ড. জাহিদ হুসাইন সিকদার ও রেজিস্ট্রার জনাব এএফএম আখতারুজ্জামান কায়সার। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. এ. এম. সাহাবুদ্দিন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারির উপস্থিতিতে প্রায় আড়াই শতাধিক শিক্ষার্থীকে বরণ করে নেওয়া হয়।

# আইআইইউসিতে ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর ক্যাম্পাস রিক্রুটমেন্ট



আইআইইউসি এবং ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর যৌথ উদ্যোগে ০৪ ডিসেম্বর শনিবার ২০২২ তারিখে আইআইইউসি'র নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'। উপস্থিত ছিলেন আইআইইউসি'র উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, ডিবিএ চেয়ারম্যান মোঃ এমদাদ হোসাইন, ইস্টার্ন ব্যাংক লিমিটেডের হেড অব পিপলস অ্যাকুইজিশন রিয়াদ হোসেন, ম্যানেজার নাজরান কবির, রাকিবুল কবির, আফসারুর রহমান ভুইয়া ও রামিশা সালসাবিন। এমবিএ ও এবিএম প্রোগ্রামের কো-অরডিনেটর অধ্যাপক ড. আবদুল্লাহিল মামুন, ইবিএলের রিলেশনশিপ ম্যানেজার ও আইআইইউসি এলামনাই মোহাম্মদ ইফতেখার হোসাইন চৌধুরী এবং তাসকিয়া আলম এমা।

# টি কে গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ এর ক্যাম্পাস রিক্রুটমেন্ট



আইআইইউসি এবং টি কে গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজ এর যৌথ উদ্যোগে ১০ জানুয়ারি ২০২৩ মঙ্গলবার অনুষ্ঠিত হয় 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ এবং টি কে গ্রুপের ডেপুটি জেনারেল ম্যানেজার সায়িদ জহির উদ্দিন মোহাম্মদ বাবর ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সম্পর্ক উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়নে অবদান রাখার আশাবাদ ব্যক্ত করেন। এতে আরও উপস্থিত ছিলেন আইআইইউসি'র উপ-উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মাওলা, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ূন কবির, রেজিস্ট্রার জনাব এ.এফ.এম. আখতারুজ্জামান কায়সার, পরিবহন ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড মাহি উদ্দিন এবং টি কে গ্রুপের এইচআর ও এডমিন বিভাগের এসিস্ট্যান্ট ম্যানেজার তাহমিদ মকসুদ নিজাম। আইআইইউসি শিক্ষার্থী ও অভিভাবকেরা এ উদ্যোগের প্রশংসা করেন।

# বিজনেস ক্লাব কর্তৃক ব্লাড গ্রুপিং আয়োজিত



আইআইইউসি বিজনেস ক্লাব ২০ নভেম্বর, ২০২২ তারিখে ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন-২০২২ আয়োজন করে এবং এখানে ১২০ জন এর অধিক ছাত্রের বিনা মুল্যে রক্তের গ্রুপ নির্নয় করা হয়। চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজের বিশেষজ্ঞ মেডিকেল টিমের সহায়তায় ১২০ জনেরও বেশি ব্যক্তির রক্তের গ্রুপ শনাক্ত করতে সক্ষম হয়।

# বিজনেস ক্লাবের উদ্যোগে ইনডোর গেমস প্রতিযোগিতা



আইআইইউসি বিজনেস ক্লাবের উদ্যোগে ১৬ - ২৩ আগস্ট, ২০২২ ইনডোর গেমস প্রতিযোগীতার আয়োজন করা হয়। এতে দাবা, কেরামবোর্ড এবং টেবিল টেনিস খেলায় ১২০ জন এর অধিক খেলোয়াড় অংশ নেয়। ইনডোর গেমস প্রতিযোগীতার উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের সম্মানিত চেয়ারম্যান জনাব মোহাম্মদ এমদাদ হোসেন, বিশেষ অতিথি ছিলেন জনাব মোহাম্মদ তৌফিকুর রহমান, সহকারী অধ্যাপক ও আইআইইউসি বিজনেস ক্লাবের সাবেক ভাইস প্রেসিডেন্ট জনাব মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী, সহকারী অধ্যাপক। সেশনে সভাপতিত্ব করেন আইআইইউসি বিজনেস ক্লাবের সহকারী অধ্যাপক ও ভাইস প্রেসিডেন্ট জনাব বাশারত হোসেন।

# ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগে একাডেমিক গবেষণা বিষয়ক কর্মশালা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেরি সোসাইটি ছাত্রী শাখার উদ্যোগে ১৯ মার্চ, ২০২৩ তারিখে প্রথমবারের মতো "রিসার্চ মেথডলজি এন্ড রিসার্চ পেপার রাইটিং"-এর উপর একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। ওয়ার্কশপটি শুরু হয় ২য় সেমিস্টারের ছাত্রী সৈয়দা তাসনিমের কুরআন তিলাওয়াতের মধ্য দিয়ে। এরপর স্বাগত বক্তব্য রাখেন মুহাম্মদ ছরওয়ার আলম, সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ ও পরিচালক, বঙ্গবন্ধু রিচার্স সেন্টার ফর ইসলাম এন্ড ইন্টাররেলিজিয়াস ডায়ালগ। উদ্বোধনী বক্তব্য রাখেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রক্টর, মো: ইফতেখার উদ্দীন। ওয়ার্কশপের সেশনসমূহ আরম্ভ হয় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ট্রেজারার এবং কলা ও মানবিক অনুষদের ডিন, প্রফেসর ডঃ মোহাম্মদ হুমায়ুন কবির-এর "হুয়াট মেইকস গুড রিসার্চ" বিষয়ক আলোচনা দিয়ে। পরবর্তী সেশন পরিচালনা করেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক সালমা হক। উনার আলোচ্য বিষয় ছিল "হাউ টু রাইট অ্যা সাকসেসফুল রিসার্চ পেপার"। পরে সেশনে আলোচক ছিলেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক, ড. শাহ মোহাম্মদ সানাউল করিম এবং তিনি আলোচনা করেন "ডেভেলপিং রিসার্চ পেপার ইন দ্যা ফিল্ড অব ল্যাংগুয়েজ"। সমাপ্তি সেশন পরিচালনা করেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক, মোঃ আবু সালেহ নিজাম উদ্দিন এবং তাঁর আলোচনার বিষয় ছিল "ডুয়িং ডাটা কালেকশন, ডাটা এনালাইসিস, চুসিং মেথডলজি, রাইটিং রেজাল্টস এন্ড ডিসকাশন, কনক্লুশন এন্ড রেফারেন্সেস"। এতে উপস্থিত ছিলেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক আমীর মোহাম্মদ খান, সেন্টার অব জেনারেল এডুকেশন-এর দুই লেকচারার ইশিতা খানম কারু ও সাদেকা জান্নাত। এছাড়াও এই ওয়ার্কশপে অংশগ্রহণ করে ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ৯৬জন ছাত্রী। অংশগ্রহণকারীদেরকে সার্টিফিকেট বিতরণ এবং ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক এবং ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটরেরি সোসাইটির প্রেসিডেন্ট, ড. মুহাম্মদ আজিজুল হক-এর বক্তব্যের মাধ্যমে ওয়ার্কসপ সমাপ্ত হয়।

# বিতর্ক ও পাবলিক স্পিকিং কর্মশালা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেরি সোসাইটির (এলস) তত্ত্বাবধানে বির্তক ও পাবলিক স্পিকিং এর ওপর দুই দিন ব্যাপি কর্মশালার আয়োজন করা হয়। প্রশিক্ষক ছিলেন দৃষ্টি চট্টগ্রামের যুগ্ম সম্পাদক কাজী আরাফাত, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাখাওয়াত হোসাইন মজুমদার এবং চবি স্কুল অব ডিবেটের সাধারণ সম্পাদক ফারহানা যূথী। দুইদিনের কর্মশালা শেষে প্রশিক্ষকদের হাতে ক্রেস্ট তুলে দেন এলস এর সভাপতি ও বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আজিজুল হক এবং সহ সভাপতি ও বিভাগের সহকারী অধ্যাপক মো. আবু সালেহ নিজাম উদ্দিন।

# ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ এর কার্যক্রম



একটি বিশ্ববিদ্যালয় নিছক শিক্ষাবিদ তৈরি করার জন্য নয় বরং সমাজে অবদান রাখার জন্য উচ্চ সংবেদনশীলতার সাথে সব বিষয়ে পারদর্শী হিসেবে তৈরি করে। এই দৃষ্টিভঙ্গি নিয়ে, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ ২০১৬ সালে ইংলিশ ল্যাংগুয়েজ অ্যান্ড লিটারারি সোসাইটি (ELLS) গঠন করে। তারপর থেকে এর দুটি শাখা (পুরুষ ও মহিলা) পৃথক ব্যাবস্থাপনায় কাজ করছে। ELLS এর বিভিন্ন কার্যক্রমের মধ্যে বিতর্ক প্রতিযোগিতা, বিতর্ক পাবলিক স্পিকিং কর্মশালা, নাট্য উৎসব, গ্রামারিয়ান কনটেস্ট, সাহিত্য প্রতিযোগিতা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, সাংবাদিকতা কর্মশালা, দক্ষতা উন্নয়ন প্রোগ্রাম, ইনডোর এবং আউটডোর গেমস ইত্যাদি সহ-পাঠ্যক্রমিক কর্মসূচীর দ্বারা বিভাগকে প্রাণবন্ত করে রেখেছে।

# ক্যারিয়ার দক্ষতা এবং সময় ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা



ELLS "ক্যারিয়ার দক্ষতা, লক্ষ্য নির্ধারণ এবং সময় ব্যবস্থাপনা" বিষয়ে ১০ আগষ্ট ২০২২ তারিখে ব্যতিক্রমী এক কর্মশালার আয়োজন করে, যা শিক্ষার্থীদের কাছ থেকে অতুলনীয় সাড়া পেয়েছে। এই কর্মশালার ট্রেইনার ছিলেন আমেরিকান প্রবাসী DELL এর একজন প্রাক্তন শিক্ষার্থী, নেতৃত্ব ও ক্যারিয়ার গঠন বিশেষজ্ঞ মুহাম্মদ আকবর হোসেন। প্রায় ৫০০ শিক্ষার্থীর অংশগ্রহণে আয়োজিত এই কর্মশালায় শিক্ষার্থীদের উদ্দ্যেশে ক্যারিয়ার গঠন মূলক গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য পরামর্শ প্রদান করেন। কর্মশালায় আইআইইউসি'র ট্রেজারার এবং কলা ও মানবিক অনুষদের ডিন প্রফেসর ড. মুহাম্মাদ হুমায়ুন কবির, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মুহাম্মাদ ছরওয়ার আলম এবং ELLS এর প্রেসিডেন্ট ড. মুহাম্মাদ আজিজুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

# আরবি ভাষা ও সাহিত্য বিভাগের উদ্যোগে বিশ্ব আরবি ভাষা দিবস পালন



বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে আইআইইউসি বিশ্ব আরবি ভাষা দিবস পালন করা হয়েছে। ২০১২ সাল হতে প্রতি বছর ১৮ ডিসেম্বর জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থার (ইউনেস্কো) উদ্যোগে দিবসটি পালিত হয়। এ বছর দিবসটির প্রতিপাদ্য হলো "মানব সভ্যতা ও সংস্কৃতিতে আরবি ভাষার অবদান"। দিবসটি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করে আরবি ভাষা ও সাহিত্য বিভাগ। বিশ্ব আরবি ভাষা দিবস উপলক্ষে আইআইইউসি বিওটির মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা নেজামুদ্দিন নদভী, এমপি মহোদয়কে ক্রেষ্ট তুলে দেন আরবি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তারা মানব সভ্যতা ও সংস্কৃতির বিকাশ ও কল্যাণে আরবি ভাষার গুরুত্ব ও এর শিক্ষাদান পদ্ধতি নিয়ে আলোচনা করেন। সভা শেষে অডিটোরিয়াম থেকে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মান্যবর ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ. এফ. এম. আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন এতে বিভিন্ন ফ্যাকাল্টির ডিন, বিভাগীয় চেয়ারম্যানগন ও ডিরেক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। আরবি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মাদ মাহমুদুল হাসানের সভাপতিত্বে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে দুপুর দেড়টায় আরবি বিভাগের সামনে এসে র‍্যালিটি শেষ হয়।

# আরবি বিভাগে অনুষ্ঠিত হল ইন্টারন্যাশনাল কনফারেন্স ২০২৩-এর প্যারালাল সেশন



আইআইইউসির ফ্যাকাল্টি অফ আর্টস এন্ড হিউম্যানিটিস-এর উদ্যোগে আয়োজিত "Envisioning the Future: Teaching Language and Literature" বিষয়ের উপর দুইদিন ব্যাপী ইন্টারন্যাশনাল কনফারেন্স ২০-২১ জানুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। কনফারেন্সের উদ্বোধনী ও সমাপনী অধিবেশনের পাশাপাশি ডিপার্টমেন্ট ভিত্তিক একাধিক ভেন্যুতে প্যারালাল সেশন অনুষ্ঠিত হয়। আরবি ভাষায় রচিত গবেষনা পত্র সমুহ যথাক্রমে সেন্ট্রাল সেমিনার হল ও আরবি ভাষা ও সাহিত্য বিভাগের লেকচার হলে উপস্থাপন করা হয়। এসময় সেশন চেয়ার হিসেবে উপস্থিত ছিলেন আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের আরবি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সানাউল্লাহ আল-নদভী ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের CGED বিভাগের প্রফেসর ড. বি এম মুফিজুর রহমান। আরবি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মদ মাহমুদুল হাসান ও বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ মুঈনউদ্দিন আযহারির সঞ্চালনায় অনুষ্ঠিত আরবি প্যারালাল সেশনে প্রায় ত্রিশজন গবেষক নিজেদের গবেষণাপত্র উপস্থাপন করেন।

# ইএলএলএস মেল চ্যাপ্টার দ্য গ্রামারিয়ান কনটেস্ট



আইআইইউসি ৬ নভেম্বর ২০২২ এ ELLS (Male chapter) দ্য গ্রামারিয়ান কনটেস্ট অনুষ্ঠিত হয়। বিপুল সংখ্যক তরুণ শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ইএলএলএস এর আয়োজনে এই প্রতিযোগিতায় DELL এর চেয়ারম্যান মোহাম্মদ সরওয়ার আলম, সহযোগী অধ্যাপক সাজ্জাদুল করিম, ELLS সভাপতি এর ড. মুহাম্মদ আজিজুল হক এবং সহ-সভাপতি মোঃ আবু সালেহ নিজাম উদ্দিন সহ ক্লাবের অন্যান্য সদস্য, জিএস এবং এজিএস অংশগ্রহণকারীদের সহায়তায় উপস্থিত ছিলেন।

# এএলএল ক্লাব কর্তৃক ক্যারিয়ার ওয়ার্কশপ



আইআইইউসির আরবী ভাষা ও সাহিত্য বিভাগের এএলএল ক্লাব কর্তৃক আয়োজিত "ক্যারিয়ার ওয়ার্কশপ প্রোগ্রাম" ২৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে বিভাগের লেকচার হলে অনুষ্ঠিত হয়। বিভাগীয় চেয়ারম্যান জনাব ড. মোঃ মাহমুদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের CGED এর সম্মানিত পরিচালক জনাব আতাউর রহমান নদভী ও আরবি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুঈন উদ্দিন আযহারী। ওয়ার্কশপে কীনোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন ৩৫তম বিসিএস শিক্ষা ক্যাডারে নিয়োগ প্রাপ্ত সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার আরবি প্রভাষক জনাব আব্দুর রহমান।

# আইন বিভাগের ৩২তম ব্যাচের শিক্ষার্থীদের ফেয়ারওয়েল প্রোগ্রাম




২৬ নভেম্বর ২০২২ শনিবার অনুষ্ঠানে আইন বিভাগের সহযোগী অধ্যাপক ও চেয়ারম্যান মো. মনজুর হোসেন পাটোয়ারীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ এবং বিশেষ অতিথি ছিলেন আইআইইউসির রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান কায়সার। প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠায় আইনজীবীদের ভূমিকার ওপর আলোকপাত করতে গিয়ে তিনি বলেন, একজন গরিব, অসহায় বিচারপ্রার্থী মানুষের মুখে হাসি ফুটাতে পারে শুধুমাত্র একজন সৎ, যোগ্য ও নিষ্ঠাবান আইনজীবী। তোমরাই হবে সেই নিষ্ঠাবান সৎ ও যোগ্য আইনজীবী, বিচারক, শিক্ষক ও উচ্চপদস্থ কর্মকর্তা। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর আইন বিভাগের ছাত্ররা দেশে-বিদেশে সুনামের সাথে বিভিন্ন পেশায় নিয়োজিত থেকে একদিকে বিশ্ববিদ্যালয়ের মুখ উজ্জ্বল করছে অন্যদিকে পিতা-মাতা ও নিজেদের লালিত স্বপ্ন পূরণ করে যাচ্ছে। বিশেষ অতিথির বক্তব্যে এ এফ এম আখতারুজ্জামান কায়সার বলেন, আইনজীবীরা হলেন সোশ্যাল ইঞ্জিনিয়ার। সুতরাং তোমরা যারা পড়াশুনা শেষ করে কর্মজীবনে প্রবেশ করছো, সমাজ বিনির্মাণে তোমাদেরকেই অগ্রণী ভূমিকা পালন করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইন বিভাগের শিক্ষক ড. কাজী এরশাদুল হক, প্রাক্তন চেয়ারম্যান মো. রিদওয়ান গনি, মোহাম্মদ নাসির উদ্দিন, আইন বিভাগের প্রাক্তন ছাত্রছাত্রীদের সংগঠন আইআইইউসি ল' এলামনি অ্যাসোসিয়েশনের সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট মাহবুবুল হাসান অনু, সম্পাদক রবিউল হোসেন নয়ন, বিভাগের বিভিন্ন সেমিস্টারের ছাত্রসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। অনুষ্ঠান শেষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া মাহাফিল পরিচালনা করেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের আরবি ভাষা ও সাহিত্য বিভাগের সভাপতি ডক্টর মাহমুদুল হাসান।

# আইন বিভাগের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা




'আইনী নানা মারপ্যাঁচে পড়ে বিচারে যে দীর্ঘসূত্রিতা তৈরি হয় সেটি বিচারপ্রার্থীর প্রতি এক প্রকার অবিচার'। ৫ জুন, ২০২২ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের সেন্ট্রাল অডিটোরিয়ামে আয়োজিত আইন অনুষদের অটাম এবং স্প্রিং ২০২১ ব্যাচের বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে বক্তারা এই মন্তব্য করেন। আইন অনুষদের চেয়ারম্যান মনজুর হোসেইন পাটোয়ারীর সভাপতিত্বে আয়োজিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম আরিফ বলেন, আমাদের দেশের বাস্তবতায় একটা মামলা শুরু হলে দেখা যায় মামলা শেষ হতে হতে সেই মানুষটিই মারা যায়। বিশেষ অতিথির বক্তব্যে ফিমেইল একাডেমিক জোনের চেয়ারম্যান ও বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রিজিয়া রেজা চৌধুরী বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা এই বিশ্ববিদ্যালয়ের এম্বাসেডর, তোমরা নিজ নিজ কর্মক্ষেত্রে মানবিকতাকে ধরে রেখে নিজেদের নৈতিকতাকে একটুও বিচ্যুত হতে দিবে না। এটাই হবে এই বিশ্ববিদ্যালয়ের সার্থকতা। অনুষ্ঠানের শুরুতে বিশ্ববিদ্যালয়ের অদূরে সংঘটিত বিএম কন্টেইনার ডিপোর ট্র্যাজেডিতে হতাহতদের জন্য শোক প্রকাশ করা হয়। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার এ. এফ. এম. আখতারুজ্জামান কায়সার, ফিমেইল একাডেমিক জোনের কো অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী, উপস্থিতি ছিলেন আইন বিভাগের শিক্ষক ড. কাজী এরশাদুল হক, অনুষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট রিদোয়ান গনি এবং সহকারী অধ্যাপক অ্যাডভোকেট নাসির উদ্দীন, ড. সাইফুল ইসলাম, সামিউল হাসান। ফিমেইল একাডেমিক জোন থেকে ফ্যাকাল্টি মেম্বারদের মধ্যে উপস্থিত ছিলেন আনজুমান আরা বেগম, সুফিয়া খানম, তাসলিমা খানম, ফয়জুন্নেসা তারু, দিলরুবা পারভিন, ফাতেমা তুজ জোহরা প্রমুখ। বিদায়ী শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন আইন অনুষদ ৩১তম ব্যাচের শিক্ষার্থী ইমরানুল হক হৃদয় এবং সামিয়া উদ্দীন।



২ মার্চ ২০২২ বুধবার আইন বিভাগের ক্লাস কক্ষে Autumn ২০২২ শিক্ষার্থীদের বিশেষ ক্লাসে মুট কোর্ট এবং মক ট্রায়াল অনুষ্ঠিত হয়।

# আইনজীবীদের সম্পর্কে সমাজের প্রচলিত ধারণা বদলাতে হবে




মহানবী হযরত মুহাম্মদ (সাঃ) বলেছেন জ্ঞান অর্জনের জন্য প্রয়োজনে সুদূর চীন দেশে যাও। আজকের বিশ্বে চীন সবচেয়ে বৃহৎ শক্তিদের একটি। রাজনীতি, কূটনীতি, বাণিজ্য, সামরিক শক্তি সবকিছুতেই আজ চীনের আকাশসম অর্জন। এসব কিছুই সম্ভব হয়েছে জ্ঞান অন্বেষণের ফলে। চীন জ্ঞান অন্বেষণ করে প্রযুক্তির উৎকর্ষতায় এগিয়ে গিয়েছে বহুধাপ। আমাদের নবী করিম (সাঃ) সে কথা বুঝেছিলেন যে চীন আজকের এই পর্যায়ে আসবে। তাইতো তিনি জ্ঞান অন্বেষণে চীনে যেতে বলেছেন। কথাগুলো বলছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। ৫ অক্টোবর ২০২২ মঙ্গলবার আইআইইউসি অডিটোরিয়ামে আইন অনুষদের আয়োজনে অনুষ্ঠিত 'লিগ্যাল সিস্টেম অব বাংলাদেশ : সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক এক সেমিনারে শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, জ্ঞান অন্বেষণ হচ্ছে সত্যের পথে ছুটে চলা। সত্যকে ডিঙিয়ে কখনো জ্ঞান অন্বেষণ করা যায় না। বাংলাদেশের আইন পেশা সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে একটা বাজে ধারণা বিদ্যমান। এটা একেবারেই মিথ্যে নয়। সুপ্রিম কোর্ট, হাইকোর্ট গেলে মানুষের ভোগান্তির চরম সব গল্প শোনা যায়। এ পেশাকে অবলম্বন করে অনেকেই মানুষকে কষ্ট দিচ্ছে। তোমাদেরকে সেই পথ থেকে বেরিয়ে আসতে হবে। সত্যের আন্দোলনে যোগ দিতে হবে। আমরাও একসময় ক্লাস থেকে দেশ ও দশের প্রয়োজনে রাজপথে নেমেছিলাম। যখন শত্রুরা চারিদিকে দেশটাকে আবারও গিলে খাচ্ছে, আবারও গ্রাস করছে তখন আমরা ক্লাস ছেড়ে রাজপথে নেমেছিলাম। আইনজীবীদের সম্পর্কে আমাদের সমাজে প্রচলিত বাক্য বদলাতে হবে। আর এটা তোমারই পারবে। যেখানে অসংখ্য মানুষের অভিযোগ, যেখানে অসততার ছড়াছড়ি, নির্যাতিত মানুষের বিচারহীনতার নিরব কান্না, সেখানেও কিছু মানুষ রয়েছে আর্তমানবতার সেবায় কাজ করছে। সততাকে পুঁজি করে অসততার বিরুদ্ধে লড়ছে। আমরা আমাদের সন্তানদের সেই পথে দেখতে চাই। সেমিনারে উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ আরও বলেন, আজ বিশ্ববিদ্যালয় এক নতুন অর্জন পেতে যাচ্ছে। আমাদের বিশ্ববিদ্যালয়ে রেলস্টেশন করা হচ্ছে। অতীতে যা ছিল না তা করা হচ্ছে এবং ভবিষ্যতেও করা হবে। আমরা এই বিশ্ববিদ্যালয়কে ঢেলে সাজাতে চাই। বিশ্বশিক্ষার মহিরুহে পরিণত দিতে চাই। সেমিনারে প্রধান বক্তা ছিলেন বাংলাদেশের ডেপুটি এটর্নি জেনারেল অ্যাডভোকেট আবুল হাশেম; তিনি বলেন, জীবনে বড় হতে হলে সবার আগে ছোট হওয়া চাই। অর্থের পেছনে নয়, যোগ্যতা অর্জনের পেছনে ছোটো। জাগতিক অর্থ তোমাকে খুঁজে নিবে। সততা আর নিষ্ঠা থাকলে মানুষ তার অর্জন ঠিকই পায়। তাই তোমরা সততাকে পুঁজি করে ক্যারিয়ার গড়ে তোল। তবে ব্যক্তির চেয়ে রাষ্ট্র বড়। মুক্তিযুদ্ধের মাধ্যমে যদি বাংলাদেশ স্বাধীন না হতো, বায়ান্ন'র ভাষা আন্দোলনে বাংলাকে রাষ্ট্রভাষা না করা হতো তাহলে আজকে আমি ডেপুটি এটর্নি জেনারেল হতে পারতাম না। পারতাম না বাংলায় কথা বলতে। আমরা যেন আমাদের অতীত ভুলে না যাই। সেমিনারে শিক্ষার্থীদের আইন বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাবে ডেপুটি এটর্নি জেনারেল আবুল হাশেম বলেন, বাংলাদেশে এখনো শত বছরের পুরোনো আইন চালু আছে। তবে বর্তমান সরকার আইন সংশোধনের উদ্যোগ নিয়েছে। ইতিমধ্যে বেশকিছু আইন আমরা সংশোধন করেছি। কিছু আইনে বিচার হওয়ার পূর্বেই নির্দোষ ব্যক্তি অনেক দুঃখকষ্ট ভোগ করেন, যা মানবাধিকার লঙ্ঘনের শামিল। এটাই আমাদের দেশের নিয়ম। আমাদের দেশের আইনে সীমাবদ্ধতা রয়েছে। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের উপদেষ্টা মোরশেদ মাহমুদ খান-এর সভাপতিত্বে অর্ধদিনব্যাপী এই সেমিনারে আরো বক্তব্য রাখেন উপ উপাচার্য প্রফেসর ড. মাসরুরুল মাওলা, বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সফিউর রহমান। আইন অনুষদের সহযোগী অধ্যাপক অ্যাডভোকেট নাছির উদ্দীনের সঞ্চালনায় সেমিনারে বক্তব্য রাখেন আইন অনুষদের চেয়ারম্যান মনজুর হোসেন পাটওয়ারী, আইন অনুষদের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর আব্দুল মালেক, আইআইইউসি ল' ক্লাবের সভাপতি প্রফেসর কাজী আরশাদুল হক। সেমিনারপূর্ব সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন আইআইইউসি ল' ক্লাবের জিএস সাঈদ জুবায়ের ওপেল, এজিএস অনিক আহমেদ, পাবলিক রিলেশন অফিসার তৌসিফ ইনান প্রমুখ। সেমিনারে আইআইইউসি আইন অনুষদের বিভিন্ন সেমিস্টারের দুই শতাধিক শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ অংশ নেন।

# কক্সবাজার আদালত পরিদর্শনে আইআইইউসি'র আইন অনুষদ



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের আইন অনুষদের ব্যবস্থাপনায় কক্সবাজার জেলা আদালত পরিদর্শন করেছে অনুষদের শিক্ষার্থীরা। ২৬ মে ২০২২ অনুষদের বিভিন্ন সেমিস্টারের শিক্ষার্থীরা কক্সবাজার জেলা জজ আদালত পরিদর্শন করেন। এসময় পরিদর্শক দলকে আদালতে বরণ করে নেন কক্সবাজার আদালতে কর্মরত অনুষদের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন ইলাক এর নেতৃবৃন্দ। এসময় কক্সবাজার জেলা আইনজীবী সমিতির নেতৃবৃন্দও পরিদর্শক দলকে স্বাগত জানান। শিক্ষার্থীরা আদালতের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন শেষে চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের সাথে মতবিনিময় করেন। এসময় তিনি পরিদর্শক দলকে আদালত পরিদর্শনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। শিক্ষার্থীদের সাথে আদালতে প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে উপস্থিত ছিলেন অনুষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মনজুর হোসেইন পাটোয়ারী, ড. কাজী এরশাদুল হক, অনুষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট রিদোয়ান গনি এবং সহকারী অধ্যাপক অ্যাডভোকেট নাসির উদ্দীন প্রমুখ।

# ইকোনমিক্স এন্ড ব্যাংকিং বিভাগের উদ্যোগে বরণ ও বিদায় অনুষ্ঠান



৩০ ডিসেম্বর ২০২২ইং অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের উদ্যোগে এম এস এস অটাম ও স্প্রিং ২০২২ইং সেমিস্টারের নবাগত ও সাবেক শিক্ষার্থীদের বরণ ও বিদায় অনুষ্ঠান, চট্টগ্রাম শহরের আগ্রাবাদস্থ হোটেল সিলভার স্পুনে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান ড. মনির আহম্মেদ। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. মহুরুরুল মাওলা, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবির। সম্মানিত বোর্ড অব ট্রাস্টিজ সদস্য ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান (কায়সার), অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের শিক্ষক মন্ডলী এবং বিদায়ী শিক্ষার্থীবৃন্দ।

# ইবি ক্লাবের উদ্যোগে বাংলাদেশ ইউথ লিডারশিপ সেমিনার



Collaboration and Placement Centre IIUC এর উদ্যোগে IIUC EB CLUB এবং IIUC Data Science Research গ্রুপের সহযোগীতায় ১০ ও ১১ ফেব্রুয়ারী IIUC সেন্ট্রাল অডিটোরিয়াম অনুষ্ঠিত হয় Bangladesh Youth Leadership Centre (BYLC) এর মাস ব্যাপি ক্যারিয়ার রেডিসন প্রোগ্রাম CareerX এর ২৭ এবং ২৮ ব্যচের অফলাইন সেশন। উক্ত ট্রেনিং সেশনে উপস্থিত ছিলেন IIUC এলামনাই এবং BYLC এর লিডারশীপ ডেভেলাপমেন্ট এবং টিচিং টিমের সহকারী পরিচালক ও ফ্যাকাল্টি মুনিরা সোলতানা। অফিস অব প্রফেশনাল ডেভেলাপমেন্ট টিমের সিনিয়র এক্সিকিউটিভ এবং ট্রেইনার অনিক চন্দ্র সাহা। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রফেশনাল ডেভেলাপমেন্ট এন্ড ট্রেনিং টিমের সহকারী ব্যবস্থাপক আহসান হাবিব। দুই দিন ব্যাপি এই প্রোগ্রামে ছাত্র ও ছাত্রীদের জন্য আলাদা ভাবে ট্রেনিং সেশনের আয়োজন করা হয়।

# ইবি ট্রি চিত্রায়িত



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ইবি ক্লাবের উদ্যোগে অর্থনীতি ও ব্যাংকিং এর উপর তাদের সৃজনশীল কর্ম ও বিকশিত মেধার মাধ্যমে একটি ইবি ট্রি চিত্রায়িত করেন। এতে অর্থনীতি ও ব্যাংকিং এর সকল বিষয় ফুটে উঠে। ইবি ট্রি উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের সম্মানিত চেয়ারম্যান জনাব ড. মনির আহমেদ। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মহুরুরুল মাওলা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ফ্যাকাল্টি অব সোসাল সায়েন্সের ডিন অধ্যাপক ড. জাহেদ হোসাইন সিকদার ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টর জনাব মোঃ ইফতেখার উদ্দিন। এতে আরো উপস্থিত ছিলেন ডিপার্টমেন্টের শিক্ষক মন্ডলী ও ইবি ক্লাবের সদস্যগণ।

# MAS Intimates প্রতিনিধি দলের আইআইইউসি ক্যাম্পাস পরিদর্শন



১৮ ফেব্রুয়ারী ২০২৩ MAS Intimates এর একটি প্রতিনিধি দল সম্প্রতি আইআইইউসি ক্যাম্পাস পরিদর্শন করেন। ক্যাম্পাস পরিদর্শনের পুর্বে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক আনোয়ারুল আজিম আরিফ এর কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। MAS Intimates এর ফ্যাক্টরি চট্টগ্রামের পতেঙ্গায় কর্ণফুলি ইপিজেড -এ অবস্থিত। এটি একটি মাল্টিন্যাশনাল এপারেল উৎপাদনকারী প্রতিষ্ঠান। সারা বিশ্বে তাদের ১৭ টি দেশে ফ্যাক্টরি রয়েছে যাতে প্রায় ১ লক্ষ ২০ হাজার জনশক্তি কর্মরত রয়েছে। বাংলাদেশে কর্মরত আছে প্রায় ৫ হাজার ২০০ লোক। প্রতিষ্ঠানটি এর মানবসম্পদকে সর্বাধিক গুরুত্ব প্রদান করে। আইআইইউসি-তে তাদের পরিদর্শনের উদ্দেশ্য হচ্ছে বিশ্ববিদ্যালয়ের এর সাথে কোন সমঝোতা স্মারক স্বাক্ষর করার বিষয়ে আলোচনা করা হয়, যাতে করে আই আইআইইউসি থেকে ইন্টার্ন তথা অন্যান্য জনশক্তি নিয়োগ, পারস্পরিক ট্রেনিং প্রোগ্রাম ও এক্সচেঞ্জ প্রোগ্রাম আয়োজন করা যেতে পারে। এসময় উপস্থিত ছিলেন সম্মানিত বোর্ড অব ট্রাস্টিজ সদস্য ইঞ্জিনিয়ার রশিদ আহমদ চৌধুরী, রেজিস্ট্রার এ এফ এম আখতারুজ্জামান (কায়সার), প্রক্টর জনাব ইফতেখার উদ্দিন, অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের সহযোগি অধাপক ড. মোঃ শরীফুল হক, ও সহকারী অধ্যাপক জনাব মোঃ আমজাদ হোসাইন।

# ইবি ক্লাবের উদ্যোগে ক্যারিয়ারএক্স সনদ বিতরণ অনুষ্ঠান





আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম EB Club এর উদ্যোগে BYLC এর সহযোগিতায় ২৮ ডিসেম্বর ২০২২ বৃহস্পতিবার। গত ফেব্রুয়ারিতে সম্পন্ন হওয়া BYLC CareerX অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মাঝে Certificate Giving Ceremony অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মহুরুরুল মাওলা স্যার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপার্টমেন্ট এর সম্মানিত চেয়ারম্যান সহযোগী অধ্যাপক মনির আহাম্মেদ স্যার এবং BYLC অফিসিয়ালস। উক্ত অনুষ্ঠানে প্রায় ১০০ জন গ্রাজুয়েটসকে সার্টিফিকেট প্রদান করা হয়।

# ইবি ক্লাবের উদ্যোগে ইন্ডাস্ট্রিয়াল ট্যুর




১৬ ফেব্রুয়ারী ২০২৩ ইং তারিখ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, EB CLUB এর উদ্যোগে ১৪তম ব্যচের ছাত্রদের MAS Intimates Bangladesh (Private) limited KEPZ, North Patenga, Chattogram এ অনুষ্ঠিত হয় Industrial Tour, ২০২৩। শুরুতে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর পক্ষ থেকে MAS Intimates কোম্পানি প্রধানকে ক্রেস্ট দিয়ে বরণ করেন EB ডিপার্টমেন্টের সম্মানিত শিক্ষকবৃন্দ। অংশগ্রহণকারী ছাত্রদের পক্ষে MAS Intimates Bangladesh (Private) limited কোম্পানি কর্তৃক সনদ গ্রহণ করেন অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের ছাত্র ইফতেখার মনির ও আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি), EB CLUB এর GS।

# ইবি ক্লাবের উদ্যোগে ক্রিকেট টুর্নামেন্ট



১৭ এপ্রিল ২০২২ ইং তারিখ IIUC, EB CLUB এর উদ্যোগে ক্রিকেট টুর্নামেন্ট ২০২২ ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়। অনুষ্ঠানে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এতে সভাপতিত্ব করেন অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান জনাব মনির আহম্মেদ। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপচার্য অধ্যাপক মোঃ আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ মহুরুরুল মাওলা, অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের প্রাক্তন অনারারী এডভাইজার অধ্যাপক ড. সাইফুল ইসলাম, বিজনেস ডিপার্টমেন্টের চেয়ারম্যান জনাব মোঃ এমদাদুল হক, ক্লাবের সভাপতি, অর্থনীতি ও ব্যাংকিং বিভাগের শিক্ষক মন্ডলী ও ছাত্রবৃন্দ।

## ৫ম সমাবর্তন উপলক্ষ্যে শিক্ষা উপমন্ত্রীর ফিমেল একাডেমিক জোন পরিদর্শন এবং বৃক্ষরোপন



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ৫ম সমাবর্তন ২০২২ অনুষ্ঠান উপলক্ষ্যে ফিমেল একাডেমিক জোন পরিদর্শন এবং বৃক্ষরোপন করেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল এমপি, সাথে উপস্থিত আছেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এবং আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। উল্লেখ্য সমাবর্তনে মোট ১৫৩৬১ জন শিক্ষার্থীকে সনদ বিতরণ করা হয়। চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হয় মোট ৩৬ শিক্ষার্থীকে এছাড়াও ভাইস চ্যান্সেলর এওয়ার্ড দেয়া হয় ১৩৭ জন শিক্ষার্থীদের। এসময় তিনি বারোমাসি আমের বৃক্ষরোপন করেন এবং ফিমেল একাডেমিক জোন পরিদর্শন করেন।

## বিজয়ের সুবর্ণ জয়ন্তী উদযাপন



"এক নদী রক্ত পেরিয়ে,
বাংলার আকাশে রক্তিম সূর্য আনলে যারা
তোমাদের এই ঋণ কোন দিনই শোধ হবেনা।"

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে নানাবিধ কর্মসূচির মাধ্যমে মহান বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উদযাপিত। উদযাপনের প্রথম প্রহরেই প্রধান অতিথি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ও উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ চৌধুরী কুমিরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে সকাল ৮টায় জাতীয় পতাকা উত্তোলন, শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন এবং লাল-সবুজ বেলুন ও কবুতর উড়িয়ে বিজয়ের সুবর্ণ জয়ন্তীর আনুষ্ঠানিকতা উদ্বোধন করেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইআইইউসি উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ, স্বাগত বক্তব্য রাখেন রেজিস্ট্রার মুহাম্মদ শফীউর রহমান এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন ইন্সটিটিউট অব মডার্ণ ল্যাংগুয়েজ এর ডিরেক্টর মোঃ ইফতেখার উদ্দিন। আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভি, এমপি। বিশেষ অতিথি প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, মিসেস রিজিয়া রেজা চৌধুরী, প্রো ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মছরুরুল মাওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি বোর্ড আব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি বলেন, সবার দেশাত্মবোধ আছে। এই দেশাত্মবোধের চর্চা করতে হবে। দেশাত্মবোধকে পরিপক্ক করতে হলে বঙ্গবন্ধুকে অধ্যয়ন করতে হবে। দেশাত্মবোধকে শাণিত করতে হলে জাতীয় দিবসগুলো এই বিজয় দিবসের মত যথাযোগ্য মর্যাদায় উদযাপন ও পালন করতে হবে। এছাড়াও ফিমেল একাডেমিক জোনে বর্ণাঢ্য আয়োজনের বিশেষ কিছু প্রোগ্রাম উদযাপিত হয়, তন্মেধ্যে বিশেষ ভাবে উল্লেখযোগ্য ছিলো চিত্রাঙ্কন প্রতিযোগিতা। আয়োজনে উপস্থিত ছিলেন বোর্ড অব ট্রাস্টিজ সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চোধুরী এছাড়াও বিনোদনের অংশ হিসেবে বালিশ খেলা সহ বেশ কিছু অনুষ্ঠান ক্লাব কর্তৃক আয়োজিত হয় ফিমেল একাডেমিক জোনে।

## ফিমেল একাডেমিক জোন পরিদর্শন করেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর



২৩ শে জানুয়ারী ২০২৩ তারিখে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে চট্টগ্রাম এর ফিমেল একাডেমিক জোন পরিদর্শন করেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), চট্টগ্রাম অঞ্চল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব তোফাজ্জল আহমদ ও নির্বাহী প্রকৌশলী জনাব হাসান আলী। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে চট্টগ্রামের সম্মানিত ট্রাস্টি বোর্ডের সদস্য ও ফিমেল একাডেমিক জোন এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী অতিথিদের ফুল দিয়ে বরণ করেন। ফিমেল একাডেমিক জোনের একাডেমিক ভবন ও রাস্তা পরিদর্শন শেষে বিশ্ববিদ্যালয়ের সার্বিক কাঠামো উন্নয়ন ও রাস্তা সম্প্রসারণ নিয়ে আনুষ্ঠানিক আলোচনা হয়। উক্ত আলোচনায় এলজিইডি প্রকৌশলীবৃন্দ দ্রুততার সাথে বিশ্ববিদ্যালয়ের কাজ সম্পাদন করার আশাবাদ ব্যক্ত করেন।

## এক নজরে আইআইইউসি ফিমেল একাডেমিক জোন




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রতিষ্ঠার সূচনালগ্ন থেকেই সারাদেশে উজ্জ্বল অবস্থান তৈরীতে সক্ষল হয়েছে। ছাত্রীদের জন্য আলাদা ফিমেল একাডেমিক জোন-এদেশে একটি অনন্য দৃষ্টান্ত। অপরিসর ক্যাম্পাস, অপ্রতুল সুবিধা, গুটি কয়েক ছাত্রী, কিন্তু সকলের চোখে স্বপ্ন অফুরান - এভাবেই ফিমেইল একাডেমিক জোন এর পথ চলার শুরু। ছাত্রীদের জন্য প্রথম একাডেমিক জোনটি ছিল অস্থায়ী নিবাসে। পরবর্তীতে ২০১৬ তে কুমিরাস্থ নিজস্ব ক্যাম্পাসে সুরম্য এই বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য হয়েছে আলাদা একাডেমিক জোন । স্বতন্ত্র জোনে শালীন পোশাকে তারা দাপটের সাথে পড়াশুনা, গবেষণা, সহশিক্ষা কার্যক্রম ছাত্রদের সাথে সমানতালে চালিয়ে যাচ্ছে। তাদের আয়োজিত চিত্র প্রদর্শনী, বসন্ত উৎসব নিয়মিতই রঙিন করে এই ক্যাম্পাস। শীতকালীন পিঠা উৎসবে মুখরিত হয় আমাদের প্রাঙ্গন। ক্যালিওগ্রাফি, চিত্রাঙ্কন, সংস্কৃতিচর্চা, ছবি তোলায়ও পিছিয়ে নেই আমাদের মেধাবী কন্যারা। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী সহ প্রমুখের নেতৃত্বে বর্তমান প্রশাসন দায়িত্ব গ্রহণের পর থেকে সার্বক্ষণিক ভাবে সচেষ্ট ছাত্রীদের উন্নয়নে। বর্তমান প্রশাসনের আছে অসাধারণ পরিচালন দক্ষতা, জনসংযোগ ও সৃষ্টিশীল মন। আর সাথে আছে একদল সুযোগ্য শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা ও কর্মচারী। বর্তমানে বারোটি ডিপার্টমেন্টে চার হাজারেরও অধিক ছাত্রী শিক্ষা গ্রহণরত। এই বিশ্ববিদ্যালয়ের বড় প্রাপ্তি সকল ধর্মের শিক্ষার্থীদের শান্তিপূর্ণ সহাবস্থান। এই বিশ্ববিদ্যালয়ে স্বপ্নদ্রষ্টা প্রশাসনের লক্ষ্য আধুনিক শিক্ষা ও মননের অধিকারী একদল ছাত্রী, যারা সফল পদচারণার স্বাক্ষর রাখছে গৃহে ও কর্মক্ষেত্রে। দূর-দূরান্ত থেকে আগত ছাত্রীদের উচ্চশিক্ষা সহজ করার লক্ষ্যে আছে নিজস্ব আবাসন, আছে তাদের বিশ্ববিদ্যালয়ে আনা-নেওয়ার জন্য পরিবহণ ব্যবস্থা, সমৃদ্ধ গ্রন্থাগার, এ্যাম্বুলেন্স, নারী চিকিৎসক ও শিশু দিবাযত্ন কেন্দ্র যেটি এখানে আগত কর্মজীবী মায়েদের পরম নির্ভরতার স্থান। পুরনো ভবনগুলোর সাথে গড়ে উঠছে নতুন নতুন স্থাপনা যেগুলো তাদের পথচলা আরো সুগম করেছে। একটি শিক্ষা প্রতিষ্ঠানের জীবনকালে প্রতিবছর যোগ হয় অজস্র অভিজ্ঞতা। এই বিশ্ববিদ্যালয় ও নয় এর ব্যতিক্রম। সকলের সহযোগীতায় পঁচিশ বছরের পথচলা করেছে মসৃণ। অভিজ্ঞতার আলোকে সকলকে নিয়ে বিশ্ববিদ্যালয় এগিয়ে যাচ্ছে সমৃদ্ধ আগামীর পথে।

## ফিমেল একাডেমিক জোন এর নব নির্মিত ক্যান্টিনের শুভ উদ্বোধন



যা দেখে সে তাই খায়
অ্যাশট্রেও ছাই খায়
খেতে খেতে খেতে খেতে
পেট হলো ঢোল
তবু তার মুখে সেই
পুরাতন বোল-
কী যে অসুবিধে
খালি পায় খিদে।
আবদুল হাই
করে খাই খাই
এক্ষুনি খেয়ে বলে
কিছু খাই নাই!

লুৎফর রহমান রিটন এর বিখ্যাত এই ছড়াটি যেন আমাদের ছাত্রীদের মনের কথা বলে দেয়। আর এই মনের কথা শুনতে পেরেই কিনা ফিমেল একাডেমিক জোন এ স্থান পেল বহু আকাংক্ষিত "মুসাফাহা" মুসাফাহা হল ফিমেল একাডেমিক জোন এর নব নির্মিত ক্যান্টিন এর শুভ উদ্বোধন করেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ফিমেল একাডেমিক জোনের সম্মানিত চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চোধুরী, সম্মানিত প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মছরুরুল মাওলা। কাক ডাকা ভোরে ঘুম ভেঙ্গেই ভো দৌড়, কারণ বাস ধরতে হবে নির্দিষ্ট সময়ের মধ্যে নইলে যে ক্লাস মিস হয়ে যাবে, তাই খালি পেটে চলে আসে বেশীর ভাগ ছাত্রী। আর আসতে না আসতেই খোঁজ করে কোথায় গেলে মিটবে পেটের ক্ষুদা পাবে নিরাপদ খাবার। এমনই জটিল সমস্যার সহজ সমাধান যেন মুসাফাহা। এতটা আরাধ্য যা তার উপরও বর্তায়, তাই খাবার এর গুনগত মান ঠিক রাখার পাশাপাশি দামও যেন থাকে নাগালের মধ্যে সেই ব্যাপারটিই নিশ্চিত করতে হবে মুসাফাহাকে। ভালো কিছুর প্রতিক্ষায় ছাত্রীরা।

# ফিমেল একাডেমিক জোনে আইন অনুষদের বর্ধিত ভবন উদ্বোধন



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) ফিমেল একাডেমিক জোনে আইন অনুষদের ছাত্রীদের জন্য ৪৫০০ বর্গফুট বর্ধিত ভবন উদ্বোধন করা হয়েছে। ১৬ জুলাই ২০২২ শনিবার এই বর্ধিত ভবন উদ্বোধন করেন আইআইইউসি ট্রাস্টি বোর্ডের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। এ সময় তিনি বলেন, 'আইআইইউসিতে বর্তমানে আন্তর্জাতিক মানের শিক্ষা-কার্যক্রম পরিচালনার পরিবেশ সৃষ্টি করা হচ্ছে। এই বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো উন্নয়নের পাশাপাশি একাডেমিক পরিবেশও সমৃদ্ধ করা হয়েছে। শিক্ষার্থীদের প্রয়োজনে ধাপে ধাপে সব ধরণের সুবিধা নিশ্চিত করতে আইআইইউসি প্রশাসন বদ্ধপরিকর।' আইআইইউসি সংশ্লিষ্টরা জানান, ফিমেল একাডেমিক জোনে আইন অনুষদের জন্য উদ্বোধন হওয়া ৪৫০০ বর্গফুটের বর্ধিত ভবন নির্মানে ব্যয় হয়েছে প্রায় ৪০ লক্ষ টাকা। উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন আইআইইউসি'র উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দ্বীন মুহাম্মদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রিজিয়া রেজা চৌধুরী, উপ উপাচার্য প্রফেসর ড. মছরুরুল মওলা, ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার, আইন বিভাগের চেয়ারম্যান মঞ্জুর হোসাইন পাটোয়ারীসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

# আইআইইউসি'র ফিমেল হল



জীবনের শ্রেষ্ঠ সময় ছাত্রজীবন আর সেই ছাত্রজীবনের স্বর্ণালি দিন হলো বিশ্ববিদ্যালয় হল জীবন। একেকটি হল যেন হাজার হাজার মনের দুঃখ-বেদনা আর আবেগ-অনুভূতির নীরব সাক্ষী। আজ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ফিমেল হলের তেমনই এক নীরব স্বাক্ষী। কথায় বলে হল মানে নাকি পানসে ডাল কিন্তু IIUC ফিমেল হল তার এক ব্যাতিক্রম উদাহরণ। সারাবিশ্বের মতো করোনাভাইরাসের প্রকোপে IIUC ফিমেল হল দীর্ঘ ২বছর বন্ধ ছিল। গত অক্টোবর ২০২১ সালে সম্মানিত BoT Member রিজিয়া রেজা চৌধুরী হল ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেন এবং মেয়েদের জন্য হলে আবারও থাকার ব্যবস্থা করেন। নভেম্বর ২০২১ দাওয়াহ বিভাগের সম্মানিত লেকচারার উম্মে সায়েমা তাযকিয়া হল প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। বর্তমানে IIUC ফিমেল হলে ২৫০ ছাত্রী অবস্থান করছে এবং ৩০০ ছাত্রীর থাকার ব্যবস্থা আছে। বহদ্দারহাট স্বাধীনতা কমপ্লেক্স এর বিপরীতে এই হলে IIUC আধ্যায়নরত যে কোন ছাত্রী থাকতে পারবে। হলের মিল ছাত্রীদের মাধ্যমে নির্বাচিত মিল ম্যানেজার পরিচালনা করেন তবে রান্নার গুণগত মান ধরে রাখতে হলের নিয়োগপ্রাপ্ত কুক সর্বদা সচেষ্ট। এই হলের খাবার নিয়ে মেয়েদের সন্তুষ্টি প্রকাশ লক্ষণীয়। মেয়েদের মধ্য থেকে প্রতি সেমিষ্টারে একজন নকিবা নির্বাচিত হয় যেন মেয়েরা মন খুলে নিজেদের সমস্যার কথা বলতে পারে। হল পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে দিন রাত নিজেদের শ্রম ব্যয় করেন এই হলের মহিলা ক্লিনার। হল সুপাইভাইজার মেয়েদের যাতায়াত পর্যাবেক্ষণ করেন। এদের সবার কর্মতৎপরতা এবং মেয়েদের সমস্যায় ২৪ ঘন্টা মেয়েদের পাশে থাকেন হল ওয়ার্ডেন। এছাড়াও হলে থাকা খাওয়া সুযোগ সুবিধা সংক্রান্ত যেকোন তথ্যের জন্য একজন অফিসার নিয়োজিত। IIUC ফিমেল হলে সার্বক্ষণিক জেনারেটর সহ দুটি লিফট এবং Wi-Fi সুবিধা রয়েছে। ওয়াটার প্লেন্টের মাধ্যমে মেয়েদের নিরাপদ পানির ব্যবস্থা করা হয়েছে। হলের মেয়েদের ইমার্জেন্সি মেডিকেল ফেসিলিটি প্রয়োজনে IIUC সিস্টার অর্গানাইজেশন Chittagong International Medical College Hospital (CIMCH) সুব্যবস্থা আছে, এবং মেয়েদের এমন ক্রিটিকাল মূহুর্তে সর্বাক্ষণিক গাড়ীর সুব্যবস্থা আছে। সার্বক্ষণিক সিকিউরিটি এবং নানান সুব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। বর্তমান হল ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান পরিকল্পনায় মেয়েদের জন্য একটি আলাদা রুম করা হয়েছে যেখানে মেয়েরা তাদের নানান প্রোগ্রাম স্বাধীনভাবে উদযাপন করতে পারবে। মেয়েদের জন্য একটি রিক্রিয়েশন রুমের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়াও বর্তমানে মেয়েদের রেজিস্ট্রেশন ফী সাথে থাকার জন্য একটা সিট ফ্রী দেয়া হচ্ছে। হল প্রভোস্ট সচেষ্ট দায়িত্ব পালনের মাধ্যমে মেয়েদের নিরাপত্তা নিশ্চিত করছেন। এছাড়াও মেয়েরা যেন নিজেদের ধর্মীয় মূল্যবোধ রক্ষা করতে পারে সেজন্য হলে যে কোন পুরুষের প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ। রিপেয়ার এন্ড ম্যান্টেনেন্সের জন্য কোন পুরুষের প্রবেশ করা প্রয়াজন হলে সাইরেন বাজিয়ে মেয়েদের সতর্ক করে দেয়া হয়। অর্থাৎ মেয়েদের নিরাপত্তা, ধর্মীয় আচার-রীতিনীতি পরিপালনের অবাধ স্বাধীনতা, খাওয়া দাওয়া, পড়াশুনার পরিবেশ, অন্যান্য সুযোগ সুবিধাদি ইত্যাদিতে IIUC ফিমেল হল এক অনন্য দৃষ্টান্ত।

# ফিমেল একাডেমিক জোনের সড়ক সমূহের কার্পেটিং



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি এবং বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরীর ঐকান্তিক প্রচেষ্টায় আইআইইউসির ছাত্রীদের জন্য উপহার স্বরুপ ফিমেল একাডেমিক জোনের সড়ক সমূহের কার্পেটিং এর কাজ সম্পন্ন হয়েছে।

# ল' ক্লাব ফিমেল শাখা এর উদ্যোগে ফিমেল একাডেমিক জোনে বৃক্ষরোপণ




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ল' ক্লাব ফিমেল শাখা এর উদ্যোগে ফিমেল একাডেমিক জোনে বৃক্ষরোপণ কর্মসূচীর আয়োজন করা হয়। ৩০ আগষ্ট ২০২২ মঙ্গলবার ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান ও বিওটির সম্মানিত সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন। প্রধান অতিথি মিসেস রিজিয়া রেজা চৌধুরী এ ধরনের কর্মসূচির আয়োজন করায় আইন বিভাগ ও ল' ক্লাব ফিমেল শাখা কে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। প্রধান অতিথি মিসেস রিজিয়া রেজা চৌধুরী পরিবেশ রক্ষায় বৃক্ষরোপন কর্মসূচি ও পরিবেশ আইন (Environmental Law) অধ্যয়নের উপর গুরুত্ব আরোপ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইন বিভাগের চেয়ারম্যান মোঃ মনজুর হোসেন পাটোয়ারী, ফিমেল শাখার কো-অডিনেটর মিসেস সুফিয়া খানম, ল ক্লাব ফিমেল শাখার প্রেসিডেন্ট মিসেস তাসলিমা খানম ও আইন বিভাগের অন্যান্য শিক্ষিকাগণ। এতে উপস্থিত ছিলেন ল ক্লাব ফিমেল শাখার জিএস, এজিএস সহ ক্লাবের দায়িত্বপ্রাপ্ত শিক্ষার্থীগণ ও বিভিন্ন সেমিস্টারের শিক্ষার্থীগণ। এতে আরো উপস্থিত ছিলেন ফিমেল একাডেমিক জোনের বিভিন্ন ডিভিশনের কর্মকর্তাবৃন্দ।

# করোনার পরে শিক্ষার্থীদের মুখরিত ক্যাম্পাস



দীর্ঘ ১ বছর ৯ মাস যাবত করোনাকালীন সময়ে থমকে ছিল জনজীবন ঠিক তেমনই আমাদেরও প্রিয় প্রতিষ্ঠান আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর মুখরিত ক্যাম্পাসকে দেখতে হয়েছে অনলাইনে। তবে সতর্কতা এবং সচেতনতা অবলম্বন করে করোনার থাবা থেকে মুক্ত হয়ে ১লা নভেম্বর ২০২১ তারিখে ফিমেল একাডেমিক জোন কর্তৃক আয়োজিত শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে সতর্কতা, সচেতনতা এবং শিক্ষা জীবনে ফিরে আসার পরামর্শ দেওয়া হয়। এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ এবং সভাপতিত্ব করেন ফিমেল একাডেমিক জোনের সম্মানিত চেয়ারম্যান ও বিওটি সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী। এছাড়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সম্মানিত প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মছরুরুল মাওলা, সম্মানিত ট্রেজারার প্রফেসর ড. মোঃ হুমায়ুন কবির ও রেজিস্ট্রার মহোদয় এবং উপস্থিত ছিলেন বিভিন্ন ডিপার্টমেন্টের শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইন বিভাগের এসিস্ট্যান্ট প্রফেসর এবং ল' ক্লাব ফিমেইল চ্যাপ্টার প্রেসিডেন্ট তাসলিমা খানম এবং শিক্ষার্থীদের পক্ষ হয়ে বক্তব্য রাখেন ল' ক্লাবের জেনারেল সেক্রেটারি সামিয়া উদ্দীন।

## ফিমেল একাডেমিক জোন এ Game Fiesta



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ফিমেল একাডেমিক জোন এ Game Fiesta ২০২৩ এর Grand Finale & Prize Giving Ceremony অনুষ্ঠিত। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ফিমেল একাডেমিক জোন এ ২২ মার্চ (বুধবার) ১০ দিনব্যাপী Game Fiesta ২০২৩ এর Grand Finale & Prize Giving Ceremony অনুষ্ঠিত। আইআইইউসির ফিমেল একাডেমিক জোনের উদ্যোগে আয়োজিত ১০ দিন ব্যাপী এই আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, পড়ালেখার পাশাপাশি খেলাধুলা শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক বিকাশে সহায়তা করে। আদর্শ জাতি গঠনের জন্য শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি খেলাধুলা ও অন্যান্য সৃষ্টিশীল কাজ শেখার প্রয়োজনীয়তা আবশ্যক। আমি আইআইইউসির ফিমেল একাডেমিক জোনে এধরনের সুন্দর আয়োজনের জন্য ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান ও Game Fiesta ২০২৩ এর আয়োজকদের সাধুবাদ জানাই। ভবিষ্যতে এ ধরনের আয়োজন আমরা আরও বড় পরিসরে দেখতে চাই। Game Fiesta ২০২৩ এর Grand Finale & Prize Giving Ceremony তে চেয়ার অব অনার হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর সম্মানিত বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ট্রেজারার প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন ফিমেল একাডেমিক জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী। এসময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তাবৃন্দ। গত ১২ই মার্চ থেকে শুরু হওয়া ১০ দিন ব্যাপী এই Game Fiesta ২০২৩ এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকা, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রীদের জন্য দাবা, ক্যারাম, টেবিল টেনিস, ব্যাডমিন্টন, টার্গেট হিটিং, হাড়ি ভাংগা সহ মোট ৬ টি ইভেন্ট এ খেলা অনুষ্ঠিত হয়েছে। খেলায় অংশগ্রহণকারীদের প্রাইজ তুলে দেন সম্মানিত অতিথিরা।

## ফিমেল একাডেমিক জোন এ তিন দিনব্যাপী ঈদ ফেয়ার-২০২৩





১ এপ্রিল, ২০২৩ (শনিবার) তারিখ ফিমেল একাডেমিক জোন এর উদ্যোগে আয়োজিত তিন দিন ব্যাপী ঈদ ফেয়ার ২০২৩ এর উদ্বোধন করেন সম্মানিত বিওটি সদস্য মিসেস খাদিজাতুল আনোয়ার সনি এমপি এবং বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোন এর সম্মানিত চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ঈদ ফেয়ার ২০২৩ এর বিভিন্ন স্টল পরিদর্শন করেন। এসময় আরও উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের মাননীয় উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিওটি ভাইস-চেয়ারম্যান প্রফেসর ড. কাজী দীন মোহাম্মদ, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, ট্রান্সপোর্ট বিভাগের চেয়ারম্যান ড. মাহি উদ্দিন ও আইআইইউসির শিক্ষক-কর্মকর্তাবৃন্দ। ফিমেল একাডেমিক জোন এর কো-অর্ডিনেটর মিসেস ফারহানা ইয়াসমিন চৌধুরীর তত্ত্বাবধানে এই সুন্দর অয়োজন করা হয়। সার্বিক সহযোগিতায় ছিলেন ফিমেল একাডেমিক জোন এর শিক্ষিকা ও অফিসারবৃন্দ। ঈদ ফেয়ার ২০২৩ এ আগত অতিথিরা নারী উদ্যোক্তারদের এগিয়ে আনা এবং ছাত্রীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এই ব্যতিক্রমধর্মী আয়োজনের প্রশংসা করেন।

## দা'ওয়াহ বিভাগের উদ্যোগে রিসিপশন প্রোগ্রাম




দা'ওয়াহ বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এম.পি এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরীর রিসিপশন প্রোগ্রাম আয়োজন করা হয়। গত ৭ নভেম্বর, ২০২১ ফিমেল একাডেমিক জোনের কনফারেন্স হলে এই আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান জনাব আফম নূরুজ্জামান।

## আইআইইউসি'র সেন্ট্রাল মসজিদ এর ২য় তলায় মহিলাদের জন্য নামাজের সুব্যবস্থা



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর সেন্ট্রাল মসজিদ এর ২য় তলায় প্রথম বারের মত মহিলাদের জন্য নামাজের সুব্যবস্থা করে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করলেন বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত মেম্বার ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। ২৯ অক্টোবর ২০২২ তারিখ থেকে আইআইইউসি এর এই নতুন পথচলা শুরু হল ম্যাডাম মিসেস রিজিয়া রেজা চৌধুরীর বলিষ্ঠ হাত ধরে। আন্তরিকতা ও দায়িত্বশীলার সাথে সাথে ইসলাম ধর্মকে কি করে অন্তরে ধারন ও পালন করতে হয় তাই যেন শিখিয়ে দিলেন আমাদের। এই মসজিদে মহিলাদের জন্য নির্ধারিত অংশে এক সাথে নামাজ পড়তে পারবেন প্রায় ৫০ জন মহিলা। জামাতে নামাজ পড়ার জন্যেও ব্যবস্থা করা হয়েছে। মহিলাদের জন্য পৃথক অজুখানা নির্মাণও প্রক্রিয়াধীন রয়েছে বলে জানা গেছে। মহিলাদের দীর্ঘদিনের আকাংখার রুপায়ন করে মহিলাদের জন্য মসজিদ এর দ্বার উন্মুক্ত করা এক ঈর্ষনীয় সাফল্য অর্জন। এই অভাবনীয় অবদান এর জন্য সকল মহিলা শিক্ষিকা, কর্মকর্তা ও ছাত্রীরা মিসেস রিজিয়া রেজা চৌধুরীর প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেছেন। ভবিষ্যতে এরকম আরও অনেক নতুনত্তের চমকের অপেক্ষায় দোয়া করছেন ফিমেল একাডেমিক জোনের সবাই।

## স্প্রিং ২০২৩ সেশনের ভর্তি পরীক্ষা পরিদর্শন



আই আই ইউ সি এর স্প্রিং ২০২৩ সেশনের ভর্তি পরীক্ষা দিয়েছে একঝাঁক ছাত্রী। পরীক্ষার হল পরিদর্শন করেন বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত মেম্বার ও ফিমেল জোন এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, সাথে ছিলেন ফিমেল একাডেমিক জোন এর কো-অর্ডিনেটর মিসেস ফারহানা ইয়াসমিন চৌধুরী এবং অন্যান্য শিক্ষক ও শিক্ষিকাবৃন্দ। স্প্রিং ২০২৩ সেশনে মোট আগ্রহী শিক্ষার্থীর সংখ্যা ৩০৭৯ জন। এদের মধ্যে ছাত্রী সংখ্যা ১১৮০ জন যারা বিভিন্ন বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করেছে। এদের মধ্যে ভর্তি হয়েছে ৬৯২ জন ছাত্রী। আগ্রহী শিক্ষার্থীদের সাথে কুশলাদি বিনিময় ও শুভ কামনা করেন ফিমেল জোন এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী।

## ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যানকে সম্মাননা ক্রেষ্ট প্রদান



কুরআনিক সায়েন্সেস এন্ড ইসলামিক স্টাডীজ বিভাগে নবনিযুক্ত শিক্ষকদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরীকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করেন বিভাগীয় চেয়ারম্যান ও অন্যান্য শিক্ষক মন্ডলী।

## দা'ওয়াহ বিভাগের উদ্যোগে সেমিনার আয়োজন




Scientific Identify of the Qur'anic Term Ulul Albab : An Overview শীর্ষক সেমিনার আয়োজন দা'ওয়াহ বিভাগের উদ্যোগে ৩০ মার্চ ২০২২ বুধবার সেমিনার আয়োজন করা হয়। ফিমেল অ্যাকাডেমিক জোনে আয়োজিত উক্ত সেমিনারে প্রবন্ধ পেশ করেন, খ্যাতিমান লেখক ও গবেষক জনাব জিয়াউল হক। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফিমেল অ্যাকাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী।

## ইইই ক্লাব ফিমেল চ্যাপ্টার এর উইন্টার ফেস্ট



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ইলেক্ট্রিকাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) ডিপার্টমেন্টের 'ইইই ক্লাব-ফিমেল চ্যাপ্টার' এর উদ্যোগে ১২ ফেব্রুয়ারী ২০২৩ রোববার আইআইইউসির ফিমেল একাডেমিক জোনে 'উইন্টার ফেস্ট' এর আয়োজন করা হয়। উইন্টার ফেস্ট উদ্বোধন করেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। উইন্টার ফেস্ট পরিদর্শন করে তিনি বলেন, ভাষার মাসে পিঠা পুলির আয়োজন যেন আমাদের দেশীয় সংস্কৃতিকে আবার ফিরিয়ে এনেছে। ছাত্রীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, দেশীয় পিঠা-পুলি ও অন্যান্য দেশীয় আয়োজন যেন সভ্যতার মাঝে আমাদের পুরোনো ঐতিহ্যকে নতুনরূপে পরিচয় করিয়ে দিচ্ছে। তিনি নারীদের অগ্রযাত্রায় পড়াশোনার পাশাপাশি অন্যান্য সকল বিষয়ে পারদর্শী হবার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এসময় উপস্থিত ছিলেন আইআইইউসির সাইন্স ফ্যাকাল্টির ডীন ড. মোহাম্মদ শামীমুল হক চৌধুরী, প্রক্টর জনাব মোঃ ইফতেখার উদ্দিন, ইইই বিভাগের চেয়ারম্যান ড. শিকদার সানবীম ইসলাম, ফিমেল একাডেমিক জোন এর কো-অর্ডিনেটর মিসেস ফারহানা ইয়াসমিন চৌধুরী, ইইই ডিপার্টমেন্ট এর ফিমেল কো-অর্ডিনেটর তানজিম মুস্তারি ও অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। আইআইইইসির ইইই বিভাগের সকল সেমিষ্টারের ছাত্রীরা বিভিন্ন স্টল দিয়ে উইন্টার ফেস্টে অংশগ্রহণ করে।

## দা'ওয়াহ বিভাগের উদ্যোগে এডু-কালচারাল উইক



দা'ওয়াহ বিভাগের উদ্যোগে ২১-৩০ মার্চ-২০২২ আয়োজন করা হয় 'এডু-কালচারাল উইক'। দাওয়াহ বিভাগের ছাত্র-ছাত্রীদের কালচারাল প্রতিভাকে শাণিত করার উদ্দেশ্যে এডু কালচারাল উইক উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়। কিরাত, নাশিদ, আরবি, ইংরেজি বক্তৃতা ইত্যাদি ১০ টি ইভেন্টে ছাত্র ছাত্রীদের জন্য আলাদা করে প্রতিযোগিতার আয়োজন করা হয়। মোট ৬২ জনকে পুরস্কার ও সার্টিফিকেট প্রদান করা হয়।

## গার্লস প্রোগ্রামিং কনটেস্ট ২০২২



৭ই আগস্ট ২০২২ রবিবার প্রোগ্রামিং জগতে নারীদের এগিয়ে যাওয়ার স্রোতে, বিশ্ববিদ্যালয়ের ফিমইল শিক্ষার্থীদের আগ্রহী করে তোলার লক্ষ্যে IIUC Female Computer Club এবং IIUC Female Competitive Programming Community এর যৌথ পরিচালনায় আয়োজিত হয় IIUC Powerfull Girls Programming Contest-2022। সেইসাথে "Programming in you eyes"- স্লোগানে আয়োজিত হয় Artwork Competition। সিএসই ডিপার্টমেন্টের শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্তভাবে এই আয়োজনে অংশগ্রহণ করে। প্রতিযোগিতার বিজয়ীদের জন্য পুরস্কার বিতরণী অনুষ্ঠান হয়। প্রধান অতিথি হিসেবে ছিলেন আইআইইউসির সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির সম্মানিত ডিন, প্রফেসর ড. মোঃ আক্তার সাঈদ। বিশেষ অতিথি হিসেবে ছিলেন সিএসই ডিপার্টমেন্টের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. ইঞ্জিনিয়ার আব্দুল কাদের মোঃ মাসুম। মিসেস সানজিদা শারমিন (কো-অর্ডিনেটর অফ সিএসই ডিপার্টমেন্ট) এর সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোঃ মনিরুল ইসলাম, প্রফেসর মোঃ শামসুল আলম (কো-অর্ডিনেটর অফ প্রোগ্রামিং কন্টেস্ট),মিসেস জিনিয়া সুলতানা (ভাইস প্রেসিডেন্ট অব কম্পিউটার ক্লাব), জনাব তানভীর আহসান (এসোসিয়েট প্রফেসর), জনাবা ফারহানা ইয়াসমিন (কো-অর্ডিনেটর অব এফএজেড), মিসেস ফারজানা তাসনিম (লেকচারার) সহ ডিপার্টমেন্টের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। পুরস্কার বিতরণের পাশাপাশি তারা বিজয়ী ও অন্যান্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য প্রদান করেন। কম্পিউটার ক্লাবের স্বেচ্ছাসেবকদের ক্লান্তিহীন সহযোগিতায় সুন্দর আয়োজনে আজকের বিশেষ দিনটির সমাপ্তি ঘটে। এমন আয়োজন এর অংশ হতে পেরে শিক্ষার্থীরা বেশ উচ্ছ্বসিত ছিল।

## সিসিই ক্লাব সেমিনার

৯ই জানুয়ারি, সিসিই ক্লাব সেমিনার আয়োজন করে "Worldwide impact on Computer & Communication Engineering, AI and Big data on industrial revolution 4.0"। এই সেমিনারের মূল বক্তা ছিলেন ড. জিয়া উদ্দীন (Assistant Professor in AI and Big Data Department, Endicott College, Woosong University, Korea)। এই সেমিনারে ডিপার্টমেন্টএর চেয়ারম্যান (জনাব রাজু আহমেদ) সহ আরো অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## সিসিই ফেস্ট ২০২২




১২ নভেম্বর ২০২২ শনিবার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে সিসিই ফেস্ট ২০২২ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজ এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী,এম.পি। র‍্যালি মাধ্যমে ফেস্ট এর সূচনা হয়। র‍্যালি শেষে ছাত্রীরা প্রধান প্রোগ্রামে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে উপস্থিত হয়। অডিটোরিয়ামে প্রাক্তন শিক্ষার্থীদের সাথে ছাত্রীদের মতবিনিময় এর মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয় এবং উক্ত মতবিনিময়ে বর্তমান শিক্ষার্থীদের সামনের পথচলা নিয়ে দিক নির্দেশনা প্রদান করেন। উক্ত মতবিনিময়ের পর সংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মধ্যাহ্নভোজের পর প্রধান অতিথি প্রফেসর ড. আবু রেজা মোহাম্মদ নেজামুদ্দিন নদভী, এম.পিকে বরণ করে নেওয়ার মধ্য দিয়ে দ্বিতীয় দফার অনুষ্ঠানের সূচনা করা হয় এবং সম্মানিত প্রধান অতিথি উনার মূল্যবান বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে প্রতিযোগীদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয় এবং উক্ত ফেস্ট এর সভাপতি জনাব রাজু আহমেদ, চেয়ারম্যান সিসিই ডিপার্টমেন্ট, এর সমাপনী বক্তৃতা এর মধ্যমে অনুষ্ঠান এর সমাপ্তি ঘোষণা করা হয়।

## ফিমেল সিসিই বিভাগের উদ্বোধনী



আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে ১৯৯৯ সালে সিসিই ডিপার্টমেন্ট চালু করা হলেও ২০২২ সালের জানুয়ারিতে সিসিই ডিপার্টমেন্ট এর প্রথম ফিমেইল সেকশন চালু করা হয়। ২০২২ সালের ৯ই জানুয়ারি ২৩ জন ছাত্রী নিয়ে আমাদের প্রথম ব্যাচ এর যাত্রা শুরু হয় ওরিয়েন্টেশন প্রোগ্রাম। উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রাম এর সভাপতিত্ব করেন সিসিই ডিপার্টমেন্ট এর চেয়ারম্যান জনাব রাজু আহমেদ এবং ডিপার্টমেন্ট এর সকল শিক্ষক উপস্থিত ছিলেন। বর্তমানে ৫০+ ছাত্রী নিয়েফিমেইল সেকশন চলমান আছে। ফিমেইল সেকশনের কো-অর্ডিনেটর হিসেবে আছেন মিসেস আরিজ হাফিজ মো. জাহিদ। ফিমেইল সেকশনের ছাত্রীদের উন্নয়নের জন্য অনেক ডিপার্টমেন্টাল কার্যক্রম এবং প্রোগ্রাম অনুষ্ঠিত করা হয়ে থাকে।

## "আইওটি" সেমিনার এবং "ভিডিও এডিটিং" এর উপর ওয়ার্কশপ



"আইওটি" সেমিনার এবং "ভিডিও এডিটিং" এর উপর ওয়ার্কশপ এর আয়োজনের মাধ্যমে নভেম্বর ৫ ২০২২ থেকে প্রথমবারের মতো সিসিই ফেস্ট শুরু হয়। উক্ত ফেস্ট উপলক্ষ্যে কিছু প্রতিযোগিতামূলক কার্যক্রমের আয়োজন করা হয়। কার্যক্রম গুলো হচ্ছে- "ইন্টার ডিপার্টমেন্ট প্রোগ্রামিং কনটেস্ট", "সিসিই অলিম্পিয়াড", ছাত্রীদের" ইন্টার সেমিস্টার আইডিয়া জেনারেশন "প্রতিযোগিতায় তাদের সৃজনশীল আদর্শ এবং জীবন সহজীকরন এর উপরে ভাবনা ছিল উল্লেখযোগ্য। সিসিই ফেস্ট উৎসবের একটি প্রধান উল্লেখযোগ্য অংশ ছিল "দ্যা স্টল ফেস্ট" যা ৯ নভেম্বর ২০২২ তারিখে আয়োজিত হয়েছিল। প্রধান অতিথি হিসেবে ছিলেন মিসেস. রিজিয়া রেজা চৌধুরী, চেয়ারম্যান ফিমেইল একাডেমিক জোন, যিনি উক্ত কার্যক্রম এর উদ্বোধন করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি এবং শিক্ষকগণ তথ্যমূলক বক্তৃতা প্রধান করেন।এবং ছাত্রীরা তাদের পথ চলা সম্পর্কে অভিজ্ঞতা ব্যক্ত করেন।

## সিসিই ক্লাব ফিমেল চ্যাপ্টার দ্যা স্টল ফেস্ট



সিসিই ক্লাব(ফিমেল চ্যাপ্টার) কর্তৃক আয়োজিত "দ্যা স্টল ফেস্ট" এর শুভ উদ্বোধন করা হয় গত ৯ নভেম্বর ২০২২। উক্ত অনুষ্ঠানে সিসিই ক্লাবের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোঃ রাজু আহমেদ এর সভাপতিত্বে প্রধান হিসেবে ছিলেন ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান এবং বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী। উক্ত আয়োজনে সিসিই ডিপার্টমেন্টের ছাত্রীরা ঘরোয়া জিনিসপত্র সহ নানা ধরনের জিনিস বিক্রয়ের মাধ্যমে নিজেদের উদ্দোক্তামনা দক্ষতা প্রকাশের সুযোগ পায়। উক্ত অনুষ্ঠানে সকল অতিথিবৃন্দ ছাত্রীদের জন্য গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন এবং এক পর্যায়ে প্রধান অতিথিকে ক্রেস্ট প্রধান করা হয়।

## ফিমেল স্পোর্টস ফেস্টিভ্যাল ২০২২



"IIUC Female Pharma Club" এর উদ্যোগে ২৮ মার্চ ২০২২ সোমবার হতে পালিত হয়েছে ৩ দিন ব্যাপী স্পোর্টস ফেস্টিভ্যাল। এই আয়োজনের উদ্বোধন করেন ফিমেল একাডেমিক জোন এর চেয়ারম্যান এবং ট্রাস্টি বোর্ডের সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ফিমেল জোনের কো-অডিনেটর ফারহানা ইয়াছমিন চৌধুরী, সাইন্স ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. মুহাম্মদ আক্তার সাঈদ, ফিমেল কো-অর্ডিনেটর শামীমা নাসরিন এবং বিভাগীয় শিক্ষক শিক্ষিকা বৃন্দ। উক্ত অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের সদস্য রিজিয়া ম্যাডাম কেক কেটে এবং throw the ball into the basket খেলার মাধ্যমে ফেস্টিভ্যালের উদ্বোধন করেন। ফেস্টিভ্যালে ১ম দিন Pillow passing, ২য় দিন Ludu, Carrom, Find the candy, Marble spoon, ৩য় দিন throw the ball into the basket, memory challenge ইন্ডোর এবং আউটডোর গেমস এর আয়োজন করা হয়।

## ব্রেস্ট ক্যান্সার সচেতনতা বিষয়ক সেমিনার ২০২১



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ফার্মেসী বিভাগের উদ্যোগে ব্রেস্ট ক্যান্সার সচেতনতা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এই সেমিনারের পাশাপাশি এই বিশ্ববিদ্যালয়ের ২৫০ জন ছাত্রী ও তাদের মায়েদের ব্রেস্ট স্ক্রিনিং করা হয়। ২৮ অক্টোবর ২০২১ আইআইইউসির কেন্দ্রীয় মিলনায়তনে এই সেমিনারের আয়োজন করা হয়। ব্রেস্ট ক্যান্সার সচেতনতা মাসের কর্মসূচি হিসেবে এ সেমিনার আয়োজন করে ফার্মেসী বিভাগ। করোনায় স্বাভাবিক স্বাস্থ্যসেবা ব্যাহত হওয়ার প্রেক্ষাপটকে সামনে রেখে এ বছর পালিত হচ্ছে ব্রেস্ট ক্যান্সার সচেতনতা মাস। এ বছরের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, "একা নয়, একে অন্যের সঙ্গে হাত মিলিয়ে ব্রেস্ট ক্যান্সারকে জয় করতে হবে"। আইআইইউসির এ আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, বিশেষ অতিথি ছিলেন মিসেস রিজিয়া সুলতানা চৌধুরী (সদস্য, বোর্ড অফ ট্রাস্টিস, আইআইইউসি), উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ মছরুরুল মাওলা, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আকতার সাঈদ, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এস এম মাহমুদুল হক পলব (মার্কেটিং এন্ড সেলস, বিকন ফার্মাসিউটিক্যালস লিমিটেড), ফার্মেসী বিভাগের চেয়ারম্যান এটিএম মোস্তফা কামাল, সহযোগী অধ্যাপক মোহাম্মদ আবু সাঈদ, সহকারী অধ্যাপক কাজী আশফাক আহমেদ চৌধুরী, ড. হযরত আলী, এএসএম আলী রেজা, মোসাম্মৎ শামীমা নাসরিন, প্রভাষক মোহাম্মদ নাজমুল ইসলাম, রিনি আরা খাতুন, সানজিদা ইসলাম, ফেরদৌসী আক্তারসহ ফার্মেসি বিভাগের অন্যান্য শিক্ষকরা। এছাড়াও উপস্থিত ছিলেন বিকন ফার্মাসিটিক্যালস লিমিটেডের এসিস্ট্যান্ট সেলস ম্যানেজার ফরহাদ হোসাইন মোলা, একই বিভাগের রিজিওনাল সেলস ম্যানেজার জহির উদ্দিন বাবর। প্রধান আলোচক ডা. শেফাতুজ্জাহান (বিভাগীয় প্রধান, মেডিকেল অনকোলজি ও রেডিওথেরাপী বিভাগ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল) ব্রেস্ট ক্যান্সার সচেতনতা ও রোগ মুক্তি বিষয়ক তার বক্তব্য প্রকাশ করেন। এদিকে সেমিনারের আগে আইআইইউসির ২৫০ জন ছাত্রী ও তাদের মায়েদের ব্রেস্ট স্ক্রিনিং করা হয়। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মেডিকেল অনকোলজি ও রেডিওথেরাপী বিভাগের বিভাগীয় প্রধান ডা. শেফাতুজ্জাহান ও তার টিম এই ব্রেস্ট স্ক্রিনিং সম্পন্ন করেন। সেমিনারে বক্তারা বলেন, অক্টোবর মাসব্যাপী পালন করা হয় ব্রেস্ট ক্যান্সার সচেতনতা। এটি একটি বার্ষিক প্রচারণা। বিশেষ করে নারীদের সচেতন করাই এই কর্মসূচির উদ্দেশ্য। তারা আরও বলেন, প্রথম এ মাসটি পালন করা শুরু হয় ১৯৮৫ সালে যুক্তরাষ্ট্রে। কান্সারের মধ্যে সারা বিশ্বে নারীদের বেশি হচ্ছে ব্রেস্ট ক্যান্সার। গবেষণায় দেখা গেছে, প্রাথমিক পর্যায়ে রোগটি নির্ণয় করা গেলে বেশির ভাগ ব্রেস্ট ক্যান্সার চিকিৎসায় সম্পূর্ণ ভাল হয়। তাই সচেতনতাই এখানে মুখ্য ভূমিকা পালন করে। এছাড়া এই আয়োজনের সাইন্টিফিক পার্টনার ছিল বিকন ফার্মাসিটিক্যালস লিমিটেড এবং বিশেষ সহযোগিতায় ছিল অনকোলজি ও রেডিওথেরাপি বিভাগ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।

## সামাজিক কল্যাণ মূলক কর্মসূচি



১৮ই এপ্রিল, ২০২২ IIUC Business Club Female Chapter আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ফিমেল একাডেমিক জোনে একটি সামাজিক কল্যাণ মূলক কর্মসূচি গ্রহণ করা হয়। অনুষ্ঠানে দুঃস্থ মানুষকে খাবার, বস্ত্র ও অর্থ প্রদান করা হয়। এসময় উপস্থিত ছিলেন সহযোগী অধ্যাপক সোলতানা আক্তার IIUC বিজনেস ক্লাবের ভাইস প্রেসিডেন্ট আকরমা খানম, প্রভাষক, ক্লাবের অন্যতম সদস্য নুসরাত ইসলাম, প্রভাষক এবং IIUC বিজনেস ক্লাবের জিএস কনক চাঁপা, সহ-সাধারণ সম্পাদক এবং ক্লাবের অন্যান্য সদস্য।

## ওয়াল ম্যাগাজিনের উদ্বোধনী অনুষ্ঠান



১৮ই মে ২০২২-এ IIUC Business Club Female Chapter ওয়াল ম্যাগাজিনের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানটি প্রধান অতিথি মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা মহোদয়ের ফিতা কাটার মাধ্যমে শুরু হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সকল সম্মানিত শিক্ষক ও IIUC বিজনেস ক্লাবের সভাপতি অধ্যাপক ড. নাজিম উদ্দিন।

## ইন্টার সেমিস্টার ডিবেট কম্পেটিশন



IIUC বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টার সফলভাবে IIUC ডিবেটার্স কমিউনিটি (IIUCDC) এর সমন্বয়ে আমাদের সকল ছাত্রীদের জন্য একটি বিতর্ক কর্মশালার আয়োজন করা হয়। এরই ধারাবাহিকতায় ২৩-২৪ আগস্ট ২০২২ বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টার একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে, যেখানে ৮টি সেমিস্টারের ৫টি অনন্য দল অংশগ্রহণ করে। প্রতিযোগিতার বিজয়ী ছিল টিম স্মার্ট ১ম সেমিস্টার থেকে এবং রানার আপ ছিল টিম এপিক নেগোশিয়েশান ২য় সেমিস্টার থেকে।

## বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টার ক্রীড়া প্রতিযোগিতা

২রা এবং ৩রা আগস্ট ২০২২ আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টার আয়োজন করে ক্রীড়া প্রতিযোগিতা যা প্রত্যেকের জন্য আলাদা আনন্দদায়ক অনুভূতি তৈরি করেছিল। এই প্রতিযোগিতায় শিক্ষার্থীরা ৭টি বিভিন্ন ইভেন্টে প্রতিযোগীতা করে। খেলায় আমাদের সম্মানিত শিক্ষকদের অংশগ্রহণ খেলাটির সৌন্দর্য বাড়িয়ে দিয়েছে।

## উইন্টার ফেস্ট ২০২১



IIUC Female Computer Club দ্বারা আয়োজিত Winter Fest-2022 ছিল করোনা মহামারীর পর IIUC ফিমেল ক্যাম্পাসের বছরের সবচেয়ে বড় প্রোগ্রাম। গত ২৮ শে নভেম্বর, ২০২১ তারিখে এই ফেস্টটি ফিমেল ক্যাম্পাসে আয়োজন করা হয়। ইনডোর প্রোগ্রাম হওয়া সত্ত্বেও বিপুল সংখ্যক শিক্ষার্থীরা এবারের ফেস্টে এসেছিলেন এবং ফিমেল ক্যাম্পাসকে আরো বেশি উৎসবমুখর করে তোলেন। বিভিন্ন স্টল ভ্রমণ করে, নানান খাবার-দাবার, পিঠা-পুলি খেয়ে, সুলভ মূল্যে পছন্দের জিনিস কেনাকাটা করে ও মেহেদীতে হাত রাঙিয়ে সবাই অনেক আনন্দ-উপভোগ করেছিলেন। আইআইইউসি কম্পিউটার ক্লাবের কার্যনির্বাহী কমিটি (শিক্ষক) এবং অন্যান্য অনুষদ সদস্যরা ফেস্টটি পরিদর্শনে এসেছিলেন: জনাব তানভীর আহসান, আইআইইউসি কম্পিউটার ক্লাবের সভাপতি, চেয়ারম্যান ও CSE বিভাগের সহযোগি অধ্যাপক। ড. মোঃ মনিরুল ইসলাম, CSE বিভাগের অধ্যাপক। মিসেস সাবরিনা আক্তার, আইআইইউসি কম্পিউটার ক্লাবের ভাইস প্রেসিডেন্ট-১, সিএসই বিভাগের কো-অর্ডিনেটর ও সহকারী অধ্যাপক। মিস লুৎফুন নাহার, আইআইইউসি কম্পিউটার ক্লাবের সহ-সভাপতি-৩ ও CSE বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ জিয়াউর রহমান, আইআইইউসি কম্পিউটার ক্লাব- এর সহ-সভাপতি এবং CSE বিভাগের প্রভাষক। জনাব এ.বি.এম ইয়াসির আরাফাত, আইআইইউসি কম্পিউটার ক্লাবের কোষাধ্যক্ষ ও CSE বিভাগের সহকারী অধ্যাপক। মিসেস ইসরাত বিনতেহ হাবিব, CSE বিভাগের প্রভাষক। ফারজানা তাসনিম, CSE বিভাগের প্রভাষক। তাদের সহায়তা এবং আগমনে অনুষ্ঠানটি আরও রাঙ্গিত হয়েছে। সামগ্রিকভাবে IIUC কর্তৃপক্ষ এবং IIUC কম্পিউটার ক্লাব এই ইভেন্টের দুর্দান্ত সাফল্যের জন্য অত্যন্ত খুশি। কম্পিউটার ক্লাব থেকে ভবিষ্যতে এরকম আরো প্রোগ্রামের আয়োজন করার আশা রাখেন সাধারণ শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের ফিমেল শিক্ষার্থীরা এই আয়োজনে অংশ নেয়।

## ফিমেল জোনে আয়োজিত দুই দিনব্যাপী দেওয়ানি ও ফৌজদারি মামলা বিচারের কর্মশালা




ফিমেল জোনে আয়োজিত দুই দিনব্যাপী দেওয়ানি ও ফৌজদারি মামলা বিচারের কর্মশালা আইন পেশার অন্যতম এবং মূল আকর্ষণ হলো বিচার সভা কিংবা উকালতি। আইন বিভাগের শিক্ষার্থীদের উদ্দেশ্য ৫-৬ ডিসেম্বর, ২০২২ দুইদিন ব্যাপী এই বিচারসভা বা উকালতি বিষয়ক কর্মশালার আয়োজন করে আইন বিভাগ ফিমেল জোন। এই কর্মশালায় প্রধান বক্তা ছিলেন মোঃ শাহেদুল করিম (অতিরিক্ত জেলা এবং দায়রা জজ, চাঁদপুর) এবং ফারহানা ইয়াসমিন (অতিরিক্ত জেলা এবং দায়রা জজ, চাঁদপুর) যেখানে দেওয়ানি মোকদ্দমা এবং ফৌজদারি মামলার ধরন এবং নিয়ম সংক্রান্ত আলোচনা করা হয়। এই কর্মশালায় উপস্থিত ছিলেন আইন বিভাগের এ্যাসিস্ট্যান্ট প্রফেসর এবং কো অর্ডিনেটর সুফিয়া খানম সহ সকল শিক্ষিকাবৃন্দ এবং সঞ্চালনা করেন এ্যাসিস্ট্যান্ট প্রফেসর তাসলিমা খানম এবং শিক্ষার্থীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন এল এল এম শিক্ষার্থী সামিয়া উদ্দীন।

## বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টারের আয়োজনে পুরস্কার বিতরণী




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টারের আয়োজনে ৯ নভেম্বর ২০২২ পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্ট্রিজের সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরী। বিজনেস ক্লাবের প্রেসিডেন্ট প্রফেসর ড. নাজিম উদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আইআইইউসির উপ-উপাচার্য ও ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিসের ডিন প্রফেসর ড. মছরুরুল মাওলা এবং ব্যবসায় প্রশাসন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ এমদাদ হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ব্যবসায় প্রশাসন বিভাগের শিক্ষক-শিক্ষিকা মন্ডলী এবং প্রায় ১২০ জনের মত ছাত্রীর কেক কাটার মাধ্যমে অনুষ্ঠানটি শেষ হয়।

## নারীর শারীরিক ও মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালা



১০ই সেপ্টেম্বর ২০২১ (শুক্রবার ) সন্ধ্যায় নারীর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষা এবং সচেতনতা নিয়ে ইবি ক্লাব-২০২১ ফিমেল চ্যাপ্টার "From daughter to mother, make your confusion clear" শিরোনামে একটি ভার্চুয়াল প্লাট ফর্মে অনুষ্ঠান আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রামের সুপরিচিত প্রসূতি ও স্ত্রী রোগ বিশেষজ্ঞ ও সার্জন ডক্টর নার্গিস সুলতানা এবং সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপন করেছেন এসিস্ট্যান্ট প্রফেসর অব ইকোনোমিকস অ্যান্ড ব্যাংকিং শামীমা নাসরিন। অনুষ্ঠানের মূল পর্ব শুরু হয় নারীর সুরক্ষা, সচেতনতা, খাদ্যাভ্যাস এবং শারারীক ও মানসিক পরিবর্তন নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনার মাধ্যমে এবং আলোচনা করেন প্রোগ্রামের প্রধানবক্তা চট্টগ্রামের সুপরিচিত প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন ডাঃ নার্গিস সুলতানা। অতঃপর অনুষ্ঠানের প্রধান অতিথি মিসেস রিজিয়া রেজা চৌধুরী দর্শকদের উদ্দেশ্যে ইসলামের আলোকে নারীর সম্মান, বিজয়সহ বিভিন্ন অব্যাক্ত সমস্যা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন এবং তিনি জানান বিশ্ববিদ্যালয়ে স্যানিটারি ন্যাপকিন এর ব্যবস্থা রাখা হবে। অনুষ্ঠানে বিশেষ আয়োজন ছিলো চমৎকার প্রশ্ন-উত্তর পর্বের। যেখানে দর্শক শ্রোতা সরাসরি প্রশ্ন করেন তাদের বিভিন্ন সমস্যা এবং সংশয় নিয়ে। আর এই প্রশ্ন উত্তর পর্বের মাধ্যমেই শেষ হয় নারীর শারীরিক ও মানসিক স্বাস্থ্য, সুরক্ষা এবং সচেতনতা নিয়ে আয়োজিত সচেতনতা মূলক অনুষ্ঠানটি।

## ওয়াল ম্যাগাজিন উন্মোচন



ওয়াল ম্যাগাজিন, যা বিজ্ঞপ্তি বোর্ডে প্রকাশিত এক ধরণের সম সাময়িক পত্র, যেখানে কোনো প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং অন্যান্য সদস্যগণ একে অপরের সাথে ভাগাভাগি করতে নিজেদের প্রবন্ধ, কবিতা, অংকন এবং অন্যান্য রচনা প্রকাশ করতে পারে। আর এমন একটি দৃষ্টি নন্দন ওয়াল ম্যাগাজিনের উদ্বোধন হয় ফিমেল একাডেমিক জোনের সেমিনার হলে ২৯ নভেম্বর, ২০২২। এই ম্যাগাজিনে ছাত্রীরা কবিতা, ছোটগল্প, চিত্রাঙ্কন, ক্যালিগ্র্যাফি, কৌতুক ইত্যাদির মাধ্যমে অংশগ্রহন করতে পারবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, ইকোনোমিক্স এন্ড ব্যাংকিং বিভাগের সম্মানিত চেয়ারম্যান জনাব মনির আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথির বক্তব্য রাখেন ডীন, ফ্যাকাল্টি অব সোশাল সাইন্স অধ্যাপক ড. জাহেদ হোসাইন সিকদার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের অ্যাসিস্ট্যান্ট কোঅর্ডিনেটর এবং প্রভাষক সুলতানা তানজিমা খানম। এরপর আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরীর হাত ধরে উদ্বোধন হয় দৃষ্টিনন্দন ওয়াল ম্যাগাজিনটি।

## ভিউ এক্সচেঞ্জ প্রোগ্রাম স্প্রিং-২০২৩



১৭ই জানুয়ারী ২০২৩-এ IIUC বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টার স্প্রিং-২০২৩ এর ফ্রেশারদের সাথে ভিউ এক্সচেঞ্জ প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয় এবং পরে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। সূচনা বক্তব্য দেন আইআইইউসি বিজনেস ক্লাবের সভাপতি অধ্যাপক ডঃ নাজিম উদ্দিন। পরে সম্মানিত সহ-সভাপতি ও বিভাগের শিক্ষকরা নিজেদের পরিচয় দেন এবং তাদের মতামত বিনিময় করেন। এরপর ক্লাবের সদস্যরা নতুন তালিকা ভুক্তদের কাছে ক্লাব ও এর কার্যক্রম সম্পর্কে পরিচয় করিয়ে দেন শিক্ষার্থীদের এবং তাদেরকে পাঠ্য বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণ করতে এবং প্রতিদিন নতুন কিছু শিখতে উৎসাহিত করেন।

## ইবি ক্লাব কর্তৃক আলপনা



ইবি ডিপার্টমেন্টের ওরিয়েন্টেশন উপলক্ষে সম্মানিত আইআইইউসি কর্তৃপক্ষ হতে ডিপার্টমেন্টের একাডেমিক ভবন এবং প্রবেশ করার সিঁড়ি রং করার অনুমতি পায় ইবি ক্লাব (ফিমেইল চ্যাপ্টার) ২০২১-২০২২ বর্ষ। নবীনদের পদচারণায় যাতে সব কিছু রঙিন হয়ে ওঠে সে প্রত্যাশায় ক্লাবের পক্ষ হতে খুবই সুন্দর ওসাবলীল ভাবে সব কাজ করা হয়। যেমন-ডিপার্টমেন্ট কে সাজানো, রং করা ইত্যাদি। তাছাড়া নবীনদের উৎসাহিত করতে তারা বিভিন্ন প্লে কার্ড এবং ছোটো ছোটো পোস্টার বানিয়ে ডিপার্টমেন্টের প্রবেশ পথ সাজায়। ক্লাবের এসব কার্যক্রম দেখে আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী মুগ্ধ হন এবং তাদের এ কাজের প্রশংসা করেন।

## আন্তর্জাতিক নারী দিবস পালন




প্রতি বছর ৮ ই মার্চ নারীদের প্রতি সম্মান ও শ্রদ্ধা জানানোর মাধ্যমে বিশ্বব্যাপী আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয় । আন্তর্জাতিক নারী দিবস পালনের মূল লক্ষ্য বা উদ্দেশ্য সমাজের সব স্তরে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা করা। আজকের সময় নারীরা জ্ঞান-বিজ্ঞান, শিক্ষা, স্বাস্থ্য, গবেষণা, শিল্প-সাহিত্য তথা সমাজের সব স্তরেই সাফল্য অর্জন করেছে। তাই আন্তর্জাতিক নারী দিবস নারীর সাফল্য অর্জনের দিন হিসাবেও উদযাপন করা হয়। নারী দিবসের দিনে গোটা বিশ্ব নারীর কাজের প্রশংসা করে তাদের প্রতি শ্রদ্ধা, সম্মান ও ভালোবাসা প্রকাশ করে। এই ধারাবহিকতায় ৮ মার্চ, ২০২২ নারী দিবস উপলক্ষে "IIUC Law Club (FC)" কর্তক প্রকাশ করা হয় "SISTERHOOD" নামে একটি ম্যাগাজিন। এই ম্যাগাজিন প্রকাশের মূল উদ্দেশ্য নারীদের মধ্যকার সুন্দর সম্পর্ক তুলে ধরা।

## ইনডোর গেমস



ELLS (Female chapter) ৫ নভেম্বর ২০২২ এ বিভিন্ন ইভেন্টে ইনডোর গেমসের আয়োজন করে। গেমগুলির মধ্যে ডার্ট-থোইং, রুবিক'স কিউব সমাধান এবং জাম্বলেড ওয়ার্ডস অন্তর্ভুক্ত ছিল। আইএমএল এর ডিরেক্টর ও আইআইইউসির প্রক্টর মোঃ ইফতেখার উদ্দিন, ELLS-এর প্রেসিডেন্ট সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ আজিজুল হক, সহ-সভাপতি-২ সহকারী অধ্যাপক আবু সালেহ মো. নিজামউদ্দিন, আইআইইউসি'র সিজিইডি'র অধ্যাপক ড. এ কে এম শাহেদ, বিভাগের সহকারী অধ্যাপিকা তাহমিনা মরিয়ম ও প্রভাষক আয়েশা সিদ্দিকা প্রমুখ উপস্থিত ছিলেন।

## ইএলএলএস স্প্রিং ফেস্ট ২০২২



২০২২ সালের ৩০ শে মার্চ অনুষ্ঠিত হয় স্প্রিং ফেস্ট '২২। ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যাড লিটারারি সোসাইটি (ELLS-Female chapter) আয়োজিত এই স্প্রিং ফেস্টটি শুধু একটি ফেস্ট ছিল না বরং এটি আইআইইউসি ফিমেল জোনের সকল বিভাগের উদ্যোক্তাদের জন্য একটি অসাধারণ আয়োজন ছিল। সকল মহিলা উদ্যোক্তাদের জন্য একটি উপকারী প্যাটফর্ম তৈরি করতে ELLS (Female chapter) এই উদ্যোগ হাতে নেয়। সকল স্টল হোল্ডারগণ দুর্দান্ত কাজ করেছে এবং প্রচুর লাভও করেছে। তাদের আনন্দ ব্যাখ্যা করা কঠিন, তারা তাদের এই বিশাল সুযোগ দেয়ার জন্য ELLS-এর কাছে কৃতজ্ঞ। ট্রাস্ট এর সম্মানিত সদস্য এবং ফিমেল একাডেমিক জোন এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী প্রধান অতিথি হিসেবে এই সুন্দর আয়োজন উদ্বোধন করেন।

## ইএলএলএস ড্রামা ফেস্ট




২৩ শে নভেম্বর ২০২২-এ, আইআইইউসি-এর কেন্দ্রীয় অডিটোরিয়ামে ELLS এর মহিলা অধ্যায় কর্তৃক প্রথম বারের মত 'ড্রামা ফেস্ট' এর আয়োজন করে। ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড লিটারেচার (DELL) বিভাগের শিক্ষার্থীরা ছাড়াও অন্যান্য বিভাগের শিক্ষার্থীরাও ফেস্ট-এ যোগ দেয়। ইএলএলএস কমিটির পক্ষ থেকে, প্রোগ্রামে অংশগ্রহণকারী সম্মানিত শিক্ষকরা হলেন ড. মোহাম্মদ আজিজুল হক (সহযোগী অধ্যাপক, DELL এবং সভাপতি, ELLS), মিসেস তাহমিনা আক্তার (সহকারী অধ্যাপক, DELL এবং ভাইস প্রেসিডেন্ট-১, ELLS মহিলা অধ্যায়), মিস ফারহিবা ফেরদৌস (সহকারী অধ্যাপক, DELL এবং কোষাধ্যক্ষ, ELLS মহিলা অধ্যায়) এবং মোঃ আবু সালেহ নিজাম উদ্দিন (সহকারী অধ্যাপক, DELL এবং ভাইস প্রেসিডেন্ট-২, ELLS মহিলা অধ্যায়)। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ELLS (Female Chapter) এর সাংস্কৃতিক সম্পাদক নাজিয়া সুলতানা এবং সহকারী সাংস্কৃতিক সম্পাদক তানবিন ইরফাত। এই প্রোগ্রামে মোট ছয়টি নাটক মঞ্চস্থ হয়। মঞ্চস্থ নাটকগুলো হলো বেলাশেষে, প্রাইড অ্যান্ড প্রেজুডিস, ভোলা-মোলা, সাদা কাপুর, শেষ চিঠি, বাতেন এখন বিদেশ ও চোর-চাকর। এই ফেস্টে বিভিন্ন সেমিস্টারের শিক্ষার্থীদের অভিনয় ছিল অনবদ্য।

# আরবি ভাষা ও সাহিত্য বিভাগের ফিমেল সেকশন এর পুরস্কার বিতরনী ও মতবিনিময় অনুষ্ঠান




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের আরবি ভাষা ও সাহিত্য বিভাগের ALL Club ফিমেল সেকশন কর্তৃক আয়োজিত অনলাইন এরাবিক কোর্স সহ প্রতিযোগিতা মূলক মোট ৫টি ইভেন্টের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরনী ও মতবিনিময় অনুষ্ঠান-২০২২ ফিমেল একাডেমিক জোনের সেমিনার হলে ১২ নভেম্বর, ২০২২ শনিবার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ৫টি ইভেন্টে বিজয়ী মোট ১৫ জন ছাত্রীকে পুরস্কার প্রদান করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের বোর্ড অফ ট্রাস্টিজ এর সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। প্রধান অতিথি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, "একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় ভাষা ও সাহিত্য জ্ঞানের বিকল্প নেই, এক্ষেত্রে আরবি ভাষা বিশ্ব সাহিত্যে প্রথম সারিতে অবস্থান করছে। ধর্মীয় ভাষা হলেও আরবি ভাষার পার্থিব গুরুত্ব কোনো অংশে কম নয়। আরবি বিভাগে পড়ুয়া ছাত্রছাত্রীরা দেশ, জাতি ও সমাজের সেবা করে আইআইইউসির লক্ষ্য পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।" ছাত্রীদের উদ্দেশ্যে তিনি আরো বলেন, "তোমাদের যোগ্যতাকে বিকশিত করার উপযুক্ত প্লাটফর্ম তোমরা পেয়েছো। আরবির পাশাপাশি দেশের ইতিহাস ও ঐতিহ্যও তোমাদের জানতে হবে, তাতেই তোমাদের পদস্খলকানিতে বিশ্ববিদ্যালয় সমৃদ্ধ হবে ইনশাআল্লাহ।" আরবি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. মুহাম্মদ মাহমুদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. হুমায়ুন কবির এবং প্রক্টর মোঃ ইফতেকার উদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মঈন উদ্দিন আযহারী। আরও উপস্থিত ছিলেন আরবী ভাষা বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ পরে প্রধান অতিথি ৫টি ইভেন্টে বিজয়ী ছাত্রীদেরকে পুরস্কার প্রদান করেন।

# ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময়



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, আইআইইউসি এর ফিমেল একাডেমিক জোন এর সম্মানিত চেয়ারম্যান ও বিওটি সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরীর সাথে ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময় করেন ফিমেল একাডেমিক জোন এর কো - অর্ডিনেটর এবং বিভিন্ন ডিপার্টমেন্ট এর কো- অর্ডিনেটরস, শিক্ষিকা, অফিসার এবং কর্মচারীবৃন্দ।

# ইএলএলএস অ্যাক্টিং কমপিটিশন




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের ELLS নানা কর্মসূচির মাধ্যমে বিভাগের কো-কারিকুলার এবং এক্সট্রা-কারিকুলার কার্যক্রমের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকাশে ভূমিকা রেখে যাচ্ছে। এরই অংশ হিসেবে ফিমেল (স্প্রিং ২০২১) এক অনবদ্য অ্যাক্টিং কমপিটিশনের আয়োজন করে। এই প্রতিযোগীতায় ছাত্রীদের অনবদ্য পারফরম্যান্স উপস্থিত সবাইকে মুগ্ধ করে। এই প্রতিযোগীতায় বিচারকের দায়িত্ব পালন করেন বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা আক্তার ও DELL (Female) এর কো-অরডিনেটর তাহমিনা মারিয়াম।

# ফিমেল জোনে আরবী ভাষা শিক্ষা ওরিয়েন্টেশন কোর্স




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর ইন্সটিটিউট অফ ফরেন ল্যাঙ্গুয়েজেস (আইএফএল) এর ফিমেল জোনের আরবী ভাষা শিক্ষা কোর্সের ওরিয়েন্টেশন ১২ ফেব্রুয়ারী ২০২৩ রোববার আইআইইউসির ফিমেল একাডেমিক জোনের একাডেমিক ভবন-১ এ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অফ ট্রাস্টিজ এর সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ভাষা শিক্ষা মানুষকে সৃজনশীল করে তোলে। শিক্ষার্থীদেরকে এই ভাষা শিক্ষা অদুর ভবিষ্যতে অনেক দূর এগিয়ে নিবে। ভাষাগত দক্ষতায় শিক্ষার্থীরা দেশ বিদেশে বেশ সুনামের সাথে সাফল্য অর্জন করতে পারবে। আইআইইউসির প্রক্টর ও ইন্সটিটিউট অফ ফরেন ল্যাঙ্গুয়েজেস এর ডিরেক্টর জনাব মোঃ ইফতেখার উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইআইইউসির ট্রেজারার ও ফ্যাকাল্টি অফ আর্টস এন্ড হিউম্যানিটিজ এর ডীন প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির। এসময় আরও উপস্থিত ছিলেন এরাবিক ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার ডিপার্টমেন্টের চেয়ারম্যান ড. মোঃ মাহমুদুল হাসান, ফিমেল একাডেমিক জোনের কো-অর্ডিনেটর ফারহানা ইয়াসমিন চৌধুরী এবং শিক্ষিকাবৃন্দ। আইআইইউসির ইন্সটিটিউট অফ ফরেন ল্যাঙ্গুয়েজেস এ তুর্কি ভাষা, ইংরেজি ভাষা ও আরবি ভাষার সার্টিফিকেট কোর্স চালু আছে। খুব শীঘ্রই চাইনিজ ভাষা ও ফ্রেঞ্চ ভাষার সার্টিফিকেট কোর্স চালু হবে।



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এ পবিত্র রমজান মাস উপলক্ষ্যে ল' ক্লাব আয়োজিত সাদাকা প্রোগ্রাম এর অংশ হিসেবে ফিমেইল একাডেমিক জোন এর স্টাফদের একাংশের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করেন ফিমেল একাডেমিক জোন এর সম্মানিত চেয়ারম্যান এবং বিওটি সদস্য মিসেস রিজিয়া রেজা চৌধুরী। এসময় আরও উপস্থিত ছিলেন ফিমেল জোন এর কোঅর্ডিনেটর মিসেস ফারহানা ইয়াসমিন চৌধুরী এবং শিক্ষিকা ও অফিসারবৃন্দ।

# ফিমেল হলের বার্ষিক মিল ম্যানেজার এওয়ার্ড এন্ড সার্টিফিকেট প্রদান



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ফিমেল হলের বার্ষিক মিল ম্যানেজার এওয়ার্ড এন্ড সার্টিফিকেট প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আইআইইউসি ফিমেল হলের প্রতিষ্ঠালগ্ন থেকে এই প্রথমবারের মত মিল ম্যানেজার এওয়ার্ড প্রদান করা হল। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বহদ্দারহাট ট্রাস্ট অফিস সংলগ্ন ফিমেল হলের বার্ষিক মিল মেনেজার এওয়ার্ড অনুষ্ঠিত হয় সোমবার ২০ মার্চ ২০২৩। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর সম্মানিত বিওটি সদস্য ও ফিমেল একাডেমিক জোনের এবং ফিমেল হল ম্যানেজমেন্টের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী। এসময় তিনি তার বক্তব্যে ছাত্রীদের শারীরিক এবং মানসিক সাস্থ্য রক্ষায় সুষম খাদ্য গ্রহনের প্রতি উদ্বুদ্ধ করেন। সেই সাথে আদর্শ এবং যোগ্য মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলার কথা বলেন। তিনি আরও বলেন ফিমেল হলের পরিবেশ এবং মিল মেনেজারের দায়িত্ব পালন করা ছাত্রীদের জন্য একটা ট্রেইনিং স্বরুপ। এই দায়িত্ব সুচারু রুপে পালন করা নিজের দক্ষতা বাড়ানো। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফিমেল হলের প্রভোস্ট, দাওয়া এন্ড ইসলামীক স্টাডিজ ডিপার্টমেন্ট এর প্রভাষক এবং এসিস্ট্যান্ট প্রোক্টর উম্মে সায়মা তাজকিয়া। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের এসিস্ট্যান্ট প্রক্টর, বিবিএ ডিপার্টমেন্টের এসোসিয়েট প্রফেসর সুলতানা আক্তার, প্রভাষক আসমাউল হোসনা। ফিমেল হল ওয়ার্ডেন বেনজির হাসিনা, এডমিন অফিসার নুসরাত জাহান সিদ্দিকা এবং জিসমু সাদিকা এবং হল ডিপার্টমেন্টের কর্মচারী গন।



কুরআনিক সায়েন্সের এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের এর পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের অব.ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন, এমপি মহোদয়ের হাতে সম্মাননা স্মারক



আইআইইউসি বোর্ড অব.ট্রাস্টিজের চেয়ারম্যান কাছ থেকে থিম-সং লিখে পুরস্কার জিতেছেন, কুরআনিক সায়েন্সে বিভাগের মেধাবী ছাত্র আলা উদ্দিন কবির



দা'ওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের প্রথম বর্ষের ছাত্র মোঃ হোজাইফা নিজের হাতেই অঙ্কনচিত্রে ফুটিয়ে তুলেন আইআইইউসি সেন্ট্রাল মসজিদ




কুরআনিক সায়েন্সে অ্যালামনাই এসোসিয়েশন এর উদ্যোগে আয়োজিত পুরস্কার বিতরনী অনুষ্ঠান



সিলেট বন্যাকবলিত অসহায় লোকদের মাঝে কুরআনিক ক্লাবের ত্রাণ বিতরণ কার্যক্রম




মাস্টার্সের ১ম ব্যাচের বর্ণাঢ্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম




Awareness Rally সচেতনতা র‍্যালীতে কুরআনিক সাইন্স ক্লাব কর্তৃক স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ



মাস্টার্স প্রোগ্রামের অরিয়েন্টেশন- মেল সেকশন



দা'ওয়াহ ওয়েলকাম ট্যুর-২০২২



কুরআনিক সাইন্সেস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের সন্মানিত এসিস্ট্যান্ট প্রফেসর হারুনুর রশীদকে চেয়ারম্যান হিসেবে বরণ



কুরআনিক সায়েন্স ফুটবল টীম-২০২২



সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের স্টাডি ট্যুর



ফ্যাকাল্টি অব শরীয়াহ'র নব নিযুক্ত ডীন প্রফেসর ড. মুহাম্মদ মুস্তাফা কামিল মাদানীকে সম্মাননা ক্রেস্ট দিয়ে বরণ করেন



কুরআনিক সায়েন্স এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের মেইল সেকশানের স্টাডি ট্যুর।




স্প্রিং-'২৩ সেশনের হাদিস বিভাগের ফ্রেশারদের নিয়ে মত বিনিময় অনুষ্ঠান



দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে মাস্টার্স প্রোগ্রামের স্প্রিং-২০/অটাম-২০ সেমিস্টারের সমাপনী অনুষ্ঠান




Research Methodology বিষয়ক Workshop



কুরআনিক সায়েন্স বিভাগে সাবেক শিক্ষক ও বর্তমান চবি'র আরবী বিভাগের প্রফেসর ড. গিয়াস উদ্দিন তালুকদার সাথে কয়েকজন সম্মানিত শিক্ষকবৃন্দ



সচেতনতা র‍্যালী




মহান বিজয় দিবস উদযাপন ২০২২ ঃ জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শন



আইআইইউসি'র এমবিএ ও এমবিএম ৬৪-৬৫ তম ব্যাচের শিক্ষার্থীদের গ্রাজুয়েশন এন্ডিং সিরিমনি সম্পন্ন




অরিয়েন্টেশন প্রোগ্রাম অটাম ২০২২ এ শায়খ আহমদুল্লাহ



সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ঈদ পূর্ণমিলনী




দা'ওয়াহ্ শিক্ষকবৃন্দদের শিক্ষা সফর



হাদিস বিভাগ তার ১ম সমাবর্তনে (বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন)



হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের কাপ্তাই শিক্ষা সফর




ব্রাজিল ও আর্জেন্টিনার সমর্থকদের মধ্যে প্রীতি ম্যাচ



ইন্টার সেমিস্টার শর্ট পিচ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩



ইন্টার সেমিস্টার ক্রিকেট টুর্নামেন্ট ২০২২



"ক্লাব হ্যান্ড ওভার অনুষ্ঠান এবং সেমিস্টার সাধারণ সভা "




Inauguration of IIUC Pharma Club




আইআইইউসি সিএসই ইন্টার সেমিস্টার ফুটবল কার্নিভাল-২০২২



সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাব ২০২৩ এর শুভ উদ্বোধন।



এম এস এস অটাম ও স্প্রিং ২০২২ইং সেমিস্টারের নবাগত ও সাবেক ছাত্রদের বরণ ও বিদায় অনুষ্ঠান




আইআইইউসি ব্যবসায় প্রশাসন (বিবিএ) বিভাগের ৪৫ এবং ৪৬ তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান




আইআইইউসি'র আইন বিভাগের ৩২তম ব্যাচের ছাত্রদের বিদায় অনুষ্ঠান ও দোয়া মাহফিল



আইআইইউসির ব্যবসায় প্রশাসন ও এইচ আর ক্লাবের যৌথ উদ্যোগে আজিম গ্রুপে ইন্ডাস্ট্রিয়াল ট্যুর সম্পন্ন



সিভিল ইঞ্জিনিয়ারিং ক্লাবের শর্ট-পিচ ক্রিকেট টুর্নামেন্ট




ডিএসই এবং CDBL এ আইআইইউসির ফাইনান্স ক্লাবের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল পরিদর্শন



ইইই ক্লাবের উদ্যোগে ইন্টার সেমিস্টার শর্ট পিচ টুর্নামেন্ট ২০২৩




বানিজ্য অনুষদ ও ব্যবসা প্রশাসন বিভাগের উদ্যোগে উদ্যোক্তা অ্যাওয়ার্ড ২০২২ প্রদান




কে আর স্টিল স্ট্রাকচার লিমিটেড এ আইআইইউসির ব্যবসা প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের ইন্ডাস্ট্রিয়াল পরিদর্শন



IIUC, EB CLUB এর উদ্যোগে ক্রিকেট টুর্নামেন্ট ২০২২ ও পুরুস্কার বিতরণ



অধ্যাপক ড. জাহেদ হোসাইন সিকদারের আইআইইউসি ফ্যাকাল্টি অব সোসাল সায়েন্সের সম্মানিত ডিন হিসাবে যোগদান



কক্সবাজার আদালত পরিদর্শনে আই আই ইউ সি'র আইন অনুষদ



ব্যবসায় অনুষদ ক্লাবের উদ্যোগে ইফতার সামগ্রী বিতরণ




IIUC, EB Club এর উদ্যোগে আন্তঃসেমিস্টার ক্রিকেট টুর্নামেন্ট ২০২২ ম্যান অব দ্যা ম্যাচ ও চেম্পিয়নশিপ পুরুস্কার বিতরণ



এএলএল বিভাগের ফুটবল টুর্নামেন্টে অংশগ্রহণ




বিজনেজ ক্লাবের উদ্যোগে ব্লাড গ্রুপিং



IIUC, EB Club মেইল সেকশনের উদ্যোগে স্টাডি ট্যুর



আরবি ভাষা দিবস ২০২২-এর র‍্যালীতে অংশগ্রহনকারী ছাত্রদের একাংশ


ফিমেল শাখার ওয়াল ম্যাগাজিন উদ্বোধন করছেন ফিমেল একাডেমিক জোন পরিচালনা পরিষদ এর চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী


ফিমেল একাডেমিক জোন এর ইইই ক্লাব-ফিমেল চাপ্টার' উইন্টার ফেস্ট


সিসিই ফেস্ট ২০২২



বিজনেস ক্লাব কর্তৃক আয়োজিত বিতর্ক কর্মশালা এবং প্রতিযোগিতা


IIUC EB CLUB এর উদ্যোগে BYLC Career ১২ সনদ বিতরণ অনুষ্ঠান



আরবি ভাষা ও সাহিত্য বিভাগের শরৎকালীন সেমিস্টার ২০২২ নবাগত ছাত্রদের বরণ


বিজনেস ক্লাব ব্যবসায় প্রশাসন বিভাগের উদ্যোগে আন্তঃসেমিস্টার বিতর্ক প্রতিযোগিতা


ইন্টার সেমিস্টার ফুটবল প্রতিযোগিতা


বঙ্গবন্ধু আইআইইউসি -GSD আন্তঃবিভাগীয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এ অংশগ্রহনকারী আরবি বিভাগের ফুটবল টিম



ডিভিএতে ইনডোর গেমস প্রতিযোগিতা- ২০২২



IIUC, EB Club এর উদ্যোগে ১৯তম ব্যাচের (ফিমেল) নবীন বরণ অনুষ্ঠান


ইএলএল ইনডোর গেমস


মাস্টার্স প্রোগ্রামের অরিয়েন্টেশন-ফিম্যাল সেকশন


সিএসই ৪০ তম, ৪৩তম ব্যাচের বিদায় সংবর্ধনা এবং সিএসই ৫০তম ৫৩তম ব্যাচের নবীন বরণ


"ফুড ফেস্ট" উদ্বোধনী অনুষ্ঠানে ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী



দা'ওয়াহ ওয়েলকাম ট্যুর-২০২২ (ফিমেল)


সিসিই আইওটি ওয়ার্কশপ


সিসিই ফেস্ট ২০২২ পুরস্কার বিতরণী অনুষ্ঠান



IIUC এর ৫ম সমাবর্তনে ফিমেল জোনে অতিথিবৃন্দ




ইকোনোমিক্স এন্ড ব্যাংকিং বিভাগে ফিমেল ১৩ তম ব্যাচ কর্তৃক আয়োজিত "Graduation Ending Ceremony"



ওয়াল ম্যাগাজিন উন্মোচন



ইকোনোমিক্স এন্ড ব্যাংকিং বিভাগের ফিমেল ১৩ তম ব্যাচের "Graduation Ending Ceremony "



IIUC ইবিক্লাব (ফিমেল চ্যাপ্টার) ইন্ডোর গেমস প্রতিযোগিতা




৫ম সমাবর্তন ২০২২ উপলক্ষে কুরআনিক সায়েন্সে অ্যালামনাই এসোসিয়েশন এর উদ্যোগে আয়োজিত পুরষ্কার বিতরনী অনুষ্ঠান



IIUC Business Club Female Chapter ওয়াল ম্যাগাজিনের উদ্বোধনী অনুষ্ঠানর



Art Competition




সচেতনতা মূলক র‍্যালি আয়োজন




"IIUC Awareness Rally -2023"



আইআইইউসি দা'ওয়াহ বিভাগের বান্দরবান ট্যুর- ২০২৩



'ল' ক্লাব ফিমেল চ্যাপ্টারের উদ্যোগ কাপ্তাই শিক্ষা সফর




হাদিস বিভাগ তার ১ম সমাবর্তনে (বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন)



কুরানিক সাইন্সেস এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্টের ফেমেইল সেকশান এর শিক্ষা সফর



সায়েন্সেস অব হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের উদ্যোগে ঈদ পুর্ণমিলনী ও মত বিনিময় সভা



সিসিই ফিমেইল সেকশনের প্রথম শিক্ষা সফর রাঙ্গামাটি



বিজনেস ক্লাব ফিমেল চ্যাপ্টারের পুরস্কার বিতরণী অনুষ্ঠান



IIUC Business Club Female Chapter বিবিএর ৪৭ তম ব্যাচ এর বিদায় অনুষ্ঠান

# এক নজরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

▸▸ শেষের পাতার পর

ক) আইআইইউসি স্টাডিজ (ইংরেজি) খ) দিরাসাল আল-জামিয়াহ আল-ইসলামিয়াহ আল আলমিয়াহ (আরবি)। গ) আইআইইউসি বিজনেস রিভিউ (ইংরেজি)।

গত পাঁচ বছর ধরে আইআইইউসি শিক্ষকদের দ্বারা বার্ষিক প্রকাশিত গবেষণা নিবন্ধের গড় সংখ্যা ১৬০ টিরও বেশি। বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম অ্যান্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগ (বিআরসিআইআইডি) নামে একটি বিশেষ গবেষণা কেন্দ্র আইআইইউসি-তে ১লা এপ্রিল ২০২১- এ উদ্বোধন করা হয়েছে। বিশ্বের মহান ধর্মগুলোর গভীর ও পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে বিশ্ব ধর্ম বিশেষ করে ইসলামের মানবিক কল্যাণ চিন্তা সমুন্নত রাখার উদ্দেশ্যে এটি প্রতিষ্ঠিত হয়েছে।

**বিদেশী ভাষা ইনস্টিটিউট (আইএফএল):**

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামে (আইআইইউসি) ইনস্টিটিউট অব ফরেন ল্যাঙ্গুয়েজেস (আইএফএল) বিদেশী ভাষা অধ্যয়নের প্রচার এবং সুবিধা প্রদানের জন্য প্রতিষ্ঠিত হয়েছে যাতে শিক্ষার্থীদের বৈশ্বিক নাগরিক হয়ে বিভিন্ন সংস্কৃতির মানুষের সাথে যোগাযোগ করার ক্ষমতা এবং সংবেদনশীলতা তৈরী করা যায়।

**আইআইইউসি কেন্দ্রীয় গ্রন্থাগার:**

আইআইইউসি-এর একটি ৩-তলা (৩৩,০০০স্কয়ার ফিট) সুন্দর সেন্ট্রাল লাইব্রেরি রয়েছে যেখানে এসি এবং লিফট সুবিধা রয়েছে। এটিতে একটি সম্পূর্ণ স্বয়ংক্রিয় এবং ওয়েব-ভিত্তিক ডিজিটাল লাইব্রেরি রয়েছে, যা Koha এবং DSpace সফটওয়্যার দ্বারা তৈরি করা হয়েছে। লাইব্রেরিতে ১৫০০০টি শিরোনামের প্রায় ৯৪,০০০টি বই, ২১৫১টি জার্নাল এবং ৫১৫টি অডিও-ভিজ্যুয়াল সামগ্রী রয়েছে। প্রায় ৩৫০০০টি অনলাইন জার্নাল ২০০০টি ইবুক এবং পাঁচ মিলিয়ন ই-থিসিসের অ্যাপস এবং ডাউনলোড সুবিধা এখানে রয়েছে।

লাইব্রেরির ওয়েবসাইটের URL: library.iiuc.ac.bd।

**বর্তমান পপুলেশন:**

i) ছাত্র ১২০০০ (প্রায়) ii) শিক্ষক ৪৫৭ iii) প্রশাসনিক কমকর্তা: ১৪৫ iv) সাধারণ কমচারী: ২৪৭

**বঙ্গবন্ধু কর্নার:**

মুজিববর্ষের বছরব্যাপী উদযাপন কর্মসূচির অংশ হিসেবে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস তুলে ধরতে আইআইইউসি কেন্দ্রীক গ্রন্থাগারের প্রথম তলায় বঙ্গবন্ধু কর্নার উদ্বোধন করা হয়েছে।

**গবেষণাগার:**

বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের শিক্ষার্থীদের জন্য বিদেশ থেকে যন্ত্র দিয়ে সজ্জিত ৩৮টি স্ট্যান্ডার্ড ল্যাব রয়েছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ইন্টারনেট সুবিধাসহ বিভিন্ন প্রোগ্রামের জন্য ১৩টি কম্পিউটার ল্যাবরেটরি রয়েছে। ফার্মেসি বিভাগে রয়েছে ৯টি ল্যাব। বিশ্ববিদ্যালয়ে মোট ল্যাবের সংখ্যা ৭০টি।

**ওয়েব ও আইটি সুবিধা:**

আইআইইউসির একটি সমৃদ্ধ ওয়েবসাইট (www.iiuc.ac.bd) রয়েছে। ওয়েবসাইটগুলি পরিদর্শন করে শিক্ষার্থীরা নিবন্ধন, অর্থ প্রদান, একাডেমিক কর্মক্ষমতা এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সুবিধা নিতে পারে। পুরো ক্যাম্পাস জুড়ে রয়েছে ওয়াই-ফাই সংযোগ। ইন্টারনেট পরিসেবার ক্রমবর্ধমান চাহিদা মেটাতে, আইআইইউসি ইন্টারনেট অ্যাক্সেসের জন্য প্রায় ১০৪০-এমবিপিএস ব্যান্ডউইথ ব্যবস্থা রয়েছে।

**মর্যাদাপূর্ণ সংস্থার সদস্যপদ:**

আইআইইউসি ISESCO এর অধীনে ফেডারেশন অফ দ্য ইউনিভার্সিটিজ অফ দ্য ইসলামিক ওয়ার্ল্ড (FUIW) এবং কমনওয়েলথ ইউনিভার্সিটিজ (ACU) ইত্যাদির মতো মর্যাদাপূর্ণ সংস্থাগুলির সদস্যপদ অর্জনে সফল হয়েছে। আইআইইউসি সম্প্রতি IEEE এর সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের অধীনে IEEE শাখা (পুরুষ ও মহিলা) খুলতে সফল হয়েছে। আইআইইউসি-তে ব্রিটিশ কাউন্সিল স্যাটেলাইট লাইব্রেরী প্রতিষ্ঠিত হয়েছে। সিসিই, সিএসই এবং ইইই-এর স্নাতক প্রোগ্রামগুলি ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনের জন্য বোর্ড অফ অ্যাক্রিডিটেশন (BAETE) দ্বারা স্বীকৃত হয়েছে এবং ফার্মেসি প্রোগ্রাম বাংলাদেশ ফার্মাসি কাউন্সিল দ্বারা স্বীকৃত হয়েছে। এলএলবি প্রোগ্রাম ও এলএলএম প্রোগ্রাম বাংলাদেশ বার কাউন্সিল কতৃক স্বীকৃত। আন্তর্জাতিক সম্মেলন: আইআইইউসি শিক্ষা, নৈতিকতা, জ্ঞানের ইসলামীকরণ ইত্যাদি সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ১৬টি আন্তর্জাতিক সম্মেলন সফলভাবে আয়োজন করেছে।

**বিদেশী সহযোগিতা এবং সমঝোতা স্মারক:**

আইআইইউসি মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, চীন, তুরস্ক, মালয়েশিয়া, থাইল্যান্ড, সৌদি আরব সহ বিভিন্ন দেশের ২৫টি বিশ্ববিদ্যালয়ের সাথে আনুষ্ঠানিক একাডেমিক সহযোগিতা চুক্তি, সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে।

**আইআইইউসি-এর নবগঠিত বিওটি এবং এর যুগান্তকারী পদক্ষেপ সমূহ:**

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজ তার স্বল্প সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়কে একাডেমিক এবং অবকাঠামোগত উভয় স্তরে শক্তিশালী করার জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। তাদের মধ্যে কয়েকটি হল:

গবেষণা ও প্রকাশনাকে শক্তিশালী করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে। বিশ্বের বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের সাথে একাডেমিক সহযোগিতা চালু করা হয়েছে। মেধাবী শিক্ষার্থীদের জন্য বিদেশী বৃত্তি ব্যবস্থা করা হয়েছে। সরকারি তহবিল দ্বারা ক্যাম্পাসে রাস্তার উল্লেখযোগ্য উন্নতি করা হয়েছে।

৫নং একাডেমিক বিল্ডিংয়ের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। মহিলা একাডেমিক জোনে আইন বিভাগের জন্য ভবন নির্মাণ করা হয়েছে। একাডেমিক এবং অবকাঠামোগত উন্নয়নের জন্য জাতীয় এবং আন্তর্জাতিক দাতা থেকে অনুদান সংগ্রহ করা। আইটি ল্যাবরেটরির উন্নয়নের জন্য আল আরাফাহ ইসলামী ব্যাংক কর্তৃক অনুদান। হতাশাজনক কোভিড পরিস্থিতির পরেও সমস্ত এমপ্লয়ীদের জন্য ২০ শতাংশ মহার্ঘ ভাতা অনুমোদন করা হয়েছে।

"বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম অ্যান্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগ" (BRCIID) নামে একটি বিশেষ গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। কেন্দ্রীয় গ্রন্থাগারে "বঙ্গবন্ধু কর্নার" স্থাপন করা হয়েছে। আইআইইউসি-তে সাটল ট্রেন চালুর জন্য ট্রেন স্টেশনের কাজ শুরু হয়েছে। বিশ্বের উন্নয়ন সহযোগীদের সাথে সম্পর্ক উল্লেখযোগ্যভাবে পুনঃ প্রতিষ্ঠিত করা হয়েছে।

**ওয়েবসাইট:**
http://www.iiuc.ac.bd

**অফিসিয়াল ফেসবুক পেজ:**
http://www.facebook.com/iiuc.ac.bd



তুরস্কের দিয়ানাত ফাউন্ডেশনের প্রতিনিধি দল, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি মহোদয়ের সাথে সৌজন্যে সাক্ষাৎ করেন।



ফ্রান্সের দাতা সংস্থা La- Nouvelle-Vie এর চেয়ারম্যান আব্দুল্লাহ'র নেতৃত্বে ২ সদস্যের প্রতিনিধি দলকে ক্যাম্পাসে বরণ করা হচ্ছে।



আইআইইউসি'র ২০২৩ সালের ডায়েরি এবং ক্যালেন্ডার এর মোড়ক উন্মোচন করেন উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ। উপস্থিত ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মাওলা, বিওটি সদস্য এবং ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান মিসেস রিজিয়া রেজা চৌধুরী, রেজিস্ট্রার, প্রক্টর, শিক্ষক এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## আইআইইউসি'র ২৪৪তম সিন্ডিকেট সভা

▸▸ ১৩তম পৃষ্ঠার পর

আইআইইউসি'র রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার উপস্থিত ছিলেন। আইআইইউসির বোর্ড অব ট্রাস্টের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি বলেন, "আইআইইউসি বর্তমানে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ও সকল নিয়মকানুন যথাযথ ভাবে মেনে বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পরিচালনা হচ্ছে। তাই বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুন্দরভাবে এগিয়ে চলছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন কাজ দ্রুত এগিয়ে চলছে"। সিন্ডিকেট সভাপতি ও আইআইইউসি'র মাননীয় উপাচার্য আনোয়ারুল আজিম আরিফ বলেন, "আইআইইউসি গুনগত মান সম্পন্ন শিক্ষা ব্যাবস্থা নিশ্চিত করার মাধ্যমে দক্ষ ও দেশপ্রেমিক সুনাগরিক তৈরির জন্য কাজ করে চলেছে"। উক্ত সভায় ২৪৩ তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী নিশ্চিত করন এবং বাস্তবায়ন সম্পর্কে অবহিত করা হয়। এছাড়া সফলভাবে অনুষ্ঠিত আইআইইউসি'র ৫ম সমাবর্তনের সার্বিক রিপোর্ট পেশ করা হয়। আইআইইউসি'র ২৫ বছর পূর্তি উদযাপন, বিভিন্ন কমিটির সুপারিশ, বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম এবং বিভিন্ন শিক্ষক- কর্মকর্তাদের ছুটি সমূহ অনুমোদন করা হয়। সিন্ডিকেট সদস্য গন বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা এবং সন্তোষ প্রকাশ করেন।

## 'আইআইইউসি বার্তা' সম্পাদনা পরিষদ ও অনুষদ প্রতিনিধিদের সভা

আইআইইউসি'র "আইআইইউসি বার্তা" সম্পাদনা পরিষদ ও অনুষদ প্রতিনিধিদের সভা ১১ জানুয়ারি ২০২৩ বুধবার আইআইইউসির প্রশাসনিক ভবনের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে। 'আইআইইউসি বার্তা" সম্পাদনা পরিষদের আহবায়ক বিওটির সদস্য ও ফিমেল একাডেমিক জোনের চেয়ারম্যান রিজিয়া রেজা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় উপস্থিত ছিলেন "আইআইইউসি বার্তা" সম্পাদনা পরিষদের সদস্যবৃন্দ ও অনুষদ প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।



# এক নজরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম




আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আই আই ইউ সি) বাংলাদেশের সরকার অনুমোদিত শীর্ষ স্থানীয় বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর মধ্যে একটি। এই বিশ্ববিদ্যালয় ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়। পাহাড় এবং সমুদ্রের কোলে অবস্থিত এই বিশ্ববিদ্যালয়ের সুন্দর সবুজ ক্যাম্পাসটি বাংলাদেশের চট্টগ্রাম জেলার অন্তর্গত সীতাকুণ্ড উপজেলার কুমিরায় অবস্থিত। বিশ্ববিদ্যালয়টি চট্টগ্রাম শহর থেকে প্রায় ২২ কিলোমিটার দূরে অবস্থিত। এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী, শিক্ষক এবং স্টাফদের জন্য নিজস্ব একটি অনন্য পরিবহন ব্যবস্থা রয়েছে। ১১০টিরও বেশি যানবাহন সুষ্ঠুভাবে পরিবহন সুবিধা নিশ্চিত করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজ সংস্কার করা হয়েছে। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী বিওটি এখন প্রখ্যাত শিক্ষাবিদ, পণ্ডিত, মুক্তিযোদ্ধা, রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ, অভিজ্ঞ ব্যক্তিত্ব দ্বারা সমৃদ্ধ।

**নীতি:** বিশ্ববিদ্যালয়ের নীতি হলো নৈতিকতার সাথে গুণগত মান সমন্বিত করা।

**বিশ্ববিদ্যালয়ের অনুষদসমূহ :**

নিম্নলিখিত ছয়টি অনুষদ এখন আইআইইউসি-তে আছেঃ

১.শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ অনুষদ ২. বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ ৩. ব্যবসায়িক শিক্ষা অনুষদ ৪. কলা ও মানবিক অনুষদ ৫. আইন অনুষদ ৬. সামাজিক বিজ্ঞান অনুষদ

**বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহ :**

**ক) চার বছরের ব্যাচেলর প্রোগ্রাম সমূহ :**

১. কুরআনিক সাইন্সেস এন্ড ইসলামিক স্টাডিজ (কিউএসআইএস) ২. দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ (ডিআইএস) ৩. সায়েন্সেস অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ (এসএইচআইএস) ৪. কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ৫. ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) ৬. কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিসিই) ৭. ইলেক্ট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই) ৮. সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) ৯. ফার্মেসি ১০. ব্যবসায় প্রশাসন ১১. অর্থনীতি ও ব্যাংকিং ১২. ইংরেজি ভাষা ও সাহিত্য (ইএলএল) ১৩. আইন (এলএলবি) অনার্স ১৪. আরবি ভাষা ও সাহিত্য (এএলএল)

**খ) মাস্টার্স প্রোগ্রাম সমূহ :**

১. কুরআনিক সাইন্সেস এন্ড ইসলামিক স্টাডিজে এমএ ২. দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ৩. সায়েন্সেস অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ ৪. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ৫. ব্যবসায় প্রশাসন ৬. ব্যাংক ব্যবস্থাপনা ৭. ইংরেজি ভাষা ও সাহিত্য এবং ইংরেজি ভাষা শিক্ষা (ইএলটি) (এমএ এন্ড প্রিলিমিনারী) ৮. অর্থনীতি এবং ব্যাংকিং এ এমএসএস ৯. আইন (এলএলএম প্রিলিমিনারী এন্ড ফাইনাল)

**গ) ডিপ্লোমা প্রোগ্রাম :**

গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা।

**সেন্টার ফর রিসার্চ অ্যান্ড পাবলিকেশন (সিআরপি)**

আইআইইউসি-এর সেন্টার ফর রিসার্চ অ্যান্ড পাবলিকেশন (সিআরপি) সব ধরণের গবেষকদের জন্য এবং বিশেষ করে আইআইইউসি একাডেমিকদের জন্য গবেষণার অনুকূল পরিবেশ তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ। সিআরপি শিক্ষক এবং কর্মকর্তাদের জন্য পিএইচডি/উচ্চ শিক্ষা প্রোগ্রামের সমন্বয় করে নিম্নোক্ত পিয়ার রিভিউড জার্নাল প্রকাশ করে:

▸▸ পৃষ্ঠা ৪৩ ক. ১

## আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এর কুয়েত সফর



কুয়েত সফররত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি'র 'জমিয়তুল ইছলাহ কুয়েত' কর্তৃক আয়োজিত আন্তর্জাতিক ইসলামী বইমেলায় অংশগ্রহণ, কুয়েতের পদস্থ সরকারী ও বিভিন্ন দাতা সংস্থার কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাৎ।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম
International Islamic University Chittagong

IIUC combines *quality* with *morality*

**Prof. Dr. Abu Reza Md. Nezamuddin Nadwi MP**
Chairman
Board of Trustees

**Professor Anwarul Azim Arif**
Vice-Chancellor

YEARLY SCHOLARSHIP TK. 12 CRORE

**4-Year Bachelor's Programs:**

- Qur'anic Sciences & Islamic Studies (QSIS)
- Da'wah & Islamic Studies (DIS)
- Sciences of Hadith & Islamic Studies (SHIS)
- Computer Science & Engineering (CSE)
- Electrical and Electronic Engineering (EEE)
- Electronic & Telecommunication Engineering (ETE)
- Computer & Communication Engineering (CCE)
- Civil Engineering (CE)
- Pharmacy (B.Pharm, Hons)
- Bachelor of Business Administration (BBA)
- Economics & Banking (EB)
- English Language & Literature (ELL)
- Arabic Language & Literature (ALL)
- Laws (LL.B, Hons)

**Master's Programs:**

- MBA (Master of Business Administration)
- MBM (Master of Bank Management)
- MQSIS (Master of Quranic Science & Islamic Studies)
- MDIS (Master of Da'wah & Islamic Studies)
- MSHIS (Masters of Arts in Sciences of Hadith and Islamic Studies)
- MIS (MA in Islamic Studies)
- MCSE (M.Sc. in Computer Science & Engineering)
- MEB (MSS in Economics & Banking)
- MEL, Preli & Final (MA in English Literature)
- MELT (MA in English Language Teaching)
- LL.M (Preli & Final)

Post Graduate Diploma in Library & information Science (PGDLIS)
Certificate Courses in English, Arabic & Turkish Languages

Special Waiver & Facilities
- 100% Waiver on Admission fee for GPA 5.0 holders (without optional subject)
- 100% waiver on tuition fee for the wards of freedom fighters.
- Generous financial assistance for meritorious, needy and siblings students
- Transport facilities • Hostel facilities for female students

Phone: IIUC PABX : 0342 - 51 15 4 - 61, Ext : 1926-7, 4000 Cell: 01720- 478621, 01894-798994
Kumira, Chattogram, Bangladesh

সম্পাদনা পর্ষদ
IIUC বার্তা মে ২০২৩

প্রধান উপদেষ্টা — **প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী, এমপি**
চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ

উপদেষ্টা — **প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ**
উপাচার্য, আইআইইউসি

পৃষ্ঠপোষক — **মোহাম্মদ খালেদ মাহমুদ**
সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ
চেয়ারম্যান - মিডিয়া, প্রেস, পাবলিকেশন এন্ড এডভারটাইজম্যান্ট কমিটি।

সম্পাদক — **রিজিয়া রেজা চৌধুরী**
সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ
চেয়ারম্যান, ফিমেল একাডেমিক জোন

সহযোগী সম্পাদক — **এ.এফ.এম. আখতারুজ্জামান (কায়সার)**
রেজিস্ট্রার, আইআইইউসি

সহকারী সম্পাদক — **মোঃ ইফতেখার উদ্দীন**
প্রক্টর, আইআইইউসি

**মুহাম্মদ ছরওয়ার আলম**
চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড লিটারেচার

**মুহাম্মদ মাহফুজুর রহমান**
পরিচালক (ভারপ্রাপ্ত), ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স এন্ড স্টুডেন্ট ওয়েলফেয়ার ডিভিশন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম
International Islamic University Chittagong
Kumira, Chattogram-4318, Bangladesh
Tel : +880 9613-230505, Fax : +88 03042-51160
E-mail : info@iiuc.ac.bd
www.iiuc.ac.bd, facebook.com/iiuc.ac.bd/

ডিজাইন : সামস ক্রিয়েশন, আন্দরকিল্লা, চট্টগ্রাম। মুদ্রণে : দি আর্ট প্রেস, মোমিন রোড, চট্টগ্রাম। ০১৭১১-৭৬০৯৮৮